শ্রীশ্রীহরিঃ।

শরণং।

ব্যবস্থাসর্ব্বস্ব।

প্রায়শ্চিত্ত, অশৌচ, তিথি, দায়ভাগ, সংক্রান্তি,
বিবাহাদি সংস্কার।

শ্রীনন্দকুমার কবিরত্ন ভট্টাচার্য্য কর্ত্তৃক
স্মৃতিশাস্ত্রাদি হইতে সংগৃহীত।

শ্রীযুক্ত পীতাম্বর বন্দ্যোপাধ্যায় ন্যায়রত্ন মহাশয় দ্বারা
সংশোধিত।

শ্রীনৃত্যলাল শীলের আদেশক্রমে প্রকাশিত।

চতুর্থ সংস্করণ।

কলিকাতা।

এন্, এল্, শীলের যন্ত্রে মুদ্রিত
নং ৯৯ আহীরীটোলা।

১২৮৬।

মূল্য এক টাকা মাত্র।

সূচীপত্র।

সূচীপত্র সমাপ্ত।

শ্রীনৃত্যলাল শীল দ্বারা মুদ্রিত ও প্রকাশিত।

প্রতিজ্ঞা।

বর্ত্তমানকালে সদ্বিদ্য পণ্ডিতের প্রায়ই দিন দিন বিরলতা হইয়া উঠিতেছে, কেহই স্বজাতীয় শাস্ত্রাধ্যয়ন করিতে ইচ্ছুক নহেন। তন্নিমিত্ত বৈদিক গৃহস্থদিগের ধর্ম্মকর্ম্মাদির নিরন্তর বিঘ্ন ঘটিতেছে। বিশেষতঃ প্রাচীন২ পণ্ডিতেরা অর্থলোলুপ হইয়া আপন আপন পুত্র পৌত্রাদিকে বিজাতীয় বিদ্যাশিক্ষা করাইবার জন্য সংপূর্ণ যত্নবান্ হইয়াছেন।

তন্মধ্যে যদিও কথঞ্চিৎ কোন কোন ব্যক্তির স্বশাস্ত্রাধ্যয়নে যত্ন আছে বটে কিন্তু সে যত্নলতিকা কোন ক্রমে ফলবতী হয় না, যেহেতু সুচারু নিয়মে বিদ্যা-শিক্ষা করা হয় নাই, সম্প্রতি যে সকল সম্ভ্রান্তবিদ্যালয় প্রকাশ হইয়াছে তাহাতে যে প্রণালীতে শিক্ষাদান হইতেছে, সে মাধুর্য্যে প্রথম কল্পেই ব্যাকরণশাস্ত্র রসাতল গমনে উন্মুখ হইয়াছে, যে স্থলে ব্যাকরণের বিপন্নতা, সে স্থলে ধর্ম্মশাস্ত্রের যত আলোচনা হইবে তাহা কে না উপলব্ধি করিতে পারিবে?

এতদ্ভিন্ন অন্যান্য চতুষ্পাঠীতে তর্কশাস্ত্রেরই আলোচনা বিস্তর হইয়া থাকে কদাচিৎ জনৈক স্মৃতিশাস্ত্রের ব্যবসায় করেন কালগুণে তাঁহারাও যথার্থ-রূপ প্রায়শ্চিত্তাদির কদাচিৎ সঙ্কোচ করত ব্যবস্থা দিয়া থাকেন সে যাহা হউক, অধুনা কালের পরবশতাপ্রযুক্ত পল্লীগ্রামনিবাসী পণ্ডিতদিগের ঘরেও বিশিষ্টরূপ বিদ্যার আলোচনা উঠিয়া গিয়াছে, ব্রাহ্মণ পণ্ডিতের সন্তানেরা প্রায়ই অধ্যয়ন করেন না, যদিও কেহ কেহ কিঞ্চিৎ অধ্যয়ন করিয়াছেন তাহাতে বৈদিক ব্যক্তিদিগের ধর্ম্মরক্ষার্থে কোন ফল দর্শে না। এখন কার নিষিদ্ধ প্রণালীতেই বিদ্যাশিক্ষা করিতে সকলের অভিপ্রায় হইয়াছে, যেহেতু নানা স্থানে রাজ-সংক্রান্তবিদ্যালয় স্থাপন হইতেছে। আধুনিক মতে "পরীক্ষোত্তীর্ণ হইয়া যদি বিদ্যালয়ে শিক্ষকপদে নিযুক্ত হইতে পারা যায় তবে বিংশতি বা পঞ্চদশ কি দশ মুদ্রা বেতন অবশ্যই পাইতে পারিব, তাহা পাইলে অক্লেশে এই সংসার-যাত্রা নির্ব্বাহ হইবে, নিরর্থক কতকগুলা শাস্ত্র পড়িয়া দুই চারি আনা তৈলবটের প্রত্যাশায় থাকিয়া নিরন্তর কষ্টভোগ কেন করিব" প্রাচীন২ পণ্ডিতদিগের অবস্থা দেখিয়া অভিনব বালকেরা আর কোন ক্রমেই ধর্ম্মশাস্ত্রাদি অধ্যয়ন করিতে সম্মত নহে, সুতরাং দিন২ ক্ষীণতাপ্রাপ্ত হইয়া ধর্ম্মশাস্ত্র ক্ষৌণীতলে গমন করিবার উপ-

ক্রম করিতেছেন। এই অবস্থা দেখিয়া গৃহমেধীদিগের হিতসাধনার্থে অপারস্মৃতিসাগর মন্থন করত ব্যবস্থারত্নের উদ্ধার করিয়া (ব্যবস্থাসর্ব্বস্ব) নামে একখানি ক্ষুদ্রপুস্তক বিরচন করিলাম, ইহাতে সংক্ষেপতঃ গৃহস্থোচিত প্রায়শ্চিত্ত শুদ্ধি দায় তিথি শ্রাদ্ধ উপনয়নাদি সংস্কারতত্ত্বের বিচার করিয়া ব্যবস্থা লিখিত হইয়াছে এবং প্রমাণসম্বলিত ব্যবস্থাপত্রাদি লিখিবার ধারাও লিখিত আছে, অর্থাৎ যে প্রণালীতে ব্যবস্থাপত্র লিখিয়া দিতে হয়, তাহা স্পষ্টীকৃত করিয়া লেখা গিয়াছে, প্রত্যাশা করি এতৎ পুস্তক সন্দর্শনে গৃহস্থদের বিশেষ উপকার দর্শিতে পারিবে।

বিশেষতঃ পল্লিগ্রামবাসীদিগের বিস্তর হিতসাধন হইবে, প্রতি গ্রামে ধর্ম্মশাস্ত্রাধ্যাপক স্মার্ত্ত ভট্টাচার্য্য নাই, হঠাৎ কোন ব্যবস্থার প্রয়োজন হইলে পণ্ডিতের অন্বেষণ করিতে গ্রামান্তরে যাইতে হয়, যদি নিকটস্থ গ্রামে পণ্ডিতের সাক্ষাৎ না হয়, তবে সহসা তৎকর্ম্ম পণ্ড হইবার সম্ভাবনা এবং এরূপ অনেক গ্রামে অনেক কর্ম্মও পণ্ড হইয়া গিয়াছে, সুতরাং এই ব্যবস্থাসর্ব্বস্ব পুস্তকে অনেকের ধর্ম্মরক্ষা হইতে পারিবে, এই হেতু সকলেই যত্নপূর্ব্বক এতৎ পুস্তক গ্রহণ করিতে পারেন। কার্য্যকালে সকলেই ব্যবস্থা দিতে সক্ষম হইবেন।

অনুভব করি ব্রাহ্মণ পণ্ডিতের সন্তানেরা এই পুস্তকপ্রসাদে অনেক তৈলবটও গ্রহণ করিবেন, অতএব বারেকের তৈলবট দিয়া পুস্তকখানিকে আত্মসাৎ করিয়া রাখিলে বিস্তর উপকার দর্শিবে, সুতরাং এ গ্রন্থ গ্রহণে কেহই কাতর হইবেন না ইতি।

শ্রীনন্দকুমার শর্ম্মণাম্।
নিত্যধর্ম্মানুরঞ্জিকা সম্পাদক।

চতুর্থ বারের

বিজ্ঞাপন।

এই সংস্করণে সংশোধন কার্য্য বিশেষরূপে সম্পাদিত এবং গ্রন্থ কলেবরও কিছু বৃদ্ধি করা হইয়াছে, পাঠকগণ পাঠ করিয়াই জ্ঞাত হইতে পারিবেন বলা বাহুল্য মাত্র ইতি।

কলিকাতা।
সন ১২৮৬ সাল।

শ্রীনৃত্যলাল শীল

ব্যবস্থাসর্ব্বস্ব।

অথ মহাপাতকাদিনিরূপণং।

প্রায়শ্চিত্তের ব্যবস্থা দিতে হইলে আদৌ পাপের নিশ্চয় করিতে হয়। কেন না অজ্ঞাতপাতকে প্রায়শ্চিত্তের অনুপপত্তি। অর্থাৎ পাপের নিশ্চয় না হইলে প্রায়শ্চিত্ত হয় না। একারণ শাস্ত্রকৃৎ পণ্ডিতেরা প্রথমতঃ পাপ বিশেষের নির্ণয় করিয়াছেন।

ব্রহ্মহত্যা সুরাপানং স্তেয়ং গুর্ব্বঙ্গনাগমঃ।
মহান্তি পাতকান্যাহুঃ সংসর্গশ্চাপি তৈঃ সহ॥ মনুঃ।

ব্রহ্মহত্যা। গৌড়ী পৌষ্টী মাধ্বী সুরাপান। শূদ্রের সুরাপান স্থলে ব্রাহ্মণীগমন। স্তেয় পদে চৌর্য্য অর্থাৎ ব্রাহ্মণস্বামিক অশীতিরত্তিকাপরিমিতসুবর্ণচৌর্য্য। গুর্ব্বঙ্গনাগমন পদে বিমাতৃগমন। এই চারি মহাপাতক ইহার সংসর্গে মহাপাতক হয়। অর্থাৎ মহাপাতকীর সহিত একত্র সহবাস কি নদ্যাদিতে গমন অথবা শয়নোপবেশনাদি দ্বারা গুরুতর সংসর্গ যে করে সেও মহাপাতকী হয়॥ ১॥

বিমাতৃগমনের আদিপদে পিতৃব্যস্ত্রী, পিতৃস্বসা, মাতুলানী, মাতামহী, মাতুঃস্বসা, শ্বশুরস্ত্রী, নৃপস্ত্রী, পুরোহিতস্ত্রী, উপাধ্যায়স্ত্রী, সগোত্রা স্ত্রী, উত্তমবর্ণা স্ত্রী, ভগ্নীর সখী, চাণ্ডালী, ব্রাহ্মণকন্যা, রজস্বলা স্ত্রী, সন্ন্যাসিনী, পরিত্যক্তা স্ত্রী ইত্যাদি স্ত্রীতে গমন করিলে অনুপাতক হয়॥ ২॥

মাতা, কন্যা ও পুত্রবধূতে গমন করায় যে পাতক হয়, তাহার নাম অতিপাতক। এই তিনই সমান। যথা পুরাণং।

যথা মাতা তথা যামির্যথা যামিস্তথা সুতেতি।

যেমন মাতা তেমনই পুত্রবধূ, যেমন পুত্রবধূ তেমনই কন্যা, সুতরাং মাতা কন্যা পুত্রবধূ তিনেতেই এক সম্বন্ধ, এ কারণ স্মৃতিশাস্ত্রে লিখিয়াছেন।

মাতৃদুহিতৃপুত্রবধূগমনং ত্রীণ্যতিপাতকানি॥ ৩॥

একোনপঞ্চাশৎ উপপাতক। অর্থাৎ গোবধ, অযাজ্যযাজন, সামান্য পরদারা-গমন, আত্মবিক্রয়, পিতা মাতা গুরু পুত্র সহাধ্যায়ী এবং অগ্নিহোত্রাদি ত্যাগকরণ, পরিবেত্তৃত্ব, পরিবিত্তিত্ব ও পরিবিত্তি, পরিবেত্তার যাজন, আর পরিবেত্তা পরিবিত্তিকে কন্যাদান করণ, "পরিবেত্তা পরিবিত্তি পদে জ্যেষ্ঠ স্বত্বে বিনা অনুমতিতে কনিষ্ঠের বিবাহকরণে জ্যেষ্ঠ পরিবিত্তি, কনিষ্ঠ পরিবেত্তা হয়"। এবং অঙ্গুলি দ্বারা কন্যাস্ত্রীর যোনিবিদারণ, ধার দিয়া বৃদ্ধি গ্রহণ, ব্রতভঙ্গ করণ, পুষ্করিণ্যাদি ও উদ্যানাদি ও স্ত্রীপুত্রাদি বিক্রয় করণ, জন্মাবধি সংস্কারহীন, ত্রিসন্ধ্যা ত্যাগ, হীন ব্যক্তিকে অধ্যয়ন করাণ ও হীন ব্যক্তির নিকট অধ্যয়ন করণ, লৌহাদি বিক্রয়, অর্থাৎ ব্রাহ্মণ হইয়া লাক্ষা লৌহ, লবণ, ঘৃত, দুগ্ধ, দধি, গুড়, তৈলাদি বিক্রয়করণ, সমস্ত স্থান ও করাদিগ্রহণ, মনুষ্যবধনিমিত্ত অভিচারাদি মন্ত্র প্রবর্ত্তন, স্ত্রীউপজীবিক, ঔষধ বিক্রয়, পরহিংসা, কাষ্ঠের নিমিত্ত জীবিত বৃক্ষ ছেদন, আপনার নিমিত্ত শুদ্ধপাক করণ, নিন্দিতান্ন ভোজন, উচ্চাবচ দ্রব্য চুরি করণ, পিতা মাতার ঋণ শোধ না করণ, পাষণ্ডশাস্ত্রাভ্যাস, ধান্যবাড়ি দেওয়া ও তাম্রাদি চুরি করণ, পশ্বাদি চুরি করণ, মদ্যপানশীলের স্ত্রী এবং মদ্যপানশীলা স্ত্রীতে অভিগমন, স্ত্রী শূদ্র বৈশ্য ক্ষত্রিয় বধকরণ ইত্যাদি কিঞ্চিৎ তারতম্য মাত্র, এতৎ পাপশীলের পরকাল নাই। ইহাকে উপপাতক বলে ॥ ৪ ॥

ব্রাহ্মণ পীড়ন, পলাণ্ডু লশুনাদি ভক্ষণ, মদ্যাদির ঘ্রাণ ও পান, মিত্রের সহিত কৌটিল্যাচরণ এবং পুংমৈথুন ইত্যাদি পঞ্চপাতক জাতিভ্রংশকর হয়।

গর্দ্দভ, উষ্ট্র, ঘোটক, মৃগ, হস্তী, অজ, মেষ, মৎস্য, সর্প, মহিষ এই দশবিধ জীবহিংসাকে দশঙ্করীকরণ পাপ কহে ॥ ৫ ॥

নিন্দিত ব্যক্তি হইতে ধন গ্রহণ, নিন্দিত বাণিজ্যকরণ, ম্লেচ্ছাদির সেবা করিয়া ধন গ্রহণ, মিথ্যাভাষণ ইত্যাদি পাতক চতুষ্টয়কে অপাত্রীকরণ বলে ॥ ৬ ॥

কৃমি কীটাদি হত্যা, মদ্যাদিগত ফল ভোজন, ফলপুষ্পকাষ্ঠাদি চৌর্য্যকরণ, অল্পাপচয়ে মহদ্দণ্ড করণ, মলাপহ বিহিত নিত্যকর্ম্মের অকরণ এবং পরদারা গমন, শৃগাল, গর্দ্দভ, বিড়াল, কুক্কুর, অশ্ব, উষ্ট্র, মনুষ্য বরাহাদি দংশন, মিথ্যাভিজ্ঞনিত পাপ, ইত্যাদি প্রকীর্ণিক পাপ হয় ॥ ৭ ॥

অথ প্রায়শ্চিত্ত ব্যবস্থা।

অতিপাতক মহাপাতক উপপাতকাদির পরিক্ষয় জন্য প্রাজাপত্যাদি ব্রত করিতে হয়, আদিপদে পরাকব্রত চান্দ্রায়ণ কৃচ্ছ্রচান্দ্রায়ণাদি ব্রত করি-

বার আজ্ঞা আছে। কিন্তু কলিযুগে মানবদিগের শক্তির অল্পতা প্রযুক্ত প্রাজাপত্যাদি কষ্টসাধ্য ব্রত করিতে পারিবে না, একারণ ধেনুদান করিতে অনুজ্ঞা দিয়াছেন, যদি ধেনুদান করিতে অশক্ত হয়, এমত অনাঢ্য ব্যক্তি ধেনুর তুল্য মূল্য দিবে। যথা। স্মার্ত্তধৃতপ্রমাণং।

কৃতে ব্রতং সমাদিষ্টং ত্রেতায়াং ধেনুরেব চ।
কৃচ্ছ্রাদীনাস্তু সর্ব্বেষাং মূল্যন্তু দ্বাপরে কলাবিতি॥

সত্যযুগে ব্রত করিবার আদেশ, ত্রেতাযুগে ধেনুদানের আদেশ, দ্বাপর ও কলিযুগে সকলের পক্ষেই ধেনুমূল্য দান করিতে আদেশ করিয়াছেন।

অথ ধেনুমূল্যব্যবস্থা।

প্রাজাপত্যব্রতাশক্তৌ ধেনুং দদ্যাৎ পয়স্বিনীং।
ধেনোরভাবে দাতব্যং তুল্যং মূল্যং ন সংশয় ইতি॥

প্রাজাপত্যাদি ব্রত করিতে অশক্ত হইলে প্রভূত দুগ্ধবতী ধেনু দান করিবে, ধেনুর অভাব হইলে ধেনুর তুল্য মূল্য দিবে।

অথ ধেনুমূল্যনিরূপণম্।

ধেনুঃ পঞ্চভিরাঢ্যানাং মধ্যানাং ত্রিপুরাণিকী।
কার্ষাপণৈকমূল্যা হি দরিদ্রাণাং প্রকীর্ত্তিতা ইতি॥

আঢ্য ব্যক্তিদিগের ধেনুমূল্য পাঁচ কাহন, মধ্য ব্যক্তিদিগের তিন কাহন, দরিদ্র ব্যক্তিদিগের এক কাহন বরাটক।

অস্য ব্যবস্থাপত্রং।

প্রাজাপত্যব্রতাসামর্থ্যে পয়স্বিনী ধেনুরেকা দেয়া, তত্রাপ্যসামর্থ্যে সতি ধনবতা পঞ্চকার্ষাপণপরিমিতবরাটকদানং কর্ত্তব্যং, স্বল্পধনবতা ত্রিকার্ষাপণী দেয়া, দরিদ্রেণ তু এককার্ষাপণপরিমিতবরাটকদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদুষাং মতম্।

অথ প্রায়শ্চিত্তাধিকারিণাং ব্যবস্থা।

অশীতির্যস্য বর্ষাণি বালো বাপ্যূনষোড়শঃ।
প্রায়শ্চিত্তার্দ্ধমর্হন্তি স্ত্রিয়ো রোগিণ এব চ॥ বিষ্ণুঃ।

বিষ্ণু কহিয়াছেন, যে ব্যক্তির বয়স আশী বৎসর পূর্ণ হইয়াছে, আর যে বালকের ষোড়শ বৎসর বয়স পূর্ণ হয় নাই, এবং স্ত্রী অথবা রোগী, এ সকল ব্যক্তিকে যথোক্ত প্রায়শ্চিত্তের অর্দ্ধ করিতে হইবে।

ব্যবস্থাপত্রং।

যদ্বর্ণেষু যৎ প্রায়শ্চিত্তং তদ্বর্ণবালবৃদ্ধস্ত্রীরোগিণাং তদর্দ্ধং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদুষাং পরামর্শঃ।

বালবৃদ্ধস্ত্রীণামর্দ্ধং প্রায়শ্চিত্তং আষোড়শাদ্বালাঃ সপ্তত্যূর্দ্ধং স্থবিরাঃ। [স্থবিরোঽত্যন্তজীর্ণো গ্রাহ্যঃ।] চ্যবনঃ।

এতদ্ভিন্ন অসম্পূর্ণ একাদশবৎসরবয়স্ক বালক এবং শূদ্রা স্ত্রী কি শূদ্ররোগী বা বৃদ্ধ অথবা রোগিণী স্ত্রী প্রভৃতির যথোক্ত প্রায়শ্চিত্তের একপাদ প্রায়শ্চিত্ত হয়। যথা প্রমাণং।

পাদো বালেষু দাতব্যঃ সর্ব্ববর্ণেষ্বয়ং বিধিরিতি।
পাদবিধিরয়ং ঊনৈকাদশবর্ষাধিকস্য বালস্য।

এতদ্বিষয়ে সর্ব্বথা প্রায়শ্চিত্তের কর্ত্তব্যতা জানাইয়াছেন, বাল বৃদ্ধ স্ত্রী রোগীও যদ্যপি হয় তথাপি কৃতপাপের প্রায়শ্চিত্ত না করিলে শুদ্ধ হইতে পারিবে না, পাদমাত্র প্রায়শ্চিত্তের উক্তিতে অতি বালকের অর্থাৎ পঞ্চম বৎসরের পর অবধি প্রায়শ্চিত্তার্হ হইবে, কেবল বালক বলিয়া অনুগ্রহ মাত্র করিয়া একপাদ প্রায়শ্চিত্ত করিতে অনুজ্ঞা দিয়াছেন, তদ্ভিন্ন প্রায়শ্চিত্ত করিতে হইবে না এমত আজ্ঞা করেন নাই।

অথ প্রায়শ্চিত্তপূর্ব্বাহকৃত্যং।

প্রমাণং।—শঙ্খঃ।

বাপ্য কেশনখান্ পূর্ব্বং ঘৃতং প্রাশ্য বহির্নিশি।
প্রত্যেকং নিয়তং কালমাত্মনো ব্রতমাদিশেৎ।
প্রায়শ্চিত্তমুপাসীনো বাগ্যতস্ত্রিসবনং স্পৃশেৎ॥

পূর্ব্বদিনে কেশ নখাদি বপন করিয়া ত্রিসন্ধ্যা স্নান করত প্রদোষে ঘৃতপ্রাশন করিয়া বাগ্যত হইয়া থাকিবে।

অস্য ব্যবস্থাপত্রং।

প্রায়শ্চিত্তপূর্ব্বদিনে কেশনখাদীন্ বাপয়িত্বা ত্রিসন্ধ্যং স্নাত্বা ঘৃতং প্রাশ্য বাগ্যতঃ সন্ বহিঃ শয়নং কার্য্যং ইতি বিদাং মতং।

যদি কেশ যথাবিধি ধারণ করিয়া প্রায়শ্চিত্ত করিতে ইচ্ছা করে, তবে দ্বিগুণ প্রায়শ্চিত্ত করিয়া দ্বিগুণ দক্ষিণা দিতে হইবে। প্রমাণং।

কেশানাং ধারণার্থন্তু দ্বিগুণং ব্রতমাদিশেৎ।
দ্বিগুণে তু ব্রতে চীর্ণে দ্বিগুণা দক্ষিণা ভবেদিতি ॥

অস্য ব্যবস্থাপত্রং।

পাপীনাং বিপ্রাদীনাং কেশাদিধারণেচ্ছয়া যথোক্তপ্রায়শ্চিত্তস্য দ্বৈগুণ্যং কর্ত্তব্যং দক্ষিণাপি দ্বিগুণা দেয়েতি বিদাং মতং।

অথ মুণ্ডনব্যবস্থা।

বিদ্বান্ ব্রাহ্মণ কি রাজা অথবা স্ত্রীলোক ইহাদিগের মহাপাতক ও গোহত্যাদি ব্যতিরেকে মস্তক মুণ্ডন নাই। যদিও স্ত্রীলোকের মুণ্ডন করিতে কহিয়াছেন তথাপি সর্ব্বমুণ্ডন নাই, সধবা স্ত্রীর সমগ্র কেশ একত্র করিয়া অগ্রভাগের দুই অঙ্গুলি পরিমাণ ছেদন করিবে, এবং স্ত্রীলোকদের গবানুগমন জপাদি ও গোষ্ঠে শয়ন গোচর্ম্ম পরিধানাদি নাই এবং বিধবারও নাই। অস্য প্রমাণং যথা।

বিদ্বদ্বিপ্রনৃপস্ত্রীণাং নেষ্যতে কেশমুণ্ডনং।
ঋতে মহাপাতকিনো গোহন্তুশ্চাবকীর্ণিনঃ ॥
বপনং নৈব নারীণামনুব্রজ্যা জপাদিকং।
ন গোষ্ঠে শয়নং তাসাং নচ দধ্যাদ্গবাজিনং ॥
সর্ব্বান্ কেশান্ সমুদ্ধৃত্য ছেদয়েদঙ্গুলিদ্বয়ং।
সর্ব্বত্রৈব হি নারীণাং শিরসো মুণ্ডনং স্মৃতমিতি ॥

সধবার শিরোমুণ্ডন নাই, কিন্তু বিধবার সমস্ত মস্তক মুণ্ডন সর্ব্বদাই কর্ত্তব্য। কারণ বিধবার কেশবন্ধনে তাহার পতির বন্ধন হয়, সুতরাং সর্ব্বদাই শিরোমুণ্ডন করা কর্ত্তব্য। অস্য প্রমাণং যথা।

বিধবাকবরীবন্ধো বন্ধায় জায়তে পত্যুঃ।
শিরসো মুণ্ডনং তস্মাৎ কার্য্যং বিধবয়া সদেতি ॥

ব্যবস্থাপত্রং।

প্রায়শ্চিত্তার্থং সশিখবপনেন প্রত্যবায়াভাবঃ পতিতিরক্তত্র তু প্রত্যবায় ইতি বিদাং মতং।

পাদেঽঙ্গলোমবপনং দ্বিপাদে শ্মশ্রুণোঽপি চ।
ত্রিপাদে চ শিখাবর্জ্জ্যং সশিখস্তু নিপাতনে ইতি॥

একপাদে গাত্রলোমমুণ্ডন, দ্বিপাদে গোঁপ দাড়ি মুণ্ডন, ত্রিপাদে শিখা রাখিয়া শিরোমুণ্ডন, চতুর্থপাদে শিখার সহিত সমস্ত মস্তক মুণ্ডন করিবে।

যদি বল ব্রাহ্মণাদির সশিখ মুণ্ডন নাই অর্থাৎ সর্ব্ব মুণ্ডনে পাপশ্রুতি আছে কিন্তু প্রায়শ্চিত্তার্থে মুণ্ডন করিলে পাপ নাই, তদ্ভিন্ন অন্য কারণে মুণ্ডন করিলে পাপ হয়।

অথ প্রায়শ্চিত্তস্য কালাতিক্রমে ব্যবস্থা।

কালাতিক্রমে দ্বিগুণমিতি।

কালাতিক্রম করিয়া প্রায়শ্চিত্ত করিলে দ্বিগুণ করিতে হইবে, প্রায়শ্চিত্তের কালসংখ্যা সংবৎসর, যদি সংবৎসরের মধ্যে কৃতপাপের প্রায়শ্চিত্ত করিতে না পারে, তবে দ্বিগুণ প্রায়শ্চিত্ত করিতে হয়। এবং পর পর যত কাল অতিক্রম হইবে বৎসরসংখ্যায় তত গুণ প্রায়শ্চিত্ত করিবে।

অথ প্রায়শ্চিত্তদিবসনির্ণয়ঃ।

প্রমাণং। নাষ্টম্যাং ন চতুর্দ্দশ্যাং প্রায়শ্চিত্তপরীক্ষণে ইতি।

অষ্টমী এবং চতুর্দ্দশীতে প্রায়শ্চিত্ত করিতে নিষেধ আছে। ব্যবহারে কেহ কেহ দেশ বিশেষে শনি মঙ্গলবারে এবং পঞ্চপর্ব্বেও প্রায়শ্চিত্ত করিতে নিষেধ করেন।

অথ প্রাজাপত্যব্রতনিরূপণং।

প্রমাণং। ত্র্যহং প্রাতস্ত্র্যহং সায়ং ত্র্যহমদ্যাদযাচিতং।
ত্র্যহং পরন্তু নাশ্নীয়াৎ প্রাজাপত্যং চরন্দ্বিজঃ॥
সায়ং দ্বাবিংশতির্গ্রাসঃ প্রাতঃ ষড়্বিংশতিস্তথা।
অযাচিতশ্চতুর্ব্বিংশঃ পরঞ্চানশনং স্মৃতং॥
কুক্কুটাণ্ড প্রমাণঞ্চ যাবান্ বা প্রবিশেন্মুখম্।
এতং গ্রাসং বিজানীয়াচ্ছুদ্ধ্যর্থং কায়শোধনম্॥

প্রাজাপত্য ব্রতের প্রথম দিনত্রয় সায়ংকালে কুক্কুটাণ্ডপ্রমাণ দ্বাবিংশতি গ্রাস ভোজন করিবে। পর দিনত্রয় তাদৃক্ প্রমাণ প্রাতঃকালে ষড়্‌বিংশতি গ্রাস গ্রহণ করিতে হইবে। তাহার পর দুই দিবস অযাচিতরূপে চতুর্ব্বিংশতি গ্রাস

ভোজন করিবে। তৎপরে দিবসত্রয় উপবাস করিয়া থাকিবে। এই প্রাজাপত্য ব্রত হয়।

ইহার অশক্তিতে পয়স্বিনী এক ধেনু দান করিবে। তদভাবে তিন কাহন বরাটক দান করিলে ব্রতের সমান ফল হয়।

অথ জ্ঞানকৃতত্বাদিগোবধনিরূপণং।

যথা গাং জ্ঞাত্বা হন্মীতি জ্ঞানকৃতবধ ইতি।

এই গোকে আমি হনন করি, এতাদৃশ ইচ্ছাপূর্ব্বক গোবধ যে করে, তাহাকে জ্ঞানকৃত গোবধপ্রায়শ্চিত্ত করিতে হয়। অন্য পশুভ্রমে গোবধ করিলে অজ্ঞানকৃত গোবধপ্রায়শ্চিত্তার্হ হইবে। ভ্রান্তি স্থলে অস্ত্রক্ষেপেও যদি মধ্যবর্ত্তিনী গাভীর প্রাণনাশ হয়, তথাপি সাক্ষাৎ জ্ঞানকৃতবধ প্রায়শ্চিত্ত করিতে হইবে না।

অথ বিপ্রস্বামিকগোবধপ্রায়শ্চিত্তং।

ব্রাহ্মণের গাভী ব্রাহ্মণকর্তৃক জ্ঞানকৃত বধ হইলে হন্তাকে (১৭) প্রাজাপত্য করিতে হইবে, তাহাতে অশক্ত হইলে (১৭) ধেনুদান, তদভাবে (৫১) কাহন বরাটক দান করিবে, আর (১৫) কাহন বরাটক দক্ষিণা দিবে। অত্র প্রমাণং।

উপপাতকসংযুক্তো গোঘ্নো মাসং যবান্ পিবেৎ।
কৃতবাসো বসেদ্গোষ্ঠে চর্ম্মণা তেন সংবৃতঃ॥
চতুর্থকালমশ্নীয়াদক্ষারলবণং মিতং।
গোমূত্রেণ চরেৎ স্নানং দ্বৌ মাসৌ নিয়তেন্দ্রিয়ঃ॥
দিবানুগচ্ছেত্তা গাস্তু তিষ্ঠন্নূর্দ্ধং রজঃ পিবেৎ।
শুশ্রূষিত্বা নমস্কৃত্য রাত্রৌ বীরাসনং বসেৎ॥
তিষ্ঠন্তীষ্বনু তিষ্ঠেত্তু ব্রজন্তীষ্বপ্যনুব্রজেৎ।
আসীনাসু তথাসীনো নিয়তো বীতমৎসরঃ॥
আতুরামভিশস্তাং বা চৌরব্যাঘ্রাদিভির্ভয়ৈঃ।
পতিতাং পঙ্কমগ্নাং বা সর্ব্বৈঃ প্রাণৈর্ব্বিমোচয়েৎ॥
উষ্ণে বর্ষতি শীতে বা মারুতে বাতি বা ভৃশং।
ন কুর্ব্বীতাত্মনস্ত্রাণং গোরকৃত্বা তু শক্তিতঃ॥

আত্মনো যদি বান্যেষাং গৃহে ক্ষেত্রেঽথবা খলে।
ভক্ষয়ন্তীং ন কথয়েৎ পিবন্তঞ্চৈব বৎসকং ॥
অনেন বিধিনা যস্তু গোঘ্নো গামনুগচ্ছতি।
স গোহত্যাকৃতং পাপং ত্রিভির্মাসৈর্ব্ব্যপোহতি ॥
বৃষভৈকং দশ গাশ্চ দদ্যাৎ সুচরিতব্রতঃ।
অবিদ্যমানে সর্ব্বস্বং বেদবিদ্ভ্যো নিবেদয়েদিতি ॥

গোঘ্ন ব্যক্তি গোমূত্রে যবের যাউ করিয়া পান করিবে, গোচর্ম্মে শরীর সংবৃত করিয়া গোষ্ঠে বাস করিয়া থাকিবে, দিবসের চতুর্থভাগে অক্ষারলবণ অর্থাৎ অকৃত্রিম লবণ মিত গ্রাস গ্রহণ করিবে। দুই মাস গোমূত্রে স্নান আর সংযতেন্দ্রিয় হইবে, দিবসে গাভীর পশ্চাৎ পশ্চাৎ গোষ্ঠে যাইবে, দণ্ডায়মান হইয়া গোরজ পান করিবে, সায়ংকালে গোর সহিত গৃহে আসিয়া গোর শুশ্রূষা করিয়া নমস্কার করিবে, এবং রাত্রিতে গোশালায় বীরাসনে বসিয়া থাকিবে, এবং আত্মাভিমানশূন্য হইবে, গো সকল উঠিলে উঠিবে, বসিলে বসিবে, চলিলে চলিবে, কোন মতে আতুরা না হয়, সর্ব্বদা চোর বা ব্যাঘ্রাদি ভয়ে রক্ষা করিবে, পতিতা বা পঙ্কমগ্না গোকে আপনার সমস্ত শক্তি দ্বারা পরিরক্ষা করিবে, এবং গ্রীষ্ম শীত বর্ষা বা অতিবাতে গোরক্ষা না করিয়া আপনার রক্ষা করিবে না, আপনার কি অপরের ক্ষেত্রে বা গৃহে অথবা শস্যাকরে শস্যাদি ভক্ষণ করিলে কথাটিও কহিবে না। অসময়ে বৎস যদি দুগ্ধ পান করে তবে দেখিয়াও নিষেধ করিবে না, এই নিয়মে গোহন্তা যদি গোর অনুগমন করে, তবে তিন মাসে গোহত্যা পাপে মুক্ত হয়, ইহাতে অশক্ত হইলে সপ্তদশ ধেনুদান এক বৃষ সহিত দশ গো দক্ষিণা দিবে। ধেনুদানে অশক্ত ব্যক্তি (১৫) কাহন দক্ষিণা (৫১) কাহন দান করিবে। ইহাতে অশক্ত ব্যক্তি বেদবিৎ পণ্ডিতকে সর্ব্বস্ব দান করিবে।

অস্য ব্যবস্থাপত্রং।

ব্রাহ্মণস্বামিকগোঃ সকৃৎজ্ঞানকৃতসাক্ষাদ্বধজনিতপাপক্ষয়ায় ব্রাহ্মণেন ব্রতাদ্যশক্তৌ পঞ্চদশকার্ষাপণীদক্ষিণকৈকপঞ্চাশৎকার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

অপরঞ্চ।

ব্রাহ্মণস্বামিকগোঃ সকৃৎজ্ঞানকৃতসাক্ষাদ্বধজনিতপাপক্ষয়ায় ব্রতাদ্য-

শক্তৌ ব্রাহ্মণস্য [illegible] একার্যাপণ [illegible] পণাধিকৈকপঞ্চবিংশতিকার্যা-
পণী দানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

শ্রীশ্রীগো জয়তি।

শ্রীনীলমাধব শর্ম্মণাম্।

ব্রাহ্মণের গো যদি ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য জ্ঞানকৃত বধ করে, তবে (৫১) কাহন বরাটক উৎসর্গ করিবে, এবং (১৫) কাহন বরাটক দক্ষিণা দিবে। যদি অজ্ঞানকৃত বধ হয় তবে (২৫৷৷০) কাহন উৎসর্গ করিয়া (৭৷৷০) কাহন দক্ষিণা দিবে।

যদি অতীত একাদশ বৎসর অপূর্ণ ষোড়শবর্ষীয় বালক হয় কিম্বা অশীতি বর্ষের বৃদ্ধ হয় অথবা রোগী হয় কি স্ত্রী হয় এবং জ্ঞানকৃত বধ করে, তবে ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যাদিকে (৭৷৷০) কাহন দক্ষিণা দিয়া (২৫৷৷০) কাহন উৎসর্গ করিতে হইবে। অজ্ঞানকৃতবধে (৩৸০) দক্ষিণা (১২৸০) উৎসর্গ করিবে, এবং যদি অতীত পঞ্চমাব্দ অপূর্ণ একাদশ বৎসরের বালক হয়, কি বালাস্ত্রী রোগিণী স্ত্রী বালক রোগী বৃদ্ধরোগী হয়, তবে একপাদব্রতের অনুকল্প (১২৸০) বার কাহন বারপণ উৎসর্গ (৩৸০) তিন কাহন বার পণ দক্ষিণা দিতে হইবে। অজ্ঞানকৃতবধে (১৸৶০) দক্ষিণা (৬৷৶০) ছয় কাহন ছয় পণ উৎসর্গ করিবে।

ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যস্বামিক গো জ্ঞানকৃত বধে শূদ্রাদিরা (২৫৷৷০) কাহন উৎসর্গ (৭৷৷০) কাহন দক্ষিণা দিবে, অজ্ঞানকৃতবধে (১২৸০) উৎসর্গ (৩৸০) দক্ষিণা দিবে।

শূদ্রস্ত্রী শূদ্ররোগী শূদ্রবৃদ্ধ এবং [illegible] শূদ্রবালক জ্ঞানকৃত বধ করিলে (৩৸০) দক্ষিণা আর (১২৸০) উৎসর্গ করিবে। অজ্ঞানকৃত হইলে ইহার অর্দ্ধেক (১৸৶০) দক্ষিণা (৬৷৶০) উৎসর্গ।

যদি শূদ্রের অতীতপঞ্চবৎসর অপূর্ণ একাদশ বৎসরের, বালক কিম্বা স্ত্রী, বালা, বৃদ্ধা, রোগিণী হয়, বালক রোগী কিম্বা বৃদ্ধ রোগী হয়, তবে (১৸৶০) দক্ষিণা (৬৷৶০) উৎসর্গ করিবে।

ব্যবস্থাপত্র পূর্ব্ববৎ কেবল জাতি উত্তমত ও দান দক্ষিণা বরাটক সংখ্যার অন্তর করিয়া লিখিয়া দিবে। উৎসর্গ ও দক্ষিণাবাক্য যথা।

তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্র শ্রীঅমুক দেবশর্ম্মা বিপ্রস্বামিকজ্ঞানকৃতজ্ঞাতাৎগোবধজনিতপাপক্ষয়কাম একপঞ্চা-

শৎকার্ষাপণবরাটকান্ গঙ্গাদ্যর্চ্চিতান্ শ্রীবিষ্ণুর্দৈবতান্ ব্রাহ্মণেভ্যোঽহং সংপ্রদদে।

অদ্যেত্যাদি অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা বিপ্রস্বামিকজ্ঞানকৃতসাক্ষাদ্গোবধজনিতপাপক্ষয়কামনয়া কৃতৈতৎ-পঞ্চাশৎকার্ষাপণবরাটকদানকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামেতান্ পঞ্চদশকার্ষাপণ-বরাটকান্ শ্রীবিষ্ণুর্দৈবতান্ ব্রাহ্মণেভ্যোঽহং সংপ্রদদে।

এইরূপ সর্ব্বত্রই দানদক্ষিণাবাক্য কেবল দান দক্ষিণার বরাটকসংখ্যার অন্তর হইবে, আর অজ্ঞানকৃত স্থলে (অজ্ঞানকৃতগোবধজনিতপাপক্ষয়ায়) কহিতে হইবে এইমাত্র। অতএব সংক্ষেপ করিয়া অনায়াসে বোধের নিমিত্ত লিখি-লাম, বুদ্ধিমান্ ব্যক্তি বুঝিয়া লইতে পারিবেন, নিরর্থক গ্রন্থ বাড়াইবার আব-শ্যক হইল না।

একহায়নাদিবৎসবধপ্রায়শ্চিত্তং।

একবর্ষে গবি হতে কৃচ্ছ্রপাদো বিধীয়তে।
অবুদ্ধিপূর্ব্বস্ত্বর্দ্ধঃ স্যাৎ দ্বিপাদস্তু দ্বিহায়নে॥
ত্রিহায়ণে ত্রিপাদঃ স্যাৎ প্রাজাপত্যমতঃপরমিতি।

স্মার্ত্তধৃতবৃদ্ধপ্রচেতাঃ।

বিপ্রস্বামিক এক বৎসরের গো যদি ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যেরা জ্ঞানপূর্ব্বক বধ করে, তবে যথোক্ত প্রায়শ্চিত্তের একপাদ, দ্বিহায়নে দ্বিপাদ, তিন বৎসরের বৎস বধে তিন পাদ, চারি বৎসর অবধি সংপূর্ণ প্রায়শ্চিত্ত করিবে।

অস্য ব্যবস্থাপত্রং।

ব্রাহ্মণস্বামিকৈকহায়নগোঃ সকৃৎ জ্ঞানকৃতসাক্ষাদ্বধজনিতপাপক্ষয়ায় ব্রতাদ্যশক্তৌ ব্রাহ্মণাদিনা দ্বাদশপণ্যধিকত্রিকার্ষাপণীদক্ষিণকদ্বাদশপণাধিক-দ্বাদশকার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

অজ্ঞানকৃতবধে অর্দ্ধেক প্রায়শ্চিত্ত অতএব ব্যবস্থাপত্রও এইরূপ কেবল অজ্ঞানকৃত সাক্ষাৎ বধ বলিতে হইবে, আর বরাটকসংখ্যা অন্তর করিয়া লিখিতে হইবে, অতএব বরাটকসংখ্যা লিখিতেছি। জ্ঞানকৃত বিপ্রাদি-স্বামিক এক বৎসরের গোবধে ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যাদিকে (৩৬০) তিন

কাহন বারপণ দক্ষিণা আর (১২৬০) বার কাহন বারপণ উৎসর্গ করিতে হইবে। অজ্ঞানপূর্ব্বক বধে (১৬৶০) দক্ষিণা (৬৷৶০) দান করিবে।

জ্ঞানকৃত দুই বৎসরের গোবধে (৭৷৷০) কাহন দক্ষিণা (২৫৷৷০) কাহন উৎসর্গ, অজ্ঞানপূর্ব্বকে (৩৬০) দক্ষিণা (১২৬০) দান।

তিন বৎসরের গোবধে (১১৷০ দক্ষিণা (৩৮৷০) দান, অজ্ঞানে (৫৷৷৶০) দক্ষিণা (১৯৶০) উৎসর্গ করিবে। ব্যবস্থাপত্র উক্ত মত হইবে, বিশেষ মাত্র বরাটকসংখ্যা।

ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যের স্ত্রী বৃদ্ধ বালক রোগীরা এবং শূদ্রেরা জ্ঞানকৃত বধে উপরি উক্ত প্রায়শ্চিত্তের অর্দ্ধেক দান করিবে, অজ্ঞানকৃতে অর্দ্ধের অর্দ্ধ প্রায়শ্চিত্ত করিবে, আর অতীত পঞ্চ বৎসর অপূর্ণ একাদশ বৎসরের বালকও অর্দ্ধের অর্দ্ধ প্রায়শ্চিত্ত করিবে। এবং শূদ্রস্ত্রী কি শূদ্রবালক বা শূদ্রবৃদ্ধ রোগীর পক্ষে এইরূপ ব্যবস্থা।

অদ্যেত্যাদি অমুকে পক্ষে অমুকে মাসি অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা ব্রাহ্মণস্বামীকৈকহায়নগোঃ সকৃজ্জ্ঞানকৃতবধজনিতপাপক্ষয়কামঃ দ্বাদশ-পণাধিকদ্বাদশকার্ষাপণবরাটকান্ গন্ধাদ্যর্চ্চিতান্ শ্রীবিষ্ণুর্দৈবতান্ ব্রাহ্মণেভ্যোঽহং সম্প্রদদে। ইতি উৎসর্গবাক্যং।

অদেত্যাদি অমুকে মাসি অমুকে পক্ষে অমুকে তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা বিপ্রস্বামিকৈকহায়নগোঃ সকৃজ্জ্ঞানকৃতবধজনিতপাপক্ষয়কামনয়া কৃতৈতদ্দ্বাদশপণাধিকদ্বাদশকার্ষাপণবরাটকদানকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামেতান্ দ্বাদশপণাধিকত্রিকার্ষাপণবরাটকান্ শ্রীবিষ্ণুর্দৈবতান্ ব্রাহ্মণেভ্যোঽহং সংপ্রদদে।

ইতি দক্ষিণাবাক্যং।

এইরূপ উৎসর্গমন্ত্র ও দক্ষিণাবাক্য সর্ব্বত্র জানিবে।

অতঃপর ব্রাহ্মণাদিস্বামিকা গর্ভিণী কপিলা বহুক্ষীরা সুব্রতা হোমধেনু রোধাদি দ্বারা হত হইলে হন্তাকে যথোক্ত প্রায়শ্চিত্তের দ্বিগুণ প্রায়শ্চিত্ত করিতে হইবে। অস্য প্রমাণং।

গর্ব্ভিণীং কপিলাং দোগ্ধ্রীং হোমধেনুঞ্চ সুব্রতাং।
রোধাদিনা ঘাতয়িত্বা দ্বিগুণং গোব্রতং চরেৎ॥

ইতি বৃহস্পতিঃ।

যথোক্ত প্রায়শ্চিত্তের দ্বিগুণ পাদে (৩০) কাহন দক্ষিণা এবং (১০২)

কাহন বরাটক উৎসর্গ করিতে হইবে। অজ্ঞানকৃত বধে ইহার অর্দ্ধেক এবং স্ত্রী শূদ্র বালক বৃদ্ধ রোগীদিগেরও অর্দ্ধেক প্রায়শ্চিত্ত, একে উভয়ত্ব ঘটিলে এক পাদ প্রায়শ্চিত্ত, অর্থাৎ এই উক্ত প্রায়শ্চিত্তের এক পাদ. (৭৷৷০) কাহন দক্ষিণা (২৫৷৷০) কাহন দান উৎসর্গ করিবে। অন্যচ্চ।

অতিবৃদ্ধামতিকৃষামতিবালাঞ্চ রোগিণীং।
হত্বা পূর্ব্ববিধানেন চরেদর্দ্ধং ব্রতং দ্বিজঃ॥

। ইতি বৃহস্পতিঃ।

অতি বৃদ্ধা অতি বালা অতি কৃশা এবং রোগযুক্তা ব্রাহ্মণস্বামিকগাভীবধে ব্রাহ্মণাদিরা পূর্ব্বোক্ত প্রায়শ্চিত্তের অর্দ্ধেক প্রায়শ্চিত্ত করিবে অর্থাৎ পূর্ব্বোক্ত (৫১) কাহন ও (১৫) কাহন দক্ষিণা। তাহার অর্দ্ধেক দান করিয়া দক্ষিণা দিবে। ব্যবস্থাপত্র পূর্ব্ববৎ কেবল ব্রাহ্মণস্বামিকবৃদ্ধাদি-গাভীবধজনিতপাপক্ষয়ায় (এইমাত্র বলিয়া বরাটকসংখ্যা দিতে হইবে)। দানমন্ত্র ও দক্ষিণাবাক্যও এইরূপ। স্ত্রী শূদ্র বাল বৃদ্ধাদিরা (৩৸০) দক্ষিণা (১২৸০) বরাটক উৎসর্গ করিবে, একে উভয়ত্ব ঘটিলে অথবা উন একাদশ বৎসরের বালক হইলে পাদমাত্র করিবে, অর্থাৎ (১৸৶০) দক্ষিণা (৬৷৶০) উৎসর্গ করিবে।

অথ ক্ষত্রিয়স্বামিকগোবধপ্রায়শ্চিত্তং।

জ্ঞানকৃত ক্ষত্রিয়স্বামিক গো যদি ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যেরা বধ করে, তবে দ্বাদশ প্রাজাপত্য, অজ্ঞানকৃতবধে ছয় প্রাজাপত্য, এবং স্ত্রী শূদ্র বাল বৃদ্ধ রোগীরাও ছয় প্রাজাপত্য ব্রত করিবে। ঊনৈকাদশবর্ষের বালক অথবা একে উভয়ত্ব ঘটিলে অর্থাৎ শূদ্রস্ত্রী শূদ্রবালক শূদ্রবৃদ্ধ শূদ্ররোগী অথবা ব্রাহ্মণ বালিকা স্ত্রী কি রোগিণী বা বৃদ্ধা এবং বৃদ্ধরোগী ইহাদিগের যথোক্ত বিধা-নের এক পাদ প্রায়শ্চিত্ত, যথাশক্তি দক্ষিণা। অর্থাৎ জ্ঞানকৃতবধে (৩৬) কাহন দান) অজ্ঞানকৃতে (১৮) কাহন দান। স্ত্রীশূদ্রাদিরও ঐ রূপ, শূদ্রস্ত্রী আদির (৯) নয় কাহন দান মাত্র, দক্ষিণার নিয়ম নাই, অর্থাৎ শক্ত্যনুসারে দক্ষিণা দিবে। পূর্ব্ব ব্রাহ্মণস্বামিক গোবধপ্রায়চিত্তের রূপান্তর কিঞ্চিৎ হওয়াতে ক্ষত্রিয়াদিস্বামিক গোবধ প্রায়শ্চিত্তের ব্যবস্থাপত্র লিখিতেছি। অত্র প্রমাণং।

গোঘ্নঃ ষণ্মাসান্ তচ্চর্ম্মণা পরিবৃতো গোগ্রাসাহারো।
গোব্রতো যবাশী গোভিরভিচরন বিপ্রো মুচ্যতে ॥

ইতি দেবলঃ।

ক্ষত্রিয়স্বামিক গোহন্তা ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ছয় মাস গোচর্ম্মাবৃত শরীরে গোরূপ হইয়া ছয় মাস থাকিবে, গোগ্রাস আহার করিবে, গোব্রত ধারণ করিবে, গোমূত্রে যব সিদ্ধ করিয়া আহার করিব, গলে রজ্জু ধারণ করতঃ গোশব্দে বাক্য কহিবে, গোবৎ গোষ্ঠে চরিবে, এরূপ করিলে গোবধজনিত পাপ হইতে পরিমুক্ত হইবে।

অস্য ব্যবস্থাপত্রং।

ক্ষত্রিয়স্বামিকগোঃ সকৃজ্জ্ঞানকৃতসাক্ষাদ্বধজনিতপাপক্ষয়ায় ব্রতাদ্যশক্তৌ ব্রাহ্মণাদিনা যৎকিঞ্চিদ্দক্ষিণকষট্ত্রিংশৎকার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

আদি পদে ক্ষত্রিয় বৈশ্যের গ্রহণ হইয়াছে। স্ত্রীশূদ্রাদির অর্দ্ধ অর্থাৎ জ্ঞানকৃতে (১৮) আঠার কাহন, অজ্ঞানকৃতে (৯) নয় কাহন উৎসর্গ, দক্ষিণা যথাশক্তি। যেখানে দক্ষিণার উক্তি নাই সেইখানেই যথাশক্তি জানিবে, একে উভয়ত্ব হইলে একাদশোনবর্ষ বালক হইলেও পাদ প্রায়শ্চিত্ত অর্থাৎ (৪॥০) কাহন উৎসর্গ করিবে। প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে, ব্যবস্থাপত্রও উক্তরূপ, উৎসর্গমন্ত্র ও দক্ষিণাবাক্য যথা।

অদ্যেত্যাদি ক্ষত্রিয়স্বামিকগোঃ সাক্ষাজ্জ্ঞানকৃতবধজনিতপাপক্ষয়কামঃ ব্রতাদ্যশক্তৌ ষট্ত্রিংশৎকার্ষাপণবরাটকান্ গন্ধাদ্যর্চ্চিতান্ শ্রীবিষ্ণুদৈবতান্ ব্রাহ্মণেভ্যোঽহং সংপ্রদদে।

অদ্যেত্যাদি ক্ষত্রিয়স্বামিকগোঃ সাক্ষাজ্জ্ঞানকৃতবধজনিতপাপক্ষয়কামনয়া কৃতৈতৎষট্ত্রিংশৎকার্ষাপণবরাটকদানকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং যৎকিঞ্চিৎ কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুর্দৈবতং ব্রাহ্মণেভ্যোঽহং সংপ্রদদে।

সর্ব্বত্র এইরূপ হইবে কেবল জ্ঞানকৃত অজ্ঞানকৃত আর বরাটকসংখ্যা দিলেই হইবে।

অথ বৈশ্যস্বামিকগোবধপ্রায়শ্চিত্তং।

বৈশ্যস্বামিক গো, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যেরা বধ করিলে, গোমতী বিদ্যা জপ করতঃ গোষ্ঠে বাস এবং পঞ্চগব্য পান করিয়া থাকিবে, এইরূপ এক মাস করিলে গোহত্যাপাপে মুক্ত হইবে। তাহাতে অশক্ত হইলে দশ

ধেনু দান যৎকিঞ্চিৎ দক্ষিণা দিবে, তদভাবে (৩০) ত্রিশ কাহন বরাটক অজ্ঞানকৃতে (১৫) কাহন বরাটক উৎসর্গ করিবে। পূর্ব্বোক্ত প্রমাণে স্ত্রী শূদ্রাদিরাও অর্দ্ধেক প্রায়শ্চিত্ত করিবে এবং একাদশোনবর্ষ বালকেরা তদর্দ্ধ প্রায়শ্চিত্ত করিবে। সর্ব্বত্রই অজ্ঞানকৃতে জ্ঞানকৃতের অর্দ্ধেক প্রায়শ্চিত্ত জানিবে। পূর্ব্বোক্তরূপে ব্যবস্থাপত্র ও দান দক্ষিণাবাক্যও জানিবে।

শাতাতপঃ।

পঞ্চগব্যেন গোঘাতী মাসৈকেন বিশুদ্ধ্যতি।
গোমতীঞ্চ জপেদ্বিদ্যাং গবাং গোষ্ঠে চ সম্বসেৎ॥

পঞ্চগব্যপ্রমাণং।

গোশকৃৎ দ্বিগুণং মূত্রং সর্পির্দদ্যাচ্চতুর্গুণং।
ক্ষীরমষ্টগুণঞ্চৈব পঞ্চগব্যে তথা দধীতি॥

যৎ প্রমাণে গোময় লইবে তাহার দ্বিগুণ গোমূত্র, গোমূত্রের চতুর্গুণ ঘৃত, ঘৃতের অষ্টগুণ দুগ্ধ, দুগ্ধের অষ্টগুণ দধি, এই পঞ্চগব্য পান করিবে।

গোমতী বিদ্যা যথা।—

গোমতীং কীর্ত্তয়িষ্যামি সর্ব্বপাপবিনাশিনীং।
তান্তু মে গদতো বিপ্রাঃ শৃণুধ্বং সুসমাহিতাঃ॥
গাবঃ সুরভয়ো নিত্যং গাবো গুগ্গুলগন্ধিকাঃ।
গাবঃ প্রতিষ্ঠা ভূতানাং গাবঃ স্বস্ত্যয়নং মহৎ॥
অন্নমেব পরং গাবো দেবানাং হবিরুত্তমং।
পাবনং সর্ব্বভূতানাং ক্ষরন্তী চ হবীংষি চ॥
হবিষা মন্ত্রপূতেন তর্পয়ন্ত্যমরান্ দিবি।
ঋষীণাং মগ্নিহোত্রেষু গাবঃ হোমপ্রয়োজিকাঃ।
পাবনং সর্ব্বভূতানাং গাবঃ শরণমুত্তমং॥
গাবঃ পবিত্রং পরমং গাবো মঙ্গলমুত্তমং।
গাবঃ স্বর্গস্য সোপানং গাবো ধন্যাঃ সনাতনাঃ॥
নমো গোভ্যঃ শ্রীমতীভ্যঃ সৌরভেয়ীভ্য এবচ।
নমো ব্রহ্মসুতাভ্যশ্চ পবিত্রাভ্যো নমো নমঃ॥

ব্রাহ্মণাশ্চৈব গাবশ্চ কুলমেকং দ্বিধামতং।
একত্র মন্ত্রাস্তিষ্ঠন্তি হবিরন্যত্র তিষ্ঠতি ॥

ইতি প্রায়শ্চিত্তকাণ্ডকল্পতরৌ যমঃ।

অথ শূদ্রস্বামিকগোবধপ্রায়শ্চিত্তং।

শূদ্রের গো যদি ব্রাহ্মণাদিরা জ্ঞানপূর্ব্বক বধ করে তবে চারি প্রাজাপত্যে শুদ্ধি হইবে, তাহাতে অশক্ত হইলে চারি ধেনু দান করিয়া, যথাশক্তি দক্ষিণা দিবে, তদভাবে (১২) কাহন বরাটক, অজ্ঞানকৃতে (৬) কাহন বরাটক উৎসর্গ করিবে। স্ত্রী শূদ্র বাল বৃদ্ধাদিরাও (৬) কাহন উৎসর্গ করিবে, উভয়ত্ব ঘটিলে এবং একাদশোনবর্ষ বালক একপাদ অর্থাৎ (৩) কাহন বরাটক উৎসর্গ করিবে, ব্যবস্থাপত্র ও দানবাক্যাদি পূর্ব্ববৎ। অত্র প্রমাণং বিশ্বামিত্রঃ।

কৃচ্ছ্রাংস্তু চতুরঃ কুর্য্যাদ্গোবধে বুদ্ধিপূর্ব্বকে।
অমত্যা তু দ্বয়ং কার্য্যং তদর্দ্ধং বালবৃদ্ধয়োঃ।
স্ত্রীশূদ্রয়োরেবমেতদ্বধে চৈব ন সংশয় ইতি ॥

প্রায়শ্চিত্তব্যবস্থা পূর্ব্ববৎ কেবল ব্রাহ্মণাদিস্বামিক স্থলে শূদ্রস্বামিক বরাটক সংখ্যামত লিখিলেই হইবে, আর জ্ঞানকৃত বধস্থলে অজ্ঞানকৃত লিখিবে এইমাত্র, দানদক্ষিণাও তদ্রূপ।

শূদ্রস্বামিক এক বৎসরের বা দুই বৎসরের কি তিন বৎসরের গো যদি ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য কর্ত্তৃক জ্ঞানকৃত বধ হয়, তবে কিঞ্চিৎ দক্ষিণার সহিত বরাটক দান করিবে অর্থাৎ এক বৎসরের গোবধে (৩) কাহন, দুই বৎসরের গোবধে (৬) কাহন, তিন বৎসরের গোবধে (৯) কাহন। অজ্ঞানকৃত বধে এক বৎসরে (১।।০) কাহন, দুই বৎসরে (৩) কাহন, তিন বৎসরে (৪।।০) কাহন উৎসর্গ করিবে, চারি বৎসরের হইলেই পূর্ণ প্রায়শ্চিত্ত করিতে হইবে।

স্ত্রী বাল বৃদ্ধ রোগিজনে ক্রমে (১।।০) কাহন (৩) কাহন (৪।।০) কাহন দান করিবে। একে উভয়ত্ব থাকিলে ইহার অর্দ্ধেক, এবং একাদশোনবর্ষ বালকেও ইহার অর্দ্ধ প্রায়শ্চিত্ত করিবে; প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে অত্রাপি।

স্যাত্ত্বকামকৃতে যত্তৎ দ্বিগুণং বুদ্ধিপূর্ব্বক ইতি।

ব্যবস্থাপত্র পূর্ব্ববৎ, দান দক্ষিণাবাক্যও পূর্ব্ববৎ হইবে।

অথ অধমশূদ্রস্বামিকগোবধপ্রায়শ্চিত্তং।

অধম শূদ্রের গো যদি ব্রাহ্মণাদিরা জ্ঞানকৃত বধ করে, তবে (৬) কাহন বরাটক উৎসর্গ করিবে, যদি অজ্ঞানকৃত বধ হয়, তবে ইহার অর্দ্ধেক (৩) কাহন দান, দক্ষিণা যথাশক্তি, যদি এক বৎসরের গোকে ইচ্ছাপূর্ব্বক বধ করে তবে (১৷৷॰) কাহন, দুই বৎসরে (৩) কাহন, তিন বৎসরে (৪৷৷॰) কাহন। অজ্ঞানকৃতে পর পর ইহার অর্দ্ধেক হইবে।

স্ত্রী শূদ্র বাল বৃদ্ধাদিরা জ্ঞানকৃত বধে পূর্ণ প্রায়শ্চিত্ত (৩) কাহন, অজ্ঞানকৃতে (১৷৷॰) কাহন উৎসর্গ করিবে, এবং জ্ঞানকৃত একহায়নাদি গোবধে ক্রমে (৸॰) পণ (১৷৷॰) কাহন (২৷॰) কাহন উৎসর্গ করিবে। অজ্ঞানকৃতে (৷৶॰) পণ (৸॰) পণ (১৶॰) পণ উৎসর্গ করিবে। যদি একে উভয়ই হয় কিম্বা একাদশোনবর্ষ বালক হয়, তবে এক পাদ প্রায়শ্চিত্ত করিবে, প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে, ব্যবস্থাপত্র ও দানমন্ত্র দক্ষিণাবাক্যও পূর্ব্ববৎ হইবে।

এককালীন বিচারসিদ্ধ ব্যবস্থা এই যে ব্রাহ্মণাদির অজ্ঞানকৃত গোবধে যে প্রায়শ্চিত্ত, শূদ্রাদির জ্ঞানকৃত বধে সেই প্রায়শ্চিত্ত হয়, আদিপদে বালক বৃদ্ধ রোগী স্ত্রীর পরিগ্রহ হয়, শূদ্রাদির অজ্ঞানকৃত বধে যে প্রায়শ্চিত্ত, শূদ্র স্ত্রী এবং বালা স্ত্রী কি রোগযুক্তা স্ত্রী আর ব্যাধিযুক্ত বৃদ্ধ পুরুষ এবং একাদশোনবর্ষ বালক প্রভৃতির জ্ঞানকৃতে সেই প্রায়শ্চিত্ত হয়; অজ্ঞানকৃতে অর্দ্ধেক, অতএব ব্যবস্থা এই যে, যে ব্যক্তির প্রতি জ্ঞানকৃত গোবধে যেরূপ প্রায়শ্চিত্ত উক্ত হইয়াছে, অজ্ঞানকৃতবধে সে ব্যক্তি তাহার অর্দ্ধেক প্রায়শ্চিত্ত করিবে।

অথ রোধাদিনিমিত্তং গোবধপ্রায়শ্চিত্তং।

রোধনে বন্ধনে চৈব যোজনে চ গবাং রুজঃ।
উৎপাদ্য মরণং বাপি নিমিত্তী তত্র লিপ্যতে ৷৷ অঙ্গিরাঃ।

রোগাদি জন্য যে গো ক্ষীণ হইয়াছে, তাহা অনুভব করিতে না পারিয়া রোধ করিয়া রাখে, সেই রোধ নিমিত্ত যদি মরে তবে প্রাজাপত্যের এক পাদ প্রায়শ্চিত্ত করিবে অর্থাৎ (৸॰) পণ উৎসর্গ করিবে।

ঐ ক্ষীণ গোকে যদি বন্ধনে রাখে, তাহাতে মরে, তবে দ্বিপাদ প্রায়শ্চিত্ত অর্থাৎ (১৷৷॰) কাহন বরাটক উৎসর্গ করিবে।

এবং ক্ষীণ গোকে যদি হলাদিতে যোজন করে, সেই যোজন নিমিত্ত বধ হয়, তবে ত্রিপাদ প্রায়শ্চিত্ত অর্থাৎ (২৷॰) কাহন উৎসর্গ করিবে।

যদি দণ্ডনিপাতনজন্য মৃত্যু হয় তবে পূর্ণ প্রাজাপত্য অর্থাৎ (৩) কাহন বরাটক দান করিবে, দক্ষিণা যৎকিঞ্চিৎ।

দণ্ডের প্রমাণ বাহুপ্রমাণ দীর্ঘ অঙ্গুষ্ঠপ্রমাণ স্থূল হইবে এবং পত্রযুক্ত সরস হইবে। অস্য প্রমাণং পরাশরঃ।

রোধনে তু চরেৎ পাদং বন্ধনে চার্দ্ধমেব হি।
যোজনে পাদহীনং স্যাৎ প্রাজাপত্যং নিপাতনে॥

দণ্ডপ্রমাণং। অঙ্গিরাঃ।

অঙ্গুষ্ঠমাত্রঃ স্থৌল্যেন বাহুমাত্রঃ প্রমাণতঃ।
সার্দ্রশ্চ সপলাশশ্চ দণ্ড ইত্যভিধীয়তে॥
তস্মাদূর্দ্ধং প্রহারেণ যদি গাং বিনিপাতয়েৎ।
দ্বিগুণস্তু ভবেত্তত্র প্রায়শ্চিত্তমিতি স্থিতিঃ॥

অস্য ব্যবস্থাপত্রং।

কৈশ্যক্ষীণগবাজ্ঞানকৃতসকৃদ্রোধনিমিত্তবধজনিতপাপক্ষয়ায় ব্রতাদ্যশক্তৌ ব্রাহ্মণাদিনা যৎকিঞ্চিদ্দক্ষিণকদ্বাদশকার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

এইরূপ বন্ধনযোজননিপাতনাদি বিষয়ের ব্যবস্থাপত্র কেবল পাদ পাদ বরাটকসংখ্যার বৃদ্ধি করিয়া দিবে অজ্ঞানকৃত বধে ইহার অর্দ্ধেক প্রায়শ্চিত্ত, শূদ্রাদিরও অর্দ্ধেক কেবল একে উভয়ত্ব যাহার ঘটিবে কিম্বা একাদশোনবর্ষ বালক যে হইবে তাহারই একপাদ প্রায়শ্চিত্ত হইবে।

অদ্যেত্যাদি কৈশ্যক্ষীণগবাজ্ঞানকৃতসকৃদ্রোধনিমিত্তবধজনিতপাপক্ষয়কামো ব্রতাদ্যশক্তৌ দ্বাদশপণবরাটকান্ গন্ধাদ্যর্চ্চিতান্ শ্রীবিষ্ণুর্দৈবতান্ ব্রাহ্মণেভ্যোঽহং সংপ্রদদে।

অদ্যেত্যাদি কৈশ্যক্ষীণগবসকৃদ্রোধনিমিত্তবধজনিতপাপক্ষয়কামনয়া কৃতৈতদ্দ্বাদশপণ-বরাটকদানকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং ব্রাহ্মণেভ্যোঽহং সংপ্রদদে।

এইরূপ, বন্ধন যোজন দণ্ডনিপাতন জন্য বধের, প্রায়শ্চিত্ত, উৎসর্গমন্ত্র ও দক্ষিণাবাক্য হইবে।

অজ্ঞানকৃত ক্ষীণগো রোধনাদি নিমিত্ত এই প্রায়শ্চিত্ত উক্ত হইয়াছে, অনন্তর জ্ঞানকৃত রোধাদি নিমিত্তের ব্যবস্থা কহিতেছি, অর্থাৎ ক্ষীণতাজ্ঞানে

রোধাদিতে যদি মৃত্যু হয়, তবে চান্দ্রায়ণের পাদ প্রায়শ্চিত্ত করিবে, অর্থাৎ রোধনিমিত্ত (৫৷৷৵৹) বরাটক, বন্ধন নিমিত্ত দ্বিপাদ (১১৷৹) কাহন। যোজন নিমিত্ত ত্রিপাদ (১৬৸৵৹) দণ্ডনিপাতন জন্য (২২৷৷৹) কাহন। অতিরিক্ত দণ্ডা-ঘাতনিমিত্ত দ্বিগুণ অর্থাৎ (৪৫) কাহন দান করিবে, স্ত্রী শূদ্রাদির অর্দ্ধেক, অতি বালকাদির একপাদ মাত্র। ব্যবস্থাপত্র ও দানমন্ত্র দক্ষিণাবাক্যাদি পূর্ব্ববৎ।

গোর নাসাচ্ছেদ কর্ণচ্ছেদ গাত্রদাহ ও বন্ধন করিয়া রাখিলে এবং অতিবাহনে অতিদোহনে যদি মৃত্যু হয়, তবে কৃচ্ছ্রচান্দ্রায়ণ ব্রত করিবে, তদশক্ত (২২৷৷৹) কাহন বরাটক উৎসর্গ করিবে। স্ত্রী শূদ্রাদির অর্দ্ধেক, অতি বালাদির পাদ প্রায়-শ্চিত্ত, ব্যবস্থাদিও পূর্ব্ববৎ হয়। অত্র প্রমাণং হারীতঃ।

নাসাচ্ছেদনদাহেষু কর্ণচ্ছেদনবন্ধনে।
অতিবাহাতিদোহাভ্যাং কৃচ্ছ্রচান্দ্রায়ণং চরেদিতি ॥

অথ অপালননিমিত্তগোবধপ্রায়শ্চিত্তং।

শীত অথবা বায়ু দ্বারা কিম্বা উদ্বন্ধনে শূন্যগৃহে রাখাতে যদ্যপি মৃত্যু হয়, তবে এক প্রাজাপত্য করিবে। আর অপালনে যদ্যপি মরে এবং জলে বা সর্পদংশনে কি বিদ্যুদগ্নি দ্বারা অথবা গর্ত্তে পড়িয়া মরে, কিম্বা ব্যাঘ্রাদি কর্ত্তৃক ভক্ষিত হয়, তবে আর এক প্রাজাপত্য করিবে। এক বৃষ এক গো দক্ষিণা দিবে। এই দুই প্রাজাপত্য করিতে অশক্ত হইলে (৬) কহেন বরাটক দান ও (৬) কাহন বরাটক দক্ষিণা দিবে। অর্থাৎ গোমূল্য (১) কাহন বৃষমূল্য (৫) কাহন দিবে।

শীতানিলহতা চৈব উদ্বন্ধনমৃতাপি বা।
শূন্যাগারাদ্যুপেক্ষায়াং প্রাজাপত্যং বিনির্দ্দিশেদিতি ॥
অপালনাৎ প্রণশ্যেত গৌশ্চরন্তী কথঞ্চন।
জলৌঘপল্বলে মগ্না নাগবিদ্যুদ্ধতাপি বা ॥
শ্বভ্রে বা পতিতা কস্মাৎ শ্বাপদৈর্ব্বাপি ভক্ষিতা।
প্রাজাপত্যং চরেৎ কৃচ্ছ্রং গোস্বামী ব্রতমুত্তমং ॥
সশিখং বপনং কার্য্যং ত্রিসন্ধ্যমবগাহনং।
শৃঙ্গৈর্ব্বাপি খুরৈর্যুক্তং লাঙ্গূলশ্রবণাদিভিঃ ॥

আর্দ্রমেব হি তচ্চর্ম্ম পরিধায় স গাং ব্রজেৎ।
তাসাং মধ্যে বসেদ্রাত্রৌ দিবা তাভিঃ সমং ব্রজেৎ॥
ব্রাহ্মণস্থ বিশেষেণ তথা রাজন্যবৈশ্যয়োঃ।
প্রায়শ্চিত্তে ততশ্চীর্ণে কুর্য্যাদ্ব্রাহ্মণভোজনং॥
অনডুৎসহিতাং গাঞ্চ দদ্যাদ্বিপ্রায় দক্ষিণাং।

ইতি পরাশরঃ।

প্রাজাপত্য গোব্রত নিরূপণ এই যে শিখার সহিত মস্তক মুণ্ডন করতঃ ত্রিসন্ধ্যায় অবগাহন করিবে, আর শৃঙ্গ খুর কর্ণ লাঙ্গুলাদিযুক্ত আর্দ্র গোচর্ম্ম পরিধান করতঃ গোর সহিত গোষ্ঠে চরিবে, রাত্রিকালে গোশালায় বসিয়া গো রক্ষা করিবে, সকল জাতির পক্ষেই এই বিধি, বিশেষতঃ ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যের প্রতি আজ্ঞা আছে, প্রায়শ্চিত্ত সংপূর্ণ হইলে ব্রাহ্মণভোজন করাইয়া বৃষসহিত এক গো দক্ষিণা দিবে। অস্য ব্যবস্থাপত্রং।

বিপ্রাদিস্বামিকগোরপালননিমিত্তবধজনিতপাপক্ষয়ায় ব্রতাদ্যশক্তৌ ব্রাহ্মণাদিনা ষট্কার্ষাপণীদক্ষিণকষট্কার্ষাপণবরাটকদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

স্ত্রী শূদ্র বাল বৃদ্ধ রোগী ব্যক্তির অর্দ্ধেক অর্থাৎ (৩) কাহন উৎসর্গ (৩) কাহন দক্ষিণা। একে উভয়ত্ব প্রাপ্তে এবং একাদশোনবর্ষ বালক পাদ মাত্র অর্থাৎ (১৷৷০) কাহন দক্ষিণার সহিত (১৷৷০) কাহন বরাটক উৎসর্গ করিবে। ব্যবস্থাপত্র উক্তমত, কেবল জাতি ও দক্ষিণা বরাটকের অন্যথা হইবে।

অদ্যেত্যাদি অপালননিমিত্তগোবধজনিতপাপক্ষয়কামঃ ষট্কার্ষাপণবরাটকান্ গন্ধাদ্যর্চ্চিতান্ শ্রীবিষ্ণুর্দৈবতান্ ব্রাহ্মণেভ্যোঽহং সংপ্রদদে।

অদ্যেত্যাদি অপালননিমিত্তগোবধজনিতপাপক্ষয়কামনয়া ষট্কার্ষাপণবরাটকদানকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং ষট্কার্ষাপণবরাটকং ব্রাহ্মণেভ্যোঽহং সংপ্রদদে।

অপর ব্রাহ্মণাদিস্বামিক তিন বৎসর বয়স্ক পর্য্যন্ত বৎসবধে গোস্বামী অপালনজন্য বধপ্রায়শ্চিত্তের একপাদ অর্থাৎ যৎকিঞ্চিৎ দক্ষিণার সহিত (১৷৷০) কাহন বরাটক উৎসর্গ করিবে। প্রমাণং।

॥ ৪ ॥

পাদশ্চাপ্রাপ্তকে দেয়ো বৎসে [illegible]ক্ষিত ইতি বিষ্ণুঃ।

ব্যবস্থাপত্রং।

ব্রাহ্মণাদিস্বামিকাপ্রাপ্তদম্যাবস্থগোঃ সকৃদপালননিমিত্তবধজনিতপাপক্ষয়ায় ব্রতাদ্যশক্তৌ ব্রাহ্মণাদিনা সার্দ্ধৈককার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

উৎসর্গমন্ত্র ও দক্ষিণাবাক্য পূর্ব্বরূপ, কেবল (অপ্রাপ্তদম্যাবস্থগোরপালননিমিত্তবধজনিতপাপক্ষয়কামঃ ও কামনয়া) বলিতে হইবে, এবং বরাটকসঙ্খ্যা উক্তমত হইবে। শূদ্রস্বামিকাদি গো ও বৎস অপালননিমিত্ত বধেও এই রূপ প্রায়শ্চিত্ত অর্থাৎ অপালনবধের বিশেষ নাই।

যদি গোপালকে সম্যক্ ভারার্পণ করিয়া থাকে, তবে পালকই প্রায়শ্চিত্ত করিবে, স্বামীকে প্রায়শ্চিত্ত করিতে হইবে না, তদ্ভিন্ন যদি দিবাতে পালক রক্ষা করে রাত্রে স্বামিগৃহে থাকে, তবে দিবাবিপত্তিতে পালক পাতকী, রাত্রিবিপত্তিতে স্বামী পাতকী হইবে। যদি বহুপালক হয় বিভাগ না থাকে, তবে এই রূপ প্রায়শ্চিত্ত একজন করিলেই সকলের প্রায়শ্চিত্ত করা সিদ্ধ হইবে। যদি বিভাগ করিয়া দিয়া থাকে, তবে সকল পালককেই ব্যবস্থানুসারে পাদ পাদ প্রায়শ্চিত্ত করিতে হইবে। পালকের দ্রব্যাভাব হইলে স্বামী দ্রব্য দিয়া প্রায়শ্চিত্ত করাইবে। ম্লেচ্ছাদি গোখাদক গোপালক হইলে স্বামী স্বয়ং প্রায়শ্চিত্ত করিবে। এবং অপালন নিমিত্ত অনেক গোর মৃত্যু হইলে যথোক্ত অপালনবধের দ্বিগুণ প্রায়শ্চিত্ত করিবে, তাহাতেও যদি অনেক ব্যক্তি গোস্বামী হয়, তবে প্রত্যেকেই দ্বিগুণ দ্বিগুণ প্রায়শ্চিত্ত করিবে।

অথ গৃহাদিদাহনিমিত্তকগোবধপ্রায়শ্চিত্তং।

ব্রাহ্মণস্বামিক অনেক গো যদি গৃহদাহে একদিনে মরে, বা রোধনিমিত্ত কি অযথাবন্ধনে অথবা অবিহিত চিকিৎসায় মরে, তবে প্রাজাপত্য ব্রতচতুষ্টয়ের অনুকল্প (১২) কাহন বরাটক দান ও (১২) কাহন দক্ষিণা দিবে। শূদ্রাদিরা অর্দ্ধেক অর্থাৎ (৬) কাহন দক্ষিণা (৬) কাহন উৎসর্গ করিবে।

প্রমাণং। ব্যাপন্নানাং বহূনাঞ্চ রোধনে বন্ধনেঽপি বা।
ভিষগ্মিথ্যোপচারৈশ্চ দ্বিগুণং গোব্রতঞ্চরেদিতি॥ সম্বর্ত্তঃ।

ব্যবস্থাপত্রং।

ব্রাহ্মণস্বামিকানাং গবামপালনাৎ গৃহদাহাদিনিমিত্তৈকদিনবধজনিতপাপক্ষ-

ন্নায় ব্রতাদ্যশক্তৌ ব্রাহ্মণাদিনা দ্বাদশকার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

এইরূপ ব্যবস্থা শূদ্রাদিরও হয়, কেবল ব্রাহ্মণস্থলে শূদ্রপদ, দ্বাদশ কার্ষাপণ স্থলে ষট্ কার্ষাপণ লিখিবে। দানমন্ত্র ও দক্ষিণাবাক্য ব্যবস্থানুরূপ হইবে, অতি বালিকাদির (৩) কাহন দক্ষিণা (৩) কাহন উৎসর্গ।

অনেক গর্ব্ভিণী বহুক্ষীরা সুব্রতা গো হইলে উপরি উক্ত ব্রতের দ্বিগুণ ব্রত করিবে অর্থাৎ ব্রাহ্মণাদিরা (২৪) কাহন দক্ষিণা (২৪) কাহন উৎসর্গ, শূদ্রাদিরা (১২) কাহন দক্ষিণা (১২) কাহন উৎসর্গ, উভয়ধর্ম্মত্বে (৬) কাহন দান (৬) কাহন দক্ষিণা দিবে। ব্যবস্থাপত্র উক্তরূপ লিখিবে। পূর্ব্বে প্রমাণ উক্ত হইয়াছে।

গর্ব্ভিণ্যাদি গো সমূহের দাহাদি বধে যদি বিপ্রাদি বহুস্বামী হয়, তবে প্রত্যেকে এক এক পাদ প্রায়শ্চিত্ত অর্থাৎ (৬) কাহন দান (৬) কাহন দক্ষিণা, শূদ্রাদি স্থলে ইহার অর্দ্ধেক (৩) কাহন দান (৩) কাহন দক্ষিণা, ব্যবস্থাপত্র এইরূপ, কেবল ব্রাহ্মণস্থলে শূদ্রস্বামী, কার্ষাপণ স্থলে ন্যূনাতিরেক লিখিবে এইমাত্র।

অথ অস্থিভঙ্গাদিপ্রায়শ্চিত্তং।

শৃঙ্গভঙ্গ ও অস্থিভঙ্গ হইলে এবং লাঙ্গূল ও কর্ণোৎপাটন করিলে, ব্রাহ্মণাদি চারি বর্ণেই প্রাজাপত্য করিবে অর্থাৎ (৩) কাহন উৎসর্গ করিবে যথাশক্তি দক্ষিণা দিবে। অস্য প্রমাণং।

কর্ণলাঙ্গূলয়োশ্চেদমস্থিভঙ্গং বিধায় চ।
প্রাজাপত্যব্রতং কুর্য্যাশ্চত্বারো ব্রাহ্মণাদয় ইতি।

ব্যবস্থাপত্রং।

ব্রাহ্মণস্বামিকাদিগোরস্থ্যাদিভঙ্গজনিতপাপক্ষয়ায় ব্রতাদ্যশক্তৌ যৎকিঞ্চিদ্দক্ষিণকত্রিকার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

অপর, উৎসৃষ্ট বৃষ ও বৎসতরীর অপালনবধজনিত পাপের প্রায়শ্চিত্ত নাই, কেহ কেহ বলেন পূর্ব্বস্বামী প্রায়শ্চিত্তার্হ হয়। যদিও প্রায়শ্চিত্তার্হ না হউক তথাপি ব্যবস্থাপত্র লিখিতেছি, কোন দেশে ব্যবহার থাকিলে অবশ্যই ব্যবহার হইবে। অর্থাৎ ব্রাহ্মণস্বামিক অপালনবধে পূর্ব্বোক্ত (৬) কাহন দক্ষিণা (৬) কাহন উৎসর্গ, শূদ্রাদি স্থলে (৩) কাহন দান (৩) দক্ষিণা, তদ্ভিন্ন (১৷৹) কাহন

দান (১৷৷০) কাহন দক্ষিণা। কেহ কেহ চান্দ্রায়ণ করিতে কহেন, ব্যবস্থাপত্রাদি পূর্ব্ববৎ।

অথ গোরণ্ডমোচনপ্রায়শ্চিত্তং।

ব্রাহ্মণাদি যদি কেহ গোর অণ্ড মোচন করে বা করায়, তবে চান্দ্রায়ণ ব্রত করিবে তদভাবে (২২৷৷০) কাহন বরাটক উৎসর্গ করিবে। এবং অণ্ডকোষ মোচন করিতে যে আজ্ঞা দিয়া করাইবে, তাহাকে অর্দ্ধেক চান্দ্রায়ণ করিতে হইবে। ইহার প্রমাণ।

মুষ্কমোষকরো বিপ্রো ব্রতঞ্চান্দ্রায়ণঞ্চরেৎ।
প্রয়োজকস্তু কুর্ব্বীত ব্রতস্যার্দ্ধং বিশুদ্ধয়ে॥

ইতি গোভিলঃ।

ব্যবস্থাপত্রং।

ব্রাহ্মণাদিনা গোরণ্ডমোচনজনিতপাপক্ষয়ায় চান্দ্রায়ণব্রতাদ্যশক্তৌ দ্বাবিংশতি-কার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি।

অপর হল বা শকটে বৃষযুক্ত করিয়া যে স্বয়ং বাহন করে, তাহাকে প্রাজাপত্য-দ্বয় অর্থাৎ (৬) কাহন বরাটক উৎসর্গ করিতে হয়। যদি গাভীকে হল বা শকটে যোজন করিয়া আপনি বাহন করে, তবে ইহার দ্বিগুণ অর্থাৎ (১২) কাহন বরাটক উৎসর্গ করিবে। ইহার প্রমাণ)

হলৈর্বা শকটৈর্ব্বাপি বাহয়েৎ যো বৃষং স্বয়ং।
প্রাজাপত্যদ্বয়ং কুর্য্যাদ্দ্বিগুণং যোষিতাং গবাম্॥

ইতি গোভিলঃ।

এবং বৃষোৎসর্গে যে বৃষকে ত্যাগ করে কিম্বা উৎসৃষ্টা ধেনু বা বৎসতরী-ইত্যাদি হলে যুক্ত করিয়া বাহন করিবে, কি অন্য দ্বারা বাহন করাইলে চান্দ্রায়ণ-দ্বয় করিবে, অশক্ত (৪৫) কাহন বরাটক দান করিবে। প্রমাণং।

বৃষভন্তু সমুৎসৃষ্টং কপিলাম্বাপি কামতঃ।
যোজয়িত্বা হলে কুর্য্যাৎ ব্রতং চান্দ্রায়ণদ্বয়ং॥

ইতি গোভিলঃ।

মুষ্ক মোচনে যে দণ্ড, লিঙ্গ ছেদনে তাহার অধিক দণ্ড যাজ্ঞবল্ক্য কহিয়াছেন, অর্থাৎ লিঙ্গচ্ছেদ মৃত্যুসমান। ক্ষুদ্র পশুর অধম দণ্ড, মধ্যম পশুর মধ্যম দণ্ড, উত্তম

পশুর উত্তম দণ্ড, মহাপশুর (৬৭৷৷০) কাহন, মধ্যম পশুর ইহার অর্দ্ধেক, ক্ষুদ্র পশুর তদর্দ্ধ হয়। প্রমাণং।

লিঙ্গস্য ছেদনে মৃত্যৌ মধ্যমে মূল্যমেব চ।
মহাপশূনামেতেষু স্থানেষু দ্বিগুণো দমঃ॥

ইতি যাজ্ঞবল্ক্যঃ।

গোমাংসভক্ষকে গোবিক্রয়াদেঃ প্রায়শ্চিত্তং।

যদি গোমাংসভক্ষককে গো বিক্রয় অথবা তাহার নিকট গো দিয়া গো বদল লয়, তবে বিক্রয়কর্ত্তাকে চান্দ্রায়ণ করিতে হয়, সে যদি বধ করে তবে বিক্রেতাকে সাক্ষাৎবধজনিত প্রায়শ্চিত্ত করিতে হইবে। অস্য প্রমাণং।

বিক্রয়ৈর্গাং বিনিময়ৈর্দত্ত্বা গোমাংসখাদকে।
ব্রতং চান্দ্রায়ণং কুর্য্যাৎ বধে সাক্ষাদ্বধী ভবেৎ॥

ইতি যাজ্ঞবল্ক্যঃ।

ব্যবস্থাপত্রং।

যবনাদৌ গোবিনিময়বিক্রয়াদিমাত্রে চান্দ্রায়ণং কর্ত্তব্যং বধে তু বিক্রেতা যথোক্তসাক্ষাদ্গোবধপ্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

চান্দ্রায়ণের অশক্তিতে (২২৷৷০) কাহন বরাটক দান, যথোক্ত বধপ্রায়শ্চিত্তে (৫১) কাহন দান, আর (১৫) কাহন দক্ষিণা, শূদ্রাদির ইহার অর্দ্ধেক।

গোবধাপবাদপ্রায়শ্চিত্তং।

পূর্ব্বব্যাধিযুক্ত গোকে হল শকটাদি যোজনে এবং দণ্ডাঘাতাদি করণানন্তর যদি মূর্চ্ছিত হয়, পরে চৈতন্য পাইয়া পাঁচ কি সাত বা দশ পাদ গমন করে এবং গ্রাস গ্রহণ করে ও জলাদি পান করিয়া পরে মরে, তবে প্রায়শ্চিত্ত করিতে হইবে না। যে হেতু সে পূর্ব্বব্যাধিতেই বিনষ্ট হইয়াছে নিশ্চয় হইল। প্রমাণং।

ধূর্য্যেষু বহমানেষু দণ্ডেনাভিহতেষু চ।
কাষ্ঠেন লোষ্ট্রনা বাপি পাষাণেন তু তাড়িতঃ॥
মূর্চ্ছিতঃ পতিতশ্চৈব মৃতো বা সদ্য এব চ।
উত্থিতস্তু পদং গচ্ছেৎ পঞ্চ সপ্ত দশাপি বা॥

গ্রাসং বা যদি গৃহ্লাতি তোয়ং বা পিবতি স্বয়ং।
পূর্ব্বব্যাধিবিনষ্টানাং প্রায়শ্চিত্তং ন বিদ্যতে॥
ইতি পরাশরঃ।

ব্যবস্থাপত্রং।

দণ্ডাহতপূর্ব্বব্যাধিযুক্তগোমূর্চ্ছায়াং পতনানন্তরমুত্থায় পুরঃ পঞ্চসপ্তদশপদগমনানন্তরং গ্রাসগ্রহণতোয়পানাদিভিঃ পূর্ব্বব্যাধিবিনষ্টত্বনিশ্চয়াত্তন্মরণে পাতাকাভাব ইতি বিদাং মতং।

যদি পূর্ব্বে ব্যাধি না থাকে কেবল দণ্ডাঘাতাদিতে পতিত হইয়া পুনর্ব্বার উঠিয়া গ্রাসাদি গ্রহণ কি কিঞ্চিৎ গমনাদি করিয়া মরে, তথাপি পূর্ব্বোক্ত দণ্ডনিপাতন জন্য গোবধপ্রায়শ্চিত্ত করিতে হইবে, অর্থাৎ ব্রাহ্মণাদিরা (৩) কাহন দান যৎকিঞ্চিৎ দক্ষিণা, শূদ্রাদিরা (১॥০) কাহন দান, যৎকিঞ্চিৎ দক্ষিণা দিবে। জ্ঞানপূর্ব্বকে ব্রাহ্মণাদির (২২॥০) কাহন দান, শূদ্রাদির (১১।০) কাহন দান প্রায়শ্চিত্ত হয়।

ব্যবস্থাপত্রং।

যদি ব্যাধিরহিতঃ প্রহারজনিতব্যাধিনা গ্রাসাদীন্ গৃহীত্বাপি ম্রিয়তে তদা পূর্ব্বোক্তদণ্ডনিপাতনজন্যবধজনিতপাপক্ষয়ার্থং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

সম্বর্ত্ত বলেন, গোচিকিৎসার্থ যত্নপূর্ব্বক যন্ত্রণা জন্য, মৃতবৎস বহিষ্করণ জন্য, এবং উপকার মানসে প্রাণ রক্ষার্থ অগ্নিতাপ কিম্বা শিরাভেদাদি করিলে, যদি গোর মৃত্যু হয়, অথবা প্রাণরক্ষার্থ কি আহারাদি প্রদানে যদি গোর মৃত্যু হয়, তবে প্রায়শ্চিত্ত করিতে হইবে না। প্রমাণং।

যন্ত্রণে গোচিকিৎসার্থে মূঢ়গর্ত্তবিমোচনে।
যত্নে কৃতে বিপত্তিঃ স্যাৎ প্রায়শ্চিত্তং ন বিদ্যতে॥
দাহশ্ছেদঃ শিরাভেদঃ প্রযত্নৈরুপকুর্ব্বতাম্।
দ্বিজানাং গোহিতার্থং বা প্রায়শ্চিত্তং ন বিদ্যতে॥
ঔষধং স্নেহমাহারং দদ্যাদ্গোব্রাহ্মণেষু চ।
প্রাণিনাং প্রাণবৃত্ত্যর্থং প্রায়শ্চিত্তং ন বিদ্যতে॥
ইতি সম্বর্ত্তঃ।

ব্যবস্থাপত্রং।

ব্রাহ্মণাদেরৌষধং প্রাণরক্ষার্থমাহারং জলাদি চ দদতো গোমরণে প্রায়শ্চিত্তং নাস্তীতি বিদাং মতং।

প্রায়শ্চিত্তানন্তরং পাপনাশজ্ঞানং।

প্রায়শ্চিত্তানন্তরং গোভ্যো যবসং দদ্যাৎ।
যদি তু গাবস্তদ্দত্তৃণং ন গৃহ্লীয়ুস্তদা পুনস্তৎ-
প্রায়শ্চিত্তমনুতিষ্ঠেৎ।
স্বশিরসা যবসমাদায় গোভ্যো দদ্যাৎ।
যদি তাঃ প্রমোদিতা গৃহ্লীয়ুরথৈনং প্রবর্ত্তয়েয়ুরিতি॥
স্মার্ত্তধৃতং।

প্রায়শ্চিত্তানন্তর স্বমস্তকে ঘাস লইয়া গোকে প্রদান করিলে, যদি হর্ষপূর্ব্বক গ্রহণ করে তবে নিষ্পাপ জানা যায়, নতুবা পুনর্ব্বার প্রায়শ্চিত্ত করিবে এবং প্রায়শ্চিত্তানন্তর শুদ্ধ্যর্থ শ্রাদ্ধ করিবে। যথা প্রমাণং স্মার্ত্তধৃতং।

জাবালঃ। আরম্ভে সর্ব্বকৃচ্ছাণাং সমাপ্তৌ চ বিশেষতঃ।
আজ্যেনৈব হি শালাগ্নৌ জুহুয়াদ্ব্যাহৃতীঃ পৃথক্।
শ্রাদ্ধং কুর্য্যাদ্ব্রতস্যান্তে গোহিরণ্যাদিদক্ষিণমিতি॥

সমস্ত প্রায়শ্চিত্ত ব্রতের আরম্ভে এবং সমাপ্তিতে গার্হপত্য অগ্নিতে ঘৃতাহুতি দ্বারা পৃথক্ পৃথক্ ব্যাহৃতী হোম করিবে এবং ব্রতান্তে আত্মশুদ্ধির নিমিত্তে যথাবিহিত পার্ব্বণশ্রাদ্ধ করিয়া পুরোহিতকে গো হিরণ্যাদি দক্ষিণা দিবে, আর অন্যূন দশ জন ব্রাহ্মণকে ভোজন করাইবে।

ক্রিয়ন্তে শুদ্ধয়ে যত্তু ব্রাহ্মণানান্তু ভোজনং।
শুদ্ধ্যর্থমিতি তৎ প্রোক্তং বৈনতেয়মনীষিভিঃ॥

দেহাশুদ্ধি হইলে যদি গোহত্যা করে তথাপি প্রায়শ্চিত্ত করিবে, কিন্তু পণ্ডিতেরা যুক্তি করিয়া অশৌচানন্তর প্রায়শ্চিত্ত করিতে ব্যবস্থা দেন। ইহার প্রমাণ যুক্তিসিদ্ধ হয়।

ইতি গোপ্রায়শ্চিত্তং সমাপ্তং।

অথ গবেতরপশুপক্ষিবধে প্রায়শ্চিত্তং।

যদি অশ্ব হস্তী ছাগ মেষ গর্দ্দভাদিকে যজ্ঞাদি ভিন্ন নিষ্কারণে বধ করে, তবে বস্ত্র ও পঞ্চ নীল বৃষ এবং এক বৎসর বয়স্ক এক অনড্বাহ দান করিলে শুদ্ধি হইবে।

বাসো দদ্যাদ্ধয়ং হত্বা পঞ্চ নীলবৃষান্ গজম্।
অজং মেষমনড্বাহং খরং হত্বৈকহায়নং॥

অশ্বহত্যায় বস্ত্রদান, গজহত্যায় পঞ্চ নীল বৃষ দান, ছাগহত্যায় ও মেষ হত্যায় এবং গর্দ্দভ হত্যায় একবর্ষ বয়স্ক অনড্বাহ দান করিবে।

যথা প্রমাণং।

ব্যবস্থাপত্রং।

অশ্ববধে বাসোদানং হস্তিবধে পঞ্চনীলবৃষদানং অজমেষখরাণাং প্রত্যেকবধে তু একহায়নবৃষদানং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

অথ সাস্থিনঃ অস্থিহীনস্য চ জীবস্য বধে প্রায়শ্চিত্তং।

অস্থিমতাস্তু সত্বানাং সহস্রস্য প্রমাপণে।
পূর্ণে চানস্থানস্থাস্তু শূদ্রহত্যাব্রতঞ্চরেদিতি॥

স্মার্ত্তধৃতং।

অস্থিবান্ কৃকলাসাদি সহস্র বধ করিলে এবং পিপীলিকাদি বহনীয় শকটপ্রমাণ বধ করিলে এক শূদ্রহত্যা ব্রত করিবে অর্থাৎ শবশিরোধ্বজাদি ধারণপূর্ব্বক নবম মাসিক ব্রত করিবে, তদশক্তে এক শত গো দান, তদভাবে (১০০) কাহন বরাটক দান করিবে।

ব্যবস্থাপত্রং।

কৃকলাসাদীনাং সহস্রবধে পিপীলিকাদীনাং শকটবহনীয়রাশিবধে তৎপাপক্ষয়ায় শূদ্রহত্যাব্রতাদ্যশক্তৌ যৎকিঞ্চিদ্দক্ষিণক (১০০) মেকশতকার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

অস্থিমান্ অল্পপ্রাণ জীববধে কিঞ্চিৎ দান করিবে, নিরস্থিমান অল্পপ্রাণ জীববধে একবার প্রাণায়াম করিবে। অস্য প্রমাণং।

কিঞ্চিদেব তু বিপ্রায় দদ্যাদস্থিমতাং বধে।
অনস্থাঞ্চৈব হিংসায়াং প্রাণায়ামেন শুদ্ধ্যতি॥

ইতি স্মার্ত্তধৃতং।

ব্যবস্থাপত্রং।

অস্থিমদল্পপ্রাণিবধজনিতপাপক্ষয়ায় যৎকিঞ্চিদ্দানং কর্ত্তব্যমিতি অনস্থিমদল্পপ্রাণিবধে তু প্রাণায়ামং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

বৃক্ষচ্ছেদনপ্রায়শ্চিত্তং।

ফলদানাঞ্চ বৃক্ষাণাং ছেদনে জপ্যমৃক্‌শতং।
তৃণবল্লীলতানাঞ্চ পুষ্পিতানাঞ্চ বীরুধাম্॥ মনুঃ।
বৃক্ষলতাগুল্মচ্ছেদনে বৃদ্ধকৃচ্ছ্রং ফলবতাং প্রাজাপত্যং।
ইতি যমঃ।

মনুমতে অল্পফলবস্তু বৃক্ষ ও লতাদিচ্ছেদনে আপোহিষ্ঠাদি মন্ত্রের দশবার জপ ও যমের মতে।

সামান্য বৃক্ষলতাদি ছেদন করিলে, বৃদ্ধকৃচ্ছ্র অর্থাৎ যৎকিঞ্চিৎ দান করিবে, অতিশয় ফলবান্ বা ফলবতী বৃক্ষলতাদি ছেদনে প্রাজাপত্য করিবে, অর্থাৎ (৩) কাহন বরাটক দান করিবে।

ব্যবস্থাপত্রং।

বৃক্ষলতাদিচ্ছেদনে কৃচ্ছ্রং ফলবতাং ছেদনে প্রাজাপত্যমিতি বিদাং মতং।

অথ ক্ষত্রিয়াদিবধপ্রায়শ্চিত্তং।

যদি ব্রাহ্মণাদিবা জ্ঞানপূর্ব্বক বৃত্তস্থ ক্ষত্রিয়কে বধ করে, তবে অজ্ঞানকৃত ব্রহ্মহত্যার চতুর্থাংশ অর্থাৎ শবশিরোধ্বজাদি ধারণপূর্ব্বক ত্রৈবার্ষিক ব্রত করিবে, বৈশ্যবধে সার্দ্ধবার্ষিক, শূদ্রবধে নবমমাসিক ব্রত করিবে, অজ্ঞানকৃতবধে ব্রত করিবে কিন্তু শবশিরোধ্বজাদি ধারণ করিবে না, ব্রহ্মহত্যাব্রত পরে মহাপাতক প্রায়শ্চিত্তে উক্ত হইবে, ক্ষত্রিয়বধে তিন বৎসর জটাধারণ এবং শবকেশ ভূষণ করতঃ বল্কল পরিধানে তীর্থ পর্য্যটন করিবে। গ্রামে বাস করিবে না, বৃক্ষমূলনিকেতনে থাকিবে, অশক্ত হইলে এক বৃষ সহিত এক সহস্র গোদান, তাহার অভাবে (১০০৫) এক সহস্র পঞ্চ কাহন বরাটক দান করিবে, বৈশ্য ও শূদ্র বধে (১০০) কাহন দান দিবে। প্রমাণং।

তুরীয়ো ব্রহ্মহত্যায়াঃ ক্ষত্রিয়স্য বধে স্মৃতঃ।
বৈশ্যেঽষ্টমাংশো বৃত্তস্থে শূদ্রে জ্ঞেয়স্তু ষোড়শঃ॥

অকামতস্তু রাজন্যং বিনিপাত্য দ্বিজোত্তমঃ।
বৃষভৈকসহস্রা গা দদ্যাৎ শুদ্ধ্যর্থমাত্মনঃ॥
ত্র্যব্দঞ্চরেদ্বা নিয়তো জটিব্রহ্মহনো ব্রতং।
বসন্ দূরতরে গ্রামাদ্বৃক্ষমূলনিকেতনঃ॥
এতদেব চরেদব্দং প্রায়শ্চিত্তং দ্বিজোত্তমঃ।
প্রমাপ্য বৈশ্যং বৃত্তস্থং দদ্যাদ্বৈকশতং গবাং॥
এতদেব ব্রতং কৃচ্ছ্রং ষণ্মাষান্ শূদ্রহা চরেৎ।
বৃষভৈকাদশাবাপি দদ্যাদ্বিপ্রায় গাঃ সিতাঃ॥

ইতি স্মার্ত্তধৃতং।

ব্যবস্থাপত্রং।

কামতঃ বৃত্তস্থক্ষত্রিয়বধে শবশিরোধ্বজধারণাদিসর্ব্বাঙ্গোপেতত্বজটিত্ব গ্রামদূরনিবাসিত্ববৃক্ষমূলনিকেতনত্বত্রৈবার্ষিকব্রতং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

অকামতঃ ক্ষত্রিয়বধে শবশিরোধ্বজধারণাদিরহিতত্রৈবার্ষিকব্রতাদ্যশক্তৌ বৃষভৈকসহিতসহস্রগোদানানুকল্পতন্মূল্যং পঞ্চোত্তরসহস্রকার্ষাপণবরাটকদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

বৈশ্যশূদ্রয়োর্ব্বধে একশতকার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি।

উৎসর্গস্তথা দক্ষিণাবাক্যঞ্চ।

অদ্যেত্যাদি ক্ষত্রিয়বধজনিতপাপক্ষয়কামঃ ত্রৈবার্ষিকব্রতাদ্যশক্তৌ পঞ্চোত্তর-সহস্রকার্ষাপণবরাটকান্ গন্ধাদ্যর্চ্চিতান্ শ্রীবিষ্ণুর্দৈবতান্ ব্রাহ্মণেভ্যোঽহং সংপ্রদদে।

অদ্যেত্যাদি ক্ষত্রিয়বধজনিতপাপক্ষয়কামনয়া কৃতৈতৎপঞ্চোত্তরসহস্রকার্ষাপণ-বরাটকদানকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং যৎকিঞ্চিৎকাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুর্দৈবতং ব্রাহ্মণেভ্যোঽহং সংপ্রদদে।

বৈশ্য শূদ্রাদি বধে ব্যবস্থা, দান ও উৎসর্গ এই রূপ হইবে, কেবল ক্ষত্রিয় বধস্থলে বৈশ্য বা শূদ্রবধ উল্লেখ আর বরাটক সংখ্যার অন্তর হইবে। অধম বর্ণে উত্তমবর্ণকে বধ করিলে দ্বিগুণ প্রায়শ্চিত্ত করিবে। প্রমাণ পরে উক্ত হইবে।

অথ স্ত্রীবধপ্রায়শ্চিত্তং।

জ্ঞানকৃত ব্রাহ্মণীবধে ছয় বৎসর ব্রহ্মহত্যার তুল্য প্রায়শ্চিত্ত করিতে হইবে,

অশক্ত হইলে (৯০) ধেনুদান, তদভাবে (২৭০) কাহন বরাটক দান করিবে। ক্ষত্রিয়া বধে তিন বৎসর ব্রত, তাহাতে অশক্ত হইলে (৪৫) ধেনুদান, তদভাবে (১৩৫) কাহন বরাটক দান। বৈশ্যা ও শূদ্রস্ত্রী বধে এক বার্ষিক ব্রত, তাহাতে অশক্ত হইলে (১৫) ধেনুদান, তদভাবে (৪৫) কাহন বরাটক দান করিবে। প্রমাণং।

ষড়্বর্ষাণি রাজন্যে ত্রীণি বৈশ্যে একং শূদ্রে।
ক্ষত্রিয়বৎ ব্রাহ্মণীষু বৈশ্যবৎ ক্ষত্রিয়াসু শূদ্রবদিতরাসু ॥

ইতি স্মার্ত্তধৃতং।

এবং উত্তমবর্ণা স্ত্রী আদিকে অধম বর্ণে বধ করিলে দ্বিগুণ প্রায়শ্চিত্ত, সর্ব্বত্রেই বাল বৃদ্ধ স্ত্রী রোগীর অর্দ্ধেক, একে উভয়ত্ব পাদ। প্রমাণং।

অধমানান্তু বর্ণানামুৎকৃষ্টহননে তু হ।
দোষা বহুতরা জ্ঞেয়াঃ ক্ষত্রাদীনাং ন সংশয়ঃ ॥

ইতি স্মার্ত্তধৃতং।

ব্যবস্থাপত্র লিখন এবং দক্ষিণা ও দানবাক্যও পূর্ব্ববৎ।

অথ ব্যভিচাররতাস্ত্রীবধপ্রায়শ্চিত্তং।

প্রমাণং। অপহৃষ্টাং স্ত্রিয়ং হত্বা শূদ্রহত্যাব্রতং চরেৎ।

ব্যভিচারিণী স্ত্রী বধে শূদ্রহত্যাপাপে যে প্রায়শ্চিত্ত, সেই প্রায়শ্চিত্ত করিবে, অর্থাৎ (১০০) কাহন বরাটক দান করিবে। ব্যভিচারিণী ব্রাহ্মণী বধে ছয় মাস শূদ্রহত্যাব্রত, ক্ষত্রিয়া বধে (৪) চারি মাস (১৫) দিন। বৈশ্যা বধে (৩) মাস। শূদ্রা বধে (১।০) মাস। কিন্তু জ্ঞানপূর্ব্বক বধে এক বৎসর ব্রত করিবে। ব্যবস্থালিখন, দান ও দক্ষিণাবাক্য পূর্ব্ববৎ।

পুনঃ পুনঃ অধমবর্ণরতায়াঃ ব্যভিচারিণ্যাঃ বধে প্রায়শ্চিত্তং।

পুনঃ পুনঃ ব্যভিচারদোষে যুক্তা এবং অধমবর্ণে উপগতা স্ত্রীর বধে গুরুতর প্রায়শ্চিত্ত নহে। ব্রাহ্মণী বধে চর্ম্মনির্ম্মিত জীনদান, ক্ষত্রিয়া বধে ধনুদান, বৈশ্যা বধে ছাগদান, শূদ্রা বধে মেষদান করিবে। জ্ঞানকৃতবধে দ্বিগুণ, তদভাবে যৎকিঞ্চিৎ মূল্য দিবে। প্রমাণং।

জীনকার্ম্মুকবস্তাবীন্ পৃথক্ দদ্যাৎ বিশুদ্ধয়ে।
চতুর্ণামপি বর্ণানাং নারীং হত্বানবস্থিতাং ॥ইতি স্মার্ত্তধৃতং।

ব্যবস্থাপত্রং।

ভূয়োভূয়ঃ ব্যভিচাররতায়া অধমবর্ণব্যভিচাররতায়াশ্চ ব্রাহ্মণ্যা বধে চর্ম্ম-নির্ম্মিতজীনদানং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

এইরূপ ব্যভিচারিণী ক্ষত্রিয়াদি বধে ধনুপ্রভৃতি দানের ব্যবস্থাপত্র লিখিবে।

অথ গর্ব্ভবধপ্রায়শ্চিত্তং।

অবিজ্ঞাত গর্ভবধে নরহত্যার প্রায়শ্চিত্ত। জ্ঞানকৃত গর্ভবধে ব্রহ্মহত্যার যে প্রায়শ্চিত্ত তাহাই করিবে, অর্থাৎ (১০০) কাহন বরাটক দিতে হয়।

ব্রাহ্মণং হন্তা ভ্রূণহা ভবতি।
অবিজ্ঞাতঞ্চ গর্ব্ভং অবিজ্ঞাতা হি গর্ব্ভং পুংমাংসো ভবন্তি।
তস্মাৎ পুংস্কৃত্যং জুহতীতি। ইতি স্মার্ত্তধৃতং।

অথ চাণ্ডালাদীনাং অন্নভক্ষণপ্রায়শ্চিত্তং।

যে ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক অন্ত্যাবশায়িদিগেব অর্থাৎ চাণ্ডালাদির অন্ন ভোজন করে, সে ব্যক্তিকে চান্দ্রায়ণ ব্রত করিতে হয়, অনিচ্ছাপূর্ব্বক আহারে তপ্তকৃচ্ছ্র ব্রত করিলে পবিত্র হয়। চান্দ্রায়ণ ব্রতের অশক্তিতে সার্দ্ধসপ্ত ধেনুমূল্য (২২৷৷০) কাহন, তপ্তকৃচ্ছ্র ব্রতাশক্তে পাদোনধেনুচতুষ্টয় মূল্য (১১৷০) কাহন বরাটক দান করিবে। অত্র প্রমাণং।

অন্ত্যাবশায়িনামন্নমশ্নীয়াদ্যস্তু কামতঃ।
স তু চান্দ্রায়ণং কুর্য্যাৎ তপ্তকৃচ্ছ্রমথাপি বা॥

ইতি অঙ্গিরাঃ।

অন্ত্যাবশায়িণমাহ।
চাণ্ডালঃ শ্বপচঃ ক্ষত্তা সূতবৈদেহিকস্তথা।
মাগধায়োগবৌ চৈব সপ্তৈতেঽন্ত্যাবশায়িনঃ॥

ব্যবস্থাপত্রং।

সকৃৎজ্ঞানকৃতচাণ্ডালাদীনাং ক্ষত্তাসূতবৈদেহিকমাগধায়োগবানামন্ত্যজজাতীনামন্নভক্ষণনিমিত্তপাপক্ষয়ায় চান্দ্রায়ণব্রতাশক্তৌ সার্দ্ধসপ্ত[illegible]ংশতি-কার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

অজ্ঞানকৃত ভোজনে ইহার অর্দ্ধেক, ব্যবস্থাপত্রও এইরূপ।

অদ্যেত্যাদি অন্ত্যাবশায়িনামন্নগ্রহণনিমিত্তপাপক্ষয়কামশ্চান্দ্রায়ণব্রতাদ্যশক্তৌ সার্দ্ধদ্বাবিংশতিকার্ষাপণবরাটকান্ গন্ধাদ্যর্চ্চিতান্ শ্রীবিষ্ণুর্দ্দৈবতান্ ব্রাহ্মণেভ্যোঽহং সংপ্রদদে। ইতি দানমন্ত্রঃ।

অদ্যেত্যাদি পাপক্ষয়কামনয়া কৃতৈতদ্দ্বাবিংশতিকার্ষাপণবরাটকদানকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং যৎকিঞ্চিৎ কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুর্দ্দৈবতং ব্রাহ্মণেভ্যোঽহং সংপ্রদদে।

যদি বলপূর্ব্বক চাণ্ডালাদির আমান্ন গ্রহণ করে, তবে ত্রিরাত্রোপবাস করিবে। সিদ্ধান্ন গ্রহণে পরাকব্রত, তদশক্তে পঞ্চধেনুমূল্য (১৫) কাহন বরাটক দান করিতে হইবে। প্রমাণং।

চাণ্ডালানামন্নং ভুক্ত্বা ত্রিরাত্রমুপবসেৎ।
সিদ্ধং ভুক্ত্বা পরাক ইতি ॥

ব্যবস্থাপত্রং।

ব্যবস্থাপত্রাদি পূর্ব্ববৎ, দক্ষিণা ও দানবাক্যও পূর্ব্ববৎ হইবে।

শূদ্র চিকিৎসক ক্রূর স্ত্রীজীবী মৃগজীবী চণ্ডাল ভূমিপাল অজজীবী কুক্কুরজীবী শৌণ্ডিক প্রভৃতির সূতিকান্ন ভক্ষণ করিলে মাসব্রত করিবে, অশক্ত হইলে পূর্ব্বোক্ত রীতিমত চাণ্ডালাদির অন্নভোজন নিমিত্ত যে প্রায়শ্চিত্ত তাহাই করিবে। প্রমাণং।

শূদ্রান্নং ব্রাহ্মণো ভুক্ত্বা তথা রঙ্গাবতারিণঃ।
চিকিৎসকস্য ক্রূরস্য তথা স্ত্রীমৃগজীবিনঃ ॥
চাণ্ডালান্নং ভূমিপান্নমজজীবিশ্বজীবিনাং।
শৌণ্ডিকান্নং সূতিকান্নং ভুক্ত্বা মাসং ব্রতঞ্চরেদিতি শঙ্খঃ।

অমেধ্য পতিত চাণ্ডাল পুক্কশ রজস্বলা গলিতকুষ্ঠী কুনখী কুক্কুরস্পৃষ্টান্ন অজ্ঞানে ভোজন করিলে প্রাজাপত্য অর্থাৎ (৩) কাহন। জ্ঞানে (৬) কাহন বরাটক দান করিবে।

ব্যবস্থাপত্রং।

অমেধ্যপতিতচাণ্ডালপুক্কশরজস্বলাগলিতকুষ্ঠীকুনখীকুক্কুরাদীনাং স্পৃষ্টান্নং ভুক্ত্বা কৃচ্ছ্রমাচরেদিতি।

দান, দক্ষিণাবাক্য এবং ব্যবস্থাপত্রও পূর্ব্ববৎ। এবং চাণ্ডালাদির স্পৃষ্ট জল-

পান করিলে কৃচ্ছ্রসান্তপন ব্রত করিবে, অশক্তে গোমূল্য (১) কাহন বরাটক দান করিবে। জ্ঞানপূর্ব্বক পানে দ্বিগুণ। প্রমাণং।

যস্তু চাণ্ডালসংস্পৃষ্টং পিবেত্তোয়মকামতঃ।
স তু সান্তপনং কৃচ্ছ্রং চরেৎ শুদ্ধ্যর্থমাত্মন ইতি॥

ক্ষত্রিয় বৈশ্য শূদ্রাদিরা ক্রমে পাদ পাদ হীন করিয়া প্রায়শ্চিত্ত করিবে, স্ত্রী বাল বৃদ্ধ রোগীর অর্দ্ধেক, একে উভয়ত্ব ঘটিলে পাদমাত্র প্রায়শ্চিত্ত হয়। অজ্ঞানে অন্ত্যজের সহিত অন্ত্যজের গৃহে বাস করিয়া, যদি পশ্চাৎ জানে, তবে ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যেরা চান্দ্রায়ণ করিবে, অশক্তে (২২৷৷০) কাহন বরাটক দান, জ্ঞানপূর্ব্বক বাসে পরাকব্রত অর্থাৎ (১৫) কাহন বরাটক দান করিবে, শূদ্রাদিরা প্রাজাপত্য ব্রতানুকল্প (৩) দান করিবে, এই সকল ব্যক্তির সংসর্গেও (৩) কাহন দান করিতে হয়, এবং সংসর্গীর সহিত সংসর্গ করিলে কৃচ্ছ্রার্দ্ধ (১৷৷০) কাহন বরাটক উৎসর্গ, ইহার সহিত সংসর্গে তদর্দ্ধ (৸০) পণ দান, তৎসংসর্গে প্রায়শ্চিত্ত নাই অর্থাৎ দোষস্পর্শ হয় না। প্রমাণং।

অন্ত্যজাতিরবিজ্ঞাতো নিবসেৎ তস্য বেশ্মনি।
স বৈ জ্ঞাত্বা তু কালেন কুর্য্যাত্তত্র বিশোধনং॥
চান্দ্রায়ণং পরাকঞ্চ দ্বিজাতীনাং বিশোধনং।
প্রাজাপত্যস্তু শূদ্রাণাং তথা সংসর্গদূষণে॥
যৈস্তত্র ভুক্তং পক্কান্নং কৃচ্ছ্রং তেষাং বিনির্দ্দিশেৎ॥
তেষামপি চ যৈর্ভুক্তং অর্দ্ধং তেষাং বিধীয়তে।
তেষামপি চ যৈর্ভুক্তং কৃচ্ছ্রপাদো বিধীয়তে॥

ব্যবস্থাপত্রং।

অবিজ্ঞাতচাণ্ডালাদিসহিতৈকবেশ্মস্থসকরীকরণরূপমূলপাপকর্ত্রা দ্বিজাতিনা যথাক্রমেণ চান্দ্রায়ণব্রতাশক্তৌ দ্বাবিংশতিকার্ষাপণং অজ্ঞানতঃ পরাকব্রতাশক্তৌ পঞ্চদশকার্ষাপণবরাটকদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

দানবাক্য দক্ষিণাবাক্যও এই ব্যবস্থানুরূপ হয়।

অথ চাণ্ডালাদীনাং উচ্ছিষ্টভোজনপ্রায়শ্চিত্তং।

ব্রাহ্মণাদিরা চাণ্ডালাদির উচ্ছিষ্ট যদি ভোজন করে, তবে পরাকব্রত করিবে অর্থাৎ (১৫) কাহন বরাটক উৎসর্গ করিবে, শূদ্রাদিরা প্রাজাপত্য করিবে, অর্থাৎ

(৩) কাহন বরাটক দান দিবে। যদি ভোজনমাত্র বহুবরও করে, তথাপি পরাকাদি করিবে। প্রমাণং।

চাণ্ডালপতিতাদীনামুচ্ছিষ্টান্নস্য ভক্ষণে।
দ্বিজঃ শুদ্ধেৎ পরাকেণ শূদ্রঃ কৃচ্ছ্রেণ শুদ্ধ্যতি॥

ইতি অঙ্গিরাঃ।

ব্যবস্থাপত্র পূর্ব্ববৎ কেবল উচ্ছিষ্টান্নভক্ষণজনিতপাপক্ষয়ায় পরাকব্রতাদ্যশক্তৌ, এইমাত্র বিশেষ করিতে হইবে, দান দক্ষিণাবাক্যও ঐ রূপ।

অথ চাণ্ডালাদিস্ত্রীগমনপ্রায়শ্চিত্তং।

চাণ্ডালীপ্রভৃতি অন্ত্যজ স্ত্রীগমনে এবং চাণ্ডালাদির দান গ্রহণ করিলে, কি তাহাদিগের বাটীতে ভোজন করিলে, অজ্ঞানে পতিত, জ্ঞানে সমত্ব হয় অর্থাৎ তজ্জাতিত্ব প্রাপ্ত হয়। প্রমাণং।

চাণ্ডালান্ত্যস্ত্রিয়ো গত্বা ভুক্ত্বা চ প্রতিগৃহ্য চ।
পতত্যজ্ঞানতো বিপ্রঃ জ্ঞানাৎ সাম্যন্তু গচ্ছতি॥

ইতি মনুঃ।

যদি অজ্ঞানে পতিত হয় বলিয়াছেন, কিন্তু পণ্ডিতেরা যুক্তি করিয়া এই ব্যবস্থা স্থির করিয়াছেন, যে ৪৮ বার চণ্ডালগৃহে ভোজন ও দানগ্রহণ করিলে প্রায়শ্চিত্তে শুদ্ধি হইতে পারে, পরে এককালেই পতিত হয়, কিন্তু জ্ঞানপূর্ব্বক করিলে একবারেই সমত্ব হয়। অজ্ঞানপূর্ব্বক তাহাদের স্ত্রীগমনে একবারে পতিত, কিন্তু প্রায়শ্চিত্তে শুদ্ধি হয়, দ্বিতীয়বারে পতিত, জ্ঞানপূর্ব্বক একবারেই তজ্জাতিত্ব প্রাপ্তি হয়। পতিত প্রায়শ্চিত্তে পবিত্র হয়, অর্থাৎ ব্রহ্মহত্যা পাপের চতুর্থাংশ ব্রত করিবে অথবা ছয় বৎসর কৃচ্ছ্রচারী হইবে। অসামর্থ্যে (৫৪০) কাহন বরাটক দান করিবে।

ব্যবস্থাপত্রং।

চণ্ডালাদীনামন্নস্যাজ্ঞানতোঽষ্টচত্বারিংশদ্বারভক্ষণজনিতপাপক্ষয়ার্থং প্রতিগ্রহণজনিতপাপক্ষয়ার্থব্রতার্থদ্যশক্তৌ ব্রাহ্মণাদিনা চত্বারিংশদধিকপঞ্চশতকার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি। এবং সকৃজ্জ্ঞানতঃ তেষাং স্ত্রীগমনজনিতপাপক্ষয়ায় প্রায়শ্চিত্তমেতৎ কর্ত্তব্যমিতি বিদাং মতং।

এবং পতিত ব্যক্তির স্ত্রীগমনে এবং পতিতা স্ত্রীগমনেও এই প্রায়শ্চিত্ত।

প্রমাণং। ব্রতং যথোদিতং পুংসাং পতিতস্ত্রীনিষেবণাৎ।
তচ্চাপি কারয়েন্মূঢ়াং পতিত সেবনাৎ স্ত্রিয়ং॥
ইতি অঙ্গিরাঃ।
হীনবর্ণোপভুক্তা স্ত্রী ত্যাজ্যা বধ্যাপি বা ভবেদিতি।
ইতি অঙ্গিরাঃ।

হীন বর্ণের সহিত যে স্ত্রী ব্যভিচারিণী হয়, তাহার বান্ধবেরা সেই স্ত্রীকে ত্যাগ করিবে, তাহাতেও যদি চিত্ত শান্ত না হয়, তবে বধ করিবে, সে বধে পাতক নাই।

অন্যজাতিস্ত্রীগমন প্রায়শ্চিত্ত।

নটীং শৈলুষিকীঞ্চৈব রজকীং বেণুজীবিনীং।
গত্বা চান্দ্রায়ণং কুর্য্যাৎ তথা চর্ম্মোপজীবিনীং।
কামতস্তু যদা গচ্ছেৎ চরেৎ চান্দ্রায়ণদ্বয়ং॥
ইতি স্মার্ত্তধৃত বচনং।

কামত ইহাদিগকে গমন করিলে চান্দ্রায়ণ করিবে।

পুরুষান্তরব্যভিচারিণীসবর্ণাপরস্ত্রীগমনপ্রায়শ্চিত্তং।

ব্রাহ্মণে অপর ব্রাহ্মণস্ত্রী, ক্ষত্রিয় অপর ক্ষত্রিয়স্ত্রী, বৈশ্য অপর বৈশ্যস্ত্রী, শূদ্র অপর শূদ্রস্ত্রী গমন করিলে, শূদ্রস্ত্রীবধের দ্বিগুণ ব্রত করিবে, তাহাতে অশক্ত হইলে (৩০) ধেনুদান করিবে, তদভাবে (৯০) কাহন বরাটক দান করিবে।

ব্যবস্থাপত্রং।

পুরুষান্তরব্যভিচারিণীসবর্ণাপরস্ত্রীগমনজনিতপাপক্ষয়ায় ব্রতাদ্যশক্তৌ ত্রিংশদ্ধেনুদানানুকল্পনবতিকার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

ম্লেচ্ছ কি যবন কি চণ্ডালাদির উচ্ছিষ্টমার্জ্জন ও ভক্ষণ এবং গর্দ্দভ উষ্ট্র বিড়াল বিট্ বরাহাদির মাংস ভোজন অথবা ম্লেচ্ছাদির স্ত্রীসঙ্গ কি মোহত হইয়া তাহার অন্নাদি ভোজন কিম্বা তাহার সহিত একমাস কুৎসিত কর্ম্ম করে, তবে অনগ্নিক ব্রাহ্মণ প্রাজাপত্য করিবে, সাগ্নিক হইলে চান্দ্রায়ণ করিবে, অনগ্নিক ব্রাহ্মণ যদি সম্বৎসর ম্লেচ্ছাদির দাস্য করে, তবে চান্দ্রায়ণব্রত করিবে। ক্ষত্রিয় বৈশ্যেরা পরাকব্রত করিবে। শূদ্রেরা একমাস দাস্য করিলে প্রাজাপত্যের পাদ করিবে, সম্বৎসর করিলে প্রাজাপত্য করিবে, সম্বৎসরের পর চারি বৎসর পর্য্যন্ত দাস্য করিলে

ব্রাহ্মণে চারি চান্দ্রায়ণ, ক্ষত্রিয় বৈশ্যাদির চারি পরাক, শূদ্রাদিরা চারি প্রাজাপত্য ব্রত করিবে। চারি বৎসরের পরে পতিত হইবে, পতিত হইলে মরণান্ত ব্যতীত অন্য প্রায়শ্চিত্ত নাই। বিশেষতঃ এ সকল পাপের প্রায়শ্চিত্তার্থ সাক্ষাৎ ব্রতের অনুষ্ঠান করিতে হইবে, অনুকল্পাদি নাই। প্রমাণং।

দাসীকৃতো বলবান ম্লেচ্ছৈশ্চাণ্ডালাদ্যৈশ্চ দস্যুভিঃ।
অশুভং কারিতং কর্ম্ম গবাদেঃ প্রাণহিংসনং॥
উচ্ছিষ্টমার্জ্জনঞ্চৈব তথা তস্যৈব ভক্ষণং।
খরোষ্ট্রবিড়্বরাহাণামামিষঞ্চৈব ভক্ষণং॥
তৎস্ত্রীণাঞ্চ তথা সঙ্গং তাভিশ্চ সহ ভোজনং।
মাসি মাত্রে দ্বিজাতৌ চ প্রাজাপত্যং বিশোধনং॥
চান্দ্রায়ণং পরাকম্বা চরেৎ সম্বৎসরোষিতঃ।
সম্বৎসরোষিতঃ শূদ্রো মাসার্দ্ধং যাবকং পিবেৎ॥
মাসং বিপ্রোষিতঃ শূদ্রঃ কৃচ্ছ্রপাদেন শুদ্ধ্যতি।
বিপ্রোষিতো বিশেষেণ বিপ্রকর্ষেণ উষিতঃ॥
ঊর্দ্ধং সম্বৎসরাৎ কল্প্যং প্রায়শ্চিত্তং দ্বিজোত্তমৈঃ।
সম্বৎসরৈশ্চতুর্ভিশ্চ তদ্ভাবং সোঽধিগচ্ছতি।
হ্রাসো ন বিদ্যতে তস্য প্রায়শ্চিত্তং দুরাত্মনঃ॥

ইতি দেবলঃ।

ব্যবস্থাপত্রং।

অনগ্নিনা ব্রাহ্মণেন ম্লেচ্ছাদীনাং সম্বৎসরৈকদাসকর্ম্মকরণে চান্দ্রায়ণং ক্ষত্রিয়বৈশ্যাভ্যাং পরাকং শূদ্রেণ প্রাজাপত্যব্রতং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

এই অনুসারে সর্ব্বত্র প্রায়শ্চিত্তের ব্যবস্থা দিবে। নট শৈলুষিক রজক ডোম চর্ম্মকার বরুড় কৈবর্ত্ত মেদ ভিল্ল ইহাদিগের স্ত্রীতে জ্ঞানপূর্ব্বক গমন করিলে চান্দ্রায়ণদ্বয় করিবে। অজ্ঞানে এক চান্দ্রায়ণ করিবে, ইহাদিগের বাটীতে ভোজন ও প্রতিগ্রহ করিলে অজ্ঞানে পতিত, জ্ঞানে তজ্জাতিত্ব হয়। বিবেচনা করিলে প্রায়শ্চিত্তই নাই, তবে যুক্তি করিয়া পণ্ডিতেরা ইহাদিগের স্ত্রীগমনাদিতে অজ্ঞানে নবতিবারে পতিতপ্রায়শ্চিত্ত, জ্ঞানে চতুর্ব্বিংশতি বারেও পতিতপ্রায়-

শ্চিত্ত করিবে, পরে পতিত হয়, তাহার মরণান্ত প্রায়শ্চিত্ত, ব্যবস্থা পূর্ব্বে উক্ত হইয়াছে।

নটীং শৈলুষিকীং চৈব রজকীং বেণুজীবিনীং।
গত্বা চান্দ্রায়ণং কুর্য্যাৎ তথা চর্ম্মোপজীবিনীং॥
কামতস্তু যদা গচ্ছেৎ চরেচ্চান্দ্রায়ণদ্বয়ং।
রজকশ্চর্ম্মকারশ্চ নটো বরুড় এব চ॥
কৈবর্ত্তো মেদভিল্লাশ্চ সপ্তেতে অন্ত্যজাঃ স্মৃতাঃ।
এতেষান্তু স্ত্রিয়ো গত্বা ভুক্ত্বা চ প্রতিগৃহ্য চ॥
পতত্যজ্ঞানতো বিপ্রো জ্ঞানাৎ সাম্যন্তু গচ্ছতি।
ইতি স্মার্ত্তধৃতং।

এই সকল কর্ম্মে পূর্ব্বোক্ত চাণ্ডালাদির স্ত্রীগমন ও প্রতিগ্রহ ও তদন্নগ্রহণ নিমিত্ত প্রায়শ্চিত্তের ব্যবস্থা লেখা গিয়াছে।

অথ অভক্ষ্যভক্ষণ প্রায়শ্চিত্তং।

অনিচ্ছাপূর্ব্বক গোমাংসভক্ষণ একবার করিলে প্রাজাপত্যব্রত, তদশক্তে (৩) কাহন বরাটক দান করিবে। ইচ্ছাপূর্ব্বক ভক্ষণে দ্বিগুণ প্রায়শ্চিত্ত, দ্বিতীয় বারে প্রায়শ্চিত্তের আজ্ঞা নাই। প্রমাণং।

গোমাংসভক্ষণে প্রাজাপত্যং চরেদিতি। সমস্ত।

ব্যবস্থাপত্রং।

সকৃদজ্ঞানতো গোমাংসভক্ষণজনিতপাপক্ষয়ায় ব্রতাদ্যশক্তৌ ত্রিকার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

অজ্ঞানপূর্ব্বক চিরতরকাল গোমাংস ভক্ষণ করিয়া পশ্চাৎ শুদ্ধি ইচ্ছা করিলে সম্বৎসরব্রত করিবে, অতি কষ্টপ্রযুক্ত অশক্ত হইলে (৪৫) কাহন বরাটক উৎসর্গ করিবে।

গবাশ্ব এবং হস্তী উষ্ট্র পঞ্চনখ গ্রাম্যকুক্কুটাদির মাংস ভোজন করিলেও সম্বৎসর ব্রত করিবে, তদশক্তে (৪৫) কাহন করাটক উৎসর্গ করিবে।

প্রমাণং। গামশ্বং কুঞ্জরোষ্ট্রৌ চ সর্ব্বং পঞ্চনখং তথা।
ক্রব্যাদং কুক্কুটং গ্রাম্যং কুর্য্যাৎ সংবৎসরব্রতমিতি। শঙ্খঃ॥

ব্যবস্থাপত্রং।

চিরন্তরকালং ব্যাপ্য গবাশ্বকুঞ্জরাদের্মাংসভক্ষণে সম্বৎসরব্রতাদ্যশক্তৌ পঞ্চচত্বারিংশৎকার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

অমেধ্য অপেয় অভক্ষ্য রেত মূত্র বিষ্ঠাদি জ্ঞানপূর্ব্বক ভক্ষণ করিলে চান্দ্রায়ণব্রত, তদশক্তে (২২৷৷০) কাহন বরাটক উৎসর্গ, অজ্ঞানে তদর্দ্ধ প্রায়শ্চিত্ত করিবে। প্রমাণং।

অমেধ্যানামপেয়ানামভক্ষ্যাণাঞ্চ ভক্ষণে।
রেতোমূত্রপুরীষাণাং শুদ্ধ্যৈ চান্দ্রায়ণং চরেৎ॥

ইতি স্মার্ত্তধৃতং।

উপরি উক্ত অমেধ্য গো বরাহাদির মাংসভোজনে পাপক্ষয়ার্থ প্রায়শ্চিত্ত করিয়া পরে উপনয়নাদি সংস্কার পুনর্ব্বার করিবে, যদি সংস্কার না করে, তবে পুনঃ চান্দ্রায়ণ করিবে। প্রমাণং।

বিড়্বরাহগ্রাম্যকুক্কুটনরগোমাংসভক্ষণে চ।
সর্ব্বেষ্বেব দ্বিজাতীনাং পুনঃ সংস্কারং কুর্য্যাৎ॥

ইতি স্মার্ত্তধৃতং।

ব্যবস্থাপত্রং।

সংস্কারাশক্তৌ চান্দ্রায়ণং কুর্য্যাৎ তদশক্তৌ দ্বাবিংশতিকার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

প্রায়শ্চিত্তাত্মক উপনয়নাদিতে অনধ্যায় কালাশুদ্ধি মলমাসাদির বিচার নাই। যথা প্রমাণং।

নৈমিত্তিকানি কাম্যানি নিপতন্তি যথা যথা।
তথা তথৈব কার্য্যাণি ন কালস্তু বিধীয়তে॥

ইতি স্মার্ত্তধৃতং।

অম্বুবাচী দিনে স্বপাক পরপাকের বিশেষ নাই, অন্নভোজন করিলে চাণ্ডালাদির অন্ন ভোজনের যে প্রায়শ্চিত্ত সেই প্রায়শ্চিত্ত করিবে। বিশেষতঃ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, বিধবা, ব্রহ্মচারীর পক্ষে অম্বুবাচীতে অন্ন ভোজন অত্যন্ত নিষিদ্ধ, এবং অধ্যয়ন ভূমিখনন বীজবপনাদি করিবে না, করিলে মাতৃগামী হয়।

যতী চ ব্রহ্মচারী চ বিধবা চ দ্বিজস্তথা।
অম্বুবাচীদিনে চৈব পাকং কৃত্বা ন ভক্ষয়েৎ॥
স্বপাকং পরপাকম্বা চাণ্ডালান্নং সমং স্মৃতং॥

ইতি স্মার্ত্তধৃতং।

যদি অম্বুবাচী দিনে কৃষকেরা ক্ষেত্রে বীজবপনাদি করে, তবে সেই শস্য চাণ্ডালান্ন সদৃশ হয়, ব্রাহ্মণাদির ফলযোগী হয় না। যথা, (যদি বপতি কৃষাণঃ ক্ষেত্রমাসাদ্য বীজং ন ভবতি ফলযোগঃ শস্যচাণ্ডালপাকঃ।) ইত্যাদি প্রমাণে নিষেধ প্রাপ্ত হওয়া যায়।

পূর্ব্বোক্ত অমেধ্য রেতঃ মূত্র বিষ্ঠাদি ভোজন নিষেধ, যদি ঊনৈকাদশ বৎসরের ব্রাহ্মণ বালকও হয়, তথাপি প্রাজাপত্য করিবে অর্থাৎ (৩) কাহন বরাটক উৎসর্গ করিবে।

উচ্ছিষ্টমুখেন চাণ্ডালাদিস্পর্শনপ্রায়শ্চিত্তং।

ভোজনানন্তর আচমনের পূর্ব্বে যদি শ্বশূকর চাণ্ডালাদি অন্ত্যজ জাতিকে একবার স্পর্শ করে, তবে সহস্রবার গায়ত্রীজপ এবং ত্রিরাত্রোপবাস ও পঞ্চপ্রাশনে পবিত্র হয়। প্রস্রাবকালে স্পর্শ করিলে এক রাত্র উপবাস, পুরীষোৎসর্গকালে স্পর্শ করিলে দিনদ্বয়োপবাস, মৈথুনকালে স্পর্শ করিলে দিনত্রয়োপবাস, জলপানকালে স্পর্শ করিলে চারি দিন উপবাস করিবে। কুক্কুর শূকর রজস্বলা স্ত্রীকে সর্ব্বদা স্পর্শ করিলে সান্তপন কৃচ্ছ্রব্রত করিবে, অশক্তে ধেনুদ্বয় দান, তদভাবে (৬) কাহন বরাটক উৎসর্গ করিবে। উচ্ছিষ্ট মুখে শূদ্র যদি ব্রাহ্মণকে স্পর্শ করে, তবে ব্রাহ্মণ এক রাত্র উপবাস করিবে। ব্রাহ্মণে ব্রাহ্মণকে উচ্ছিষ্ট মুখে স্পর্শ করিলে উভয়েই স্নান করিবে। অনুচ্ছিষ্টমুখ শূদ্র, উচ্ছিষ্ট মুখ ব্রাহ্মণকে স্পর্শ করিলে ব্রাহ্মণ নক্তব্রত করিবে। প্রমাণং।

ভুক্তোচ্ছিষ্টস্ত্বনাচান্তশ্চাণ্ডালৈঃ শ্বপচেন বা।
প্রমাদস্পর্শনং গচ্ছেত্তত্র কুর্য্যাদ্বিশোধনং॥
গায়ত্র্যষ্টসহস্রন্তু দ্রুপদাং বা শতং জপেৎ।
ত্রিরাত্রোপোষিতো ভূত্বা পঞ্চগব্যেন শুদ্ধ্যতি॥
পানে মৈথুনমুৎসর্গে তথা মূত্রপুরীষয়োঃ।
সংস্পর্শং যদি গচ্ছেত্তু শ্বশূকরান্ত্যজৈঃ সহ॥

দিনমেকং চরেম্মূত্রে পুরীষে চ দিনদ্বয়ং।
দিনত্রয়ং মৈথুনে স্যাৎ পানে স্যাচ্চ চতুষ্টয়ং॥
শ্বশূকরান্ত্যচাণ্ডালমদ্যভাণ্ডরজস্বলাঃ।
যদ্ব্যুচ্ছিষ্টং স্পৃশেত্তত্র কৃচ্ছ্রসান্তপনং চরেৎ॥
উচ্ছিষ্টেন তু শূদ্রেণ বিপ্রঃ স্পৃষ্টস্তু তাদৃশঃ।
উপবাসেন শুদ্ধিঃ স্যাৎ শুনা সংস্পৃষ্ট এব বা॥
উচ্ছিষ্টেনাথ বিপ্রেণ বিপ্রঃ স্পৃষ্টস্তু তাদৃশঃ।
উভৌ স্নানং প্রকুরুতঃ সদ্য এব সমাহিতৌ॥
ইতি আপস্তম্বকশ্যপব্রহ্মপুরাণাদিষু॥

অথ স্বভার্য্যায়াং মাতৃত্বাদিবদতঃ প্রায়শ্চিত্তং।

ক্রোধ বা মোহপ্রযুক্ত যদি স্বভার্য্যাকে মাতা বা ভগিনী বলিয়া সম্বোধন করে, তবে প্রাজাপত্য ব্রত করিবে, তাহাতে অশক্ত হইলে (৩) কাহন বরাটক উৎসর্গ করতঃ ত্যাগ করিবে। যদি বয়স্থা গুণাধিকা হয় ত্যাগ করিতে না পারে, তবে ঋষিচান্দ্রায়ণ অর্থাৎ (১২) কাহন বরাটক উৎসর্গ করিয়া পুনর্গ্রহণ করিবে। সকল বর্ণেরই এই বিধি। প্রমাণং।

ক্রোধান্মোহাদ্বদেদ্ভার্য্যাং মাতরং ভগিনীমপি।
প্রাজাপত্যব্রতং কুর্য্যাৎ সর্ব্ববর্ণেষ্বয়ং বিধিরিতি॥
ক্রোধাদ্যদি ত্যজেদ্ভার্য্যাং বয়ঃস্থাঞ্চ গুণাধিকাং।
ঋষিচান্দ্রায়ণং কৃত্বা পুনঃ সংগ্রহমাদিশেদিতি॥ যমঃ।

ব্যবস্থাপত্রং।

ভার্য্যায়াং মাত্রাদিবচনজনিতপাপক্ষয়ায় প্রাজাপত্যব্রতাদ্যশক্তৌ সর্ব্ববর্ণৈস্ত্রি-কার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি।

বয়ঃস্থা গুণাধিকা চেৎ ঋষিচান্দ্রায়ণব্রতাদ্যশক্তৌ দ্বাদশকার্ষাপণীদানরূপং প্রা-য়শ্চিত্তং কৃত্বা পুনর্গ্রহণং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

যদি জ্ঞানপূর্ব্বক স্ত্রীকে মাতৃসম্বোধন করে, তবে এক কালেই ত্যাগ করিতে হইবে, আর গ্রহণ করিতে পারিবে না।

অথ অনাশ্রমিত্বপ্রায়শ্চিত্ত ।

সম্বৎসর অনাশ্রমী হইলে প্রাজাপত্য করিবে। সংবৎসরদ্বয়ে প্রাজাপত্যত্রয়, বৎসরত্রয়ে ছয় প্রাজাপত্য, ইহার অধিকে চান্দ্রায়ণ করিবে। অর্থাৎ (৩) কাহন (৯) কাহন (১৮) কাহন (২২৷৷০) কাহন বরাটক ক্রমানুসারে উৎসর্গ করিবে। প্রমাণং।

অনাশ্রমিত্বং বৎসরং প্রাজাপত্যং চরিত্বা আশ্রম-
মুপেয়াৎ দ্বিতীয়েঽতিকৃচ্ছ্রং তৃতীয়ে কৃচ্ছ্রাতিকৃচ্ছ্রং
ঊর্দ্ধং চান্দ্রায়ণং ॥

অথ ব্রাত্যপ্রায়শ্চিত্তং।

ষোড়শ বৎসর পর্য্যন্ত অকৃতোপনয়নে ব্রাহ্মণ ব্রাত্য হয়, তাহার প্রায়শ্চিত্ত চান্দ্রায়ণ, দক্ষিণা এক গো, অসামর্থ্যে (২২৷৷০) কাহন বরাটক দান, দক্ষিণা (১) কাহন বরাটক। প্রমাণং।

ব্রাত্যশ্চান্দ্রায়ণঞ্চরেৎ গোপ্রদানঞ্চ কুর্য্যাদিতি স্মার্ত্তঃ।

পিতৃমাতৃরহিত ব্যক্তির প্রাজাপত্যত্রয়, তদশক্তে ধেনুত্রয়দান, তদভাবে (৯) কাহন বরাটক দান (১) কাহন দক্ষিণা। প্রমাণং।

পিতৃমাতৃরহিতস্য প্রাজাপত্যত্রয়ং প্রায়শ্চিত্তান্তং
উপনয়নমিতি।
যেষাং দ্বিজানাং সাবিত্রী নানুতিষ্ঠেৎ যথাবিধি।
তাংশ্চ কারয়িত্বা ত্রীন্ কৃচ্ছ্রান্ যথাবিধ্যুপনায়েদিতি ॥
ইতি স্মার্ত্তধৃতং।

ব্যবস্থাপত্রং।

ষোড়শবর্ষপর্য্যন্তাকৃতোপনয়নবালকেন ব্রতাদ্যশক্তৌ এককার্ষাপণদক্ষিণক-দ্বাবিংশতিকার্ষাপণী অথবা নবকার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাম্বতং।

অথ দিবামৈথুনাদিপ্রায়শ্চিত্তং।

দিবাতে মৈথুন করিলে এবং নগ্ন হইয়া স্নান করিলে কি পরস্ত্রীকে নগ্না দেখিলে এক রাত্র উপবাস করিবে। প্রমাণং।

দিবা তু মৈথুনং কৃত্বা নগ্নঃ স্নাত্বা তথাম্ভসি।
নগ্নাং পরস্ত্রিয়ং দৃষ্ট্বা দিনমেকং ব্রতী ভবেদিতি স্মার্ত্তঃ॥

অথ পর্ব্বমৈথুনপ্রায়শ্চিত্তং।

চতুর্দ্দশী অষ্টমী অমাবস্যা পৌর্ণমাসী সংক্রান্তিতে যদি স্ত্রীসঙ্গ করে, তবে চান্দ্রায়ণ ব্রত করিবে, অশক্তে (২২॥০) কাহন বরাটক দান করিবে।

ব্যবস্থাপত্রং।

চান্দ্রায়ণব্রতানধিকব্রতনাশ্যপাপক্ষয়ায় যৎকিঞ্চিদ্দক্ষিণকসার্দ্ধদ্বাবিংশতিকার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাম্মতং।

এবং পর্ব্বাতিরিক্তকালে ঋতুমতী স্ত্রীগমন না করিলে প্রাজাপত্যার্দ্ধ ব্রত করিতে হয়, অর্থাৎ (১॥০) কাহন বরাটক দান করিতে হয়। অজ্ঞানে একশত প্রাণায়াম, তজ্জ্ঞানাভ্যাসে অশক্ত হইলে এক প্রাজাপত্য (৩) কাহন বরাটক দান করিতে হইবে। প্রমাণং।

ঋতৌ ভার্য্যাং ন গচ্ছেদযঃ সোঽপি কৃচ্ছ্রার্দ্ধমাচরেদিতি।
ঋতৌ নোপৈতি যো ভার্য্যাং নিয়তো ব্রহ্মচারিণীং।
নিয়মাতিক্রমাত্তস্য প্রাণায়ামং শতং স্মৃতমিতি স্মার্ত্তঃ॥

অথাতিপাতকপ্রায়শ্চিত্তং।

অতিপাতকে জ্ঞানাজ্ঞানকৃত সাধারণেরই মরণান্ত প্রায়শ্চিত্ত হয়, কেননা মহাপাতকের অপেক্ষা গুরুতর প্রযুক্ত যুক্তিসিদ্ধ করিয়াছেন, ইহজন্মকৃত অতিপাতকের মরণান্ত প্রায়শ্চিত্ত নির্দ্ধারণ হইলেও পূর্ব্বজন্মকৃত অতিপাতকের প্রায়শ্চিত্ত রোগাদি দৃষ্টে করিবে, সুতরাং পরাকদ্বয় ব্রত করিতে আজ্ঞা দিয়াছেন, অর্শ ও গলিতকুষ্ঠ রোগযুক্ত ব্যক্তি পরাকব্রতে অশক্ত হইলে দশ ধেনু দান করিবে, তাহাতে অসমর্থ হইলে (৩০) কাহন বরাটক দান করিবে।

ব্যবস্থাপত্রং।

গলিতকুষ্ঠার্শরোগসংসূচিতজন্মান্তরীয়াতিপাতকশেষপাপক্ষয়ায় পরাকব্রতাশক্তৌ যৎকিঞ্চিদ্দক্ষিণকত্রিংশৎকার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

অথ মহাপাতকপ্রায়শ্চিত্তং।

শ্বেতকুষ্ঠ রাজযক্ষ্মা প্রমেহ গ্রহিণী মূত্রকৃচ্ছ্র অশ্মরী কাস অতিসার ভগন্দর দুষ্টব্রণ গণ্ডমালা পক্ষাঘাত চক্ষুর্নাশ ইত্যাদি রোগযুক্ত ব্যক্তিকে মহাপাতকের প্রায়-

শ্চিত্ত পরাকব্রত করিতে হয়, অশক্ত হইলে পঞ্চধেনুমূল্য (১৫) কাহন বরাটক দান, ইহার প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে।

ব্যবস্থাপত্রং।

শ্বেতকুষ্ঠাদ্যনুমিতজন্মান্তরীয়মহাপাতকশেষপাতকক্ষয়ায় পরাকব্রতাদ্যশক্তে যৎকিঞ্চিদ্দক্ষিণকপঞ্চদশকার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাম্বতং।

প্রায়শ্চিত্তব্যবস্থা উক্ত ঐ সকল রোগেও এইরূপ হইবে, ব্যবস্থাপত্রানুসারে দানবাক্য ও দক্ষিণাবাক্যও হইবে। যথা।

অদ্যেত্যাদি শ্বেতকুষ্ঠাদ্যনুমিতজন্মান্তরীয়মহাপাতকশেষপাতকক্ষয়কামঃ পরাকব্রতাদ্যশক্তো পঞ্চদশকার্ষাপণবরাটকান্ গন্ধাদ্যর্চ্চিতান্ শ্রীবিষ্ণুর্দৈবতান্ ব্রাহ্মণেভ্যোঽহং সম্প্রদদে।

অদ্যেত্যাদি শ্বেতকুষ্ঠাদ্যনুমিতজন্মান্তরীয়মহাপাতকশেষপাতকক্ষয়কামনয়া কৃতৈতৎপঞ্চদশকার্ষাপণবরাটকদানকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং যৎকিঞ্চিৎ কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুর্দৈবতং ব্রাহ্মণেভ্যোঽহং সম্প্রদদে।

অথ উপপাতকপ্রায়শ্চিত্তং।

জলোদর যকৃৎ প্লীহা শূল ব্রণ শ্বাস অজীর্ণ জ্বর ছর্দ্দি ভ্রম মোহাদি রোগ উপপাতকোদ্ভব, এই সকল রোগীকে উপপাতকের প্রায়শ্চিত্ত করিতে হয়, অর্থাৎ পরাকব্রতের অর্দ্ধেক, তাহাতে অশক্ত হইলে সার্দ্ধদ্বয় ধেনুমূল্য (৭।।০) কাহন বরাটক উৎসর্গ করিতে হয়। যথা প্রমাণং।

মহাপাপেষু যত্তৎ স্যাদর্দ্ধন্তূপপাতকে ইতি স্মার্ত্তঃ।

ব্যবস্থাপত্রং।

জলোদররোগানুমিতজন্মান্তরোপপাতকশেষপাতকক্ষয়ায় ব্রতাদ্যশক্তৌ যৎকিঞ্চিদ্দক্ষিণকসার্দ্ধসপ্তকার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাম্বতং।

সর্ব্বত্রেই এই প্রায়শ্চিত্ত, এতদনুসারে দান ও দক্ষিণাবাক্য, কেবল রোগের নামান্তর করিতে হইবে এই মাত্র।

অথ ব্রহ্মবধপ্রায়শ্চিত্তং।

জ্ঞানপূর্ব্বক ব্রহ্মবধে অগ্নিপ্রবেশপূর্ব্বক মরণান্ত প্রায়শ্চিত্ত করিবে, ইহাতে অনুকল্প নাই। যথা প্রমাণং।

যঃ কামতো মহাপাপং নরঃ কুর্য্যাৎ কথঞ্চন।
ন তস্য শুদ্ধির্ব্বিজ্ঞেয়া বহ্নৌ প্রপতনাদৃতে॥

ইতি স্মার্ত্তধৃতং।

অজ্ঞানকৃত ব্রহ্মবধে দ্বাদশবার্ষিক এইরূপ ব্রত করিবে, অর্থাৎ গৃহবাস ত্যাগ করিয়া পত্রকুটীরে বনে বাস, ভিক্ষায় উদরপূরণ করিবে এবং আত্মশুদ্ধ্যর্থে মৃত মনুষ্যের কেশ অঙ্গে ধারণ করিবে, ব্রত সমাপ্ত হইলে এক শত গো দক্ষিণা দিবে। ইহাতে অশক্ত হইলে (১০০) কাহন বরাটক দক্ষিণা দিয়া (৫৪০) কাহন বরাটক উৎসর্গ করিবে। প্রমাণং।

ব্রহ্মহা দ্বাদশাব্দানি কুটীং কৃত্বা বনে বসেৎ।
ভৈক্ষ্যাশ্যাত্মবিশুদ্ধ্যর্থং কৃত্বা শবশিরোধ্বজং॥

ব্যবস্থাপত্রং।

অজ্ঞানকৃতব্রহ্মবধজনিতপাপক্ষয়ায় ব্রাহ্মণেন দ্বাদশবার্ষিকব্রতাদ্যশক্তৌ শত-কার্ষাপণদক্ষিণকচত্বারিংশদধিকপঞ্চশতকার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি।

ক্ষত্রিয়কর্ত্তৃক ব্রহ্মবধে দ্বিগুণ, বৈশ্যকর্ত্তৃক বধে ত্রিগুণ, শূদ্রকর্ত্তৃক বধে চতুর্গুণ প্রায়শ্চিত্ত। স্ত্রী বাল বৃদ্ধ রোগিদিগের পক্ষে অর্দ্ধেক প্রায়শ্চিত্ত বিধেয় হয়, অনেক ব্রহ্মবধ হইলে এক প্রায়শ্চিত্তেই শুদ্ধ হয়। প্রমাণং যথা।

ব্রাহ্মণস্য ব্রাহ্মণয়ো ব্রাহ্মণানাঞ্চ পুত্রক।
প্রায়শ্চিত্তস্য একত্বং যং সমাশ্রিত্য লক্ষ্যতে॥

ইতি স্মার্ত্তঃ।

অথ সুরাপানপ্রায়শ্চিত্তং।

প্রমাণং। ব্রাহ্মণশ্চেৎ সুরাপঃ স্যাৎ কথঞ্চিৎ কামমোহিতঃ।
অগ্নিবর্ণাং সুরাং পীত্বা মৃতঃ শুদ্ধিমবাপ্নুয়াৎ॥

জ্ঞানকৃত সুরাপানে ব্রাহ্মণাদির মরণান্ত প্রায়শ্চিত্ত হয়। প্রমাণং।

সুরাপানে বিপ্রো রৌপ্যতাম্রসীসকানামন্যতমমগ্নি-রূপং পীত্বা শরীরত্যাগাৎ শুদ্ধ্যন্তে॥ ইতি স্মার্ত্তঃ॥

জ্ঞানকৃত সুরাপানে বিপ্র রূপা কি তামা অথবা সীসক কিম্বা অন্যতম ধাতু গলাইয়া অগ্নিরূপ করতঃ পানে শরীর ত্যাগ করিলে শুদ্ধ হইতে পারে, নচেৎ পবিত্রতা নাই। অজ্ঞানকৃত পানে অজ্ঞানকৃত ব্রহ্মবধোক্ত প্রায়শ্চিত্ত করিবে। ইহার

ব্যবস্থাপত্র ব্রহ্মবধোক্ত ব্যবস্থার অনুরূপ, কেবল সুরাপানজনিতপাপক্ষয়ায় বলিতে হইবেক এইমাত্র।

স্তেয়প্রায়শ্চিত্তং।

জ্ঞানকৃত ব্রাহ্মণস্বামিক অশীতি রত্তিকা সুবর্ণচৌর্য্যে ব্রহ্মবধোক্ত মরণান্ত প্রায়শ্চিত্ত, অজ্ঞানকৃতে পূর্ব্বরূপ প্রায়শ্চিত্ত হয়।

গুর্ব্বঙ্গনাগমনপ্রায়শ্চিত্তং।

জ্ঞানকৃত বিমাতৃগমনে ঐরূপ মরণান্ত প্রায়শ্চিত্ত, অজ্ঞানকৃতে যেরূপ ব্রহ্মবধাদিতে প্রায়শ্চিত্ত উক্ত হইয়াছে সেইরূপ হইবে। বিশেষ মাত্র ব্রহ্মবধে ক্ষত্রিয়াদির দ্বিগুণ ত্রিগুণ চতুর্গুণ হয়, এ সকলে পাদ২ হানি করিবে। মহাপাপীর সংসর্গ করিলে, অনুপাতকের প্রায়শ্চিত্ত করিতে হয়, অনুপাতকের প্রায়শ্চিত্তের বিশেষ এই যে, সাক্ষাৎ মহাপাতক জ্ঞানপূর্ব্বক করিলে মরণান্ত প্রায়শ্চিত্ত, অনুপাতকে দ্বাদশবার্ষিক ব্রত করিবে, অজ্ঞানপূর্ব্বক করিলে তাহার অর্দ্ধেক প্রায়শ্চিত্ত হইবে।

অথ অনুপাতকপ্রায়শ্চিত্তং।

অনৃতঞ্চ সমুৎকর্ষে রাজগামী চ পৈশুনং।
গুরোশ্চালীকনির্ব্বন্ধঃ সমানি ব্রহ্মহত্যয়া॥
ব্রহ্মোজ্ঝতা বেদনিন্দা কৌটসাক্ষ্যং সুহৃদ্বধঃ।
গর্হিতান্নাদ্যয়োর্জগ্ধিঃ সুরাপানসমানি ষট্॥
নিক্ষেপস্যাপহরণং নরাশ্বরজতস্য চ।
ভূমিবজ্রমণিনাঞ্চ রুক্মস্তেয়সমং স্মৃতং॥
রেতঃসেকঃ স্ব যোনীষু কুমারীষন্ত্যজাসু চ।
সখ্যুঃপুত্রস্য চ স্ত্রীষু গুরুতল্পসমং বিদুঃ॥ মনুঃ॥

এই সকল অনুপাতক বলিয়া নির্দেশ করিয়াছেন এবং জ্ঞানপূর্ব্বক মাতৃস্বস্রাদিগমনে দ্বাদশবার্ষিক ব্রত, (১০০) কাহন বরাটক দক্ষিণার সহিত (৫৪০) কাহন বরাটক উৎসর্গ করিবে। অজ্ঞানে ষষ্ঠ বার্ষিক ব্রত, অশক্তে (৫০) কাহন দক্ষিণা (২৭০) কাহন উৎসর্গ করিবে। ব্যবস্থাপত্রাদি পূর্ব্বানুরূপ লিখিবে, কেবল মাতৃস্বস্রাদিগমনজনিতপাপক্ষয়ায় এই মাত্র বিশেষ করিয়া লিখিতে হইবে। এতদ্ভিন্ন গায়ত্রী জপাদিতেও পাপক্ষয় হয়, প্রকীর্ণ পাপে (১০০) জপ, উপপাতকে (১০০০) জপ, অনুপাতকে (১০০০০) অযুত জপ, মহা-

মহাপাতকে (১০০০০০) লক্ষ জপ, তদ্ভিন্ন তত্তৎ পাপক্ষয়ার্থ সংকল্প পূর্ব্বক বৈধ-গঙ্গাস্নানেও পাপনাশ হয়, এবং শ্রদ্ধাবান্ ব্যক্তির সংকল্পপূর্ব্বক শ্রীকৃষ্ণনাম স্মরণ করিলেও সমস্ত পাতক বিনষ্ট হয়, বহুবিত্ত ব্যয়ায়াসসাধ্য দরিদ্র ব্যক্তি প্রায়শ্চিত্ত করিতে যত্নবান হইলে, গঙ্গাস্নান, গায়ত্রী জপ, কৃষ্ণনাম স্মরণ করিলেও নিষ্কৃতি পায়, ধনবান্ ব্যক্তি ধনরক্ষা করিয়া কেবল গঙ্গাস্নানাদিতে পবিত্র হইতে পারিবে না, যেহেতু বিত্তশাঠ্য জনের প্রায়শ্চিত্তে যত্ন নাই প্রতীতি হয়।

মৎস্যকণ্টক শম্বুক শঙ্খ শুক্তি কপর্দ্দক ভোজনে আর নবজলপান করিলে পঞ্চগব্যপানে শুদ্ধ হয়। নবজল পদে নূতন খাতের জল, কেহ বর্ষণ জলকেও বলেন। প্রমাণং।

মৎস্যকণ্টকশম্বুকশঙ্খশুক্তিকপর্দ্দকান্।
পীত্বা নবোদকঞ্চৈব পঞ্চগব্যেন শুদ্ধ্যতীতি ॥ হারীতঃ ॥

অথ যজ্ঞোপবীতচ্ছেদনপ্রায়শ্চিত্তং।

ব্রাহ্মণকর্ত্তৃক ব্রাহ্মণের যজ্ঞোপবীত ছিন্ন হইলে, শুদ্ধ মনস্তাপে শুদ্ধ হয়, মনুর মত লইয়া আপস্তম্ব কহিয়াছেন, একদিন উপবাস আর প্রাণায়ামত্রয় করিবে, যদি শূদ্রাদি কর্ত্তৃক ইচ্ছাপূর্ব্বক ছিন্ন হয়, তবে অন্য যজ্ঞোপবীত গ্রহণ করতঃ ব্রাহ্মণ শতাবৃত্তি গায়ত্রী জপ করিয়া এক দিন উপবাস করিবে, ইহা ঋষ্যশৃঙ্গ কহেন। চাণ্ডালাদিকর্ত্তৃক ছিন্ন উপবীত হইলে মহাসান্তপন ব্রত করিবে তদশক্তে ধেনুদ্বয় দান করিবে, তদভাবে ব্রাহ্মণ (৬) কাহন বরাটক দান করিবে। শূদ্র কর্ত্তৃক যজ্ঞোপবীত ছিন্ন হইলে, ঐ শূদ্র (১৮/) দণ্ড দিবে, আর (৩) কাহন বরাটক উৎসর্গ করিবে। ম্লেচ্ছাদি কর্ত্তৃক ছিন্ন হইলে ধেনুদ্বয় দান করিবে, অভাবে (৬) কাহন বরাটক দান করিবে। প্রমাণং।

ব্রাহ্মণেন যদা দৈবাৎ ছিন্নযজ্ঞোপবীতকং।
মনস্তাপেন শুদ্ধিঃ স্যাদাপস্তম্বো হ্রবীন্মুনিঃ।
প্রাণায়ামত্রয়ং কৃত্বা নিরাহারঃ ক্ষিপেদ্দিনং ॥
ইতি আপস্তম্বঃ।

উপবীতং ব্রাহ্মণস্য ছিন্নং শূদ্রেণ কামতঃ।
অন্যদাদায় মন্ত্রেণ জপন্নুপবসেদ্দিনং ॥ ইতি বৃহন্মনুঃ।
চাণ্ডালৈঃ শ্বপচৈর্ব্বাপি ছিন্নং যজ্ঞোপবীতকং।
মুনিভিস্তু বিনির্দ্দিষ্টং মহাসান্তপনদ্বয়ং ॥ ইতি ঋষ্যশৃঙ্গঃ।

শূদ্রেণ তু যদা ছিন্নমুপবীতং দ্বিজন্মনঃ।
দণ্ডং ত্রিংশৎপণং দত্ত্বা প্রাজাপত্যেন শুদ্ধ্যতি॥
ইতি বৃহস্পতিঃ।

চাণ্ডালৈঃ পুক্কশৈর্ম্লেচ্ছৈরন্ত্যজৈশ্চকাপালিকৈঃ।
ছিন্নযজ্ঞোপবীতো যঃ সোঽতিকৃচ্ছ্রেণ শুদ্ধ্যতি॥
ইতি হারীতঃ।

ব্যবস্থাপত্রং।

কামতঃ শূদ্রেণ ব্রাহ্মণাদের্যজ্ঞোপবীতচ্ছেদননিমিত্তপাপক্ষয়ায় ত্রিশৎপণবরাটকঃ দণ্ডং দত্ত্বা প্রাজাপত্যব্রতাদ্যশক্তৌ ত্রিকার্ষাপণবরাটকদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাম্বতং। ম্লেচ্ছাদিনা ছিন্নযজ্ঞোপবীতো ব্রাহ্মণঃ তেন তদ্দূরদৃষ্টখণ্ডননিমিত্তাতিকৃচ্ছ্রব্রতাদ্যশক্তৌ যৎকিঞ্চিদ্দক্ষিণকষট্কার্ষাপণবরাটকদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি।

পূর্ব্বে বালকত্বাদিভেদে প্রায়শ্চিত্ত উক্তমতের কোন মত আশ্রয় করিয়া কদাচিৎ অজ্ঞানাদিকৃতের পাদার্দ্ধ প্রায়শ্চিত্তের যে উল্লেখ করা গিয়াছে, তাহা সুসিদ্ধ নহে, যে হেতু প্রায়শ্চিত্তের ন্যূনসংখ্যা একপাদ, তাহার ন্যূন প্রায়শ্চিত্ত হয় না। যথা প্রমাণং।

তস্মাৎ কৃচ্ছ্রমথাপ্যর্দ্ধং পাদম্বাপি বিধানতঃ।
জ্ঞাত্বা বলাবলং কালং প্রায়শ্চিত্তং প্রকল্পয়েৎ॥

পূর্ণ অর্দ্ধপাদ প্রায়শ্চিত্ত করিতে বলাবল ও সময় বুঝিয়া ব্যবস্থা দিবে। বচনে (পাদম্বা) প্রয়োগ থাকাতে কেহ কেহ যে পাদার্দ্ধ ব্যাখ্যা করেন তাহা অসৎ। কেননা প্রায়শ্চিত্তবিবেকে পাদের ন্যূন প্রায়শ্চিত্ত করিতে ব্যবস্থা দেন নাই।

ইতি সামঞ্জস্যসর্ব্বশাস্ত্রসিদ্ধান্তপ্রায়শ্চিত্ততত্ত্বং সমাপ্তং।

অথ অশৌচব্যবস্থা।

প্রথমতঃ সপিণ্ড জ্ঞান না হইলে অশৌচ নির্ণয় করা যায় না। এ কারণ অগ্রেই সপিণ্ড নির্ণয় করিয়াছেন। সপ্তম পুরুষ পর্য্যন্ত সপিণ্ড। তাহার পর চতুর্দ্দশ পুরুষ পর্য্যন্ত সমানোদক। অনন্তর নামস্মৃতি পর্য্যন্ত সাকুল্য। তদনন্তর গোত্রজ সম্বন্ধমাত্র। অস্য প্রমাণং।

লেপভাজশ্চতুর্থাদ্যাঃ পিত্রাদ্যাঃ পিণ্ডভাগিনঃ।
পিণ্ডদঃ সপ্তমস্তেষাং সাপিণ্ডং সাপ্তপৌরুষং॥
ইতি মৎস্যপুরাণং।

দৃষ্টান্ত যথা। রামচন্দ্র পুত্র, দশরথ পিতা, গণেশ পিতামহ, গঙ্গাধর প্রপিতামহ, লক্ষ্মণ বৃদ্ধপ্রপিতামহ, নারায়ণ অতিবৃদ্ধপ্রপিতামহ, শ্রীপতি অত্যতিবৃদ্ধপ্রপিতামহ, তৎপিতা তারকনাথের সহিত রামচন্দ্রের সপিণ্ডতা নিবৃত্তি হইয়া সমানোদকতা হয়। তন্নিবৃত্তে সাকুল্যতা, তদনন্তর গোত্রজত্ব হয়।

সপিণ্ডের জননমরণে সংপূর্ণাশৌচ, সমানোদকের জননমরণে ত্রিরাত্রাশৌচ, সাকুল্যের জননমরণে একরাত্রাশৌচ, গোত্রজের জননমরণে স্নানে শুদ্ধি হয়। প্রমাণং।

দশাহেন সপিণ্ডাস্তু শুদ্ধ্যন্তি প্রেতসূতকে।
ত্রিরাত্রেণ সকুল্যাস্তু স্নাত্বা শুদ্ধ্যন্তি গোত্রজাঃ। ইতি।

সাকুল্য পদে সমানোদকের নিবৃত্তিভাব। অর্থাৎ নামস্মৃতিপর্য্যন্ত।

অথ পক্ষিণ্যশৌচনিরূপণং।

আগামিবর্ত্তমানাহর্যুক্তায়াং নিশি পক্ষিণীত্যমরঃ॥

আগামী দিবা বর্ত্তমান দিবসের রাত্রি পর্য্যন্ত দ্বাদশ প্রহরের নাম পক্ষিণী, অমরসিংহকোষে ধৃত হইয়াছে।

অথ চতুর্ব্বর্ণাশৌচকথনং।

ব্রাহ্মণের দশাহে, ক্ষত্রিয়ের দ্বাদশাহে, বৈশ্যের পঞ্চদশাহে, শূদ্রের একমাস হইলে পূর্ণাশৌচ হয়। প্রমাণং।

শুদ্ধেৎ বিপ্রো দশাহেন দ্বাদশাহেন ভূমিপঃ।
বৈশ্যঃ পঞ্চদশাহেন শূদ্রো মাসেন শুদ্ধ্যতি॥ মনুঃ॥

এই অশৌচ যদি সূর্য্যোদয়ের পূর্ব্বে হয়, তবে পূর্ব্বদিনাবধি গণনা করিয়া সংখ্যা করিবে। এবং অশৌচের প্রথম দিনের নির্ণয় না হইলে অশৌচ গ্রহণ হয় না, বিদেশস্থ ব্যক্তি যদি অশৌচের মধ্যে জ্ঞাত হয়, তবে শেষ যে কয়েক দিন থাকে সেই কয়েক দিন অশৌচ গ্রহণ করিলেই শুদ্ধ হয়। প্রমাণং।

বিগতন্তু বিদেশস্থঃ শৃণুয়াদ্যো হ্যনির্দ্দশং।
যচ্ছেষং দশরাত্রস্য তাবদেবাশুচির্ভবেদিতি॥

অশৌচকালান্তর দিবসাবধি সম্বৎসরের মধ্যে জ্ঞাত হইলে সপিণ্ডবর্গের তিন দিবস অশৌচ হয়, খণ্ডাশৌচের খণ্ডত্ব নাই। প্রমাণং।

অতিক্রান্তে দশাহে তু ত্রিরাত্রমশুচির্ভবেদিতি ॥

সম্বৎসরান্তর শ্রবণে সপিণ্ডবর্গের সদ্য শৌচ হয়। মাতা পিতা কি স্বামীর মরণ শ্রবণে পুত্র ভার্য্যার ত্রিরাত্রাশৌচ হয়। প্রমাণং।

সম্বৎসরব্যতীতে তু সদ্যঃ শৌচং বিধীয়তে ইতি।

কিন্তু জননাশৌচ অশৌচের পরে শ্রবণ হয় না। স্বপুত্র জননাশৌচানন্তর শ্রবণে সবাসা স্নান করিলে শুদ্ধি হয়, সপিণ্ড মরণে অতীত শৌচে সবাসা হইয়া স্নান করিলেও ত্রিরাত্রাশৌচ গ্রহণ করিতে হয়। প্রমাণং।

নাশৌচং প্রসবস্যাস্তি ব্যতীতে তু দিনেষ্বপি ইতি।
নির্দ্দশং জ্ঞাতিমরণং শ্রুত্বা পুত্রস্য জন্ম চ।
সবাসা জলমাপ্লুত্য শুদ্ধির্ভবতি মানবঃ। ইতি।

অথ গর্ভস্রাবাশৌচব্যবস্থা।

অষ্টম মাস পর্য্যন্ত গর্ভস্রাবের কাল, প্রমাণং।

গর্ভস্রাবকালস্য মাসানামষ্টমাবধিরিতি।

ছয় মাসের মধ্যে গর্ভস্রাব হইলে সেই স্ত্রীর গর্ভস্রাবাশৌচ হয়। দুই মাসের মধ্যে গর্ভস্রাব হইলে রজস্বলাশৌচ হয়, তাহাতে অন্যের অশৌচ হয় না, ছয় মাসের পর অষ্টম মাস পর্য্যন্ত গর্ভস্রাব হইলে সেই স্ত্রীর স্বজাত্যুক্ত পূর্ণাশৌচ হয়। সপিণ্ড-বর্গের সদ্য শৌচ হয়। নির্গুণ জাতির একাহ, যথেষ্টাচারীর ত্রিরাত্রাশৌচ হয়।

আর তৃতীয় মাসাবধি ছয় মাস পর্য্যন্ত গর্ভস্রাব হইলে দৈব পৈত্র কর্ম্মে ঐ স্ত্রীর অধিকার নাই। ব্রাহ্মণীর যত মাস গর্ভ তত দিন আরও এক দিন অধিক অশৌচ, ক্ষত্রিয়ার দুই দিন, বৈশ্যার তিন দিন, শূদ্রার ছয় দিন অধিক অশৌচ হয়। অন্যত্র যত মাস তত দিন মাত্র অশৌচ হয় এবং সপ্তম অষ্টম মাসেতে গর্ভে মৃত প্রসব হইলে সকলেরই সম্পূর্ণ জননাশৌচ হয়, আর নবম দশম মাসেও এই ব্যবস্থা।

প্রমাণং।

তত্র ষণ্মাসপর্য্যন্তং মাসসংখ্যং দিনদ্বয়ং।
অধিকং বৈদিকে কার্য্যে বিপ্রাণাং দিনমেককং।
শূদ্রাণাং ষড়্‌দিনানি স্যুঃ সূতকানামিদং স্মৃতং।
সপ্তমাষ্টময়োস্তাসাং স্বজাত্যুক্তমশৌচকং।

সপিণ্ডা[illegible]ং জন্মাহাৎ পরতো যদি।
মতিস্তদা তয়োর্নৈতৎ কিন্তু স্যাৎ প্রকৃতং যথা।
অর্ব্বাক্ ষণ্মাসতঃ স্ত্রীণাং যদি স্যাৎ গর্ভবিপ্লবঃ।
তদা মাসসমৈস্তাসামশৌচদিবসং স্মৃতং।
অত উর্দ্ধন্তু পতনে স্বজাত্যুক্তমশৌচকং।
সদ্যঃ শৌচং সপিণ্ডানাং গর্ভস্রাবাচ্চ যা ততঃ॥
গর্ভচ্যুতাবহোরাত্রং সপিণ্ডে হত্যন্তনির্গুণে।
যথেষ্টাচরণে জ্ঞাতৌ ত্রিরাত্রমিতি নিশ্চয় ইতি।

অথ স্ত্রীবিষয়াশৌচব্যবস্থা।

জন্মাবধি দুই বৎসর মধ্যে অকৃতচূড়া কন্যা মরণে সকল বর্ণেরই সদ্য শৌচ হয়। প্রমাণং।

আজন্মনস্তু চূড়ান্তং যত্র কন্যা বিপদ্যতে।
সদ্যঃ শৌচং ভবেত্তত্র সর্ব্ববর্ণেষু নিত্যশ ইতি।
ঊনদ্বিবর্ষান্মরণে সদ্য শৌচমুদাহৃতমিতি॥

অনন্তর বাগ্দান পর্য্যন্ত যদি মরে তবে একাহ অশৌচ হয়। প্রমাণং।

ততো বাগ্দানপর্য্যন্তং যাবদেকাহমেব হি। ইতি।

ব্যবস্থাপত্র উক্ত মত হইবে কেবল (বাগ্দানানন্তর ত্রিরাত্রাশৌচ) এই মাত্র লিখিতে হইবে, বাগ্দান সুসিদ্ধ হইলে পর বিবাহ পর্য্যন্ত যদি মরে, তবে পিতৃ ভর্ত্তৃ উভয় কুলেই ত্রিরাত্রাশৌচ হয়। ইহার প্রমাণ।

বাক্প্রদানে কৃতে তত্র জ্ঞেয়শ্চোভয়তস্ত্র্যহমিতি।

বিবাহের পর যদি কন্যা মরে তবে ভর্ত্তৃকুলে সকলেরই সম্পূর্ণাশৌচ হয়।

প্রমাণং। দত্তানাং ভর্ত্তুরেব হীতি।

অজাতদন্তা কন্যা মরণে তাহার ভ্রাতার সদ্য শৌচ, জাতদন্তা মরিলে এক রাত্রাশৌচ, চূড়া হইলে ত্রিরাত্রাশৌচ হয়। বিবাহের পর অশৌচ হয় না।

প্রমাণং। আদন্তাৎ সোদরে সদ্যঃ আচূড়াদেকরাত্রিকং।
আপ্রদানাত্ত্রিরাত্রং স্যাদিত্যাদি।

বিবাহ হইলেও যদি পিতা মাতার সম্বাস্পদীভূত গৃহে বাস করে এবং স্নেহাস্পদ থাকে, তবে কন্যা মরণে কি কন্যা প্রসব হইলে পিতা মাতার ত্রিরাত্রাশৌচ, ভ্রাতৃবর্গের একাহাশৌচ হয়। প্রমাণং।

দত্তা নারী পিতুর্গেহে সূয়তে ম্রিয়তেঽথবা।
তদ্বন্ধুবর্গস্ত্বেকেন শুদ্ধেত্তু জনকস্ত্রিভিরিতি।

ব্যবস্থাপত্রং।

দত্তায়াঃ কন্যায়াঃ পিতৃমাতৃসম্বাস্পদীভূতে গৃহে প্রসবমরণে মাতাপিতৃভ্যাং ত্রিরাত্রাশৌচং ভ্রাতৃভিরেকরাত্রাশৌচং কর্ত্তব্যমিতি বিদাম্বতং।

অথ কন্যাপুত্রজননে মাতুরশৌচব্যবস্থা।

ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য স্ত্রী, পুত্র প্রসব হইলে বিংশতি দিন, কন্যা প্রসব হইলে এক মাস অশুচি হয়। প্রমাণং।

সূতিকাং পুত্রবতীং বিংশতিরাত্রেণ স্নাতাং সর্ব্বকর্ম্মাণি কারয়েৎ মাসেন স্ত্রী জননীমিতি।

অথ বালকাদিমরণাশৌচব্যবস্থা।

নবমমাসাদিতে জন্মিয়া সেই অশৌচ মধ্যে যদি বালক মরে, তবে পিতা মাতার অস্পৃশ্যত্ব জননাশৌচ, সপিণ্ডদিগের সদ্য শৌচ হয়। প্রমাণং।

জাতমাত্রস্য বালস্য যদি স্যান্মরণং পিতুঃ।
মাতুশ্চ সূতকং তৎ স্যাৎ পিত্রোঃ স্পৃশ্যত্বমেব হি। ইতি।

যদি গর্ব্ভে মরিয়া পুত্র কি কন্যা জন্মে তবে সকলেরই সম্পূর্ণ অশৌচ হয়।
প্রমাণং। গর্ব্ভে যদি বিপত্তিঃ স্যাদ্দশাহং সূতকং ভবেদিতি।

জননাশৌচের পর অবধি অজাতদন্ত অকৃতচূড় বালক মরিলে পিতা মাতার এক রাত্র, সপিণ্ডবর্গের সদ্যশৌচ হয়। প্রমাণং।

অদ্বিবর্ষে প্রেতে মাতাপিত্রোরেকরাত্রাশৌচমিতি।
আদন্তজননাৎ সদ্য ইতি।

দন্ত হইলে বালক মরিলে পিতা মাতার ত্রিরাত্র, সপিণ্ডবর্গের এক রাত্র, অপূর্ণ দুই বৎসরের বালক মরিলে মাতা পিতার কোথাও এক রাত্র কোথাও ত্রিরাত্র অশৌচ হয়, অর্থাৎ যে দেশে যে রীতি সেই মতই ব্যবস্থা দিবে। অন্য প্রমাণং কূর্ম্মপুরাণে।

অত ঊর্দ্ধং দন্তজননাৎ সপিণ্ডানামশৌচকং।
একাহং নির্গুণানান্তু চৌড়াদূর্দ্ধং ত্রিরাত্রকমিতি।
অদ্বিবর্ষে প্রেতে মাতাপিত্রোরেকরাত্রমশৌচং ত্রি-
রাত্রম্বেতি।

যদি অপূর্ণ বৎসরদ্বয়ের মধ্যে চূড়া হইয়া থাকে, তবে সকলেরই সমান ত্রিরা-ত্রাশৌচ হয়। প্রমাণং।

নিবৃত্তচূড়কে বিপ্রে ত্রিরাত্রাৎ শুদ্ধিরিষ্যতে।

ইতি অঙ্গিরাঃ।

দুই বৎসরের পর অবধি ছয় বৎসর তিন মাস পর্য্যন্ত অনুপনীত বালক মরিলে সকলের ত্রিরাত্র, ইহার মধ্যে যদি উপনয়ন হইয়া থাকে, তবে, সকলের সম্পূর্ণা-শৌচ হয়। প্রমাণং।

অনুপনীত ইত্যভিধায় ম্রিয়তে যত্র তত্র স্যাদশৌচং
ত্র্যহমেব হি। ইতি।

যে বালকের পঞ্চম বর্ষে উপনয়ন হয়, এক বর্ষে চূড়াকরণ হয়, ছয় মাসের মধ্যে দন্ত হয়, সেই সকল বালক সেই সময়ে মরিলে জ্ঞাতিবর্গেরা তদনুরূপ দশ দিন, তিন দিন, এক দিন ক্রমে অশৌচ গ্রহণ করিবে। প্রমাণং।

ব্রতচূড়দ্বিজানান্তু প্রতীতিষু যথাক্রমং।
দশাহত্র্যহএকাহৈঃ শুদ্ধ্যন্ত্যপি হি নির্গুণাঃ॥

ইতি জাবালিঃ।

শূদ্রের অসম্পূর্ণ ছয় মাসের অকৃতচূড় অজাতদন্ত বালক মরিলে ত্রিরাত্র অশৌচ হয়। প্রমাণং।

ত্রিরাত্রস্তু ভবেৎ শূদ্রে ষণ্মাসোনশিশৌ মৃতে। ইতি।

ছয় মাসের মধ্যে যদি দন্ত হইয়া থাকে, তবে পাঁচ দিন, ছয় মাসের পর দুই বৎসরের মধ্যে অকৃতচূড় মরিলেও পাঁচ দিন, যদি চূড়া হইয়া থাকে, তবে দ্বাদশ দিন হয়। প্রমাণং।

শূদ্রে দ্বিবর্ষন্যূনে তু মৃতে শুদ্ধ্যন্তি পঞ্চভিরিতি।

দুই বৎসরের পর অবধি ছয় বৎসর পর্য্যন্ত যদি শূদ্রবালক মরে তবে দ্বাদশ দিন, ইহার মধ্যে যদি বিবাহ হইয়া থাকে তবে এক মাস হইবে। ছয় বৎসরের পর শূদ্রবালক মরিলে বিবাহ হউক বা না হউক তথাপি সম্পূর্ণাশৌচ হয়।

অত ঊর্দ্ধং মৃতে শূদ্রে দ্বাদশাহো বিধীয়তে।
ষড়্‌বর্ষান্তমতীতো যঃ শূদ্রঃ সংম্রিয়তে যদি॥
মাসিকন্তু ভবেচ্ছৌচমিত্যাঙ্গিরসভাষিতমিতি।

অথাগ্নিযোগব্যবস্থা।

যে বালক ও বালিকার বয়স দুই বৎসর পরিপূর্ণ হয় নাই, তাহার মৃত্যু হইলে দাহাদি না করিয়া মৃত্তিকাতলে প্রোথিত করিবে। প্রমাণং।

ঊনদ্বিবার্ষিকং প্রেতং নিদধ্যুর্ব্বান্ধবা বহিঃ।
অলঙ্কৃত্য শুচৌ ভূমাবস্থিসঞ্চরণাদৃতে॥ মনুঃ।
অদ্বিবর্ষে প্রেতে শরীরমদগ্ধা নিখনন্তীতি।
অন্তর্দ্দশাহে স্যাতাঞ্চেৎ পুনর্ম্মরণজন্মনী।
তাবৎ স্যাদশুচির্ব্বিপ্রো যাবত্তৎ স্যাদনির্দ্দশং॥ মনুঃ॥

অথাশৌচসঙ্করব্যবস্থা।

গুরু লঘু সমানরূপে অশৌচ তিন প্রকার হয়। জনন হইতে মরণ গুরু, এবং জ্ঞাতিজনন হইতে স্বপুত্রকন্যাজনন গুরু হয়। সপিণ্ডাদি জ্ঞাতির মরণ হইতে মাতা পিতা বা স্বামীর মরণ গুরু। সপিণ্ডের জননমরণে সপিণ্ডের সমানাশৌচ হয়। এই দুই সমানের মধ্যে যদি সমানাশৌচ হয়, তবে পূর্ব্বাশৌচে শুদ্ধি, পূর্ব্বাশৌচের অন্ত দিবসে যদি অপর সপিণ্ড মরে, তবে দুই দিবস অধিক গ্রহণ করিতে হইবে, যদি অশৌচান্ত দ্বিতীয় দিনে অরুণোদয়ে সপিণ্ড মরে, তবে অধিক তিন দিবস গ্রহণ করিবে। গুরু মধ্যে লঘু কি লঘু মধ্যে গুরু অশৌচ হইলেও পূর্ব্বাশৌচে শুদ্ধি হয়। যদি লঘুর পূর্ব্বার্দ্ধে গুরু অশৌচ হয়, তবে ঐ পূর্ব্বার্দ্ধ লঘু অশৌচেই শুদ্ধি। যদি লঘুব দ্বিতীয়ার্দ্ধে গুরু অশৌচ হয়, তবে গুরুর দ্বিতীয়ার্দ্ধে শুদ্ধি হয়। পিতার মরণান্তর যদি মাতার মৃত্যু, মাতার মরণান্তর পিতার মৃত্যু হইলে

উভয়ের গুরুতা প্রযুক্ত পূর্ব্বাশৌচে শুদ্ধ হয়। কিন্তু দশম দিবসে মৃত্যু হইলে দুই দিন, রাত্রিশেষে মরিলে তিন দিন অধিক হয়।

ব্রাহ্মণাদির স্ত্রীর অর্থাৎ ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য স্ত্রীর কন্যা বা পুত্র জননের মধ্যে যদি স্বামীর মৃত্যু হয় তথাপি পূর্ব্বাশৌচে শুদ্ধি হয়। সপিণ্ড মরণান্ত্যদিনে পিতৃমরণে পিতৃমরণাশৌচে শুদ্ধি, তাহার অন্ত্য দিনে মাতার মৃত্যু হইলেও পূর্ব্ব পিতৃমরণাশৌচে শুদ্ধি হয়। তন্নিমিত্ত দুই দিন অধিক গ্রহণ করিতে হয় না।

নিজ পুত্র কন্যা জননমধ্যে সপিণ্ড পুত্র কন্যা জননে, স্বপুত্রাদি জননে শুদ্ধি হয়। এবং এক দিবসে দুই সপিণ্ড মরে তাহার মধ্যে যদি পিতা মাতার বা স্বামীর মৃত্যু হয়, তথাপি সপিণ্ডমরণে শুদ্ধি হইবে।

যদি জননাশৌচের মধ্যে অপর জননাশৌচ হয়, এবং পূর্ব্বজাত সন্তান অশৌচ মধ্যে মরে তবে সপিণ্ডবর্গের স্নানমাত্রে শুদ্ধি, কিন্তু উভয়েরই মাতা পিতার সম্পূর্ণ জননাশৌচ থাকে। পরে যে বালক জন্মিয়াছিল সে যদি অশৌচমধ্যে মরে, তবে সপিণ্ডাদি সকলেরই পূর্ব্বজাত জননাশৌচ থাকে।

এবং বিদ্যুদাদিতে হত হইলে তিন দিন অশৌচ, তন্মধ্যে অপর খণ্ডাশৌচ হইলে পূর্ব্বাশৌচে শুদ্ধি হয়। সপিণ্ড জননের প্রথমার্দ্ধ মধ্যে স্বপুত্রজননে পূর্ব্বাশৌচে শুদ্ধি, পরার্দ্ধ হইলে স্বপুত্র জননাশৌচে শুদ্ধি হয়।

এই ব্যবস্থানুসারে গুরু লঘু অশৌচপাতে পূর্ব্বার্দ্ধপরার্দ্ধের বিচার সর্ব্বত্রেই উপলব্ধি করিবে এবং গুরু লঘু সমানাশৌচ নির্ণয় করিয়া ব্যবস্থা দিবে। অতএব ইহার ব্যবস্থা একটী লিখিয়া জানাইতেছি, যথা,—

ব্যবস্থাপত্রং।

সপিণ্ডমরণাশৌচমধ্যে সপিণ্ডানন্তরমরণাশৌচপাতে পূর্ব্বাশৌচেন শুদ্ধিরিতি।

অথ খণ্ডাশৌচব্যবস্থা।

শ্বশুর ও শাশুড়ী যদি নিকটে মরে তবে ত্রিরাত্র অশৌচ হয়। প্রমাণং।

মাতৃস্বসৃমাতুলয়োঃ শ্বশ্রূশ্বশুরয়োর্গুরৌ।
ঋত্বিজি বৈ চোপরতে ত্রিরাত্রমিতি শিষ্যকে।

ইতি প্রচেতাঃ।

মাসী, মাতুল, শ্বশুর, শাশুড়ী, পুরোহিত মরিলে ত্রিরাত্র অশৌচ হয়। যদি শ্বশুর, শাশুড়ী, ভগিনী, মাতুলানী, মাতুল এবং পিসী এক গ্রামে মরে অথচ নিকটে না হয়, তবে পক্ষিণী অশৌচ গ্রহণ করিবে। প্রমাণং।

শ্বশুরয়োর্ভগিন্যাঞ্চ মাতুল্যাঞ্চ মাতুলে পিত্রোঃ স্বসরি
তদ্বচ্চ পক্ষিণীং ক্ষপয়েন্নিশামিতি বৃহন্মনুঃ।

গুরুপুত্র, গুরুপত্নী, শিক্ষাগুরু, সহাধ্যায়ী, শিষ্য, মাতুল, শ্বশুর, শাশুড়ী, শ্যালী, শ্যালক যদি ভিন্ন গ্রামে মরে তবে এক রাত্র অশৌচ হয়। এক গ্রামে পক্ষিণী, সন্নিধি মরণে ত্রিরাত্র। প্রমাণং।

আচার্য্যপত্নীপুত্ত্রোপাধ্যায়মাতুলশ্বশুরশ্বশ্রূশ্বশুর্য্য-
সহাধ্যায়িশিষ্যৈকরাত্রেণ। ইতি।

মাতামহ, মাতামহী, দৌহিত্র, ভাগিনেয় মরিলেও পক্ষিণী অশৌচ হয়। সন্নিহিত মৃত্যু হইলে ত্রিরাত্র এবং পিতৃস্বসা মাতৃস্বসা মরিলে দাহাদি না করিলেও পক্ষিণী, দাহাদি করিলে ত্রিরাত্র হয়। প্রমাণং।

সংস্থিতে পক্ষিণীং রাত্রিং দৌহিত্রে ভগিনীসুতে।
সংস্কৃতে তু ত্রিরাত্রং স্যাদেষ ধর্ম্মো ব্যবস্থিতঃ॥

মাতৃবন্ধু, গুরু, মিত্র, অভিষিক্ত রাজা মরিলে এক রাত্র অশৌচ হয়। আর সমানোদক সাকুল্য জ্ঞাতি মরিলে ত্রিরাত্র, গোত্রজ মরিলে এক রাত্র অশৌচ হয়।

সমানোদকানাং ত্র্যহং গোত্রজানামহঃ স্মৃতং।
মাতৃবন্ধৌ গুরৌ মিত্রে মণ্ডলাধিপতৌ তথা॥

ইতি জাবালিঃ।

মাসীর পুত্র, পিসীর পুত্র, মাতুলপুত্র মরিলে পক্ষিণী হয়। প্রমাণং।

মাতুলে পক্ষিণীং রাত্রিং শিষ্যর্ত্বিগ্বান্ধবেষু চ।
ইতি মনুঃ।

বিশেষ এই যে আত্মবন্ধুমরণে পক্ষিণী, মাতৃবন্ধু, গুরু, মিত্র, নৃপতি মরণে এক রাত্র হয়। এবং এক গ্রামে সন্নিধি গুরু, মাতামহ, পুরোহিতের মরণে, শিষ্য, দৌহিত্র, যজমানের ত্রিরাত্র হয়।

এই সকল সম্বন্ধে এক গ্রামে নিকটে মরিলে যদি দাহাদি করে, তবেই ত্রিরাত্র, নতুবা পক্ষিণী অশৌচ হয়। প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে।

কেবল বিবাহিতা কন্যা গ্রামে বা ভিন্ন গ্রামে থাকুক, দাহাদি করুক বা না করুক, তথাপি মাতা পিতার মরণে ত্রিরাত্র হয়।

যেমন বয়সে সপিণ্ড মরিলে সপিণ্ডের পূর্ণাশৌচ হয়, উপরি উক্ত সম্পর্কীয় বন্ধুগণ সেই বয়সে মরিলেই ত্রিরাত্রগ্রহণ অশৌচ করিবে, না হইলে অজাতদন্ত বালক মরণের তুল্য শুদ্ধি। কেবল ভাগিনেয়ের পক্ষিণী এই মাত্র বৈষম্য হয়।

অথ মৃত্যুবিশেষব্যবস্থা।

অনশনে বজ্রনিপাতনে অগ্নিতে জলেতে উচ্চদেশ হইতে পতনে সংগ্রামে শৃঙ্গী নখী দংষ্ট্রী সর্পাঘাতে কি বিষ ভক্ষণাদিতে ও চাণ্ডাল চোরকর্ত্তৃক হত হইলে ত্রিরাত্র হয়। জাতদন্ত সন্তান মরণে এবং বিদেশস্থ সপিণ্ড মরিলে সম্বৎসর মধ্যে শ্রবণ করিলেও ত্রিরাত্র হয়।

প্রমাণং। অনশনমৃতানামশনিহতানামগ্নিজলপ্রবিষ্টানাং ভৃগুসংগ্রামদেশান্তরমৃতানাং গর্ভাণাং জাতদন্তমৃতানাং ত্রিরাত্রমিতি কাশ্যপঃ॥

শাস্ত্রোক্ত ব্রত ব্যতীত অনশন অগ্নি, জল, অন্যায়যুদ্ধ, উচ্চপতনাদি দ্বারা আমি প্রাণ ত্যাগ করিব, এই অভিসন্ধিতে যে বক্তি মরে তাহার অগ্নিকার্য্য শ্রাদ্ধ, তর্পণাদি নাই এবং অশৌচও নাই। যথা।

ব্যাপাদয়েৎ য আত্মানং স্বয়ং যোঽগ্ন্যুদকাদিভিঃ।
বিহিতং তস্য নাশৌচং নাগ্নির্নাপ্যুদকাদিকং॥
ইতি কূর্ম্মপুরাণং।

বিশেষ তীর্থ জলাদিতে প্রবিষ্ট হইয়া দৈবাৎ মৃত্যু হইলে ব্রাহ্মণাদির অপঘাত জন্য ত্রিরাত্র, শূদ্রাদির সম্পূর্ণাশৌচ হয়, ইচ্ছাপূর্ব্বক ব্রাহ্মণাদিরা মরিলে অশৌচাদি নাই, শূদ্রাদির অশৌচাদি ব্যবহার করিতে হয়। অনন্তর সর্ব্ব বর্ণের ব্যবস্থা কহিতে ছেন, আত্মঘাতী বলিয়া যাহাদের উল্লেখ করা যায়, তাহাদেরও ব্যবস্থা কহিয়াছেন। পরস্ত্রী রমণকালে হঠাৎ মরিলে, কি ক্রোধী হইয়া তাহার পতি প্রভৃতি বান্ধবেরা বিনাশ করিলেও অসমান জাতি বর্ণসঙ্কর কি চণ্ডালাদির সহিত ক্রীড়ারূপ যুদ্ধ করিবার কালে তাহাদিগের দ্বারা হত হয়, এবং যে ব্যক্তি বিষ দান করে ও বিষ ভক্ষণ করাইয়া মারে ও অগ্নিদ্বারা পোড়াইয়া মারে, যে ব্যক্তি বৈধাতিরিক্ত মুণ্ডনাদি করে, এবং সর্ব্বদা যাহাদিগের বুদ্ধি পরাপকার করিতে বেগবতী হয়, ক্রোধভরে বিষভক্ষণ, উপবাস কি অগ্নি অথবা জলে প্রবেশ করতঃ, অথবা অস্ত্র শস্ত্রাদির আঘাতে কিম্বা উচ্চস্থান হইতে পতিত হইয়া, কিম্বা গলে রজ্জুবন্ধন করিয়া মরে এবং সজ্জাতি হইয়া ম্লেচ্ছবৎ চর্ম্মাস্থিময় পাত্র ব্যবহার করে, লোভাদিতে আকৃষ্ট হইয়া মনুষ্যের বধজন্য উপায় ও স্থানাদি করে, এবং মুখভগাস্ত্রী অর্থাৎ যে স্ত্রী যে পুরুষ মুখে শিশ্ন লইয়া মৈথুনকার্য্য নির্বাহ করে ও ব্রহ্মশাপে হত, এবং বিপ্রদ্বেষে ব্রাহ্মণ কর্ত্তৃক অভিচারাদিতে হত হয় ও ক্লীব এইরূপ জনগণ মহাপাতকী। ইহাদিগকে পতিত বলে, অতএব ইহাদিগের অগ্নিকার্য্য, অন্ত্যেষ্টিক্রিয়া, শ্রাদ্ধ, তর্পণ, অশৌচাদি নাই। যথা,—

পরদারান্ রমন্তশ্চেৎ দ্বেষাত্তৎপতিভির্হতাঃ।
অসমানৈশ্চ সংকীর্ণৈশ্চাণ্ডালাদ্যৈশ্চ বিগ্রহং॥
কৃত্বা তৈর্নিহতাস্তাংস্তু চাণ্ডালাদীন্ সমাশ্রিতাঃ।
গরাগ্নিবিষদাশ্চৈব পাষণ্ডাঃ ক্রূরবুদ্ধয়ঃ॥
ক্রোধাৎ প্রায়বিষং বহ্নিং শস্ত্রমুদ্বন্ধনং জলং।
গিরিবৃক্ষপ্রপাতঞ্চ যে কুর্ব্বন্তি নরাধমাঃ॥
কুশিল্পজীবিনশ্চৈব শূনালঙ্কারকারিণঃ।
মুখে ভগাশ্চ যে কেচিৎ ক্লীবপ্রায়া নপুংসকাঃ॥
ব্রহ্মদণ্ডহতা যে চ যে চৈব ব্রাহ্মণৈর্হতাঃ।
মহাপাতকিনো যে চ পতিতাস্তে প্রকীর্ত্তিতাঃ॥

পতিতানাং ন দাহঃ স্যাৎ নান্ত্যেষ্টির্নাস্থিসঞ্চয়ঃ।
নচাশ্রুপাতঃ পিণ্ডো বা কার্য্যং শ্রাদ্ধাদিকং ক্বচিৎ ॥

ইতি কূর্ম্মপুরাণং।

এই রূপ ব্যক্তির যদি কেহ দাহাদি করে, তবে তাহাকে তপ্তকৃচ্ছ্র দ্বয় ব্রত করিতে হইবে, তদভাবে ধেনুদান, তদভাবে বরাটক দান করিতে হইবে, অর্থাৎ (৭৷৷০ কাহন বরাটক দক্ষিণা (২৫৷৷০) কাহন উৎসর্গ করিতে হইবে। শূদ্রাদির অর্দ্ধেক, অতিবালকাদির একপাদ। যথা,—

এতানি পতিতানাস্তু যঃ করোতি বিমোহিতঃ।
তপ্তকৃচ্ছ্র দ্বয়েনৈব তস্য শুদ্ধির্ন চান্যথা ॥

ইতি কূর্ম্মপুরাণং।

ব্যবস্থাপত্রং।

পতিতানাং শবদাহাদিজনিতপাপক্ষয়ায় ব্রতাদ্যশক্তৌ ব্রাহ্মণাদিনা সার্দ্ধসপ্তকার্ষাপণদক্ষিণকসার্দ্ধপঞ্চবিংশতিকার্ষাপণবরাটকদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

অদ্যেত্যাদি অমুকে মাসি অমুকপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা পতিতশবদাহজনিতপাপক্ষয়কামঃ সার্দ্ধপঞ্চবিংশতিকার্ষাপণবরাটকান্ গন্ধাদ্যর্চ্চিতান্ শ্রীবিষ্ণুর্দৈবতান্ ব্রাহ্মণেভ্যোঽহং সংপ্রদদে। ইতি উৎসর্গবাক্যং।

অদ্যেত্যাদি অমুক দেবশর্ম্মা পতিতস্ত শবদাহাদিজনিতপাপক্ষয়কামনয়া কৃতৈতৎসার্দ্ধপঞ্চবিংশতিকার্ষাপণবরাটকদানকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামেতান্ সার্দ্ধসপ্তকার্ষাপণবরাটকান্ শ্রীবিষ্ণুর্দৈবতান্ ব্রাহ্মণেভ্যোঽহং সংপ্রদদে। ইতি দক্ষিণাবাক্যং।

অকৃতপ্রায়শ্চিত্ত কুষ্ঠাদিরোগযুক্ত ব্যক্তির মৃত্যু হইলে যে ব্যক্তিরা তাহার দাহ ও বহনাদি করে, তাহাদিগকে যতিচান্দ্রায়ণ ব্রত করিতে হইবে, তদভাবে (১১।০) এগার কাহন চারিপণ বরাটক উৎসর্গ করিয়া যথাশক্তি দক্ষিণা দিতে হইবে এবং দুশ্চর্ম্মাদি রোগেও এই প্রায়শ্চিত্ত। ব্যবস্থাপত্র দক্ষিণাবাক্যও পূর্ব্ববৎ।

পক্ষী, মৃগ, মৎস্য, শৃঙ্গী, দংষ্ট্রী, নখী কর্ত্তৃক হত ব্যক্তিকে এবং পতন, অনশন, জলাগ্নি প্রবেশনে মৃত ব্যক্তিকে শস্ত্রহত বলে, ইহারা তিন দিনের মধ্যে মরিলে ত্রিরাত্র, তাহার পর স্বজাত্যুক্ত অশৌচ হয়। প্রমাণং।

শস্ত্রাঘাতে ত্র্যহাদূর্দ্ধং যদি কশ্চিৎ প্রমীয়তে।
অশৌচং প্রাকৃতং তস্য শঙ্খস্য বচনং যথা॥
ইতি শঙ্খঃ।

যদি রোগাদিব্যতিরিক্ত ক্ষত হইয়া সপ্তাহের মধ্যে মরে তবে ত্রিরাত্র, তাহার পর সম্পূর্ণাশৌচ হয়। যথা প্রমাণং।

ক্ষতেন ম্রিয়তে যস্তু তস্যাশৌচং ভবেৎ দ্বিধা।
আসপ্তাহাৎ ত্রিরাত্রং স্যাৎ দশরাত্রমতঃপরং॥
ইতি ব্যাসঃ।

অথ সদ্যঃশৌচব্যবস্থা।

দুর্ভিক্ষে আহারাভাবে মরিলে, উপপ্লবে অর্থাৎ রাজপ্লবকালে রাজার হিতার্থে যুদ্ধ করিয়া মরিলে, রাজার রাজকর্ম্মে, পূর্ব্বসম্বৃত ব্রতীর ব্রতকালে, যাজ্ঞিকের যজ্ঞ-কালে, দেব প্রতিষ্ঠাকালে, বিবাহকালে, প্রত্যহ দানশীলের দানকালে, অশৌচপাত হয় না, আর শিল্পকারের শিল্পকর্ম্মে, রাজাজ্ঞাকারীর রাজার ইচ্ছাতে, বৈদ্যের চিকিৎসাতে, দাসী দাসের দাস্যকর্ম্মে মৃত্যু হইলেও সদ্য শৌচ হয়। প্রমাণং বিষ্ণুসূত্রং।

সদ্যঃশৌচং সমাখ্যাতং দুর্ভিক্ষে চাপ্যুপপ্লবে।
ডিম্বাহতে হতানাঞ্চ বিদ্যুতা পার্থিবৈর্দ্বিজৈঃ॥
নাশৌচং রাজ্ঞাং রাজকর্ম্মণি ন ব্রতীনাং ব্রতে ন
শস্ত্রিণাং শস্ত্রে ন কারূণাং স্বকর্ম্মণি ন রাজাজ্ঞাকা-
রিণাং তদিচ্ছয়া ন দেবপ্রতিষ্ঠাবিবাহয়োঃ পূর্ব্বসম্বৃ-
তয়োরিতি বিষ্ণুঃ।

অথ সহমরণাশৌচব্যবস্থা।

স্ত্রীলোকের সহমরণ বা অনুমরণে জ্ঞাতি পুত্রাদির ত্রিরাত্র হয়। অগ্নি

জলপ্রবিষ্টানামিতি, প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে। কিন্তু ব্রাহ্মণপত্নীর সহমরণ ব্যতীত অনুমরণ নাই। যথা প্রমাণং।

পৃথক্‌চিতাং সমারুহ্য ন বিপ্রা গন্তুমর্হতীতি।

সহমরণাশৌচাপেক্ষা পতিমরণাশৌচ গুরু হয়, সুতরাং গুরু অশৌচে লঘু অশৌচ নাশ পায়। যদি সংগ্রামাদিতে হত পতির লঘু অশৌচ হয়, তথাপি সহগমন করিলে সহমরণাশৌচ থাকিবে না। কিন্তু যদি পৃথক্ চিতারোহণ করে, তবে ত্রিরাত্র হইবে। প্রমাণং।

সংস্থিতং পতিমালিঙ্গ্য প্রবিশেদ্‌যা হুতাশনং।
তস্যাঃ পিণ্ডাদিকং দেয়ং ক্রমশঃ পতিপিণ্ডবদিতি ॥

অথ অশৌচমধ্যে কর্ত্তব্যতা।

পুত্র জন্মাইলে পর যদি অন্য অশৌচপাত হয়, তথাপি তন্মধ্যে জাতকর্ম্ম, সূতিকাষষ্ঠীপূজাদি করিবে, এবং অশৌচের মধ্যে কেবল বৈধ স্নান পঞ্চযজ্ঞ সন্ধ্যাবন্দনাদি করিতে পারিবে না। প্রমাণং।

সন্ধ্যাং পঞ্চমহাযজ্ঞান্ নৈত্যিকং স্মৃতিকর্ম্ম চ।
তন্মধ্যে হাপয়েত্তেষাং দশাহান্তে পুনঃ ক্রিয়া ইতি ॥

অশৌচে দেব ব্রাহ্মণাদিকে অভিবাদন করিবে না, এবং ব্রাহ্মণাদিরা প্রণাম করিলে প্রত্যভিবাদনও করিবে না। প্রমাণং।

অভিবাদয়েদিত্যবৃত্তৌ শঙ্খলিখিতৌ।
নাশুচির্ন জপন্ দৈবপিতৃকর্ম্ম কুর্ব্বন্নিতি।
অপ্রযতায় অপ্রযতো ন প্রত্যভিবাদয়েদিতি চ ॥

অশৌচের মধ্যে যে রূপে ইষ্টপূজাদি করিবে তাহার ব্যবস্থা দিতেছেন। আগমসম্মত মানসে ধ্যানযোগে বাহ্য পূজানুক্রমে ইষ্টপূজা করিবে।

প্রমাণং। অথ সূতকিনঃ পূজাং বক্ষ্যাম্যাগমসম্মতাং।
স্নাত্বা নিত্যঞ্চ নির্ব্বর্ত্ত্য মানস্যা ক্রিয়য়া তু বৈ।
বাহ্যপূজাক্রমেণৈব ধ্যানযোগেন পূজয়েৎ॥

কিন্তু অশৌচ মধ্যে মন্ত্রোচ্চারণ না করিয়া মন্ত্র স্মরণ করিতে পারে।

প্রমাণং। যদিস্যাদশুচিস্তত্র স্মরেন্মন্ত্রং নতুচ্চরেদিতি।
ন দেশনিয়মস্তত্র ন কালনিয়মস্তথা।
নোচ্ছিষ্টাদৌ নিষেধশ্চ হরের্নামানি পূজকা ইতি॥

অশুচি ব্যক্তির স্পৃষ্ট লবণ, মধু, মাংস, পুষ্প, মূল, ফল, কাষ্ঠ, তৃণ, জল, দধি, দুগ্ধ, ঘৃত, তৈল, ঔষধি, অজিন, তণ্ডুল, শক্তু, লাজাদি দ্রব্য এবং পণ্যদ্রব্য গ্রহণে দোষ হয় না। প্রমাণং।

লবণে মধুমাংসে চ পুষ্পমূলফলেষু চ।
লাজকাষ্ঠতৃণেষ্বপ্সু দধিসর্পিঃপয়ঃসু চ॥
তৈলৌষধ্যজিনে চৈব পক্বাপক্বে স্বয়ংগ্রহে।
পণ্যেষু চৈব সর্ব্বেষু নাশৌচং মৃতসূতকে ইতি॥

অযাচঞায় যদি কেহ কোন দ্রব্য দেয় তবে গ্রহণ করিতে পারে, কিন্তু কুলটা স্ত্রী কিম্বা কর্ম্মত্যাগী ষণ্ড ব্যক্তি অথবা দেবদ্বেষী ও পতিত ব্যক্তি দিলে গ্রহণ করিতে পারে না। প্রমাণং যথা।

অযাচিতাশনং গ্রাহ্যমপি দুষ্কৃতকর্ম্মিণাং।
অন্যত্র কুলটাষণ্ডপতিতেভ্যো দ্বিষস্তথা ইতি॥

অথ শবানুগমনাদিব্যবস্থা।

বুদ্ধিপূর্ব্বক ব্রাহ্মণ যদি ব্রাহ্মণের শবানুগমন করে, তবে পরিধেয় বস্ত্র সহিত স্নান করত অগ্নিস্পর্শ করিয়া ঘৃত ভোজন করিলে শুদ্ধ হয়। ক্ষত্রিয়ের শবানুগমনে একরাত্র উপবাস, বৈশ্যের শবানুগমনে দিনদ্বয়োপবাস, শূদ্রের শবানুগমনে দিনত্রয়োপবাস, আর এক শত প্রাণায়াম করিলে শুদ্ধি হয়। যথা;

প্রেতভূতং দ্বিজং বিপ্রো যোঽনুগচ্ছতি কামতঃ।
স্নাত্বা সচেলং স্পৃষ্ট্বাগ্নিং ঘৃতং প্রাশ্য বিশুদ্ধ্যতি ॥
একাহাৎ ক্ষত্রিয়ে শুদ্ধির্ব্বৈশ্যে চ স্যাৎ দ্ব্যহেন তু।
শূদ্রে দিনত্রয়ং প্রোক্তং প্রাণায়ামশতং পুনঃ ॥
ব্রাহ্মণেনানুগন্তব্যো ন তু শূদ্রঃ কথঞ্চন।
অনুগম্যাম্ভসি স্নাত্বা হ্যগ্নিস্পৃক্ ঘৃতভুক্ শুচিঃ ॥

ইতি কূর্ম্মপুরাণং।

দ্বিজাতির স্নিগ্ধাস্থি অর্থাৎ সরস অস্থি দ্বিজাতি স্পর্শ করিলে সবস্ত্র জলে অবগাহন করিবে। আর নিরসাস্থি স্পর্শ করিলে আচমন, গোস্পর্শ সূর্য্যদর্শনে শুদ্ধি হইবে। প্রমাণং।

নারং স্পৃষ্টাস্থি সস্নেহং সচেলো জলমাবিশেৎ।
আচম্যৈব তু নিঃস্নেহং গামালভ্যার্কমীক্ষ্য বা ॥

ইতি বশিষ্ঠঃ।

শূদ্রাদির সরস অস্থি স্পর্শ করিলে ব্রাহ্মণাদিরা ত্রিরাত্র অশুদ্ধ হয়, শুষ্কাস্থি স্পর্শে অহোরাত্রাশৌচ হয়। প্রমাণং।

মনুষ্যাস্থি স্নিগ্ধং স্পৃষ্ট্বা ত্রিরাত্রমশৌচং।
অস্নিগ্ধেনাহোরাত্রমিতি বশিষ্ঠঃ।

ধর্ম্মবুদ্ধিতে অনাথ ব্রাহ্মণের দহন বহন করিলে সবস্ত্র স্নান ও ঘৃত ভোজন করিলে সদ্যঃশৌচ হয়, সম্বন্ধ থাকিলে ত্রিরাত্রাশৌচ হইবে।

প্রমাণং। অনাথঞ্চৈব নির্হৃত্য ব্রাহ্মণং ধনবর্জ্জিতং।
স্নাত্বা সংপ্রাশ্য তু ঘৃতং শুদ্ধ্যন্তি ব্রাহ্মণাদয় ইতি ॥
অসম্বন্ধিনো দ্বিজান্ দহিত্বা বহিত্বা চ সদ্যঃশৌচং
সম্বন্ধে ত্রিরাত্রমিতি।

ধনলোভে যদি ব্রাহ্মণাদি বর্ণচতুষ্টয় স্বজাতীয় ভিন্নগোত্রের শবদাহাদি করে, তবে সর্ব্ববর্ণেরই সম্পূর্ণাশৌচ হয়, যদি ভিন্নজাতির শব ভিন্ন জাতি দাহ করে,

তবে যে জাতির শব সেই জাতির যে অশৌচ তাহাই সম্পূর্ণ গ্রহণ করিতে হইবে। প্রমাণং।

যদি নির্হরতি প্রেতং প্রলোভাক্রান্তমানসঃ।
দশাহেন দ্বিজঃ শুদ্ধেৎ দ্বাদশাহেন ভূমিপঃ॥
অর্দ্ধমাসেন বৈশ্যস্তু শূদ্রো মাসেন শুদ্ধ্যতীতি।
অবরশ্চেৎ বরং বর্ণমবরং বা বরো যদি।
অশৌচং সংস্পর্শেৎ স্নেহাৎ তদাশুচ্যেন শুদ্ধ্যতীতি॥

অথ সম্বন্ধিনাং দাহাশৌচব্যবস্থা।

স্নেহপ্রযুক্ত সম্বন্ধরহিত ব্যক্তিকে দাহাদি করিলে একাহ অশৌচ, কিন্তু তাহার গৃহে বাস করিলে ত্রিরাত্রাশৌচ হইবে, এবং তদ্‌গৃহবাসে যদি তদন্নভোজন করে, তবে সম্পূর্ণ দশরাত্র অশুচি হইবে। প্রমাণং।

অসপিণ্ডং দ্বিজং প্রেতং বিপ্রো নির্হৃত্য বন্ধুবৎ।
বিশুদ্ধ্যতি ত্রিরাত্রেণ মাতুরাপ্তাঞ্চ বান্ধবান্।
যদ্যন্নমত্তি তেষাং বৈ দশাহেন বিশুদ্ধ্যতীতি।

অথ চিতাধূমসেবনাশৌচব্যবস্থা।

চিতাধূম সেবন করিলে, সর্ব্ববর্ণেরই স্নান করিলে শুদ্ধি হয়। প্রমাং

চিতাধূমসেবনে সর্ব্বে বর্ণাঃ স্নানমাচরেয়ুরিতি বিষ্ণু

অথ অশ্রুপাতাশৌচব্যবস্থা।

শূদ্র মরিলে ব্রাহ্মণেরা যদি তাহার গৃহে গিয়া অস্থিসঞ্চয়নের পূর্ব্বে শোকাশ্রুপাত করে, তবে ত্রিরাত্রাশৌচ, যদি অস্থিসঞ্চয়নের পর একমাস মধ্যে তদ্‌গৃহে অশ্রুপাত করে, তবে একাহাশৌচ হয়। প্রমাণং।

অস্থিসঞ্চয়নাদর্ব্বাক্ যদি বিপ্রোঽশ্রু পাতয়েৎ।
মৃতে শূদ্রে গৃহং গত্বা ত্রিরাত্রেণ বিশুদ্ধ্যতি॥

অস্থিসঞ্চয়নাদূর্দ্ধং যাবন্মাসং দ্বিজোত্তমাঃ।
দিবসেনৈব শুদ্ধ্যন্তি বাসসাং ক্ষালনেন চ॥

ইতি পারস্করঃ।

ক্ষত্রিয় বৈশ্য রোদন করিলে দুই দিন অশুচি হয়, শূদ্র সর্ব্বত্রেই নক্ত করিবে, মৃত ব্যক্তির বান্ধবের সহিত রোদন না করিয়া বিলাপ করিলেও অহোরাত্র অশুচি হইবে, স্থানান্তরে রোদন করিলে একরাত্রাশৌচ হইবে। যথা;

স্বজাতের্দ্দিবসেনৈব দ্ব্যহাৎ ক্ষত্রিয়বৈশ্যয়োঃ।
স্পর্শং বিনানুগমনে শূদ্রো নক্তেন শুদ্ধ্যতি॥
মৃতস্য বান্ধবৈঃ সার্দ্ধং কৃত্বা তু পরিবেদনং।
বর্জ্জয়েত্তদহোরাত্রং দানং স্বাধ্যায়কর্ম্ম চ॥

ইতি পারস্করঃ।

অথ অঙ্গাস্পৃশ্যত্বনির্ণয়ঃ।

সম্পূর্ণ মৃতাশৌচ হইলে ব্রাহ্মণের চারিদিন, ক্ষত্রিয়ের ছয় দিন, বৈশ্যের অষ্ট দিন, শূদ্রের দশ দিন সম্পূর্ণাশৌচে অঙ্গ অস্পৃশ্য হয়। প্রমাণং।

চতুর্থেঽহনি বিপ্রস্য ষষ্ঠে বৈ ক্ষত্রিয়স্য চ।
অষ্টমে দশমে চৈব স্পর্শঃ স্যাৎ বৈশ্যশূদ্রয়োঃ।

ইতি সম্বর্ত্তঃ।

খণ্ডাশৌচ হইলে ঐ অশৌচসংখ্যা দিবসকে তিন ভাগ করিয়া তার এক ভাগের অন্তর হইলে তদঙ্গ স্পর্শযোগ্য হইবে। প্রমাণং।

অশৌচকালাদ্বিজ্ঞেয়ং স্পর্শনন্তু ত্রিভাগতঃ।

ইতি দেবলঃ।

অশৌচ অতিক্রান্ত হইলে সবস্ত্র স্নান করিলে অস্পৃশ্যত্ব থাকে না।

প্রমাণং। আতিক্রান্তাশৌচে সচেলঃ স্নাত্বা এব অঙ্গা-
স্পৃশ্যত্বনিবৃত্তিরিতি মনুবচনাৎ।

জননাশৌচে সপিণ্ডবর্গের অঙ্গের অস্পৃশ্যত্ব হয় না, পুত্রজননে পিতার ও মাতার স্নানে শুদ্ধি হয়। প্রমাণং।

সূতকে তু সপিণ্ডানাং সংস্পর্শো নৈব দূষ্যতি।
ইতি কূর্ম্মপুরাণং।

ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যপত্নীর পুত্র কন্যা জননে দশ দিন অঙ্গের অস্পৃশ্যত্ব হয়। শূদ্রপত্নীর ত্রয়োদশ দিবস অস্পৃশ্যত্ব হয়। প্রমাণং।

ব্রাহ্মণী ক্ষত্রিয়া বৈশ্যা প্রসূতা দশভির্দ্দিনৈঃ।
গতৈঃ শূদ্রা তু সংস্পৃশ্যা ত্রয়োদশভিরেব চ॥
ইতি আদিপুরাণং।

পিতা বিমাতা যদি সূতিকাস্পর্শ করে, তবে মাতার সমান অস্পৃশ্যত্ব হয়, অন্যের হয় না। প্রমাণং যথা।

মাতুরেব সূতকং তাং স্পৃশতঃ পিতুর্নেতরেষাং।
ইতি বিষ্ণুঃ।

অজা গো মহিষী সূতিকা ব্রাহ্মণী এবং বর্ষাতিরিক্তকালে ভূমিষ্ঠ নবোদক, ও নবখাতের জল দশদিবসের পর শুদ্ধ হয়, বর্ষাকালে ভূমিগত বৃষ্টি জল তিন দিবসের পর শুদ্ধ হয়। ইহা পান করিলে এক দিন উপবাস করিতে হয়, পান স্নান আচমন দেবপূজা পিতৃতর্পণাদি করিবে না, আর শূদ্রকর্ত্তৃক আনীত জলেও পূজা তর্পণাদি করিবে না, মেঘনিঃসৃত জলদ্বারাও করিতে নিষেধ করিয়াছেন। প্রমাণং।

অজা গাবো মহিষ্যশ্চ ব্রাহ্মণী চ প্রসূতিকা।
দশরাত্রেণ শুদ্ধ্যন্তি ভূমিষ্ঠঞ্চ নবোদকং॥
নবখাতজলং গাবো মহিষ্যশ্ছাগযোনয়ঃ।
শুদ্ধ্যন্তি দিবসৈরেব দশভির্নাত্র সংশয়ঃ।

কালে নবোদকং শুদ্ধং ন পাতব্যস্তু তত্র্যহং॥
অকালে তু দশাহং স্যাৎ পীত্বা নাদ্যদহর্নিশং।
স্নানমাচমনং দানং দেবতাপিতৃতর্পণং।
শূদ্রোদকৈর্ন কুর্ব্বীত তথা মেঘবিনিঃসৃতৈরিতি যমঃ।

বৃষ্টিজল স্পর্শ করিতে নিষেধ নাই, কেবল পানাচমনাদিতেই নিষিদ্ধ। প্রমাণং। অভৌমমম্ভো বিসৃজন্তি মেঘাঃ পূতং পবিত্রং পবনৈঃ সুগন্ধীত্যাদি।

অথ দ্রব্যশুদ্ধিঃ।

সুবর্ণ, রজত, শঙ্খ, শুক্তি, প্রস্তর, রত্ননির্ম্মিত পাত্র এবং কাংস্য, পিত্তল, তাম্র, লৌহ, রঙ্গ, সীসকাদি পাত্র লেপরহিত হইলে কেবল জলে প্রক্ষালন করিলেই শুদ্ধ হয়। প্রমাণং।

সুবর্ণরৌপ্যশঙ্খাশ্মশুক্তিরত্নময়ানি চ।
কাংস্যায়স্তাম্ররৈত্যানি ত্রপুসীসময়ানি চ॥
নির্লেপানি বিশুদ্ধ্যন্তি কেবলেন জলেন চ॥

ইতি ব্রহ্মপুরাণং।

সেই পাত্রে যদি শূদ্রাদিরা ভোজন করে, তবে ক্ষার অম্ল জল দ্বারা মার্জ্জন করিলে শুদ্ধ হয়, সূতিকা রজস্বলাদি স্পৃষ্ট হইলে অগ্নিতে যাবৎ সহ্য হয় তাবৎ প্রক্ষেপ করিলে শুদ্ধ হয়। প্রমাণং।

শূদ্রোচ্ছিষ্টানি শুদ্ধ্যন্তি ত্রিধা ক্ষারাম্লবারিভিঃ।
সূতিকাশববিণ্মূত্ররজস্বলাহতানি চ॥
প্রক্ষিপ্তব্যানি তান্যগ্নৌ যচ্চ যাবৎ সহেদপি॥

ইতি ব্রহ্মপুরাণং।

স্বর্ণ রৌপ্য জলে শুদ্ধ, কাংস্য ভস্মে শুদ্ধ, তাম্র পিত্তল অম্লে শুদ্ধ, পুনরগ্নিপাকে মৃণ্ময় শুদ্ধ হয়।

অম্ভসা হেমরৌপ্যায়ঃ কাংস্যং শুদ্ধ্যতি ভস্মনা।
অম্লৈস্তাম্রঞ্চ রৈত্যঞ্চ পুনঃ পাকেন মৃণ্ময়ং ॥

ইতি বৃহস্পতিঃ।

সামান্যত শুদ্ধি বলিয়া বিশেষ বলিতেছেন। তাম্র রজত স্বর্ণ লৌহ স্ফটিক ভগ্নাভগ্ন সমান, ত্যাজ্য নহে। প্রমাণং।

তাম্ররজতসুবর্ণাশ্মস্ফটিকানাং ভিন্নমভিন্নং।

ইতি দেবলঃ।

শৃঙ্গ দন্ত অস্থিময় দারুময় পাত্র চাঁছিয়া ফেলিলে শুদ্ধ হয় মৃণ্ময় ত্যাগ করিবে, অগ্নিদাহে লৌহ শুদ্ধ হয় ইহাও দেবল কহিয়াছেন।

ভগ্ন কাংস্যপাত্রে ভোজন করিলে অশুচি হয়, বিশুদ্ধার্থে ভোক্তা নদীতে স্নান করিয়া একাহারী হইয়া অষ্টোত্তর সহস্র গায়ত্রী জপ করিবে।

ভিন্নকাংস্যে তু যোঽশ্নীয়াৎ নদ্যাং স্নাত্বা জপন্ দ্বিজঃ।
গায়ত্র্যষ্টসহস্রন্তু একভুক্তস্ততঃ শুচিরিতি বৌধায়নঃ ॥

বাপী কূপ তড়াগাদির জলে মৃত শরীর স্পর্শ হইলে ঐ জল অশুদ্ধ হয়।

প্রমাণং। যেষামভক্ষ্যমাংসঞ্চ তৎশরীরৈর্যুতঞ্চ যৎ।
বাপীকূপতড়াগেষু জলং সর্ব্বত্র দূষ্যতীতি ॥

অতঃপর কূপাদির জলশুদ্ধি কহিয়াছেন, কূপাদি হইতে শত বা ষষ্টি কিম্বা ত্রিংশৎ কুম্ভ জল উত্তোলন করত সমন্ত্র পঞ্চগব্য প্রক্ষেপ করিলে কূপাদিস্থ জলের শুদ্ধি হয়। প্রমাণং।

শতং ষষ্ট্যথবা ত্রিংশৎ তোয়কুম্ভান্ সমুদ্ধরেৎ।
পঞ্চগব্যং ততস্তেষু প্রক্ষিপেন্মন্ত্রপূর্ব্বকমিতি ॥

অথ গৃহশুদ্ধিঃ।

ব্রাহ্মণের গৃহে যদি শূদ্র মরে তবে এক মাসের পর সেই গৃহ শুদ্ধ হয়, কুক্কুর বিড়ালাদি মরিলে দশ দিন গত হইলে শুদ্ধ হয়, পতিত ব্যক্তি মরিলে

মাসদ্বয়ের পর শুদ্ধ হয়, ম্লেচ্ছ যবনাদি মরিলে চারি মাসের পর শুদ্ধ হয়, চণ্ডাল মরিলে গৃহত্যাগ করিতে হয়। প্রমাণং।

দশরাত্রাৎ শুনি মৃতে মাসাৎ শূদ্রে ভবেৎ শুচিঃ।
দ্বাভ্যাঞ্চ পতিতে গেহমন্ত্যে মাসচতুষ্টয়াৎ॥
অত্যন্ত্যে বর্জ্জয়েদ্‌গেহমিত্যেব মনুরব্রবীদিতি॥

ব্রাহ্মণ মরিলে তিন দিবসের পর গৃহশুদ্ধি হয়। প্রমাণং।

ব্রাহ্মণমরণে দিনত্রয়ানন্তরং শুদ্ধিরিতি।

যে গৃহের মধ্যে এই জীব সকলের মৃত্যু হয়, সেই গৃহের মধ্যে যদি মৃণ্ময় ভাণ্ড থাকে, কিম্বা পাক করা অন্ন থাকে, তবে তাহা দূরে নিক্ষেপ করিয়া গোময় দ্বারা উপলেপন করত ছাগলের আঘ্রাণ ও ব্রাহ্মণ দ্বারা শান্তিমন্ত্র পাঠ করাইয়া স্বুবর্ণ-কুশবারি দ্বারা অভ্যুক্ষণ করিলে শুদ্ধ হয়। প্রমাণং।

গৃহশুদ্ধিং প্রবক্ষ্যামি অন্ত্যজশবদূষিতে।
প্রোৎসৃজ্য মৃণ্ময়ং ভাণ্ডং সিদ্ধমন্নং তথৈব চ॥
গৃহাদপাস্য তৎ সর্ব্বং গোময়েনোপলেপয়েৎ।
গোময়েনোপলিপ্যাথ ছাগেনাঘ্রাপয়েদ্বুধঃ॥
ব্রাহ্মণৈর্মন্ত্রপূতৈশ্চ হিরণ্যকুশবারিভিঃ।
সর্ব্বমভ্যুক্ষয়েৎ বেশ্ম ততঃ শুদ্ধ্যত্যসংশয় ইতি।

অথ অস্থ্যাদ্যপ্রাপ্তে কুশপত্রদাহঃ।

দহনযোগ্য মনুষ্য মরিলে তাহার শব কি অস্থি যদি না পাওয়া যায়, তবে শর-পত্র দ্বারা পুতুল গড়িয়া তাহার মস্তক প্রভৃতিতে (৩৬০) পলাশপত্র দিয়া ভেড়াব লোমের সূত্রে বেষ্টন করত যবপিষ্ট দ্বারা লেপন করিয়া দাহ করিবে, কিন্তু মস্তকে একটী তরুণ নারিকেল দিবে। মস্তকে পলাশপত্র (৪০) গলাতে (১০) বক্ষঃস্থলে ৩০) জঠরে (২০) বাহুতে (১০০) অঙ্গুলিতে (১০) অণ্ডকোষে (৬) পুরুষাঙ্গে (৪) উরুতে (১০০) জানুজঙ্ঘাতে (৩০) পাদাঙ্গুলিতে (১০)। এই (৩৬০) পলাশপত্র দিবার স্থান।

অথ দাহাধিকারিণঃব্যবস্থা।

পুরুষের দাহ অবধি সপিণ্ডীকরণ পর্য্যন্ত ক্রিয়ার অধিকারী জ্যেষ্ঠপুত্র হয়, তদভাবে কনিষ্ঠ পুত্র, পৌত্র, প্রপৌত্র, অপুত্রা পত্নী, সপুত্রা পত্নী। অদত্তা কন্যা, তদভাবে দত্তা কন্যা, দৌহিত্র, জ্যেষ্ঠভ্রাতা, কনিষ্ঠভ্রাতা, তদভাবে বৈমাত্রেয় ভ্রাতা, তদভাবে সহোদর ভ্রাতৃপুত্র, ইহার অভাবে বৈমাত্রেয় ভ্রাতৃপুত্র, তদভাবে পিতা, মাতা, পুত্রবধূ, পৌত্রবধূ, অদত্তা পৌত্রী, দত্তা পৌত্রী, অদত্তা প্রপৌত্রী, দত্তা প্রপৌত্রী, তদভাবে পিতৃব্য, পিতামহ, তদভাবে সপিণ্ড জ্ঞাতি, সমানোদক, তদভাবে সগোত্র মাতামহ, মাতামহী, মাতুল, ভাগিনেয়, মাতামহ সপিণ্ড ও তৎসমানোদক, তদভাবে বাগ্‌দানকৃতা ভার্য্যা, শ্বশুর, জামাতা পিতামহীর ভ্রাতা, গুরু, শিষ্য, পুরোহিত, আচার্য্য, মিত্র, সখা, এতদভাবে একগ্রামনিবাসী স্বজাতি, এবং গৃহীতবেতন স্বজাতি, পুরুষের দাহাদি ক্রিয়াকারক হয়। প্রমাণং।

জ্যেষ্ঠপুত্রঃ কনিষ্ঠশ্চ ততঃ পৌত্রপ্রপৌত্রকৌ।
অপুত্রা চ ততঃ পত্নী সপুত্রা তদনন্তরং॥
অদত্তা বাগ্‌দত্তা বা প্রদত্তা কন্যকা নৃপ।
দৌহিত্রোঽথ কনিষ্ঠশ্চ সোদরো জ্যেষ্ঠসোদরঃ॥
এবং বিমাতৃজৌ জ্ঞেয়ৌ সোদরস্য সুতস্ততঃ।
বৈমাত্রেয়স্য পুত্রশ্চ পিতা মাতা স্নুষা ততঃ॥
পৌত্রী পৌত্রস্য ভার্য্যাথ প্রপৌত্রী ততঃপুরং।
প্রপৌত্রী সপিণ্ডশ্চ সমানোদকগোত্রজৌ।
মাতামহো মাতুলশ্চ ভাগিনেয়স্ততঃ পরং॥
মাতামহসপিণ্ডশ্চ তৎসমানোদকস্ততঃ।
বাগ্দাননিশ্চিতা ভার্য্যা শ্বশুরো দুহিতুঃপতিঃ॥
ততঃ পিতামহী ভ্রাতা শিষ্যাচার্য্যস্ততঃ সখা।
পিতুর্মিত্রঃ স্বজাতীয়ঃ পুংসাং দাহাধিকারকঃ॥

স্ত্রীলোকের দাহাদি ক্রিয়াতে প্রথম জ্যেষ্ঠপুত্র অধিকারী হয়, তাহার অভাবে কনিষ্ঠ পুত্র, পৌত্র প্রপৌত্র, অদত্তা কন্যা বাগ্‌দত্তা কন্যা দত্তা কন্যা

দৌহিত্র তদভাবে সপত্নীপুত্র, পতি বধূ সপিণ্ড সমানোদক স্বগোত্র, পিতা ভ্রাতা ভগিনী ভ্রাতৃভগিনীপুত্র, পতির ভ্রাতা তৎপুত্র, পতির ভাগিনেয় জামাতা পতির মাতুল পতির শিষ্য ইত্যাদি পিতৃমাতৃবংশ্যেরা পর পর ক্রমে অধিকারী হয়। প্রমাণং।

স্ত্রীণাস্ত্বেবং প্রপৌত্রান্তঃ কন্যাস্তিস্রস্তথা নৃপ।
দৌহিত্রোঽথ সপত্নীজঃ পতিঃ স্নুষা সপিণ্ডকঃ॥
সমানোদক এবাথ সগোত্রোঽথ পিতা ততঃ।
ভ্রাতাথ ভগিনীপুত্রঃ ভর্ত্তুশ্চ ভগিনীসুতঃ॥
ভ্রাতুষ্পুত্রোঽথ জামাতা ভর্ত্তুর্মাতুলশিষ্যকৌ।
পিত্রোর্বংশ্যৌ স্বজাতীয়ৌ স্ত্রীণাং দাহাধিকারকঃ॥

যে ব্যক্তি মৃতব্যক্তির দাহ করিবে সেই ব্যক্তিই তাহার পূরক দশপিণ্ড দান করিবে। প্রমাণং।

অসগোত্রঃ সগোত্রো বা স্ত্রিয়ো বা পুরুষোঽপি বা।
যশ্চাগ্নিদাতা প্রেতস্য পিণ্ডং দদ্যাৎ স এব হি ইতি॥

এবং দাহক ব্যক্তি অশক্ত হইলে পুত্রাদিরা পূরক পিণ্ডদান করিতে পারে।

প্রমাণং। দাহকস্য ত্বসামর্থ্যে পিণ্ডা দেয়াঃ সুতাদিনা ইতি।

পূরকাদিদান অশৌচমধ্যেই কর্ত্তব্য, যদি না পারে, তবে আদ্যশ্রাদ্ধের পূর্ব্বদিন করিবে। প্রমাণং।

তাবৎ পিণ্ডাস্তু দাতব্যা যাবৎ স্যাৎ তদশৌচকং।
মুখ্যস্ত্বশৌচে দশপিণ্ডদানং দৈবাদশৌচে ন চ পিণ্ডদানং।
তদাদ্যশ্রাদ্ধাৎ পুরতো হি কার্য্যং মুখ্যে হি কালে-
ঽকরণে চ গৌণে ইতি॥

অথ পূরকপিণ্ডদানস্য ব্যবস্থা।

ত্র্যহাশৌচে প্রথম দিনে এক পিণ্ড, দ্বিতীয় দিনে (৪) চারি পিণ্ড, তৃতীয় দিনে (৫) পূরকপিণ্ড দিবে। অথবা প্রথম দিনে (৩), দ্বিতীয়দিনে (৪), তৃতীয় দিনে (৩) পূরক দিবে।

চতুর্থাশৌচে। প্রথম ও চতুর্থ দিনে (২) চারি পূরক, দ্বিতীয় তৃতীয় দিনে তিন (২) ছয় পূরক দিবে।

পঞ্চাহাশৌচে। প্রথম এবং পঞ্চম দিনের এক (২) দুই পূরক, দ্বিতীয় চতুর্থ দিনে দুই (২) চারি পূরক, তৃতীয় দিনে (৪) পূরক।

ষড়হাশৌচে। দ্বিতীয় চতুর্থ দিনে তিন ২ ছয় পূরক, অপর প্রত্যেক দিনে এক ২ পূরক দিবে।

সপ্তাহাশৌচে। দ্বিতীয় তৃতীয় চতুর্থ পঞ্চম দিনে দুই ২ (৮) পূরক প্রথম শেষ এক ২ দুই পূরক।

অষ্টাহাশৌচে। চতুর্থ পঞ্চম দিনে দুইচারি, অপর ছয় দিনে এক ২ পূরক দিবে।

নবাহাশৌচে। পঞ্চম দিনে দুই, অপর প্রতি দিন এক ২ পূরক দিবে।

দশাহাশৌচে। প্রতি দিন এক ২ পূরক পিণ্ডদান করিবে।

পক্ষিণী অশৌচে। দুই দিনে পাঁচ ২ দশ পূরক দিবে।

দ্বাদশাহে পঞ্চদশাহে ত্রিংশদহে প্রথমাবধি নয় দিনে নয় পিণ্ড, শেষ দিনে এক পিণ্ড দিবে।

সদ্য এবং একাহাশৌচে। এক দিনেই দশ পিণ্ড দিবে। প্রমাণং।

ত্র্যহাশৌচে প্রদাতব্যং প্রথমে ত্বেক এব হি।
দ্বিতীয়েঽহনি চত্বারস্তৃতীয়ে পঞ্চ চৈব হি॥
অথবা প্রথমে দেয়াস্ত্রয়ঃ পিণ্ডাঃ সমাহিতৈঃ।
দ্বিতীয়ে চতুরো দদ্যাৎ ত্রয়ো দদ্যাৎ তৃতীয়কে॥
সদ্যঃশৌচে তু দাতব্যা দশপিণ্ডাস্তথৈকদা।
পিণ্ডং শূদ্রায় দাতব্যং নবস্থ দিবসেষু চ।
অশৌচান্তদিনে দেয়ং দশমং পিণ্ডমেব চ ইতি॥

প্রেতপিণ্ড পূরকাদিতে স্বধাপদ প্রয়োগ করিবে না, অতএব যেরূপে পিণ্ডদান করিবে তাহা লিখিতেছি। প্রমাণং।

ন স্বধেতি প্রযুঞ্জীত প্রেতপিণ্ডে দশাহিকে।
ভাষিতংতচ্চ পিণ্ডং বৈ দেবদত্তস্য পূরকমিতি॥

পূরকপিণ্ডদানক্রমঃ।

দাহাদি করিয়া পরে পূরক পিণ্ডদান করিবে তাহার ক্রম। দুই প্রসৃতি তণ্ডুল লইয়া দুই বার প্রক্ষালন করিয়া ঈশানদিকে মৃণ্ময়পাত্রে সুন্দর পাক করিয়া পবিত্র-হস্ত হইয়া বিপরীত উত্তরী করত বামজানু ভূমে পাতিয়া দক্ষিণমুখ হইয়া চারি অঙ্গুলি উচ্চ একহস্ত চারিদিকে বিস্তার মৃত্তিকার বেদী করিয়া কুশবারি ক্ষেপ করিবে, দক্ষিণদিক্ নীচ করিয়া তাহার উপর নৈঋর্তিক্রমে চতুষ্কোণ রেখা করত কুশাস্তরণ পাতিয়া তিল নিক্ষেপ করিয়া এই মন্ত্র পড়িবে।

অমুকগোত্র প্রেত অমুক দেবশর্ম্মন্নবনেনিক্ষ্ব ইতি জলদানং।

অনন্তর তিল মধু ঘৃত মিশ্র তপ্তপিণ্ড বদরি প্রমাণ লইয়া কুশোপরি দান করিবে।

যথা। অদ্যেত্যাদি অমুকগোত্রস্য প্রেতস্যামুকদেবশর্ম্মণঃ এতত্তে প্রথমং পিণ্ডং পূরকমিতি।

পুনর্ব্বার হস্তক্ষালনজল উপরি উক্ত অবনেনিক্ষ্ব মন্ত্রে পিণ্ডোপরি দিবে। ঊর্ণ-বাস লইয়া পিণ্ডে দিবে যথা।

অমুকগোত্র প্রেতামুকদেবশর্ম্মন্নেতত্তে ঊর্ণাতন্তুময়ম্বাস ইতি।

অনন্তর কাঁচা মৃণ্ময়পাত্রে পিণ্ডসন্নিধিতে জলাঞ্জলি রাখিবে। গন্ধ পুষ্প যথাশক্তি পিণ্ডোপরি দিয়া যে পর্য্যন্ত ধূম উঠিবে সে পর্য্যন্ত পিণ্ডসমীপে থাকিয়া দেখিবে, পরে জলে বিসর্জ্জন করত গৃহে আসিবে। অকৃতোপনীত বালক ও অনূঢ়া কন্যা বিনা কুশাস্তরণে পিণ্ডদান করিবে, অষ্টম বৎসরের পর কুশোপরি পিণ্ড দিবে, যদি ইহার মধ্যে কন্যার বিবাহ কি বালকের উপনয়ন হয়, তবে কুশোপরি পিণ্ডদান করিতে পারিবে।

অথ ক্ষীরনীরদানক্রমঃ।

কাষ্ঠের ত্রিপদী করিয়া তদুপরি মৃণ্ময়পাত্রে জল ও পাত্রান্তরে দুগ্ধ রাখিয়া ভূমিতলে বামজানু পাতিয়া বিপরীতোপবীতী হইয়া এই বাক্যে নিবেদন করিবে।

যথা। প্রেতাত্র স্নাহি পিব চেদং ক্ষীরমিতি।

যদি দশ দিন দেয় তবে ফলাধিক্য হয়, নচেৎ শেষে এক দিনে দিলেও ফলের হানি হয় না। অতঃপর অন্ত্যেষ্টিক্রিয়া যেরূপ করিতে হয় তাহার বিবরণ ক্রমে লিখিতেছি।

অথ অন্ত্যেষ্টিক্রিয়াপদ্ধতিঃ।

মৃত ব্যক্তির পুত্রাদিরা মৃত পিত্রাদিকে অলঙ্কৃত করিয়া স্নান করাইবে। স্নানান্তর বস্ত্রদ্বারা শরীরাচ্ছাদন করত আস্তীর্ণ কুশোপরি ভূমিতলে দক্ষিণশিরা করিয়া শয়ন করাইবে। অনন্তর ঘৃত ম্রক্ষণ করাইয়া পুনর্ব্বার এই মন্ত্র পাঠ করিয়া স্নান করাইবে। যথা;

গয়াদীনি চ তীর্থানি যে চ পুণ্যাঃ শিলোচ্চয়াঃ।
কুরুক্ষেত্রঞ্চ গঙ্গাঞ্চ যমুনাঞ্চ সরিদ্বরাং॥
কৌশিকীং চন্দ্রভাগাঞ্চ সর্ব্বপাপপ্রনাশিনীং।
ভদ্রাবকাশাং গণ্ডকীং সরযূং পনসাং তথা॥
বৈণবঞ্চ বরাহঞ্চ তীর্থপিণ্ডারকং তথা।
পৃথিব্যাং যানি তীর্থানি সরিতঃ সাগরাস্তথা॥

স্নান করাইয়া পুনর্ব্বার বস্ত্রান্তর পরাইয়া উত্তরীয় উপবীতী দিয়া শবশরীরে চন্দনাদি লেপন করিয়া নাসিকা কর্ণ চক্ষু মুখ এই সপ্ত দ্বারে সপ্ত খণ্ড সুবর্ণ দিবে। সুবর্ণাভাবে কাংস্যখণ্ড দিবে। বস্ত্রান্তরে আচ্ছাদন করত শ্মশানে লইয়া যাইবে, বহনকালে কাঁচা মৃত্তিকা পাত্রে তণ্ডুল লইয়া ছড়াইয়া যাইবে। অর্দ্ধাবশেষ হইলে আর না ছড়াইয়া পিণ্ডার্থ রাখিবে।

অনন্তর অগ্নিদাতা শ্মশানভূমিতে তদন্ন পাক করত গোময়লিপ্ত ভূমিতে পিণ্ডদানার্থ বিপরীত উপবীতী হইয়া বামজানু পাতিয়া বসিবে।

অপহতাসুরা রক্ষাংসি বেদিসদঃ।

এই মন্ত্রে চতুষ্কোণ রেখা করিয়া কুশ পাতিয়া এই মন্ত্রে প্রেতের আবাহন করিবে। যথা,

এহি প্রেত সৌম্য গম্ভীরেভিঃ পথিভিঃ পূর্ব্বিণেভিঃ দেহ্যস্মভ্যং দ্রবিণেহ ভদ্রং রয়িঞ্চ নঃ সর্ব্ববীরং নিযচ্ছ।

আবাহন করত কুশোপরি তিল দিয়া বামহস্তে কুশমূল গ্রহণ করত দক্ষিণ হস্তে সতিল জলগণ্ডূষ লইয়া কুশোপরি প্রক্ষেপ করিবে। যথ,—

অমুকগোত্র প্রেত অমুক দেবশর্ম্মন্নবনেনিক্ষ্ব।

এই মন্ত্রে অবনে জল দান করিবে, অনন্তর দক্ষিণহস্তে পিণ্ড লইয়া বামহস্তে আমপাত্রে সতিল জল করিয়া পিণ্ডদান করিবে। যথা,

অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্মন্নেতত্তেঽন্নমুপতিষ্ঠতাং।

কুশোপরি পিণ্ড দিয়া হস্তক্ষালনজল উক্ত মন্ত্র পড়িয়া পিণ্ডোপরি দিবে, গন্ধাদিও দিবে, ইহার মন্ত্র নাই। সামবেদী ভিন্ন অন্য বেদীদিগের পূর্ব্বোক্ত আবাহন নাই। পুত্রাদিরা স্নান করত কাষ্ঠসমূহে চিতা রচনা করিয়া বস্ত্রদ্বয়সহিত কাষ্ঠোপরি শবকে শয়ন করাইবে। সামবেদীরা পুরুষকে উপুড়, স্ত্রীকে চিৎ করিয়া শোওয়াইবে, কিন্তু দক্ষিণশিরা করিবে। অন্য বেদীরা কেবল উত্তর শিরে শোয়াইবে এই মাত্র বিশেষ।

দেবাশ্চাগ্নিমুখাঃ সর্ব্বে এনং দহন্তু।

এই মন্ত্র পাঠ করিয়া জলদগ্নি গ্রহণ করত এই মন্ত্র পাঠ করিবে যথা;

কৃত্বা তু দুষ্করং কর্ম্ম জানতা বাপ্যজানতা।
মৃত্যুকালবশং প্রাপ্য নরং পঞ্চত্বমাগতং॥
ধর্ম্মাধর্ম্মসমাযুক্তং লোভমোহসমাবৃতং।
দহেয়ং সর্ব্বগাত্রাণি দিব্যান্ লোকান্ স গচ্ছতু॥

এই মন্ত্র পড়িয়া প্রদক্ষিণকরত দক্ষিণমুখ হইয়া শিরঃস্থানে অগ্নি প্রদান করিবে। অনন্তর দাহাবসানে দ্বাদশাঙ্গুল প্রমাণ সপ্তকাষ্ঠিকা ক্রমে প্রদক্ষিণকরত সপ্তবারে সপ্ত কাষ্ঠিকা চিতাগ্নিতে নিঃক্ষেপ করিবে, তাহার মন্ত্র নাই।

(ক্রব্যাদায় নমস্তভ্যং) এই মন্ত্র পড়িয়া কুঠারাদি দ্বারা একবার চিতাস্থ প্রজ্বলিত কাষ্ঠের উপর আঘাত করত অগ্নিকে বামে করিয়া বৈমুখ হইয়া নদ্যাদিতে স্নানার্থ গমন করিবে, পুনর্ব্বার চিতাকে আর দেখিবে না। ব্যবহারে দেশবিশেষে দাহকর্ত্তা সপ্ত কুম্ভ জল সেচন, অন্য দাহকেরা এক এক কুম্ভ জল সেচন করিয়া চিতার উপর পূর্ণকলসী রাখিয়া কুঠারাঘাত করত দাহকর্ত্তা স্নানার্থে গমন করিবে। শবসম্বন্ধি বস্ত্রাদি শ্মশানবাসী চণ্ডালদিগকে দিবে, কদাচ উলঙ্গ শব দাহ করিবে না। যদি সূতিকা কি রজস্বলা স্ত্রী মৃতা হয়, তবে সতিল পঞ্চগব্য জলে কুম্ভ পূর্ণ করিয়া (আপোহিষ্ঠা ময়োভুবঃ স্নান উর্জ্জে দধাতনঃ মহেরণায় চক্ষুষে ইতি। বামদেব্য ঋষির্ব্বিরাড়্গায়ত্রীত্যাদি) শান্তিবাক্য মন্ত্রপাঠে স্নান করাইয়া দাহ করিবে। গর্ভবতী হইলে গর্ভস্থ সন্তানকে বাহির করত মৃত্তিকাতলে প্রোথিত করিয়া প্রসূতিকে দাহ করিকে, অনন্তর জলাশয়ে গিয়া দাহকর্ত্তার শ্যালকাদিকে অনুজ্ঞা লইতে কহিবে, (উদকং করিষ্যামঃ) তিনি কহিবেন (কুরুধ্বং) স্নানানন্তর বস্ত্রাদি পরিধান করতঃ দক্ষিণমুখ হইয়া বামহস্তে জল লইয়া বামহস্তের অনামিকাঙ্গুলি দ্বারা ঘর্ষণ করিবে, (আপ নঃ শুশোচদঘং) এই পড়িয়া একবস্ত্র একবার স্নান করিয়া আচমন করতঃ একাঞ্জলি অথবা তিন অঞ্জলি জলে তর্পণ করিবে।

অমুকগোত্রং প্রেতং অমুকদেবশর্ম্মাণং তর্পয়ামি

ইতি সামবেদীয়ঃ।

যজুর্ব্বেদীয়ঃ। অমুকগোত্রং প্রেতং অমুকদেবশর্ম্মন্নেতত্তিলোদকং তৃপ্যস্ব ইতি।

অনন্তর গৃহে গমন করিবে কিন্তু যদি রাত্রে দাহ হয়, তবে দিবসে দাহ করিলে রাত্রে গৃহে যাইবে, ব্যবহার হেতু অগ্নি লৌহস্পর্শ ও ঘৃত তণ্ডুল নিম্বপত্র মুখে প্রক্ষেপ করিয়া সকল দাহকের সহিত গৃহ প্রবেশ করিবে,

অন্য দাহকেরা অগ্নিপ্রদাতার বাটীতে কিঞ্চিৎ জলপানাদি করিয়া স্ব স্ব গৃহে গমন করিবে।

ইতি অন্ত্যেষ্টিক্রিয়াপদ্ধতিঃ সমাপ্তা।

গঙ্গাজলে অস্থিপ্রক্ষেপঃ।

উত্তরমুখে আচমন করত কুশবারি লইয়া মহাবাক্য প্রয়োগ করিবে। যথা,—

তৎসদদ্যামুকে মাসি অমুকপক্ষে অমুক তিথৌ অমুক গোত্রস্য অমুক দেবশর্ম্মণঃ এতদস্থিসমসংখ্যকবর্ষসহস্রাবচ্ছিন্নস্বর্গাধিকরণকমহীয়মানত্বকামঃ। অমুক গোত্রস্য অমুক দেবশর্ম্মণঃ এতানি অস্থিখণ্ডানি গঙ্গায়াং প্রক্ষিপামীতি।

পঞ্চগব্যেতে অস্থিকে অভিষিক্ত করত সুবর্ণ মধু ঘৃত তিলসংযুক্ত মৃত্তিকা মধ্যে আচ্ছাদিত করিয়া দক্ষিণদিক অবলোকন করত (নমো ধর্ম্মরাজায়) বলিয়া জলে নামিয়া (স মে প্রীতো ভবতু) বলিয়া দূরজলে নিঃক্ষেপ করিবে, পরে অবগাহনানন্তর সূর্য্য দর্শন করিয়া দক্ষিণান্ত করিবে।

মুমূর্ষুকৃত্যব্যবস্থা।

আসন্ন মৃত্যুকালে অর্থাৎ নিধনাবস্থাপ্রাপ্ত হইবার কিঞ্চিৎ পূর্ব্বে বৈতরণ্যাদি দান করিবে। যদি রোগীব্যক্তি তৎকালে অশুচি হয় তথাপি কর্ত্তব্য। যদি স্বয়ং অপারক হয় তবে অন্য শুচি ব্যক্তি দ্বারা দানাদি করাইবে।

প্রমাণং। আসন্নমৃত্যুনা দেয়া গৌঃ সবৎসা চ পূর্ব্ববৎ।
তদভাবে চ গৌরেকা নরকোদ্ধরণায় বৈ।
তদা যদি ন শক্নোতি দাতুং বৈতরণীঞ্চ গাং।
শক্তোঽন্যোঽরুক্ তদা দত্ত্বা শ্রেয়ো দদ্যাৎ মৃতস্য চ॥

বচনে যেরূপ গো-দান করিতে কহিয়াছেন। তদর্থে স্বর্ণশৃঙ্গ রৌপ্য খুর কাংস্য ক্রোড় তাম্রপৃষ্ঠ সবস্ত্র করিয়া গোদান করিবে। তদভাবে তন্মূল্য এক কাহন বরাটক, দক্ষিণা যৎকিঞ্চিৎ দিবে। অনন্তর এই মন্ত্র পাঠ করিবে।

যমদ্বারে মহাঘোরে তপ্তা বৈতরণী নদী।
তাঞ্চ তর্ত্তুং দদাম্যেনাং কৃষ্ণাং বৈতরণীঞ্চ গাং ॥

তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুক তিথৌ অমুক গোত্র শ্রীঅমুক দেবশর্ম্মা তপ্তাবৈতরণীনদীসুখসন্তরণকামঃ ইমাং সালঙ্কৃতাং সবত্সাং কৃষ্ণাং বৈত-রণীং গাং গন্ধাদ্যর্চ্চিতাং শ্রীবিষ্ণুর্দৈবতাং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায় অহং সংপ্রদদে।

গোরভাবে তন্মূল্য। যথা কৃষ্ণাগোমূল্যান্ এককার্ষাপণবরাটকান্ শ্রীবিষ্ণু-দৈবতান্ ব্রাহ্মণেভ্যোঽহং সংপ্রদদে। ইতি উৎসর্গঃ।

অদ্যেত্যাদি তপ্তাবৈতণীনদীসুখসন্তরণকামনয়া কৃতৈতৎসালঙ্কৃতা কৃষ্ণাবৈ-তরণীগোদানকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং যৎকিঞ্চিৎ কাঞ্চনমূল্যং ব্রাহ্মণায় অহং সংপ্রদদে।

এবং ভোজ্যান্ন জল বস্ত্রাদিও দান করিবে।

অশৌচান্তদ্বিতীয়দিনকৃত্যব্যবস্থা।

অশৌচ নিবৃত্তি দিবসে ক্ষৌরাদি হইয়া পূরকাদি দান করত পরদিবসে ব্রাহ্মণ জলস্পর্শ, ক্ষত্রিয় বাহনস্পর্শ, বৈশ্য গোতাড়নদণ্ড ও রজ্জু, শূদ্র যষ্টি স্পর্শ করিয়া চতুর্দ্ধা শান্তিকরণ পূর্ব্বক অঙ্গপ্রায়শ্চিত্ত সূর্য্যার্ঘ্য দান করিয়া ষোড়শ দানোৎসর্গ করিবে, বিভবানুসারে অন্ন জল বস্ত্র মাত্র দান করিলেও হইবে, ষোড়শ দান করিতেই হইবে এমত অনুশাসন নহে। অনন্তর বৃষোৎসর্গ করিয়া আদ্যশ্রাদ্ধ করিবে। প্রমাণং।

অশুচ্যাহঃনিবৃত্তেষু সুস্নাতাঃ কৃতমঙ্গলাঃ।
অশুচ্যা বিপ্রমুঞ্চন্তি ব্রাহ্মণান্ স্বস্তিবাচ্য চ ॥
বিপ্রঃ শুদ্ধেদপঃ স্পৃষ্ট্বা ক্ষত্রিয়ো বাহনায়ুধং।
বৈশ্যঃ প্রতোদরশ্মীন্ বা শূদ্রো যষ্টিং কৃতক্রিয়ঃ।
অশৌচান্তাদ্দ্বিতীয়েঽহ্নি শয্যাং দদ্যাদ্ বিলক্ষণাং।
কাঞ্চনং পুরুষং তদ্বৎ ফলবস্ত্রসমন্বিতং।
সংপূজ্য দ্বিজদাম্পত্যং নানাভরণভূষণৈঃ।
বৃষোৎসর্গশ্চ কর্ত্তব্যো দেয়া চ কপিলা শুভা ইতি ॥

মৃত ব্যক্তির প্রতিকৃতি মূর্ত্তি স্বর্ণে নির্ম্মাণ করিয়া ফলবস্ত্রসম্বলিত অপূর্ব্ব শয্যাতে রাখিয়া সস্ত্রীক ব্রাহ্মণকে নানাভরণে ভূষিত করিয়া ঐ শয্যা তাহাকে দান করিবে, ইহার নাম বিলক্ষণা দান, ঐ দিনেই বৃষোৎসর্গ করিবে, তাহার ফল এই যে, একাদশাহে বৃষোৎসর্গ করিলে প্রেতলোক পরিত্যাগ করত স্বর্গলোকে গমন হয়। যথা প্রমাণং।

একাদশাহে প্রেতস্য যস্য চোৎসৃজ্যতে বৃষঃ।
প্রেতলোকং পরিত্যজ্য স্বর্গলোকং স গচ্ছতি॥

বৃষোৎসর্গের কাল আদ্যশ্রাদ্ধের দিন, ত্রিপক্ষ, ষষ্ঠ মাস, বৎসর, কিন্তু সপিণ্ডীকরণের পর আর বৃষোৎসর্গ হয় না। আদ্যশ্রাদ্ধ দিনে সময়াশুদ্ধি হইলেও হইবে, অন্য দিনে সময়াশুদ্ধিতে বৃষোৎসর্গ হইবে না।

আদ্যশ্রাদ্ধে ত্রিপক্ষে বা ষষ্ঠে মাসি চ বৎসরে।
বৃষোৎসর্গশ্চ কর্ত্তব্যঃ যাবন্ন স্যাৎ সপিণ্ডতা ইতি॥

সপিণ্ডীকরণাদিব্যবস্থা।

পতিপুত্রবতী স্ত্রীর সম্বন্ধে কোন মতেই বৃষোৎসর্গ কর্ত্তব্য নহে, যে ব্যক্তি পিতা বিদ্যমানে মাতার বৃষোৎসর্গ করে, সে গোহত্যা এবং পিতৃহত্যা এই উভয় ফলই পায়। কিন্তু চন্দনধেনু কর্ত্তব্য অর্থাৎ চন্দনে চিহ্ন করিয়া উৎসর্গ করিবে। প্রমাণং।

তাতে জীবতি যো মাতুর্ব্বৃষোৎসর্গং সমাচরেৎ।
বৃষঘ্নস্তেন ভবতি পিতৃহা চোপজায়তে ইতি॥
পতিপুত্রবতী নারী ম্রিয়তে ভর্ত্তুরগ্রতঃ।
চন্দনেনাঙ্কিতা ধেনুঃ তস্যাঃ স্বর্গায় কল্প্যতে ইতি॥

অনুপনীত বালক, অবিবাহিতা কন্যা মরিলে পিতা শ্রাদ্ধাদি করিবে না, শূদ্রাদির বিবাহ সংস্কাররহিত ব্যক্তির শ্রাদ্ধাদি করিবে না। যদিও স্নেহপ্রযুক্ত পিতা শ্রাদ্ধ করে, কিন্তু সপিণ্ডীকরণ কোন মতেই করিতে পারে না।

প্রমাণং। অসংস্কৃতপ্রমীতানাং পিতা ন শ্রাদ্ধমাচরেৎ।
যদি স্নেহাৎ চরেৎ শ্রাদ্ধং সপিণ্ডীকরণং বিনা ইতি॥

এবং পতিপুত্ররহিতা স্ত্রীরও সপিণ্ডীকরণ নাই। যথা,—

পতিপুত্রবিহীনায়াঃ স্ত্রিয়া নাস্তি সপিণ্ডনমিতি।

মহাগুরুনিপাতে পূর্ণ সম্বৎসর কাল দেহাশুদ্ধি থাকে, তন্মধ্যে নিত্যকর্ম্ম ব্যতীত দৈব পৈত্রাদি অন্য কোন কর্ম্মই করিতে পারে না, কেবল পিতৃমরণ জন্য কালাশৌচ মায়ের, মাতৃমরণ জন্য কালাশৌচে পিতার সাম্বৎসরৈকোদ্দিষ্ট, শ্রাদ্ধ করিতে পারে। যথা,—

প্রমীতৌ পিতরৌ যস্য দেহস্তস্যাশুচির্ভবেৎ।
নাপি দৈবং ন বা পৈত্রং যাবৎ পূর্ণো ন বৎসর ইতি।

এক পুত্র স্থলে অপকর্ষ সপিণ্ডীকরণের আবশ্যকতা, এ নিমিত্ত শাস্ত্রে শরীরের অস্থায়িত্বানুরোধে বিধি দিয়াছেন এবং বৃদ্ধিশ্রাদ্ধের অনুরোধেও বিধি করিয়াছেন। প্রমাণং যথা,—

অস্থিতেশ্চ শরীরস্য ইত্যাদি অর্ব্বাক্ সম্বৎসরাৎ বৃদ্ধৌ।
পূর্ণে সম্বৎসরেঽপি বা ইতি।

অথ তিথিকৃত্যব্যবস্থা।

প্রতিপদাদি তিথি বিচার করিবার প্রয়োজন বিধায় প্রসঙ্গত আদৌ সংক্ষেপতঃ জন্মতিথির ব্যবস্থা লিখিতেছি। প্রতি বৎসরেই জন্মতিথি পূজার বিধি। সকলেই মঙ্গল হস্ত হইয়া অর্থাৎ গুগ্‌গুল সিদ্ধার্থ দূর্ব্বা গোরোচনাদি হস্তে লইয়া চিরজীবীদিগের নিকট প্রার্থনা করিবে। এই প্রার্থনা তাঁহাদিগের পূজার পর। যথা,—

গুরুদেবাগ্নিবিপ্রাশ্চ পূজনীয়া প্রযত্নতঃ।
স্বনক্ষত্রঞ্চ পিতরৌ তথা দেবঃ প্রজাপতিঃ॥
প্রতিসম্বৎসরঞ্চৈব কর্ত্তব্যশ্চ মহোৎসব ইতি ব্রহ্মপুরাণং।

তথা গর্গশ্চ।

দেবতা গুরু ব্রাহ্মণ স্বনক্ষত্র আর পিতা মাতা ও ব্রহ্মারে পূজা করত

প্রতি বৎসরই মহোৎসব কর্ত্তব্য। অতএব জন্মতিথিতে ষট্‌তিলী হইবে। তিলোদ্বর্ত্তন তিলস্নায়ী তিলহোমী তিলদান তিলভোজন তিলবপন করিবে।

প্রমাণং। তিলোদ্বর্ত্তী তিলস্নায়ী তিলহোমী তিলপ্রদঃ।
তিলভুক্ তিলবাপী চ ষট্‌তিলী নাবসীদতি ॥

নক্ষত্র নামে পূজা করিবে, যদি নক্ষত্র নাম স্মরণ না থাকে, তবে (জন্মনক্ষত্রায় নমো) বলিয়া পূজা করিবে। জন্মতিথির পূজার বিশেষ এই যে অর্ঘ্যের পর পাদ্য দিবে। প্রমাণং।

অর্ঘ্যপাদ্যাদিকং তত্র মধুপর্কং প্রযোজয়েদিতি।
মৎস্যপুরাণং।

নূতন বস্ত্রাভরণ ধারণ করিয়া মার্কণ্ডেয় ও সপ্ত চিরজীবীর পূজা করিয়া মার্কণ্ডেয়ের নিকট এই মন্ত্রে প্রার্থনা করিবে। যথা,—

চিরজীবী যথা ত্বং ভো ভবিষ্যামি তথা মুনে।
রূপবান্ বিত্তবাংশ্চৈব শ্রিয়া যুক্তশ্চ সর্ব্বদা ॥
মার্কণ্ডেয় মহাভাগ সপ্তকল্পান্তজীবন।
আয়ুরিষ্টার্থসিদ্ধ্যর্থমস্মাকং বরদো ভব ॥

অনন্তর তিথিপূজা, গ্রহপূজা, দধি অন্ন দিয়া ষষ্ঠীপূজা প্রতি বৎসরে২ করিবে। সর্ব্বাদৌ স্বস্তিবাচন, সঙ্কল্প করত শ্রীমন্নারায়ণের পূজা করিবে। বিনাসঙ্কল্প এবং নারায়ণের পূজা ব্যতীত কোন পূজাই সিদ্ধ হয় না, যথা বামনপুরাণে এবং নৃসিংহপুরাণে চ।

স্বনক্ষত্রং জন্মতিথিং প্রাপ্য সংপূজয়েন্নরঃ।
ষষ্ঠীং চ দধিভক্তেন বর্ষে বর্ষে পুনঃ পুনঃ।
সর্ব্বমঙ্গলমঙ্গল্যং বরেণ্যং বরদং শুভং।
নারায়ণং নমস্কৃত্য সর্ব্বকর্ম্মাণি কারয়েৎ ॥

অনন্তর পূজিত দেবতাদিগের হোম করত দক্ষিণান্ত ব্রাহ্মণভোজন করাইয়া ব্যবহারত জীয়ন্ত মৎস্য জলে ত্যাগ করিবে এবং যথাশক্তি দুঃখী দরিদ্রাদিকে দানও করিবে, এই দিবসে বিমর্ষ হইয়া থাকিবে না। তথাহি

খণ্ডনং নখকেশানাং মৈথুনাধ্বানমেব চ।
আমিষং কলহং হিংসা বর্ষবৃদ্ধৌ বিবর্জ্জয়েৎ॥

ইতি স্কন্দপুরাণং।

জন্মতিথিতে নখ কেশ ছেদন করিবে না, দূরগমন এবং মৈথুনাদি করিবে না, আমিষভক্ষণ, কলহ, হিংসাদি ত্যাগ করিবে। অন্যচ্চ জ্যোতিষে।

স্নাত্বা জন্মদিনে স্ত্রিয়ং পরিহরন্ প্রাপ্নোত্যভীষ্টাং শ্রিয়ং।
মৎস্যান্মোচয়তো দ্বিজায় দদতোহপ্যায়ুশ্চিরং বর্দ্ধতে।
শক্তূন্ খাদতি যস্তু তস্য রিপবো নাশং প্রয়ান্তি ধ্রুবং।
ভুক্তো যস্তু নিরামিষং স হি ভবেৎ জন্মান্তরে পণ্ডিত ইতি॥

জন্মতিথিতে স্ত্রীসঙ্গ না করিলে অভিলষিত শ্রীপ্রাপ্ত হয়, মৎস্য জলে দিলে এবং ব্রাহ্মণকে দান করিলে আয়ুর্বৃদ্ধি হয়, ছাতু ভক্ষণ করিলে শত্রু নাশ হয়, আর নিরামিষ ভক্ষণে জন্মান্তরে পণ্ডিত হয়।

কৃতান্তকুজয়োর্ব্বারে যস্য জন্মদিনং ভবেৎ।
অনৃক্ষযোগসংপ্রাপ্তৌ বিঘ্নস্তস্য পদে পদে।
তস্য সর্ব্বৌষধিস্নানং গ্রহবিপ্রসুরার্চ্চনং।
গ্রহানুদ্দিশ্য হোমো বা গ্রহাণাং প্রীতিমিচ্ছতা।

শনি মঙ্গলবারে যাহার জন্মতিথি হয়, আর জন্মনক্ষত্র সংযোগ না হয় তাহার সে বৎসর পদে পদে বিঘ্ন ঘটে, অতএব গ্রহ ব্রাহ্মণ দেবতার পূজা বা গ্রহহোম করিবে কিম্বা গ্রহোদ্দেশে দানাদি করিবে, নক্ষত্রযোগ না হইলে স্বর্ণদান, অশুভ বারযোগে মুক্তা দান, আর সর্ব্বৌষধি জলে স্নান করিবে। এবং এই মন্ত্র পড়িবে। যথা,—

ত্রৈলোক্যে যানি ভূতানি স্থাবরাণি চরাণি চ।
ব্রহ্মাবিষ্ণুশিবৈঃ সার্দ্ধং রক্ষাং কুর্ব্বন্তু তানি মে॥

শূদ্রাদিরা স্বয়ং মন্ত্র পাঠ না করিয়া ব্রাহ্মণ দ্বারা মন্ত্র পাঠ করাইবে।

প্রমাণং। অয়মেব বিধিঃ প্রোক্তঃ শূদ্রাণাং মন্ত্রবর্জ্জিতঃ।
অমন্ত্রস্য তু শূদ্রস্য বিপ্রো মন্ত্রেণ গৃহ্যতে॥
ইতি যোগিযাজ্ঞবল্ক্যঃ।

জন্মতিথির যুগ্মাদর বিচার নাই, যে দিনে উদয়ে প্রাপ্ত হয় সেই দিনেই কর্ত্তব্য, দুই দিনে সমানা তিথি হইলে নক্ষত্রযুক্ত তিথিতে পূজা করিবে, যদি দুই দিন নক্ষত্র প্রাপ্ত হয় তাহাতে বৌধায়ন উদয়প্রাপ্ত তিথি নক্ষত্রকেই প্রশস্ত কহিয়াছেন। ইতি জন্মতিথিব্যবস্থা সমাপ্তা।

অথ প্রতিপৎ।

ত্রিসন্ধ্যাব্যাপিনী প্রতিপৎ সর্ব্বত্রেই গ্রাহ্য তাহাতে যুগ্মাদরতা নাই। ইহা সকল তিথিতেই জানিবে, কেবল হরিবাসরে বিচার আছে। অত্র প্রমাণং।

ত্রিসন্ধ্যাবাপিনী যা তু সৈব পূজ্যা সদা তিথিঃ।
ন তত্র যুগ্মাদরণমন্যত্র হরিবাসরাৎ॥
ইতি পরাশরঃ।

কৃষ্ণা প্রতিপৎ দ্বিতীয়াযুক্তা, শুক্লা অমাবস্যাযুক্তা গ্রাহ্য, কিন্তু উপবাস স্থলে দ্বিতীয়াযুক্তা কৃষ্ণা প্রতিপৎ গ্রাহ্য নহে। প্রমাণং।

দ্বিতীয়া পঞ্চমী বেধা দশমী চ ত্রয়োদশী।
চতুর্দ্দশী চোপবাসে হন্যুঃ পূর্ব্বোত্তরে তিথিঃ॥
ইতি বৃহদ্বশিষ্ঠঃ।

কার্ত্তিকের শুক্লপক্ষের প্রতিপৎ বীরপ্রতিপৎ, ঐ দিনে বলিরাজার পূজা করিবে। এবং হরপার্ব্বতী দ্যূতক্রীড়া করিয়াছিলেন এ নিমিত্ত দ্যূৎপ্রতিপৎ বলে, এবং লোকেও বৎসরের জয় পরাজয় বোধের নিমিত্ত দ্যূৎক্রীড়া করিয়া থাকে, ইহা বামনপুরাণে কহিয়াছেন, স্নানদানে শতগুণ ফল হয়, প্রমাণং (স্নানং দানং শতগুণং কার্ত্তিকেহস্যাং তিথৌ ভবেদিতি) অগ্রহায়ণ মাসের কৃষ্ণা প্রতিপদে যদি রোহিণী নক্ষত্র পায় তবে শত সূর্য্য গ্রহণকালে গঙ্গাস্নানে যে ফল সেই সমান ফল প্রাপ্ত হওয়া যায়।

প্রমাণং। রোহিণী প্রতিপৎযুক্তা মার্গে মাসি সিতেতরা।
গঙ্গায়াং যদি লভ্যেত সূর্য্যগ্রহশতৈঃ সমা॥

ইতি ভবিষ্যে।

এবং প্রতিপৎ ষষ্ঠী একাদশীতে তৈলাদি ম্রক্ষণ করিতে নাই, চতুর্থী নবমী চতুর্দ্দশীতে ক্ষৌর হইতে নিষেধ, তৃতীয়া অষ্টমী ত্রয়োদশীতে মাষকলাই খাইতে নিষেধ, পঞ্চমী দশমী পৌর্ণমাসী অমাবস্যাতে স্ত্রীসঙ্গ নিষেধ, দ্বিতীয়া সপ্তমী দ্বাদশীতে সমস্ত শুভকর্ম্ম করিবে। প্রমাণং।

নন্দাসু নাভ্যঙ্গমুপাচরেচ্চ ক্ষৌরঞ্চ রিক্তাসু জয়াসু মাষং।
পূর্ণাসু যোষিৎপরিবর্জ্জনীয়া ভদ্রাসু সর্ব্বাণি সমাচরেচ্চেতি।

বামনপুরাণে।

অথ দ্বিতীয়া।

কৃষ্ণা দ্বিতীয়া প্রতিপৎযুক্তা, শুক্লা দ্বিতীয়া তৃতীয়াযুতা গ্রাহ্যা। অস্য প্রমাণং। আপস্তম্বঃ (প্রতিপৎ সদ্বিতীয়া স্যাৎ দ্বিতীয়া প্রতিপৎযুতেতি) উপবাসবিধিতে যে সকল তিথি পরযুতা গ্রাহ্যা, তাহার নাম দ্বিতীয়া একাদশী ষষ্ঠী অষ্টমী ত্রয়োদশী অমাবস্যা ইহারা পরযুক্তা গ্রাহ্যা। যথা নারদঃ।

দ্বিতীয়ৈকাদশী ষষ্ঠী তথা চৈবাষ্টমী তিথিঃ।
বেধাদধস্তাদ্ধন্যন্তা উপবাসে তিথীস্ত্বিমাঃ॥
একাদশ্যাষ্টমী ষষ্ঠী দ্বিতীয়া চ চতুর্দ্দশী।
ত্রয়োদশ্যপ্যমাবাস্যা উপোষ্যাঃ স্যুঃ পরান্বিতাঃ॥

ইতি বিষ্ণুরহস্যং।

পুষ্যাযুক্তা আষাঢ়ের শুক্লা দ্বিতীয়াতে স্কন্দপুরাণোক্তা ভগবানের রথযাত্রা হয়, বিনা নক্ষত্রেও ঐ তিথিতে মহোৎসব করিবে। যথা,—

আষাঢ়স্য সিতে পক্ষে দ্বিতীয়া পুষ্যসংযুতা।
তস্যাং রথে সমারোপ্য রামং মাং ভদ্রয়া সহ॥

যাত্রোৎসবং প্রকুর্ব্বীত প্রীণয়েচ্চ দ্বিজান্ বহূন্।
ঋক্ষাভাবে তিথৌ কার্য্যা সদা সা প্রীতয়ে মম ইতি॥

কার্ত্তিকের শুক্লা দ্বিতীয়াকে ভ্রাতৃদ্বিতীয়া বলে, ঐ দ্বিতীয়াতে ভগিনী ভ্রাতৃ-পূজা করিবে, যে স্ত্রী ভ্রাতৃপূজা না করে তাহার সপ্ত জন্ম ভ্রাতৃবিয়োগ হয়, এবং ভগিনীহস্তে ভোজন করিবে, আপনার গৃহে ভোজন করিবে না ও রত্ন বস্ত্রাদি ভগিনীকে দান করিবে, লিঙ্গপুরাণে ও মহাভারতে উক্ত আছে। যথা,—

কার্ত্তিকে তু দ্বিতীয়ায়াং শুক্লায়াং ভ্রাতৃপূজনং।
যা ন কুর্য্যাৎ বিনশ্যন্তি ভ্রাতরঃ সপ্তজন্মনি ইতি॥
কার্ত্তিকে শুক্লপক্ষে তু দ্বিতীয়ায়াং যুধিষ্ঠির।
যমো যমুনয়া পূর্ব্বং ভোজিতঃ স্বগৃহে স্বয়ং॥
তস্মান্নিজগৃহে পার্থ ন ভোক্তব্যমতো বুধৈঃ।
যত্নেন ভগিনীহস্তাদ্ভোক্তব্যং পুষ্টিবর্দ্ধনং।
দানানি চ প্রদেয়ানি ভগিনীভ্যো বিশেষত ইতি॥

ভ্রাতৃহস্তে অন্ন দিয়া ভগিনী এই মন্ত্র পড়িবে। যথা ;

ভ্রাতস্তবানুজাতাহং ভুঙ্ক্ষ্ব ভক্তমিদং শুভং।
প্রীতয়ে যমরাজস্য যমুনায়া বিশেষত ইতি॥

জ্যেষ্ঠা ভগিনী হইলে (তবাগ্রজাতাহং) বলিয়া পাঠ করিবে, এই ভোজন কাল পঞ্চম যামার্দ্ধ, তদভাবে সামান্য কাল হয়। প্রমাণং।

পঞ্চমে চ তথা ভাগে সম্বিভাগো যথার্হতঃ।
পিতৃদেবমনুষ্যাণাং কীটানাঞ্চোপদিশ্যতে।
সম্বিভাগং ততঃ কৃত্বা গৃহস্থঃ শেষভুগ্‌ভবেদিতি॥

এবং অপরপক্ষের পর শুক্লপক্ষের দ্বিতীয়া, ও কোজাগরের পর কৃষ্ণা দ্বিতীয়া, চৈত্রমাসের পৌর্ণমাসীর পর কৃষ্ণপক্ষের দ্বিতীয়া, কার্ত্তিক মাসের পৌর্ণমাসীর পর কৃষ্ণা দ্বিতীয়া তৃতীয়ার সহিত যুগ্মাদর, এবং অধ্যয়নও করিবে না। অত্র প্রমাণং রাজমার্ত্তণ্ডে।

প্রেতকাচ্চ দ্বিতীয়া যা প্রেতপক্ষে গতে তু যা,।
যা তু কোজাগরে যাতু চৈত্রাবল্যাঃ পরেঽপি চ ॥
চাতুর্ম্মাস্যসমাপ্তে চ দ্বিতীয়া যা ভবেত্তিথিঃ।
সর্ব্বাস্বেতাস্বনধ্যায়ঃ পুরাণৈঃ পরিকীর্ত্তিত ইতি ॥

অথ তৃতীয়া।

চতুর্থীযুক্তা তৃতীয়া দৈবাদি কর্ম্মেতে গ্রাহ্য হয়। কেবল রম্ভাব্রতেই দ্বিতীয়াযুক্তা প্রশস্তা। প্রমাণং।

রম্ভাখ্যাং বর্জ্জয়িত্বা তু তৃতীয়াং মুনিসত্তম।
অন্যেষু সর্ব্বকার্য্যেষু গণযুক্তা প্রশস্যতে ইতি ॥

ভবিষ্যোত্তরখণ্ডে জ্যৈষ্ঠের শুক্লা তৃতীয়াতে রম্ভাব্রত করিতে উপদেশ করিয়াছেন। বৈশাখের শুক্লা তৃতীয়ার নাম অক্ষয়া, কৃত্তিকা কি রোহিণীযুক্তা হইলে স্নানদানে অক্ষয় ফল। ঐ দিন ভগবান্ যবের উৎপত্তি করিয়া সত্যযুগের আরম্ভ করিয়াছেন। ঐ দিন এক কুম্ভ জলদান করিলে অক্ষয় বিষ্ণুলোকে বাস হয়। ঐ তৃতীয়ায় ভগবানকে চন্দনদান করিলে এবং চন্দনলেপিত ভগবদ্বিগ্রহ দর্শন করিলে বিষ্ণুমন্দিরে বাস হয়। যথা স্কন্দপুরাণে।

বৈশাখে মাসি রাজেন্দ্র শুক্লপক্ষতৃতীয়িকা।
অক্ষয়া সা তিথিঃ প্রোক্তা কৃত্তিকারোহিণীযুতা ॥
বৈশাখে শুক্লপক্ষে তু তৃতীয়ায়াং জনার্দ্দনঃ।
যবানুৎপাদয়ামাস যুগঞ্চারব্ধবান্ কৃতং ॥

ইহাতে যুগ্মাদর নাই। যেহেতু শাস্ত্রে কথিত আছে। যথা,—

যুগাদ্যা বর্ষবৃদ্ধিশ্চ সপ্তমী পার্ব্বতীপ্রিয়া।
রবেরুদয়মীক্ষ্যন্তে ন তত্র তিথিযুগ্মতা ইতি ॥

যুগাদ্যা জন্মতিথি পার্ব্বতীপ্রিয়া সপ্তমী উদয়কালে প্রাপ্ত হইলেই হয়, এ স্থলে তিথিযুগ্মতা নাই। এবং ভাদ্রের ও চৈত্রের শুক্লা তৃতীয়াতে মন্বন্তরা হয় ইহারও ঐ রূপ ব্যবস্থা।

অথ চতুর্থী।

চতুর্থীর পঞ্চম যুগাদর হয়, একারণ পঞ্চমাযুক্তা চতুর্থী গ্রাহ্যা, অর্থাৎ পঞ্চমী-যুক্তা চতুর্থীতে দৈবাদি কর্ম্ম করিবে, কেবল গণেশব্রতই তৃতীয়াযুক্তাতে হয়। মঙ্গলবারে শুক্লা চতুর্থী হইলে অক্ষয়া হয়।

চতুর্থীসংযুতা কার্য্যা তৃতীয়া চ চতুর্থিকা।
তৃতীয়য়া যুতা নৈব পঞ্চমী কারয়েৎ কচিদিতি প্রমাণং॥
অমা বৈ সোমবারেণ রবিবারেণ সপ্তমী।
চতুর্থী ভৌমবারেণ অক্ষয়াদপি চাক্ষয়া ইতি॥

সোমবারে অমাবস্যা রবিবারে সপ্তমী মঙ্গলবারে চতুর্থী হইলে অক্ষয়া হয়, ইহাতে স্নানদানে অক্ষয় ফল জানিবে। ইহার প্রদোষে অধ্যয়ন করিবে না। যথা,—

ত্রয়োদশ্যাশ্চতুর্থ্যাশ্চ সপ্তম্যা দ্বাদশীতিথেঃ।
প্রদোষেঽধ্যয়নং ধীমান্ ন কুর্ব্বীত কদাচন ইতি॥

জ্যৈষ্ঠের শুক্লা চতুর্থী উমাচতুর্থী। ভাদ্রের উভয় পক্ষের চতুর্থী নষ্টচন্দ্র, মাঘের শুক্লা চতুর্থী বরদাচতুর্থী, ইহার প্রমাণ স্থানান্তরে উক্ত হইবে। নষ্টচন্দ্র দর্শন নিষেধ। যথা,—

পঞ্চাননগতে ভানৌ পক্ষয়োরুভয়োরপি।
চতুর্থ্যামুদিতশ্চন্দ্রো নেক্ষিতব্যঃ কদাচন॥

অথ পঞ্চমী।

চতুর্থীযুতা পঞ্চমী গ্রাহ্যা, ষষ্ঠীযুতা গ্রাহ্যা নহে। যথা,—

চতুর্থীসংযুতা গ্রাহ্যা পঞ্চমী পরয়া ন তু ইতি॥

আষাঢ়ের কৃষ্ণা পঞ্চমী নাগপঞ্চমী, হরিশয়নের পর উঠানে মনসা বৃক্ষে মনসা দেবীর পূজা করিবে। মাঘের শুক্লা পঞ্চমী শ্রীপঞ্চমী। প্রমাণং।

সুপ্তে জনার্দ্দনে কৃষ্ণে পঞ্চম্যাং ভবনাঙ্গনে।
পূজয়েন্মনসাদেবীং স্নুহীবিটপসংস্থিতাং॥

শ্রীপঞ্চমী প্রসঙ্গে বরদা চতুর্থীর প্রমাণ দিয়াছেন। অর্থাৎ ঐ তিথিতে গৌরী-পূজা করিলে দেবী বরপ্রদান করেন। শ্রীপঞ্চমীতে লক্ষ্মীর সহিত সরস্বতীপূজা করিবে। যথা দেবীপুরাণে।

চতুর্থী বরদা নাম তস্যাং গৌরী প্রপূজিতা।
সৌভাগ্যমতুলং কুর্য্যাৎ পঞ্চম্যাং শ্রীরপি শ্রিয়মিতি ॥

অথ ষষ্ঠী।

সপ্তমীযুতা ষষ্ঠী গ্রাহ্যা। জ্যৈষ্ঠের শুক্লা ষষ্ঠী আরণ্যষষ্ঠী, তাহাতে স্ত্রীলোকেরা হস্তে পাখা লইয়া বনে বনে ষষ্ঠী পূজা করিবে, ইহাকে লোকে জামাইষষ্ঠী বলে। যথা,— রাজমার্ত্তণ্ডে।

জ্যৈষ্ঠে মাসি সিতে পক্ষে ষষ্ঠী চারণ্যসংজ্ঞিকা।
ব্যজনৈককরাস্তস্যামটন্তি বিপিনে স্ত্রিয় ইতি ॥

ভাদ্রের শুক্লা ষষ্ঠী অক্ষয়া এবং চপেটাষষ্ঠী, প্রমাণ স্থানান্তরে উক্ত হইবে। আশ্বিনের শুক্লা ষষ্ঠীতে সায়ংকালে দুর্গার বোধন করিবে। যথা (ষষ্ঠ্যাং বিল্বতরোর্ব্বোধং সায়ংসন্ধ্যাসু কারয়েদিতি) অগ্রহায়ণের শুক্লা ষষ্ঠী গুহষষ্ঠী এবং চৈত্র মাসের শুক্লা ষষ্ঠী স্কন্দষষ্ঠী, ইহাতেও কার্ত্তিকেয় পূজা করিবে, এ সকল ষষ্ঠী পঞ্চমী-যুতা প্রশস্তা। যথা,— স্কান্দে এবং দেবীপুরাণে চ।

যেয়ং মার্গশিরে মাসি ষষ্ঠী ভরতসত্তম।
পুণ্যা পাপহরা ধন্যা শিবা শান্তা গুহপ্রিয়া ইতি।
ষষ্ঠ্যাং স্কন্দস্য কর্ত্তব্যা পূজা সর্ব্বোপচারিকা ইতি ॥

কৃষ্ণাষ্টমী স্কন্দষষ্ঠী আর শিবরাত্রি চতুর্দ্দশী পূর্ব্বযুতা গ্রাহ্যা, তিথির অন্তে পারণা করিবে।

কৃষ্ণাষ্টমী স্কন্দষষ্ঠী শিবরাত্রিচতুর্দ্দশী।
এতাঃ পূর্ব্বযুতাঃ কার্য্যাস্তিথ্যন্তে পারণং ভবেদিতি ॥

অথ সপ্তমী।

যুগাদির প্রযুক্ত ষষ্ঠীযুতা গ্রাহ্যা। ত্রিসন্ধ্যাব্যাপিনী যে তিথি তাহাতে পূর্ব্বযুক্তা উপবাসাদি করিবে কেবল একাদশীই পরযুতা গ্রাহ্যা।

প্রমাণং। পঞ্চমী সপ্তমী চৈব দশমী চ ত্রয়োদশী।
প্রতিপন্নবমী চৈব কর্ত্তব্যা সাম্মুখী তিথিঃ॥
ত্রিসন্ধ্যাব্যাপিনী যা তু সৈব পূজ্যা সদা তিথিঃ।
ন তত্র যুগ্মাদরণমন্যত্র হরিবাসরাৎ॥

ইতি ভবিষ্যে।

ষষ্ঠীসমেতা কর্ত্তব্যা সপ্তমী নাষ্টমীযুতেত্যাদি॥

রবিবারযুক্তা শুক্লা সপ্তমীর নাম বিজয়া সপ্তমী, তাহাতে স্নান দানাদি করিলে মহাফল হয়। বৈশাখ এবং আষাঢ়ের শুক্লসপ্তমীকে জহ্নুসপ্তমী বলে। ভাদ্রের শুক্লাসপ্তমীর নাম ললিতাসপ্তমী। আশ্বিনের উদয়গামিনী সপ্তমীতে কন্যালগ্নে পত্রিকাপ্রবেশ। অগ্রহায়ণের শুক্লা সপ্তমীর নাম মিত্রসপ্তমী। মাঘের শুক্লাসপ্তমী অরুণোদয় সপ্তমী, ইহাতে প্রাতঃস্নানে মহাফল হয়। এবং ইহাকে মাকরী সপ্তমী বলে। যথা,—

শুক্লপক্ষস্য সপ্তম্যাং সূর্য্যবারো যদা ভবেৎ।
সপ্তমী বিজয়া নাম তত্র দত্তং মহাফলং।
ভাদ্রে মাসি সিতে পক্ষে সপ্তম্যাং ললিতালয়ে।
স্নাত্বা শিবং লেখয়িত্বা মণ্ডলে তু সহাম্বিকং।
পূজয়েচ্চ সদা তস্য দুষ্প্রাপ্যং নৈব বিদ্যতে।

ইতি কুক্কুটীব্রতং।

সূর্য্যগ্রহণতুল্যা হি শুক্লা মাঘস্য সপ্তমী।
অরুণোদয়বেলায়াং তস্যাং স্নানং মহাফলমিতি॥

মাকরী সপ্তমীতে স্নানাদি করিবে, অর্থাৎ সংকল্পাদি করিয়া সপ্ত বদরীপত্র ও সপ্ত অর্কপত্র মস্তকে রাখিয়া এই মন্ত্র পড়িয়া স্নান করিবে। যথা;

যদ্যজ্জন্মকৃতং পাপং ময়া সপ্তসু জন্মসু।
তন্মে রোগঞ্চ শোকঞ্চ মাকরী হন্তু সপ্তমী ইতি॥

এই সপ্তমীকে মন্বন্তরার মধ্যে ধৃত করিয়াছেন, অর্থাৎ আশ্বিনের শুক্লা নবমী, ও কার্ত্তিকী দ্বাদশী, চৈত্রের এবং ভাদ্রের শুক্লা তৃতীয়া, ফাল্গুনের অমাবস্যা, পৌষের শুক্লা একাদশী, আষাঢ়ের শুক্লা দশমী, মাঘের শুক্লা সপ্তমী শ্রাবণের কৃষ্ণা অষ্টমী, আষাঢ় কার্ত্তিক ফাল্গুন চৈত্র জ্যৈষ্ঠ মাসের পূর্ণিমা মন্বন্তরা ইহাতে দানাদির ফল অক্ষয় হয়। যথা,—

অশ্বযুক্ শুক্লনবমী দ্বাদশী কার্ত্তিকী তথা।
তৃতীয়া চৈত্রমাসস্য তথা ভাদ্রপদস্য চ।
ফাল্গুনস্যাপ্যমাবস্যা পৌষস্যৈকাদশী তথা।
আষাঢ়স্যাপি দশমী তথা মাঘস্য সপ্তমী।
শ্রাবণস্যাষ্টমী কৃষ্ণা তথাষাঢ়স্য পূর্ণিমা॥
কার্ত্তিকী ফাল্গুনী চৈত্রী জ্যৈষ্ঠী পঞ্চদশী সিতা।
মন্বন্তরাদয়স্ত্বেতা দত্তস্যাক্ষয়কারিকাঃ॥

ইহাতে অমাবস্যাষ্টমী ব্যতিরিক্তা শুক্লাতে জানিবে। অনন্তর অনধ্যায় কহিয়াছেন। হরিশয়নোত্থানে দ্বাদশীতে এবং শক্রোত্থান ও অক্ষয়তৃতীয়াতে ও মাকরী সপ্তমীতে অধ্যয়ন নিষেধ। যথা,—

মহানবম্যাং দ্বাদশ্যাং ভরণ্যামপি চৈব হি।
তথাক্ষয়তৃতীয়ায়াং শিষ্যান্নাধ্যাপয়েদ্বুধঃ।
মাঘমাসে তু সপ্তম্যাং রথাখ্যায়াঞ্চ বর্জ্জয়েদিতি॥

শুক্লপক্ষে নবমীযুক্তা কৃষ্ণপক্ষে সপ্তমীযুক্তা গ্রাহ্য, যথা,— নিগমে।

কৃষ্ণপক্ষেঽষ্টমী চৈব কৃষ্ণপক্ষে চতুর্দ্দশী।
পূর্ব্ববিদ্ধৈব কর্ত্তব্যা পরবিদ্ধা ন কুত্রচিৎ।
উপবাসাদিকার্য্যেষু এষ ধর্ম্মঃ সনাতনঃ॥

কৃষ্ণপক্ষের অষ্টমী চতুর্দ্দশীর উপবাসস্থলে পূর্ব্ববিদ্ধাতে কর্ত্তব্য, এবং শনি মঙ্গলবারে কৃষ্ণাষ্টমী বা চতুর্দ্দশী হইলে অতি পুণ্যা তিথি হয়।

যথা জ্যোতিষে। এবং সোমবারে অমাবস্যা রবিবারে সপ্তমী মঙ্গলবারে চতুর্থী বৃহস্পতিবারে অষ্টমী উভয়পক্ষেই প্রাপ্ত হইলে পুণ্যা তিথি বলে, ইহাতে পাপ পুণ্য যাহা করিবে তাহাই অক্ষয় হয়। যথা,—

শনৈশ্চরস্য বারেণ বারেণাঙ্গারকস্য চ।
কৃষ্ণাষ্টমীচতুর্দ্দশ্যৌ পুণ্যাৎ পুণ্যতরে স্মৃতে॥ তথা।
সোমবারেঽপ্যমাবস্যা আদিত্যাহে তু সপ্তমী।
চতুর্থ্যঙ্গারবারে তু অষ্টমী চ বৃহস্পতৌ।
অত্র যৎ ক্রিয়তে পাপমথবা ধর্ম্মসঞ্চয়ং।
ষষ্টিজন্মসহস্রাণি প্রতিজন্ম তদক্ষয়ং॥

শ্রাবণ মাসের মুখ্যচান্দ্রে কৃষ্ণাষ্টমী গৌণচান্দ্রের নিমিত্ত ভাদ্রের কৃষ্ণাষ্টমী বলেন, ইহার নাম কৃষ্ণজন্মাষ্টমী। সংকল্পে ভাদ্র উল্লেখ করিবে।

যথা বিষ্ণুপুরাণে। প্রাবৃট্কালে চ নভসি কৃষ্ণাষ্টম্যাং মহানিশি। উৎপৎস্যামি নবম্যাঞ্চ প্রসূতিং ত্বমবাপ্স্যসি ইতি॥

শ্রাবণের মুখ্য, ভাদ্রের গৌণচান্দ্রে কৃষ্ণাষ্টমীতে আমি উৎপন্ন হইব, মহামায়া তুমি নবমীতে উৎপন্না হইবে। সুতরাং কৃষ্ণপক্ষের অষ্টমী সপ্তমী বিদ্ধা প্রশস্তা, যদিও পূর্ব্ববচনে সিদ্ধ হইয়াছে, তথাপি জন্মাষ্টমীতে পরবিদ্ধা প্রশস্তা যুক্তিসিদ্ধ হইল।

ভাদ্র মাসের কৃষ্ণাষ্টমী রোহিণীযুক্তা যদি পূর্ব্বার্দ্ধ বা পরার্দ্ধ রাত্রে হয়, তবে তাহাকেই জয়ন্তী বলে, সেই দিন উপবাস করিবে, ইহার নাম জয়ন্তীব্রত, যদি উভয়দিনে জয়ন্তী যোগ হয়, তবে নবমীযুক্তাতেই উপবাস করিবে। যদি উভয়দিনেই রোহিণীযুক্তা না হয়, তবে নবমীযুক্তা অষ্টমীতে ব্রত করিবে। পূর্ব্ব ষাইট দণ্ড অষ্টমী তাহাতে রোহিণী যোগ হয় নাই, কিন্তু পরদিনে যে যৎকিঞ্চিৎ অষ্টমীর মল থাকে তাহাতে যদি রোহিণী পায় তবে ঐ পরদিনেই উপবাস করিবে। মুহূর্ত্ত ন্যূনও যদি রোহিণী যোগ হয় তথাপি কর্ত্তব্য। বুধবার কিম্বা সোমবার প্রাতে যৎকিঞ্চিৎ অষ্টমী পরে নবমী-

ক্ষয় এবং জয়ন্তীযোগ থাকে, তবে সংপূর্ণা অষ্টমীকেও ত্যাগ করিয়া ঐ নবমীতে উপবাস করিবে। পূর্ব্বদিনে অষ্টমী, দিনে রোহিণী না থাকে কিন্তু রাত্রে সংযোগ হয়, পর দিনে অষ্টমী রাত্রিতে যোগ না হয় তবে পূর্ব্বদিনেই উপবাস কর্ত্তব্য। যদি উভয় দিনে নক্ষত্রযোগ না হয় কিম্বা হয়, তবে পরদিনে নবমীযুক্তই ব্রতযোগ্য হয়। এতদ্ব্রতের স্ত্রী পুরুষ মাত্রেরই অধিকার হয়, এই অষ্টমীর নাম মন্বন্তরা। যথা,—

সিংহার্কে রোহিণীযুক্তা নভাৎ কৃষ্ণাষ্টমী যদি।
রাত্র্যর্দ্ধপরপূর্ব্বা সা জয়ন্তী কলয়াপি চ॥

ইতি বরাহ সংহিতা।

যো যস্য বিহিতঃ কালঃ কর্ম্মণস্তদুপক্রমে।
তিথির্নাতিক্রমীতব্যা ক্রিয়ালোপক্রমোজ্ঝিতা ইতি॥
প্রাজাপত্যর্ক্ষসংযুক্তা কৃষ্ণা নভসি চাষ্টমী।
মুহূর্ত্তমপি লভ্যেত সৈবোপোষ্যা মহাফলা ইতি॥
বিনা ঋক্ষস্তু কর্ত্তব্যা নবমীসংযুতাষ্টমীতি।
রোহিণীসহিতা কৃষ্ণা মাসে চ শ্রাবণেঽষ্টমী॥
অর্দ্ধরাত্রাদধশ্চোর্দ্ধং কলয়াপি যদা ভবেদিতি।
উদয়ে চাষ্টমী কিঞ্চিৎ নবমী সকলা যদি॥
ভবেত্তু বুধসংযুক্তা প্রাজাপত্যর্ক্ষসংযুতা।
অপি বর্ষশতেনাপি লভ্যেত বা ন বা বিভো ইতি।
অর্দ্ধরাত্রযুতাষ্টম্যাং সোঽশ্বমেধফলং লভেদিতি।
বর্ষে বর্ষে ভগবতো মদ্ভক্ত্যা ধর্ম্মনন্দন।
নরো বা যদি বা নারী যথোক্তফলমাপ্নুয়াদিতি॥ ৮॥

জন্মাষ্টমীর নিত্যত্ব এবং কাম্যত্ব আছে অর্থাৎ করণে পুণ্যও আছে অকরণে পাপও হয়। যথা,—

তুষ্ট্যর্থং দেবকীসূনোর্জয়ন্তীসংজ্ঞকং ব্রতং।

কর্ত্তব্যং চিন্ত্যমানেন ভক্ত্যা ভক্তজনৈরিহ।
অকুর্ব্বন্ নিরয়ং যাতি যাবদিন্দ্রচতুর্দ্দশ ইতি।

উপবাসের পর দিবস তিথি বা নক্ষত্রের অবসান হইলেই পারণা করিবে।

যথা। তিথিনক্ষত্রসংযোগে উপবাসো যদা ভবেৎ।
তাবদেব ন ভোক্তব্যং যাবন্নৈকস্য সংক্ষয় ইতি॥

যে বারে তিথি নক্ষত্রযোগে ব্রত হইবে সে বারে তিথি কি নক্ষত্রের একের সংক্ষয় ব্যতীত পারণা করিতে পারিবে না। সপ্তমীবেধে জন্মাষ্টমী ব্রত করিতে ব্রহ্মবৈবর্ত্তাদি পুরাণে যে নিষেধ করিয়াছেন, সে কল্পভেদে গ্রহণ করা যায় এবং মহানিশা পর্য্যন্ত যদি তিথি নক্ষত্রের স্থিতি হয় তবে উপবাসেব পরদিন পারণা কবিবে, প্রমাণং। (তিথ্যন্তে বোৎসবান্তে বা ব্রতী কুর্ব্বীত পারণমিতি) এবং ভাদ্র মাসের শুক্লাষ্টমী দূর্ব্বাষ্টমী সপ্তমীযুক্তা করিবে।

শ্রাবণী দৌর্গনবমী দূর্ব্বা চৈব হুতাশনী।
পূর্ব্ববিদ্ধৈব কর্ত্তব্যা শিবরাত্রিবলের্দ্দিনমিতি॥

এইরূপে প্রতি মাসেব কৃষ্ণাষ্টমীতে বোহিণী নক্ষত্র প্রাপ্ত হইলে জয়ন্তীব্রত করিবে। প্রমাণং।

এতেন দ্বাদশমাসেষু কৃষ্ণাষ্টমীষ্বপি রোহিণীযোগ-
পুরস্কারেণ জয়ন্তীব্রতমিতি।

আশ্বিনের শুক্লাষ্টমী মহাষ্টমী তাহাতে উপবাস করিবে, কিন্তু পুত্রবান্ ব্যক্তিব উপবাস নাই, এই ব্রতের পারণা মাংসাদি উপহার দ্বারা করিবে।

যথা। কন্যাসংস্থে রবাবীশে শুক্লাষ্টম্যাং প্রপূজয়েৎ।
সোপবাসো নিশার্দ্ধে তু মহাবিভববিস্তরৈঃ।
পূজাং সমারভেৎ দেব্যা নক্ষত্রে বারুণেঽপি বা ইতি।
উপবাসং মহাষ্টম্যাং পুত্রবান্ ন সমাচরেদিতি।
অষ্টম্যাং সমুপোষ্যৈব নবম্যামপরেঽহনি।

মৎস্যমাংসোপহারেণ দদ্যান্নৈবেদ্যমুত্তমং।
তেনৈব বিধিনান্নন্তু স্বয়ং ভুঞ্জীত নান্যথা ইতি।

কার্ত্তিকের শুক্লাষ্টমী গোষ্ঠাষ্টমী। তাহাতে গোপূজা, গোগ্রাস দান, গো প্রদক্ষিণ, গোর অনুগমন করিলে সমস্ত পাতক বিনষ্ট হয়, অগ্রহায়ণের কৃষ্ণাষ্টমীকে পূপাষ্টকা কহে, ঐ দিন পিষ্টক দ্বারা পিতৃলোকের শ্রাদ্ধ করিবে। পৌষের কৃষ্ণাষ্টমীকে মাংসাষ্টকা কহে, তদ্দিনে মাংসদ্বারা শ্রাদ্ধ করিবে, মাঘের কৃষ্ণাষ্টমী শাকাষ্টকা তাহাতে শাকদ্বারা শ্রাদ্ধ করিবে। মাঘের শুক্লাষ্টমী ভীষ্মাষ্টমী। ঐ দিন ভীষ্মতর্পণ করিবে। যথা;—

গোষ্ঠাষ্টম্যাং গবাং পূজাং গোগ্রাসং গোপ্রদক্ষিণং।
গবানুগমনং কুর্য্যাৎ সর্ব্বপাপবিমুক্তয়ে ইতি।
অষ্টকার্য্যোর্দ্ধমাগ্রহায়ণ্যাস্তমিশ্রাষ্টমীতি।
আদ্যা পূপৈঃ সদা কার্য্যেতি।
মাংসৈরন্যাভবেত্তদা ইতি।
শাকৈঃ কার্য্যা তৃতীয়া স্যাদিতি।
শুক্লাষ্টম্যাস্তু মাঘস্য দদ্যাৎ ভীষ্মায় যো জলং।
সপ্তজন্মকৃতং পাপং তৎক্ষণাদেব নশ্যতীতি।

চৈত্রের শুক্লাষ্টমী অশোকাষ্টমী। ঐ দিন অশোককলিকা পান করিবে, ঐ তিথিতে পূর্ব্বাহ্ণে যদি বুধবার পুনর্ব্বসু নক্ষত্র পায়, তবে ব্রহ্মপুত্র স্নানে বাজপেয় যজ্ঞের ফল হয়। প্রমাণং।

মীনে মধৌ শুক্লপক্ষে অশোকাখ্যান্তথাষ্টমীং।
পিবেদশোককলিকাং স্নায়াল্লৌহিত্যবারিণি।
পুনর্ব্বসুবুধোপেতাং চৈত্রে মাসি সিতাষ্টমীং।
স্রোতঃস্যু বিধিবৎ স্নাত্বা বাজপেয়ফলং লভেদিতি॥

এই অষ্টমী পঞ্চম যামার্দ্ধ ব্যাপিনী হইলে গ্রাহ্য হইবে। যদি উভয় দিনে পঞ্চম যামার্দ্ধ প্রাপ্ত হয় বা না হয়, তবে পরদিন যুগ্মানুরোধে গ্রহণ করিতে হইবে। প্রমাণং। (পঞ্চমে চ তথাভাগে সম্বিভাগো যথার্হত ইতি)।

অথ নবমী।

অষ্টমীযুক্তা নবমী গ্রাহ্যা, যেহেতু নবমীতে অষ্টমীর যুগ্মাদর, প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে। ভাদ্রের শুক্লানবমী দুর্গানবমী, এবং ভাদ্রের কৃষ্ণানবমী আর্দ্রা-নক্ষত্রযুক্তাতে বোধননবমী, আর্দ্রার অভাবেও দেবীর কেবল নবমীতে বোধন করিবে, কিন্তু সঙ্কল্পাদিতে আশ্বিন মাস উল্লেখ হইবে, আশ্বিনের শুক্লানবমী উদয়গামিনী মহানবমী, এবং মন্বন্তরা, প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে।

কন্যায়াং কৃষ্ণপক্ষে তু পূজয়িত্বার্দ্রতেঽপি বা।
নবম্যাং বোধয়েদ্দেবীং মহাবিভববিস্তরৈরিতি ॥

কার্ত্তিকের শুক্লানবমী উদয়গামিনী দুর্গানবমী যুগাদ্যা। মাঘের শুক্লানবমী মহানন্দা ফাল্গুনের শুক্লানবমীও তদ্রূপ, পূর্ব্বোক্ত প্রমাণে এই নবমীর যুগ্মাদর নাই। তথাহি।

মাঘে মাসি তু যা শুক্লা নবমী লোকপূজিতা।
মহানন্দেতি বিখ্যাতা সদানন্দকরী নৃণামিতি ॥

চৈত্রের শুক্লানবমী শ্রীরামনবমী। ঐ দিবস শ্রীরামচন্দ্রের জন্মতিথি, অতএব পুনর্ব্বসু নক্ষত্রযুক্তাতে ব্রতোপবাস করিয়া শ্রীরামের পূজা করিবে, নক্ষত্রাভাবেও করিবে, কিন্তু অষ্টমীযুক্তা নবমীতে পুনর্ব্বসু পাইলেও গ্রাহ্য করিবে না। প্রমাণং।

চৈত্রে শুক্লনবম্যান্তু সা তিথিঃ সর্ব্বকামদা।
শ্রীরামনবমী প্রোক্তা কোটিসূর্য্যগ্রহাধিকা ইতি।
নবমী চাষ্টমীবিদ্ধা ত্যাজ্যা বিষ্ণুপরায়ণৈরিতি।

পরদিন দশমীতে পারণা করিবে, যদি পারণদিনে দশমীর স্থিতি না হয়, তবে অষ্টমীযুক্তা নবমীতে ব্রত করিবে, এই মাত্র বিশেষ ব্যবস্থা। প্রমাণং।

পারণযোগ্যদশম্যলাভে অষ্টমীযুক্তানবম্যামুপো-
ষণং যুক্তমিতি।

অথ দশমী।

শুক্লপক্ষে একাদশীযুক্তা কৃষ্ণপক্ষে নবমীযুক্তা দশমীতে কর্ম্ম করিবে। শুক্লপক্ষ হইলেও জ্যৈষ্ঠ মাসের দশহরায় যে দশমী তাহা নবমীযুক্তা প্রশস্তা হয়। কিন্তু গঙ্গাস্নানে হস্তা নক্ষত্র যোগ ও মঙ্গলবার প্রশস্ত, যদি উভয় দিনে হস্তার যোগ হয়, তবে যে দিন মঙ্গলবার হইবে সেই দিনেই গঙ্গাস্নান করিবে। প্রমাণং।

শুক্লপক্ষস্য দশমী জ্যৈষ্ঠে মাসি দ্বিজোত্তম।
হরতে দশপাপানি তস্মাৎ দশহরা স্মৃতা ইতি॥
শুক্লপক্ষে তিথির্গ্রাহ্যা যস্যামভ্যুদিতো রবিঃ।
কৃষ্ণপক্ষে তিথির্গ্রাহ্যা যস্যামস্তমিতো রবিরিতি।
বারস্য উভয়ত্রালাভে ন যুক্তমিতি।

পূর্ব্বদিনে হস্তানক্ষত্রযুক্তা দশমীতে স্নান করিয়া পরদিন শুদ্ধা দশমীতে স্নান করিবে। প্রমাণং।

জ্যৈষ্ঠস্য শুক্লা দশমী সংবৎসরমুখী স্মৃতা।
তস্যাং স্নানং প্রকুর্ব্বীত দানঞ্চৈব বিশেষত ইতি॥

আষাঢ়ের শুক্লাদশমী মন্বন্তরা, প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে। আশ্বিনের উদয়-গামিনী শুক্লা দশমী বিজয়া দশমী, ঐ দিবস শ্রবণা নক্ষত্রে দেবীর বিসর্জ্জন করিবে, উদয়কালে দশমী প্রাপ্ত হইলেই হইবে, যুগ্মাদর বিচার নাই।

প্রমাণং। ভগবত্যাঃ প্রবেশাদিবিসর্গান্তাশ্চ যা ক্রিয়াঃ।
রবেরুদয়মীক্ষ্যন্তে ন তত্র তিথিযুগ্মতা ইতি॥

অথ একাদশী।

দ্বাদশীযুক্তা একাদশীতে উপবাস করিবে, দশমীযুক্তা উপোষ্যা নহে। এবং পারণদিনে যৎকিঞ্চিৎ যদি দ্বাদশীর লাভ হয়, তবে সংপূর্ণা একাদশী হইলেও ত্যাগ করিয়া খণ্ডা একাদশীতে উপবাস করিবে। প্রমাণং (পূর্ণাপ্যেকাদশী ত্যাজ্যা দ্বিতীয়া বর্দ্ধতে যদি ইতি) পরদিনে যদি দ্বাদশী না থাকে, তবে যতি, বিধবারা পরদিনে, গৃহী ব্যক্তিরা পূর্ব্বদিনে উপবাস করিবে, আর

পূর্ব্বদিনে দশমীযুক্তা পরদিনে দ্বাদশীযুক্তা যদি একাদশী হয়, পারণদিনে দ্বাদশী থাকে বা না থাকে তথাপি দশমীযুক্তাতে উপবাস কেহই করিবে না, বরং ত্রয়োদশীতে পারণা করিবে।

প্রমাণং। উত্তরান্তাং যতিঃ কুর্য্যাৎ পূর্ব্বামুপবসেদ্গৃহী।
বিধবায়াশ্চ তত্রৈব পরতো দ্বাদশী নচেদিতি।
একাদশী দ্বাদশীমিশ্রা পরতোঽপি ন বর্দ্ধতে।
যতিভির্গৃহিভিশ্চৈব নৈবোপোষ্যা সদা তিথিরিতি।
একাদশীমুপবসেৎ দ্বাদশীমথবা পুনঃ।
বিমিশ্রাং বাপি কুর্ব্বীত ন দশমীযুতাং ক্বচিৎ।
তত্র ক্রতুশতং পুণ্যং ত্রয়োদশ্যান্ত পারণমিতি।

সূর্য্যোদয়ের পর কিঞ্চিৎ দশমী একাদশী ক্ষয় দ্বাদশী স্পর্শ হয়, তবে শুদ্ধ দ্বাদশীতে উপবাস করিয়া ত্রয়োদশীতে পারণা করিবে। সূর্য্যোদয়ের পূর্ব্বে দশমী পরে একাদশীক্ষয় পরদিন না থাকে তবে এরূপ দশমীযুক্তাতে উপবাস করিবে। প্রমাণং। (কুর্য্যাদলাভে সংযুক্তামিত্যাদি) পরদিনে দ্বাদশী না থাকে তবে ষষ্টিদণ্ডাত্মিকা একাদশীতে উপবাস করত দ্বাদশীর প্রথম পাদ ত্যাগ করিয়া পারণা করিবে। যথা,—

দ্বাদশ্যাঃ প্রথমপাদো হরিবাসরসংজ্ঞকঃ।
তমতিক্রম্য কুর্ব্বীত পারণং বিষ্ণুতৎপর ইতি।

বৈষ্ণবেরা শুক্লপক্ষে এরূপ স্থলে খণ্ডাতেই উপবাস করিবে, প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে। গৃহী ব্যক্তির উভয় পক্ষেই উপবাস বিধি, পুত্রবান্ ব্যক্তির কৃষ্ণৈকাদশীতে উপবাস নাই, কিন্তু শয়ন উত্থান একাদশীর মধ্যে কি গৃহী কি পুত্রবান্ সকলেরই অধিকার আছে। যথা;—

আদিত্যেঽহনি সংক্রান্ত্যামসিতৈকাদশীদিনে।
ব্যতীপাতে কৃতে শ্রাদ্ধে পুত্রী নোপবসেদ্গৃহীত্যাদি।
শয়নী বোধনী মধ্যে যা কৃষ্ণৈকাদশী ভবেৎ।
সৈবোপোষ্যা গৃহস্থেন নত্বন্যা বৈ কদাচন।

বৈষ্ণব গৃহী পুত্রবান্ হইলেও সকল কৃষ্ণা ও সকল শুক্লা একাদশীতে উপবাস করিবে। এবং বিধবার একাদশী ব্রত অবশ্য কর্ত্তব্য। যথা :—

নিত্যং ভক্তিসমাযুক্তৈর্নরৈর্ব্বিষ্ণুপরায়ণৈঃ।
পক্ষে পক্ষে চ কর্ত্তব্যমেকাদশ্যামুপোষণমিতি।
বিধবা যা ভবেন্নারী ভুঞ্জীতৈকাদশীদিনে।
তস্যাস্তু সুকৃতং নশ্যেৎ ভ্রূণহত্যা দিনে দিনে॥

একাদশীর উপবাসের মৃতসূতকাশৌচাদি বাধক নহে। এবং অষ্টম বৎসরের পর অবধি অশীতি বৎসর পর্য্যন্ত একাদশীর ব্রত করিতে অধিকারী হয়, এবং সর্ব্ববর্ণের সর্ব্বদাই কর্ত্তব্য।

একাদশ্যাং ন ভুঞ্জীত পক্ষয়োরুভয়োরপি।
মৃতকে সূতকে বাপি অন্যস্মান্নাপ্যশৌচক ইতি।
অষ্টাব্দাদধিকো মর্ত্ত্যো হ্যপূর্ণাশীতিবৎসরঃ।
ভুঙ্ক্তে যো মানবো মোহাদেকাদশ্যাং স পাপকৃদিতি।
নিত্যমেতদ্ব্রতং নাম কর্ত্তব্যং সার্ব্ববর্ণিকমিতি॥

উপবাসে অশক্ত ব্যক্তি অনুকল্প করিবে। কিন্তু শয়ন উত্থান পার্শ্বপরিবর্ত্তন একাদশীতে অনুকল্প করিলে দুরদৃষ্ট জন্মে, অনুকল্পেও বিষ্ণুর উপাসনা করিবে, যথা প্রমাণং।

অনুকল্পে নৃণাং প্রোক্তঃ ক্ষীণানাং বরবর্ণিনি ইতি।
মচ্ছয়নে মদুত্থানে মৎপার্শ্বপরিবর্ত্তনে।
ফলমূলজলাহারী হৃদি শল্যং মমার্পয়েদিতি।
একভক্তেন নক্তেন তথৈবাযাচিতেন চ।

অনুকল্পের ব্যবস্থা এই যে অশক্ত ব্যক্তি ফল মূল জলাহার করিতে পারে, তদশক্তে বিষ্ণুনৈবেদ্য হবিষ্যাহার করিবে অথবা এক জন ব্রাহ্মণকে ভোজন করাইবে, তাহা না হইলে ভোজনের দ্বিগুণ ধনদান করিলে একাদশীর ব্রতভঙ্গা-পরাধ জন্মে না। যথা ;—

উপবাসেন দানেন নৈব দ্বাদশীকো ভবেৎ।
উপবাসাসমর্থেঽপি ফলমূলাদিভোজনমিতি।
সকৃদ্ভুঙ্‌ক্তে হবিষ্যান্নং বিষ্ণোর্নৈবেদ্যমেব চ।
ন ভবেৎ প্রত্যবায়ী স উপবাসফলং লভেদিতি।
উপবাসাসমর্থশ্চ একং বিপ্রন্তু ভোজয়েৎ।
কিঞ্চিদ্ধনানি বা দদ্যাদ্যস্তুক্ত্যা দ্বিগুণং ভবেদিতি।

অথ দ্বাদশী।

যুগ্মাদর প্রযুক্ত একাদশীযুক্তা দ্বাদশী গ্রাহ্য, ত্রয়োদশীযুক্তা গ্রাহ্য নহে, প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে, কেবল বৈশাখের শুক্লা একাদশীযুক্তা দ্বাদশীতে পিপীতকী ব্রত করিবে। জ্যৈষ্ঠের শুক্লা দ্বাদশী বিশোকা দ্বাদশী, ইহাতে বিষ্ণুপূজা করিবে। আষাঢ়ে শুক্লা দ্বাদশীতে রাত্রিযোগে বিষ্ণুর শয়ন করাইবে, যদ্যপি অনুরাধানক্ষত্র না পায় তথাপি রাত্রিতে শয়ন করাইবে। ভাদ্রের দ্বাদশীতে পার্শ্বপরিবর্ত্তন, কার্ত্তিকের দ্বাদশীতে উত্থান, অর্থাৎ অনুরাধার প্রথম পাদে শয়ন, মধ্যে পার্শ্বপরিবর্ত্তন, পুষ্যাবশেষে উত্থান, যদ্যপি দ্বাদশীতে নক্ষত্রযোগ না হয়, তবে পূর্ব্বে যে তিথিতে অনুরাধা যোগ হইবে তাহার প্রথম পাদে শয়ন করাইবে। যদি তাহাতেও যোগ না হয়, তবে ঐ দ্বাদশীর সন্ধ্যায় শয়ন করাইবে, এবং যদি দ্বাদশীতে অনুরাধা কিঞ্চিৎ পায় অন্য তিথিতে সম্পূর্ণ পাদ পায়, তথাপি দ্বাদশীতে শয়ন হইবে। পার্শ্বপরিবর্ত্তনে এবং উত্থানেও এই রূপ। যথা ;—

একাদশ্যাং প্রকুর্ব্বীত উপবাসং মনীষিণঃ।
উপাসনায় দ্বাদশ্যাং বিষ্ণোর্যদযদিয়ং তিথিরিতি।
শেতে বিষ্ণুঃ সদাষাঢ়ে ভাদ্রে চ পরিবর্ত্ততে।
কার্ত্তিকে পরিবুদ্ধেত শুক্লপক্ষে হরের্দ্দিনে।
মৈত্রাদ্যপাদে স্বপিতীহ বিষ্ণুর্বৈষ্ণব্যমধ্যে পরিবর্ত্ততে চ।
পৌষ্ণাবসানে চ মুরারিহন্তা প্রবুধ্যতে মাসচতুষ্টয়েন॥
নিশি স্বাপো দিবোত্থানং সন্ধ্যায়াং পরিবর্ত্তনং ইতি।
অপ্রাপ্তে দ্বাদশীঋক্ষে উত্থানশয়নে হরেঃ।

পাদযোগেন কর্ত্তব্যো নাহোরাত্রং বিচিন্তয়েদিতি ॥

দ্বাদশ্যাং সন্ধিসময়ে নক্ষত্রাণামসম্ভবে।

আভাকাসিতপক্ষে তু শয়নাবর্ত্তনাদিকমিতি।

দ্বাদশ্যাং ঋক্ষসংযোগে পাদযোগ ন কারণমিতি ॥

ভাদ্রের শুক্লা দ্বাদশীতে শ্রবণানক্ষত্র যোগ হইলে শ্রবণাদ্বাদশী বলে, কিন্তু একাদশীতে যদ্যপি শ্রবণার যোগ হয়, তবে এক একাদশীর উপবাসেই শ্রবণা দ্বাদশীর ব্রতসিদ্ধ হয়, আর দ্বাদশীতে উপবাস করিবে না। একাদশীতে না হইয়া দ্বাদশীতে শ্রবণার যোগ হইলে একাদশী দ্বাদশী দুই দিন উপবাস হইবে, শ্রবণা নক্ষত্রের অবসান না হইলে পারণা হইবে না। যথা,—

যাঃ কাশ্চিৎ তিথয়ঃ প্রোক্তাঃ পুণ্যা নক্ষত্রযোগতঃ।

তাস্বেব তদ্ব্রতং কুর্য্যাৎ শ্রবণাদ্বাদশীং বিনেতি।

একাদশীমুপোষ্যৈব দ্বাদশীং সমুপোষয়েৎ।

তিথিনক্ষত্রযোগে চ উপবাসং যদা ভবেৎ।

তাবদেব ন ভোক্তব্যং যাবন্নৈকস্য সংক্ষয়ঃ।

শ্রবণার অবসানে দ্বাদশীতে পারণা, যদি শ্রবণাদ্বাদশী উভয়যোগে ব্রত হয়, তবে তিথি বা নক্ষত্রের অবসানে পারণা করিবে। প্রমাণ উপরে উক্ত হইয়াছে। একাদশী হইতে দ্বাদশীর কাম্যত্ব আছে, একারণ একাদশীর উপবাস ত্যাগ করিবে না। অগ্রহায়ণের শুক্লা দ্বাদশী অখণ্ডদ্বাদশী, ফাল্গুনশুক্লপক্ষে গোবিন্দ-দ্বাদশী পুষ্যানক্ষত্র পাইলে যোগ হয়।

প্রমাণং। দ্বাদশ্যামুপবাসেন সিদ্ধার্থং নৃপসর্ব্বশঃ।

চক্রবর্ত্তিত্বমতুলং সংপ্রাপ্নোত্যতুলাং শ্রিয়মিতি।

ফাল্গুনে শুক্লপক্ষস্য পুষ্যর্ক্ষে দ্বাদশী যদি।

গোবিন্দদ্বাদশী নাম মহাপাতকনাশিনীতি ॥

অথ ত্রয়োদশী।

শুক্লা ত্রয়োদশীযুক্তা কৃষ্ণা চতুর্দ্দশীযুক্তা গ্রাহ্য।

প্রমাণং। ত্রয়োদশী প্রকর্ত্তব্যা দ্বাদশীসহিতা বিভো ইতি।

ষষ্ঠ্যষ্টমী ত্বমাবস্যা কৃষ্ণা চৈব ত্রয়োদশী।
এতাঃ পরযুতা গ্রাহ্যাঃ পরাঃ পূর্ব্বেণ সংযুতা ইতি॥

ষষ্ঠী অষ্টমী অমাবস্যা আর কৃষ্ণা ত্রয়োদশী পরযুতা প্রশস্তা হয়। ভাদ্রের কৃষ্ণাত্রয়োদশী মঘা ত্রয়োদশী, ইহাতে শ্রাদ্ধ করিবে, মধুপায়স মিশ্রিতে অধিক ফল। প্রমাণং।

যৎকিঞ্চিন্মধুনা মিশ্রং প্রদদ্যাত্তু ত্রয়োদশীং।
তদক্ষয়মেব স্যাৎ বর্ষাসু চ মঘাসু চ ইতি॥ ইতি মনুঃ॥

শ্রাবণের কৃষ্ণা ত্রয়োদশী যুগাদ্যা স্থানে ইহার ভাদ্রমাস উল্লেখ করিবে, প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে, মঘাষ্টকাদি যে কোন শ্রাদ্ধ করুক, ব্রাহ্মণেরা অন্ন দিয়া শ্রাদ্ধ করিবে, প্রমাণং (পিতরস্পৃহয়ন্ত্যন্নং অষ্টকাসু মঘাসু চেতি শাতাতপঃ) আর হস্তা নক্ষত্রে সূর্য্য থাকিলে যদি মঘাতে ত্রয়োদশীর যোগ হয়, তবে গজচ্ছায় যোগ বলে, তাহাতে শ্রাদ্ধের বিস্তর ফল। যথা শঙ্খঃ।

প্রৌষ্ঠপদ্যামতীতায়াং মঘাযুক্তাং ত্রয়োদশীং।
প্রাপ্য শ্রাদ্ধং হি কর্ত্তব্যং মধুনা পায়সেন চ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে।

প্রৌষ্ঠপদ্যামতীতায়াং তথা কৃষ্ণা ত্রয়োদশী।
এতাংস্তু শ্রাদ্ধকালান্ বৈ নিত্যানাহ প্রজাপতিরিতি।
কৃষ্ণপক্ষে ত্রয়োদশ্যাং মঘাস্বিন্দুকরে রবিঃ।
যদা তদা গজচ্ছায়া শ্রাদ্ধে পুণ্যৈরবাপ্যতে ইতি॥

আশ্বিন মাসের দশম দিবসপর্য্যন্ত হস্তানক্ষত্রের ভোগ, তাহাতে যদি কৃষ্ণপক্ষে ত্রয়োদশীতে মঘানক্ষত্র হয়, তবে গজচ্ছায়া যোগ বলিয়া পিতৃলোকের শ্রাদ্ধ করিবে। কিন্তু একাদশী দিনেও যদি মঘাযুক্তা ত্রয়োদশী থাকে তাহাকেও গজ-চ্ছায়া বলিবে। কিন্তু পুনর্ব্বার শ্রাদ্ধ সে দিনে আর করিবে না। এ যোগে শ্রাদ্ধের বিস্তর ফল, সাধারণ পুরুষ মাত্রেই এ শ্রাদ্ধের অধিকারী, অধিকার বিভাগ নাই, অর্থাৎ জ্যেষ্ঠ কনিষ্ঠাদির বিচার নাই, জ্যেষ্ঠ ও কনিষ্ঠ উভয়েই শ্রাদ্ধ করিবে, কিন্তু পুত্রবান্ ব্যক্তি মঘাত্রয়োশীতে পিণ্ডদান করিবে না, করিলে জ্যেষ্ঠ সন্তান বিনষ্ট হয়। যথা,—

বিভক্তা অবিভক্তা বা কুর্য্যাৎ শ্রাদ্ধমবৈদিকং।
মঘাসু চ তথান্যত্র নাধিকারঃ পৃথগ্বিধ ইতি।
ঋক্ষে পিণ্ডপ্রদানন্তু জ্যেষ্ঠপুত্রী বিবর্জ্জয়েদিতি।
মঘায়াং পিণ্ডদানেন জ্যেষ্ঠপুত্রো বিনশ্যতি ইতি।

সাম্বৎসরৈকোদ্দিষ্ট শ্রাদ্ধে জ্যেষ্ঠ কনিষ্ঠ সকলেরি অধিকার এবং মঘাশ্রাদ্ধেও অধিকার, কেবল সপিণ্ডকরণ পর্য্যন্ত অধিকারী অনধিকারীর বিচার। ফাল্গুন মাসের কৃষ্ণাত্রয়োদশীতে শতভিষা নক্ষত্র যোগ হইলেই বারুণী হয়, যদি শনিবার পায় তবে মহাবারুণী হয়, আর শুভ কি শুক্রযোগ ও শনিবার শতভিষা নক্ষত্র ত্রয়োদশীতে যোগ হইলে মহা মহা বারুণী হয়। যথা,—

বারুণেন সমাযুক্তা মধৌ কৃষ্ণা ত্রয়েদশী।
গঙ্গায়াং যদি লভ্যেত সূর্য্যগ্রহশতৈঃ সমা। ইতি বারুণী।
শনিবারসমাযুক্তা সা মহাবারুণী স্মৃতা।
গঙ্গায়াং যদি লভ্যেত কোটিসূর্য্যগ্রহৈঃ সমা ইতি।
শুভশুক্রসমাযুক্তা শনৌ শতভিষা যদি।
মহামহেতি বিখ্যাতা ত্রিকোটিকুলমুদ্ধরেদিতি ॥

কিন্তু ফাল্গুনের মুখ্যচন্দ্র চৈত্রের গৌণচন্দ্র, ফলে স্নানে চৈত্রমাস উল্লেখ করিবে। সধবা স্ত্রীলোকে বারুণীতে স্নান করিবে না, এবং সামান্য শতভিষান-ক্ষত্রেও স্নান করিবে না, যথা প্রচেতাজাবালবচনঞ্চ। যথা,—

স্নানং কুর্ব্বন্তি যা নার্য্যশ্চন্দ্রে শতভিষাং গতে।
সপ্তজন্মভবেয়ুস্তা দুর্ভগা বিধবা ধ্রুবং ইতি ॥

শতভিষানক্ষত্রে যে স্ত্রী স্নান করে, সে সপ্তজন্ম দুর্ভগা ও বিধবা হয়, বারুণী দিবারাত্রের মধ্যে যখন হইবে তখনি স্নান করিবে এবং যদি গঙ্গাহীন দেশ হয়, তথাপি গৃহস্থিত যে গঙ্গাজল তাহাতেও স্নান করিলে অশ্বমেধের ফল হয়। যথা,—

দিবারাত্রৌ চ সন্ধ্যায়াং গঙ্গায়াঞ্চ প্রসঙ্গতঃ।
স্নাত্বাশ্বমেধজং পুণ্যং গৃহেহপ্যুদ্ধৃততজ্জলৈরিতি।

যদি একাদশীর পারণদিনে বারুণী হয়, তবে তদনুরোধে দ্বাদশী লঙ্ঘন করিয়া পারণা করিবে না, অর্থাৎ প্রাতঃকালে স্নান নিত্যকর্ম্ম করিয়া পারণা করিবে, যেহেতু দ্বাদশী লঙ্ঘনে বিস্তর হানি আছে। যথা,—

মহাহানিকরী হ্যেষা দ্বাদশী লঙ্ঘিতা নৃণামিতি।

অথ চতুর্দ্দশী।

পূর্ণিমাযুক্তা চতুর্দ্দশী গ্রাহ্যা, যেহেতু যুগাদ্যর হয়, কৃষ্ণপক্ষে ত্রয়োদশীযুক্তা চতুর্দ্দশীতে কর্ম্ম করিবে, কৃষ্ণাষ্টমী কৃষ্ণা চতুর্দ্দশী পূর্ব্ববিদ্ধা গ্রাহ্যা, প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে। বৈশাখের কি জ্যৈষ্ঠের কৃষ্ণা চতুর্দ্দশীর নাম সাবিত্রী চতুর্দ্দশী। যথা, (মেষে বা বৃষভে বাপি সাবিত্রীং তাং বিনির্দ্দিশেদিতি) এই ব্রতে চতুর্দ্দশী পরবিদ্ধা কর্ত্তব্যা, যদি উভয় দিনে ব্রতকালে তিথি পায় তবে পরদিনে ব্রত করিবে। যথা জ্যোতিষে।

চতুর্দ্দশ্যামমাবস্যা যদা ভবতি নারদ।
উপোষ্যা পূজনীয়া সা চতুর্দ্দশ্যাং বিধানত ইতি॥

ভাদ্রের গৌণ শ্রাবণের মুখ্যচান্দ্রে কৃষ্ণা চতুর্দ্দশীকে অঘোরচতুর্দ্দশী বলে, সেই দিন শিবপূজা করিবে। উপবাসের ফলে শিবলোকে বাস হয়। যথা,—

ভাদ্রে মাসি সিতে পক্ষে অঘোরাখ্যা চতুর্দ্দশী।
তামুপোষ্য নরো নিত্যং শিবলোকে মহীয়তে॥
ইতি ভবিষ্যে।

ভাদ্রের শুক্লা চতুর্দ্দশীতে অনন্তব্রত করিবে, ঐ অনন্ত চতুর্দ্দশী মধ্যাহ্নব্যাপিনী গ্রাহ্যা। যথা,—

অনন্তব্রতমেতদ্ধি সর্ব্বকামপ্রদং নৃণাং ইতি।
তথা শুক্লচতুর্দ্দশ্যাং মাসি ভাদ্রপদে ভবেদিতি।
মধ্যাহ্নে ভোজ্যবেলায়াং সমুত্তীর্য্য সরিত্তটে।
দদর্শ শীলা সা স্ত্রীণাং সমূহং রক্তবাসসাং॥

আশ্বিনের পূর্ব্বাহ্নব্যাপিনী কৃষ্ণা চতুর্দ্দশী ভূতচতুর্দ্দশী। ইহাতে স্নান করিয়া যমতর্পণ ও দীপদান করিবে, কিন্তু কার্ত্তিক মাস উল্লেখ করিবে। অগ্রহায়ণের শুক্লা চতুর্দ্দশী পাষাণচতুর্দ্দশী, পৌষের কৃষ্ণা চতুর্দ্দশী রটন্তী চতুর্দ্দশী, ঐ চতুর্দ্দশীতে যদি দুই দিন অরুণোদয়কাল পায় তবে পূর্ব্বদিনে স্নান ও যমতর্পণ করিবে, আর যে দিন নিশামুখে প্রাপ্তা হইবে, সেই দিন রটন্ত্যাখ্যা কালিকার পূজা হইবে যথা,—

কার্ত্তিকে কৃষ্ণপক্ষে তু চতুর্দ্দশ্যরুণোদয়ে।
অবশ্যমেব কর্ত্তব্যং স্নানং নরকভীরুভিঃ।
ততশ্চ তর্পণং কার্য্যং ধর্ম্মরাজস্য নামভিঃ।
নরকায় প্রদাতব্যো দীপঃ সংপূজ্য দেবতা ইতি।
বৃশ্চিকে শুক্লপক্ষে তু যা পাষাণচতুর্দ্দশীতি।
অনর্কাভ্যুদিতে কালে মাঘে কৃষ্ণা চতুর্দ্দশী।
স্নাত্বা সংতর্প্য তু যমানিতি॥

মাঘের কৃষ্ণা চতুর্দ্দশী শিবরাত্রচতুর্দ্দশী, যে দিবস সন্ধ্যা অবধি মধ্য রাত্রি পর্য্যন্ত পায় সেই দিনেই হইবে, সম্পূর্ণ রাত্রির বিচার কি। আর যে দিনে প্রদোষ-ব্যাপিনী চতুর্দ্দশী অপর দিনে মধ্যরাত্রি ব্যাপিনী হয়, তাহার যে দিন মধ্যরাত্রি-ব্যাপিনী সেই দিন ব্রত করিবে। এবং পূর্ব্বদিনে যদি মধ্যরাত্রিব্যাপিনী হইয়া পরদিনে প্রদোষে মাত্র হয়, তথাপি পরদিনেই ব্রতের কর্ত্তব্যতা। ইহা ফাল্গুন উল্লেখ করিবে। প্রমাণং নাগরখণ্ডে ঈশানসংহিতায়াং। এবং রবি কি মঙ্গলবার পাইলে উৎকৃষ্ট ফল হয়। ঐ দিনে কর্ত্তব্য।

মাঘে কৃষ্ণচতুর্দ্দশ্যামাদিদেবো মহানিশি।
মাঘমাসস্য শেষে বা প্রথমে ফাল্গুনস্য চ।
কৃষ্ণা চতুর্দ্দশী সা তু শিবরাত্রিঃ প্রকীর্ত্তিতা।
মাঘে কৃষ্ণচতুর্দ্দশ্যাং রবিবারো যদা ভবেৎ।
ভৌমে বাপি ভবেদ্দেবি কর্ত্তব্যং ব্রতমুত্তমমিতি॥

শিবচতুর্দ্দশীব্রতে চতুর্দ্দশীতেই পারণা হইলে ফলাধিক্য হয়, কিন্তু না পাইলে অমাবস্যাতেই পারণা করিবে। অর্থাৎ শিবরাত্রি অঘোরা ভূত

সাবিত্রী চতুর্দ্দশী অমাবস্যাযুক্তাতে ব্রত করিয়া অমাবস্যাতেই পারণা করিবে। প্রমাণং।

শিবা ঘোরা তথা প্রেতা সাবিত্রী চ চতুর্দ্দশী।
কুহুযুক্তৈব কর্ত্তব্যা কুহ্বামেব হি পারণমিতি।
ব্রহ্মাণ্ডোদরমধ্যে তু যানি তীর্থানি সন্তি বৈ।
পূজিতানি ভবন্তীহ ভূতায়াং পারণে কৃতে। ইত্যাদি।

ফাল্গুনের মুখ্য, চৈত্রের গৌণ, কৃষ্ণা চতুর্দ্দশীতে মঙ্গলবার হইলে গঙ্গাস্নানে ও গঙ্গোদকপানে পিশাচত্ব হয় না। এবং চৈত্রের শুক্লা চতুর্দ্দশী মদনচতুর্দ্দশীতে শিব-সন্নিধানে গঙ্গাস্নান করিলেও পিশাচত্ব হয় না। যথা,—

চৈত্রে কৃষ্ণচতুর্দ্দশ্যাং অঙ্গারকদিনং ভবেৎ।
পিশাচত্বং পুনর্ন স্যাৎ গঙ্গায়াং স্নানভোজনাদিতি।
চৈত্রশুক্লচতুর্দ্দশ্যাং যঃ স্নায়াৎ শিবসন্নিধৌ।
পিশাচত্বং ন তস্য স্যাৎ গঙ্গায়াস্তু বিশেষত ইতি।

অথ পূর্ণিমা।

চতুর্দ্দশীযুক্তা পূর্ণিমাতে দৈবাদি কর্ম্ম করিবে, যেহেতু যুগাদ্য হয়। পূর্ণিমাতে স্রোতোজলে স্নান করিলে যমপুরী দর্শন করিতে হয় না, এবং বৈশাখাদি মাসের পৌর্ণমাসীতে স্নানদানে অনন্তফল। প্রমাণং। (পক্ষান্তে স্রোতসি স্নায়াত্তেন নায়াতি মৎপুরমিতি) যমঃ। অকামা বৈ ত্বনন্তকমিতি) জ্যৈষ্ঠনামা সংবৎসর জ্যৈষ্ঠ মাসের পৌর্ণমাসীতে জ্যেষ্ঠানক্ষত্রের যোগ হইলে মহাজ্যৈষ্ঠীযোগ কহে। তাহাতে গঙ্গাস্নানে মহাফল, এবং ঐ পূর্ণিমাতে স্নানযাত্রা হয়।

অপর। বৃশ্চিকরাশিতে জ্যেষ্ঠানক্ষত্রে চন্দ্র ও বৃহস্পতি থাকে, আর রোহিণী বৃষে রবি থাকে এবং বৃহস্পতিবার হয়, তাহাকেও মহাজ্যৈষ্ঠী কহে।

অথবা জ্যেষ্ঠা অনুরাধা বৃশ্চিকে গুরুচন্দ্র থাকে, রোহিণীবৃষে রবি থাকিলেও গুরুবারে মহাজ্যৈষ্ঠী হয়।

এবং অনুরাধা বৃশ্চিকে চন্দ্র কিম্বা গুরু যদি থাকেন, তবে জ্যৈষ্ঠের পূর্ণিমা মহাজ্যৈষ্ঠী হয়। প্রমাণং।

জ্যৈষ্ঠসম্বৎসরে চৈব জৈ[illegible] পূর্ণিমা।
জ্যেষ্ঠা ভেন সমাযুক্তা মহাজ্যৈষ্ঠী প্রকীর্ত্তিতা ইতি ॥
ঐন্দ্রে গুরুঃ শশী চৈব প্রাজাপত্যে রবিস্তথা।
পূর্ণিমা গুরুবারেণ মহাজৈষ্ঠী প্রকীর্ত্তিতা ইতি ॥
ঐন্দ্রে গুরুশশী চৈব প্রজাপত্যে রবিস্তথা।
পূর্ণিমা জ্যৈষ্ঠমাস্য মহাজ্যৈষ্ঠী প্রকীর্ত্তিতা ॥
ঐন্দ্রে মৈত্রে যদা জীবস্তৎপঞ্চদশকে রবিঃ।
পূর্ণিমা শক্রচন্দ্রেণ মহাজ্যৈষ্ঠী প্রকীর্ত্তিতা ইতি ॥
ঐন্দ্রের্কে ত্বথবা মৈত্রে গুরুচন্দ্রে যথা স্থিতৌ।
পূর্ণিমা জ্যৈষ্ঠমাসস্য মহাজ্যৈষ্ঠী প্রকীর্ত্তিতা ইতি ॥

এই মহাজ্যৈষ্ঠীযোগে গঙ্গাস্নানে মুক্তি হয়, এবং পুরুষোত্তম দর্শন করিলে বিষ্ণুলোকে গমন করে। প্রমাণং।

মহাজ্যৈষ্ঠ্যাস্তু যঃ পশ্যেৎ পুরুষঃ পুরুষোত্তমং।
বিষ্ণুলোকমবাপ্নোতি মোক্ষং গঙ্গাম্বুমজ্জনাদিতি ॥

এই পূর্ণিমা মন্বন্তরা, প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে। আষাঢ়ী পূর্ণিমা কার্ত্তিকী পূর্ণিমা মাঘী পূর্ণিমাও মন্বন্তরা, প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে। এবং মাঘ শ্রাবণের পূর্ণিমা, আশ্বিনের কৃষ্ণা ত্রয়োদশীতে শ্রাদ্ধাদির আবশ্যক।

প্রমাণং। পৌর্ণমাসী তথা মাঘী শ্রাবণী চ নরোত্তম।
প্রৌষ্ঠপদ্যামতীতায়াং তথা কৃষ্ণা ত্রয়োদশী।
এতাংস্তু শ্রাদ্ধকালান্ বৈ নিত্যানাহ প্রজাপতিরিতি ॥

যে দিবস সঙ্গবকালে পূর্ণিমা তিথির লাভ হইবে, সেই দিবস শ্রাদ্ধ করিবে। উভয় দিনে সঙ্গবকালে অলাভ হইলেও পরদিনে শ্রাদ্ধের কর্ত্তব্যতা।

প্রমাণ। শুক্লপক্ষে তিথির্গ্রাহ্যা যস্যামভ্যুদিতো রবিরিতি।
শুক্লপক্ষেতু পূর্ব্বাহ্ণে শ্রাদ্ধং কুর্য্যাদ্বিচক্ষণঃ।
কৃষ্ণপক্ষে হ্যপরাহ্ণে তু রোহিণীস্তু ন লঙ্ঘয়েদিতি ॥

আশ্বিনের প্রদোষব্যাপিনী কি মধ্যরাত্রিব্যাপিনী যে পূর্ণিমা, তাহার নাম কোজাগর। ঐ দিবস লক্ষ্মীপূজা প্রদোষে করিয়া নারিকেলোদক পান করত দ্যূতক্রীড়ায় রাত্রি জাগরণ করিবে। এবং নারিকেল চিপিটকে দেবপিতৃপূজা করিবে। প্রমাণং।

নিশীথে বরদা লক্ষ্মীঃ কো জাগর্ত্ত্যনুভাষিণী।
তস্মৈ বিত্তং প্রযচ্ছামি অক্ষৈঃ ক্রীড়াং করোতি যঃ।
নারিকেলৈশ্চিপিটকৈঃ পিতৄন্ দেবান্ সমর্চ্চয়েদিতি ॥

কার্ত্তিকী পূর্ণিমা মন্বন্তরা রাসযাত্রা, ইহাতে স্নানদানের আবশ্যক, প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে। পৌষপূর্ণিমার পর মাঘী পূর্ণিমা পর্য্যন্ত মূলক ভোজন করিবে না, যেহেতু মাঘে মূলা সুরাতুল্য হয়। প্রমাণং।

পৌষ্যাস্তু সমতীতায়াং যাবদ্ভবতি পূর্ণিমা ইতি।
বরং ভক্ষ্যমভোজ্যঞ্চ পিবেদ্বা গর্হিতঞ্চ যৎ।
বর্জ্জনীয়ং প্রযত্নেন মূলকং মদিরাসমমিতি ॥

বৈশাখের অক্ষয়া তৃতীয়া সত্যযুগাদ্যা, মাঘী পূর্ণিমা কলিযুগাদ্যা। অতএব যেমন অক্ষয়াতৃতীয়া যুগাদ্যা, সেইরূপ সকল যুগাদ্যাতেই স্নানদান শ্রাদ্ধাদি করিবে। প্রমাণং।

বৈশাখে শুক্লপক্ষে তু তৃতীয়ায়াং কৃতং যুগং।
কার্ত্তিকে শুক্লপক্ষে তু ত্রেতা বৈ নবমেঽহনি।
অথ ভাদ্রপদে মাসি ত্রয়োদশ্যাস্তু দ্বাপরং।
মাঘে তু পৌর্ণমাস্যাং বৈ ঘোরং কলিযুগং স্মৃতমিতি।

ব্রহ্মপুরাণং।

যুগাদ্যা পৌর্ণমাসী প্রভৃতি পুণ্যাতিথি বিশেষে শ্রাদ্ধ এবং স্নান দানাদির আবশ্যক। প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে। ফাল্গুনের পৌর্ণমাসী মন্বন্তরা, তাহাতে ভগবানের দোলযাত্রা করিবে। ইহার প্রমাণ স্কন্দপুরাণে। যথা (ফাল্গুনে মাসি কুর্ব্বীত দোলারোহণমুত্তমমিতি)। সোমবারযুক্তা সিনীবালী অর্থাৎ পৌর্ণমাসী অমাবস্যাতে মৌনস্নান করিলে গোসহস্র দানের ফল হয়। যথা প্রমাণং।

সিনীবালী কুহুর্ব্বাপি যদি সোমদিনে ভবেৎ।
গোসহস্রফলং দদ্যাৎ স্নানং যন্মৌনিনা কৃতমিতি॥

অমাবস্যা পৌর্ণমাসী দ্বাদশী শ্রাদ্ধদিনে আর রবিসংক্রম দিনে সায়ংসন্ধ্যা নাই। যথা,—

সংক্রান্ত্যাং পক্ষয়োরন্তে দ্বাদশ্যাং শ্রাদ্ধবাসরে।
সায়ংসন্ধ্যা ন কুর্ব্বীত কুর্ব্বংস্তু পিতৃহা ভবেদিতি।

অথ অমাবস্যা।

ভাদ্রের অমাবস্যা মহালয়া কিন্তু আশ্বিন মাস উল্লেখ বিহিত পার্ব্বণশ্রাদ্ধ, এবং পিতৃমাতৃষোড়শী শ্রাদ্ধ করিবে। যথা,—

অমাবস্যাস্তু কন্যার্কে তীর্থপ্রাপ্তে তথা নৃপ।
কৃত্বা শ্রাদ্ধং বিধানেন দদ্যাৎ ষোড়শপিণ্ডকমিতি॥

আশ্বিনের অমাবস্যা দীপান্বিতা, ইহাতে কার্ত্তিক মাস উল্লেখ করিয়া পার্ব্বণশ্রাদ্ধাদি করিবে, কিন্তু মহালয়ার শ্রাদ্ধ যে করিয়াছে সেই এ শ্রাদ্ধের ফল পায়, নচেৎ পায় না। যথা,—

যেয়ং দীপান্বিতা রাজন্ খ্যাতা পঞ্চদশী ভুবি।
তস্যাং দদ্যান্নচেদ্দত্তং পিতৃণাং বৈ মহালয়ে॥

এই দিবস প্রদোষে লক্ষ্মীপূজা করিবে এবং নিশীথকালে তন্ত্রোক্তমতে কালিকাপূজার বিধি আছে,, স্মৃতিতে লক্ষ্মীপূজার বিধিমাত্র। যথা,—

প্রদোষসময়ে লক্ষ্মীং পূজয়িত্বা যথাক্রমং।
দীপরক্ষা তথা কার্য্যা ভক্ত্যা দেবগৃহেষ্বপি॥

যদি উভয়দিনে প্রদোষে অমাবস্যা পায়, তবে যুগ্মাদরানুরোধে পরদিনে পূজা করিবে। যদি পূর্ব্বদিন প্রদোষে অমাবস্যা পায় কিন্তু পরদিন এক দণ্ড রাত্রি মাত্র থাকে, তথাপি পূর্ব্বদিন ত্যাগ করিয়া পরদিন ঐ একদণ্ড মধ্যেই পূজা করিবে যথা,—

দণ্ডৈকরজনীযোগো দর্শস্য স্যাৎ পরেঽহনি।
তথা বিহায় পূর্ব্বেদ্যুঃ পরেদ্যুঃ সুখরাত্রিকা ইতি॥

পূর্ব্বদিন যদি শ্রাদ্ধকরণকালে অমাবস্যা না পায়, তবে পূর্ব্বদিন শ্রাদ্ধ করিয়া পরদিন উল্কাদান করিবে। যথা ব্রহ্মপুরাণে উল্কাগ্রহণমন্ত্রঃ।

শস্ত্রাশস্ত্রহতানাঞ্চ ভূতানাং ভূতদর্শয়োঃ।
উজ্জ্বলজ্যোতিষা দেহং দহেয়ং ব্যোমবহ্নিনা ইতি।
অগ্নিদগ্ধাশ্চ যে জীবা যেঽপ্যদগ্ধাঃ কুলে মম।
উজ্জ্বলজ্যোতিষা দগ্ধাস্তে যান্তু পরমাং গতিং।

ইতি দানমন্ত্রঃ।

যমলোকং পরিত্যজ্য আগতা যে মদালয়ে।
উজ্জ্বলজ্যোতিষা বর্ত্ম প্রপশ্যন্তু ব্রজন্তু তে॥

ইতি বিসর্জ্জনমন্ত্রঃ।

রবিবারে ব্যতীপাত যোগ শ্রবণানক্ষত্রযুক্তা পৌষ কি মাঘ মাসের অমাবস্যা হইলে অর্দ্ধোদয় যোগ হয়, ইহাতে গঙ্গাস্নানে বহুকোটি সূর্য্যগ্রহণকালীন গঙ্গাস্নান-জন্য যে ফল তাহার তুল্য ফল হয়, কিন্তু এ যোগ দিবাতে, রাত্রিতে নক্ষত্রাদির যোগ হইলেও যোগ হয় না, যেহেতু বারের প্রাধান্য আছে, বিশেষ চারিদণ্ড রাত্রি থাকিতে কি চারি দণ্ড রাত্রি পর্য্যন্ত প্রশস্ত কাল, যেহেতু রাত্রির এক প্রহর দিবা-ভুক্ত, দিবা পাঁচ প্রহর হয়, কিন্তু পৌষ হইলে মাঘ উল্লেখ, মাঘ হইলে ফাল্গুণ উল্লেখ করিয়া যোগস্নানের সঙ্কল্প করিবে। প্রমাণং নির্ণয়ামৃতধৃতং।

অমার্কপাতশ্রবণৈর্যুক্তা চেৎ পৌষমাঘয়োঃ।
অর্দ্ধোদয়ঃ স বিজ্ঞেয়ঃ কোটিসূর্য্যগ্রহৈঃ সমঃ।
দিবৈব যোগঃ শস্তোঽয়ং ন তু রাত্রৌ কদাচন ইতি।

ফাল্গুনের অমাবস্যা মন্বন্তরা, ইহার প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে।

অথ নিত্যশ্রাদ্ধকালনিরূপণং।

অমাবস্যা অষ্টকাত্রয় নিরগ্নিকের চতুর্দ্দশী ব্যতিরিক্ত কৃষ্ণপক্ষের যে তিথি, এবং ভাদ্রের পূর্ণিমার পর অপরপক্ষের পঞ্চদশ তিথি নিত্য শ্রাদ্ধকাল, অশক্তের পক্ষে ষষ্ঠী অবধি দশ, বা একাদশী অবধি পাঁচ, অথবা ত্রয়োদশী অবধি তিন তিথি-তেও শ্রাদ্ধ করিবে। তদ্ভিন্ন কন্যাস্থ সূর্য্যে মঘাযুক্তা কৃষ্ণা ত্রয়োদশী, এবং ফাল্গুন, জ্যৈষ্ঠের কৃষ্ণপক্ষে ও মাঘের, শ্রাবণের পূর্ণিমাতে শ্রাদ্ধ করিবে, আর আষাঢ়ের (৬) দিন (৪০) দণ্ডের পর অবধি (১৩) দিন (২০) দণ্ড পর্য্যন্ত নবোদক শ্রাদ্ধকাল, এবং নবান্নশ্রাদ্ধ ও গ্রহণশ্রাদ্ধের অবশ্য কর্ত্তব্যতা। যথা ;—

অমাবস্যায়াং পিতৃভ্যো দদ্যাৎ চতুর্দ্দশ্যাং ক্রিয়া কার্য্যা নান্যেষান্তু বিগর্হিতা। অশ্বযুক্কৃষ্ণপক্ষে তু শ্রাদ্ধং কৃত্বা দিনে দিনে। ত্রিভাগহীনং পক্ষম্বা ত্রিভাগস্ত্বর্দ্ধমেব বা। নবোদকনবান্নে চ গ্রহপ্রচ্ছা-দনে তথা। পিতরঃ স্পৃহয়ন্ত্যন্নমষ্টকাসু মঘাসু চ। কন্যা কুম্ভবৃষস্থার্কে কৃষ্ণপক্ষে চ সর্ব্বদা। পৌর্ণ-মাসী তথা মাঘী শ্রাবণী চ নরোত্তম। প্রৌষ্ঠ-পদ্যামতীতায়াং তথা কৃষ্ণা ত্রয়োদশী। এতাস্তু শ্রাদ্ধকালান্ বৈ নিত্যানাহ প্রজাপতিঃ। আর্দ্রা-দিতো বিশাখান্তং রবিবারেণ বর্ষতি। আপদ্য লগ্নৌ তীর্থে চ চন্দ্রসূর্য্যগ্রহে তথা। অমাশ্রাদ্ধং দ্বিজৈঃ কার্য্যং শূদ্রেণ তু সদৈব হি। অকুর্ব্বানস্তু তৎ শ্রাদ্ধং পঙ্কে গৌরিব সীদতি ইতি।

সংক্রান্তি দিনে এবং গ্রহণে স্নান না করিলে সপ্ত জন্ম কুষ্ঠী হয়। যথা (সংক্রমে গ্রহণে চৈব ন স্নায়াৎ যস্তু মানবঃ। সপ্তজন্মসু কুষ্ঠী স্যাদিত্যাদি। এবং অশৌচ-পাতে গ্রহণাদিতে স্নান করিতে নিষেধ নাই, কেবল দান শ্রাদ্ধাদি করিতে পারে না। যথা ,—

সূতকে মৃতকে চৈব ন দোষো রাহুদর্শনে।
স্নানমাত্রন্তু কর্ত্তব্যং দানশ্রাদ্ধবিবর্জ্জিতমিতি ॥

গ্রহণকালে গঙ্গাভিন্ন জলে স্নান কি তীর্থভিন্ন স্থানে দান করিলে, তীর্থদানের এবং গঙ্গাস্নানের তুল্য ফল হয়। যথা ;—

সর্ব্বং ভূমিসমং দানং সর্ব্বে ব্যাসসমা দ্বিজাঃ।
সর্ব্বং গঙ্গাসমং তোয়ং গ্রহণে নাত্র সংশয় ইতি।

সামান্য সময়ের দানাপেক্ষা গ্রহণকালের দানে অনেক ফল, এবং চন্দ্র গ্রহণাপেক্ষা সূর্য্যগ্রহণে দানের দশগুণ ফল হয়, যথা ; (ইন্দোঃ কোটিঃ রবের্দ্দশ ইতি) সোমবারে চন্দ্রগ্রহণ ও রবিবারে সূর্য্যগ্রহণে চূড়ামণি যোগ হয়, ইহাতে গঙ্গাস্নানাদি শুভকর্ম্মে অনন্ত ফল। যথা ;—

সূর্য্যগ্রহঃ সূর্য্যবারে সোমে সোমগ্রহস্তথা।
চূড়ামণিরয়ং যোগস্তত্রানন্তং ফলং স্মৃতমিতি।

যে ব্যক্তিকে গ্রহণ দর্শন করিতে নাই, সে ব্যক্তি মুক্ত হইলে স্নান করিবে।

প্রমাণং। গ্রহণে সাবমাশৌচং বিমুক্তো সৌতিকং
স্মৃতমিতি।

এবং সূর্য্যগ্রহণের পূর্ব্বে (৪) প্রহর, চন্দ্রগ্রহণের পূর্ব্বে (৩) প্রহর আহার করিবে না কিন্তু বালক বৃদ্ধ রোগীর পক্ষে নিয়ম নাই, গ্রস্তোদয়ে চন্দ্রের পূর্ব্বে অপরাহ্লে দিবাতে ভোজন করিবে না, প্রমাণং।

সূর্য্যগ্রহে তু নাশ্নীয়াৎ পূর্ব্বং যামচতুষ্টয়ং।
চন্দ্রগ্রহে তু যামাং স্ত্রীন্ বালবৃদ্ধাতুরৈর্ব্বিনা।
গ্রস্তোদয়ে বিধৌ পূর্ব্বং নাহঃ ভোজনমাচরেদিতি।
সায়াহ্নে গ্রহণে চেৎ স্যাদপরাহ্লে ন ভোজনং।
অপরাহ্লে ন মধ্যাহ্নে ইত্যাদি।

সায়ংকালে চন্দ্রগ্রহণ হইলে অপরাহ্লে ভোজন করিবে না। অপরাহ্লে হইলে মধ্যাহ্নে ভোজন নিষেধ, মধ্যাহ্নে হইলে সঙ্গবে ভোজন করিবে না, সঙ্গবে হইলে

তৎপূর্ব্বে ভোজন করিতে নাই। গ্রস্তাস্ত হইলে পরদিন চন্দ্র দর্শন না করিয়া স্নান ভোজন করিতে নাই যথা; (মুক্তিং দৃষ্ট্বা তু ভুঞ্জীত স্নানং কৃত্বা পরেঽহনি ইতি) মেঘদ্বারা দর্শন যদি না হয়, তবে গ্রহণকাল অনুমান করিয়া পরে স্নান ভোজন করিবে। যথা;—

মেঘমালাদিদোষেণ যদি মুক্তির্ন দৃশ্যতে।
আকলয্য তু তৎকালং ভুঞ্জীত স্নানপূর্ব্বকমিতি।

গ্রস্তাস্ত হইলে দিবসত্রয় বেদপাঠ করিতে নিষেধ আছে, যথা; (ত্র্যহং ন কীর্ত্তয়েদ্ব্রহ্ম রাজ্ঞো রাহোশ্চ সূতকে ইতি) পুত্রবান্ ব্যক্তি পারণ কি উপবাস গ্রহণ-দিনে করিবে না, এবং রবিবারে ও সংক্রান্তিতেও করিবে না। প্রমাণং।

আদিত্যেঽহনি সংক্রান্তৌ গ্রহণে চন্দ্রসূর্য্যয়োঃ।
পারণঞ্চোপবাসঞ্চ ন কুর্য্যাৎ পুত্রবান্ গৃহীতি॥

দ্বাদশী পূর্ণিমা অমাবস্যা সংক্রান্তি এবং শ্রাদ্ধদিনে বস্ত্রপীড়ন করিবে না।

প্রমাণং। দ্বাদশ্যাং পৌর্ণমাস্যাঞ্চ সংক্রান্ত্যাং শ্রাদ্ধবাসরে।
অমায়াঞ্চৈব বস্ত্রাণাং ন কুর্য্যাৎ পীড়নং নৃপ ইতি॥

অমাবস্যাভিন্ন শ্রাদ্ধদিনে, রবি ও শুক্রবারে সংক্রান্তিতে, রাত্রিতে, সন্ধ্যাতে, সপ্তমীতে, জন্মতিথিতে, গঙ্গাতিরিক্ত জলে ও তীর্থাতিরিক্ত স্থলে, যুগাদ্যাতে, অমাবস্যাতে, প্রেতপক্ষাতিরিক্ত কালে, তিলমিশ্র তর্পণ করিবে না। প্রমাণং।

তীর্থে তিথিবিশেষে চ গঙ্গায়াং প্রেতপক্ষকে।
নিষিদ্ধেঽপি দিনে কুর্য্যাৎ তর্পণং তিলমিশ্রিতং।
রবিশুক্রদিনে চৈব দ্বাদশ্যাং শ্রাদ্ধবাসরে।
সপ্তম্যাং জন্মদিবসে ন কুর্য্যাৎ তিলতর্পণং।

অয়নে ও বিষুবসংক্রান্তিতে, গ্রহণে উপাকর্ম্মে, উৎসর্গাদিতে, যুগাদ্যাতে, মৃত দিবসে, রবি শুক্রবারেও তিলতর্পণে দোষ নাই। প্রমাণং।

অয়নে বিষুবে চৈব সংক্রান্ত্যাং গ্রহণেষু চ।
উপাকর্ম্মণি চোৎসর্গে যুগাদৌ মৃতবাসরে।
রবিশুক্রাদিবারেঽপি ন দোষস্তিলতর্পণে ইতি।

অমাবস্যাতে কি অপরপক্ষে মৃতব্যক্তির পুত্রাদিরা পঞ্চপাত্র শ্রাদ্ধ করিবে, অর্থাৎ সপিণ্ডীকরণের পর সাম্বৎসরিক শ্রাদ্ধ ত্রৈপুরুষিক পার্ব্বণবিধানে করিবে। প্রমাণং।

অমাবস্যাক্ষয়ো যস্য প্রেতপক্ষেঽথবা পুনঃ।
সপিণ্ডীকরণাদূর্দ্ধং তস্যোক্তঃ পার্ব্বণো বিধিরিতি॥

যদি মৃতদিবসের কোন কারণে বিঘ্ন জম্মে, তবে কৃষ্ণা একাদশীতে অথবা অমাবস্যাতে শ্রাদ্ধ করিবে। প্রমাণং।

শ্রাদ্ধবিঘ্নে সমুৎপন্নে মৃতাহেঽবিদিতেঽথবা।
একাদশ্যাং প্রকুর্ব্বীত কৃষ্ণপক্ষে বিশেষত ইতি॥

ত্রৈপুরুষিক পার্ব্বণশ্রাদ্ধে ষট্পুরুষিক পার্ব্বণের ফল সিদ্ধ হয়। যথা, (পিতরো যত্র পূজ্যন্তে তত্র মাতামহাদয় ইতি) অবিভক্ত বৈমাত্রেয় পার্ব্বণশ্রাদ্ধ করিলে আপনার মাতামহশ্রাদ্ধের নিমিত্ত পুনর্ব্বার পার্ব্বণ করিবে। প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে। মলমাসে অমাবস্যার শ্রাদ্ধ করিবে না। প্রমাণং।

একরাশিস্থিতে সূর্য্যে যদি দিনদ্বয়ং ভবেৎ।
দর্শশ্রাদ্ধং তদাদৌ স্যাৎ ন পরত্র মলিম্লুচে ইতি॥

যদি প্রতি অমাবস্যাতে শ্রাদ্ধ করিতে না পারে, তবে আশ্বিন ফাল্গুন জ্যৈষ্ঠের অমাবস্যাতে শ্রাদ্ধ করিবে, প্রমাণং। (কন্যাকুম্ভবৃষস্থার্কে কৃষ্ণপক্ষে চ সর্ব্বদা ইতি) ইহার বাক্যে সৌরমাস উল্লেখ করিবে, যথা; (বিবাহাদৌ স্মৃতঃ সৌর ইতি) অষ্টকা শ্রাদ্ধ অন্ন দিয়া করিবে, প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে, নবান্ন শ্রাদ্ধের মুখ্য কাল আশ্বিন মাসের শুক্লপক্ষ। যথা;—

ঈষে মাসি সিতে পক্ষে পক্কং জ্ঞাত্বা সুশোভনং।
গচ্ছেৎ ক্ষেত্রী বিধানেন গীতবাদ্যপুরঃসরঃ।
তেন দেবান্ পিতৃংশ্চৈবেতি॥

গৌণকল্পে অগ্রহায়ণের শুক্লপক্ষে কিন্তু মৃগনেত্রায় করিবে না, অর্থাৎ প্রথম তিন দিন শেষ ছয় দিন ত্যাগ করিয়া করিবে। প্রমাণং।

বৃশ্চিকে শুক্লপক্ষে তু নবান্নং শস্যতে বুধৈরিতি।
নবান্নং নাচরেৎ শ্রাদ্ধং মৃগনেত্রানিশাত্মকে ইতি॥

এ মাসে যাহার না হয়, সে ব্যক্তি মাঘ কি ফাল্গুন মাসেও করিবে এবং বৈশাখের শুক্লপক্ষেও করিতে পারে। প্রমাণং। (গৌণকালত্বেন যুক্তং) নবান্ন শ্রাদ্ধে চান্দ্রমাস উল্লেখ করিবে, বৈশাখের শুক্লপক্ষে যবশ্রাদ্ধ করিবে, যথা "মেষাদৌ সক্তবো দেয়া ইতি,, বৈশাখে না হয় জ্যৈষ্ঠ ও আষাঢ়েও করিতে পারিবে, কেবল দেবীপক্ষব্যতীত হরিশয়নে হইবে না। যথা। (বিষ্ণুশয়নে কৃষ্ণে শশিন্যষ্টমে ইতি) বিষ্ণুর শয়নে, কৃষ্ণপক্ষে, অষ্টম চন্দ্রে নবান্ন করিতে পারিবে না, পিতা বিদ্যমান থাকিলে এ সকল শ্রাদ্ধ করিতে নিষেধ আছে, যথা (জীবে পিতরি বৈ পুত্রঃ শ্রাদ্ধকালং বিবর্জ্জয়েদিতি) কিন্তু পিতা অবর্ত্তমানে যদি পিতামহ বর্ত্তমান থাকে, তবে পিতা প্রপিতামহ বৃদ্ধপ্রপিতামহের উল্লেখে শ্রাদ্ধ করিবে, এবং মাতামহাদি পুরুষত্রয়ের পার্ব্বণ করিবে, যদি পিতামহ প্রপিতামহ থাকে, তবে পিতা বৃদ্ধপিতামহ অতিবৃদ্ধ প্রপিতামহ লইয়া শ্রাদ্ধ করিবে, মাতামহাদি তিন পুরুষ বর্ত্তমান থাকিলে কেবল পিত্রাদি পুরুষত্রয়ের পার্ব্বণশ্রাদ্ধ করিবে।

পিতরি জীবতি যঃ শ্রাদ্ধং কুর্য্যাৎ তেষাং পিতা
কুর্য্যাৎ পিতরি পিতামহে চ জীবতি প্রপিতামহে চ
জীবে নৈব কুর্য্যাদিতি। মাতামহাদিত্রয়েষু জীবৎসু
পিত্রাদিত্রয়মাত্রশ্রাদ্ধং কর্ত্তব্যমিতি।

অমাবস্যা ও পর্ব্বেতে ক্রিয়মাণ শ্রাদ্ধের নাম পার্ব্বণ। যথা; (অমাবস্যায়াং যৎ ক্রিয়তে তৎ পার্ব্বণমুদাহৃতমিতি) এবঞ্চ (পুর্ব্বেণ যৎ ক্রিয়তে তৎ পার্ব্বণমুদাহৃতমিতি) অন্যত্রে পার্ব্বণবিধিক। প্রমাণং। (প্রকৃতবদ্বিকৃতিরিতি ন্যায়ঃ)।

শ্রাদ্ধবেলায়াঃ নিরূপণং।

শুক্লপক্ষবিহিত যুগাদ্যা মাঘী পৌর্ণমাসী নিমিত্ত পার্ব্বণের কাল ছয় দণ্ডের পর অবধি দ্বাদশ দণ্ড পর্য্যন্ত হয়, যথা; (পূর্ব্বাহ্নে মাতৃকং শ্রাদ্ধমিতি) ইহাতে না হইলে সপ্তম কি অষ্টম অথবা নবম মুহূর্ত্তেও করিবে। যথা; (রোহিণীন্তু ন লঙ্ঘয়েদি ত্যাদি গৌণকালমিতি) এই হেতু পূর্ব্বদিনে সপ্তম মুহূর্ত্তাদি কালে তিথি পাইলে পরদিন ষষ্ঠ দণ্ড পর্য্যন্ত তিথি থাকিলেও পূর্ব্বদিন শ্রাদ্ধ করিবে। কৃষ্ণপক্ষবিহিত পার্ব্বণশ্রাদ্ধের এবং সপিণ্ডীকরণের কি মৃতাহ নিমিত্ত পার্ব্বণের কাল সামান্য (১৪) দণ্ডান্তর (২৪) দণ্ড পর্য্যন্ত প্রশস্ত কাল। (১৬) দণ্ডের পর (২৪) দণ্ড পর্য্যন্ত প্রশস্ততর কাল। (১৮) দণ্ডের পর (২৪) দণ্ড পর্য্যন্ত প্রশস্ততম কাল।

যথা। রাত্রৌ শ্রাদ্ধং ন কুর্ব্বীত রাক্ষসী কীর্ত্তিতা হি সা।
ঊর্দ্ধং মুহূর্ত্তাৎ কুতপাৎ যন্মুহূর্ত্তচতুষ্টয়ং।
মুহূর্ত্তপঞ্চকং বাপি স্বধা ভবনমিষ্যতে ইতি।

যদি উভয়দিনে সমান তিথি লাভ হয় তবে শুক্লপক্ষ হইলে পূর্ব্বদিনে কৃষ্ণপক্ষ হইলে পরদিনে শ্রাদ্ধ করিবে। যথা (যদাস্তং সবিতা যাতি পিতরস্তামুপাসতে ইতি) যদি উভয়দিনেই প্রশস্তকালে তিথি না পায়, তবে পরদিনেই শ্রাদ্ধ করিবে। প্রমাণং। (গৌণাপরাহ্নলাভত্বেন যুক্তমিতি) অমাবস্যার শ্রাদ্ধে এ রূপ নিয়ম নহে। অর্থাৎ অমাশ্রাদ্ধের ক্ষীণাস্তমিতবর্দ্ধমানাদিভেদে তিন প্রকার ব্যবস্থা হয়। পূর্ব্বদিনে যদি (৩) প্রহর পর্য্যন্ত চতুর্দ্দশী থাকে, পরদিন অমাবস্যার (২২) দণ্ড স্থিতি হয়, তবে পূর্ব্বদিনে শ্রাদ্ধ করিবে, কেননা অমাবস্যা যদি ক্ষীয়মাণ না হয়। প্রমাণং।

যদা চতুর্দ্দশীযামং তুরীয়মনুপূরয়েৎ।
অমাবস্যা ক্ষীয়মাণা তদৈব শ্রাদ্ধমিষ্যতে ইতি॥

কিন্তু জ্যৈষ্ঠ কি অগ্রহায়ণে এরূপ হইলে পরদিন শ্রাদ্ধ করিবে। জ্যোতিষে।

প্রমাণং। অত্রেন্দুরাদ্যে প্রহরেঽবতিষ্ঠতে চতুর্থভাগো ন কলাবশিষ্টঃ। তদন্ত এব ক্ষয়মেতি কৃৎস্নং এবং জ্যোতিশ্চক্রবিদো বদন্তি।

মলমাসযুক্ত বৎসর হইলে পূর্ব্বদিনে পার্ব্বণশ্রাদ্ধ করিবে। যথা প্রমাণং।
(যস্মিন্ বর্ষে দ্বাদশৈকশ্চ মাসস্তস্মিন্ তৃতীয়ায়াঃ পারবৃষ্যোপজায়তে ইতি)

এবং অপরাহ্লদ্বয়কে যদি অমাবস্যাদি ব্যাপিয়া থাকে, তবে আহিতাগ্নিরা সিনীবালী, নিরগ্ন্যাদিরা অমাবস্যা শ্রাদ্ধ করিবে, অর্থাৎ পূর্ব্বদিনে তিন দণ্ড বেলা থাকিতে অমাবস্যা হইয়া পরদিন (২০) দণ্ড পর্য্যন্ত থাকে, তবে সাগ্নিকেরা পূর্ব্বদিন, নিরগ্নিকেরা পরদিনে শ্রাদ্ধ করিবে। যদি পূর্ব্বদিন (২২) দণ্ডের পর অবধি পর দিন (২২) দণ্ড পর্য্যন্ত অমাবস্যা থাকে, তবে ঋগ্বেদীয়েরা পূর্ব্বদিনে যজুর্ব্বেদীয়েরা পরদিনে শ্রাদ্ধ করিবে। সামবেদীয়ের নিয়মাভাব অর্থাৎ যে দিন ইচ্ছা সেই দিন করিবে। যথা,—

ত্রিমুহূর্ত্তাপি কর্ত্তব্যা পূর্ব্বদর্শা চ বহ্বৃচৈঃ।
কুহুরধ্বর্য্যুভিঃ কার্য্যা যথেষ্টং সামগীতিভিরিতি ॥

পূর্ব্বদিবসে (২৪) দণ্ডে পর অমাবস্যা হইয়া পরদিন (২৪) দণ্ড পর্য্যন্ত থাকে, তবে পরদিন শ্রাদ্ধ করিবে। যথা। বর্দ্ধমানামমাবস্যাং লক্ষয়েদপরেঽহনি ইতি) দর্শশ্রাদ্ধে সায়াহ্ন মুহূর্ত্তদ্বয়পর্য্যুদস্তেতর কাল কুতপাদি মুহূর্ত্ত পঞ্চক রোহিণাদি মুহূর্ত্ত চতুষ্টয় দিবসের তৃতীয়াংশীয় অপরাহ্ণ মুহূর্ত্তদ্বয় কাল পঞ্চক আপৎ সামান্য প্রশস্ততর প্রশস্ততম কাল জানিবে, কিন্তু অমাবস্যাতে মৃত ব্যক্তির শ্রাদ্ধে এরূপ ব্যবস্থা নহে, পার্ব্বণের ন্যায় অনুষ্ঠান কিন্তু অষ্টম নবম মুহূর্ত্ত মধ্যেই করিবে। রাত্রিকালে শ্রাদ্ধ যদিও নিষেধ আছে, তথাপি গ্রহণকালে শ্রাদ্ধ ও সংক্রমণকালে শ্রাদ্ধ ও বিবাহাদি নিমিত্ত বৃদ্ধিশ্রাদ্ধ রাত্রে করিতে পারে। প্রমাণং।

রাহুদর্শনসংক্রান্তিবিবাহাত্যয়বৃদ্ধিষু।
স্নানদানাদিকং কুর্য্যাৎ নিশি কাম্যব্রতেষু চ ॥

অথ একোদ্দিষ্টশ্রাদ্ধকালব্যবস্থা।

একোদ্দিষ্ট শ্রাদ্ধ অষ্টম মুহূর্ত্তে আরম্ভ করিয়া নবমে সমাপ্ত করিবে। যদি উভয়দিনে অষ্টম নবম মুহূর্ত্তে তিথি পায়, তবে কৃষ্ণপক্ষে পূর্ব্বদিনে, শুক্লপক্ষে পরদিনে শ্রাদ্ধ করিবে। আর উভয় দিনে যথোক্ত কালে না পাইলেও এই ব্যবস্থা। প্রমাণং।

শুক্লপক্ষে তিথির্গ্রাহ্যা যস্যামভ্যুদিতো রবিঃ।
কৃষ্ণপক্ষে তিথির্গ্রাহ্যা যস্যামস্তমিতো রবিরিতি॥

পূর্ব্বদিনে নবম মুহূর্ত্ত মাত্র পাইয়া পরদিনে অষ্টম মুহূর্ত্ত পর্য্যন্ত থাকে তবে কৃষ্ণপক্ষ হইলেও পরদিন শ্রাদ্ধ করিবে। প্রমাণং। (আরভ্য কুতপে শ্রাদ্ধং কুর্য্যাদারোহিণং বুধ ইতি) উভয়দিনে অষ্টম মুহূর্ত্তে তিথি না পাইলে শুক্লপক্ষ হইলেও সমাপ্তিকালের অনুরোধে পূর্ব্বদিন শ্রাদ্ধ কর্ত্তব্য হইবে প্রমাণং ন্যায়ং। পূর্ব্বদিন রোহিণ না পাইলে পবদিন সপ্তম মুহূর্ত্ত পাইলে কৃষ্ণপক্ষ হইলেও পরদিন শ্রাদ্ধ বিধি হয়। যথা,—(একোদ্দিষ্টন্তু মধ্যাহ্নে ইতি) বচন আছে। পিতা মাতার একোদ্দিষ্ট শ্রাদ্ধে সকল ভ্রাতারই তুল্যাধিকার, যথা প্রমাণং (বিভক্তা অবিভক্তা বা কুর্য্যাৎ শ্রাদ্ধম বৈদিকমিতি বচনাৎ) কিন্তু অমাবস্যা কি প্রেতপক্ষে মৃত ব্যক্তির পার্ব্বণ বিধানে শ্রাদ্ধ করিবে, প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে। একো- দ্দিষ্ট কি সপিণ্ডীকরণ শ্রাদ্ধ যদি অশৌচ জন্য না করিতে পারে, তবে অশৌচান্ত দিনে করিবে। যদি অন্য কোন বিঘ্ন হেতু না হইয়া থাকে, তবে কৃষ্ণা একাদশী কি অমাবস্যাতে করিতে পারে, অথবা মৃতদিবস মনে না থাকে তথাপি ঐ একা- দশীতে করিবে। প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে।

অন্যচ্চ। দৈবাৎ পিতৃণাং শ্রাদ্ধে তু অশৌচং জায়তে যদি।
তদশৌচব্যতীতে তু তেষাং শ্রাদ্ধং বিধীয়তে ইতি॥

বিদেশে মৃত ব্যক্তির তিথি জানে না কিন্তু মাস জানে, তাহার শ্রাদ্ধ ঐ মাসের কৃষ্ণা একাদশী অথবা অমাবস্যাতে করিবে। প্রমাণং।

ন জ্ঞায়তে মৃতাহশ্চেৎ প্রোষিতে সংস্থিতে সতি।
মাসশ্চেৎ প্রতিবিজ্ঞাতস্তদ্দর্শে স্যাৎ মৃতাহনীতি॥

এবং তিথি জানে মাস জানে না, এমত স্থলে অগ্রহায়ণ, কি আষাঢ় বা ভাদ্র অথবা মাঘ মাসের কৃষ্ণা একাদশীতে শ্রাদ্ধ করিবে, কিন্তু বিশেষ এই যে পরম্পরা- শ্রুত যে মাস সান্নিধ্য হয়, সেই মাসেই শ্রাদ্ধ করিবে।

প্রমাণং। যদি মাসং ন বিজ্ঞাতং কর্ত্তব্যদিনমেব হি।
তদা মার্গশিরে মাসি মাঘে বা তদ্দিনং ভবেদিতি॥

দিনমেব তু জানাতি মাসং নৈব তু যো নরঃ।
মার্গশীর্ষেঽথবা ভাদ্রে মাঘে বা তদ্দিনং ভবেদিতি ॥

যে বিদেশস্থ ব্যক্তির মৃতমাস কি মৃতা তিথি না জানা যায়, তাহার শ্রাদ্ধে সে ব্যক্তি যে মাসে যে দিবসে বিদেশযাত্রা করিয়াছিল, সেই মাসে সেই দিনে করিবে। প্রমাণং।

দিনমাসৌ ন বিজ্ঞাতৌ মরণস্য যদা পুনঃ।
প্রস্থানদিনমাসৌ তু গ্রাহ্যৌ পূর্ব্বোক্তয়া দিশা ইতি ॥

এবং প্রস্থানতিথি জানে না কিন্তু মাস জানে, এমত স্থলে প্রস্থান যে মাসে করিয়াছিল সেই মাসের কৃষ্ণা একাদশী কি অমাবস্যাতে শ্রাদ্ধ করিবে। আর প্রস্থানতিথি জানে মাস জানে না, সে স্থলে পূর্ব্বোক্ত অগ্রহায়ণ কি মাঘ কি ভাদ্র বা আষাঢ়াদি মাসের কৃষ্ণা একাদশী অথবা অমাবস্যাতে শ্রাদ্ধ করিবে, এবং দিন মাস অবিজ্ঞাত হইলে প্রস্থান শ্রবণ মাস দিনে শ্রাদ্ধ করা কর্ত্তব্য হয়। প্রমাণং।

মৃতস্যাহো ন জানাতি মাসং বাপি কথঞ্চন।
তেন কার্য্যমমাবস্যাং শ্রাদ্ধং মাঘেঽথ মার্গকে ইতি ॥

দেশান্তরস্থ অনুদ্দিষ্ট ব্যক্তির দ্বাদশবৎসর পর্য্যন্ত প্রতীক্ষা করিয়া অনন্তর তাহার পুত্রাদিরা নিশ্চয় মৃতাবধারণ করত পর্ণনর দাহপূর্ব্বক ত্রিরাত্রাশৌচ গ্রহণ করিবে, ঐ ত্রিরাত্র মধ্যেই দশ পূরক পিণ্ড প্রদান করিবে, চতুর্থ দিনে আদ্যশ্রাদ্ধ করত প্রস্থিত ব্যক্তির বিদেশ গমন দিনাদিতেই প্রতি সাংবৎসরিক শ্রাদ্ধ করিবে। প্রমাণং।

গতস্য ন ভবেদ্বার্ত্তা যাবৎ দ্বাদশবার্ষিকী।
প্রেতাবধারণং তস্য কর্ত্তব্যং সুতবান্ধবৈঃ ॥ ইতি ॥

এই পর্য্যন্ত তিথিব্যবস্থার অন্তঃপাতী শ্রাদ্ধতত্ত্বের বিচার পরিসমাপ্ত হইল। ইতি শ্রাদ্ধব্যবস্থা সমাপ্তা।

অথ সংক্রান্তিব্যবস্থা।

মেষ সংক্রান্তির নাম মহাবিষুব, বৃষ সিংহ বৃশ্চিক কুম্ভ সংক্রান্তির নাম বিষ্ণুপদী, মিথুন কন্যা ধনু মীন সংক্রান্তির নাম ষড়শীতি, কর্কট সংক্রান্তির নাম দক্ষিণায়ণ, তুলাসংক্রান্তির নাম জলবিষুব, মকরসংক্রান্তির নাম উত্তরায়ণ। প্রমাণং।

মৃগকর্কটসংক্রান্তী দ্বে তূদগ্‌দক্ষিণায়নে।
বিষুবতী তুলামেষে গোলমধ্যে তথাপরা॥
ধনুর্মিথুনকন্যাসু মীনে চ ষড়শীতয়ঃ।
বৃষবৃশ্চিককুম্ভেষু সিংহে বিষ্ণুপদী স্মৃতেতি॥

অথ দিবাসংক্রান্তিবিচারঃ।

দিবাতে সংক্রান্তির সঞ্চার হইলে সমস্ত দিবসই পূণ্য হয়। প্রমাণং।

অহ্নি সংক্রমণে পুণ্যমহঃ কৃৎস্নমুদাহৃতমিতি।

মহাবিষুব ষড়শীতি জলবিষুব সংক্রান্তির পর ষোড়শ দণ্ড পুণ্যতর। এবং উত্তরায়ণ সংক্রান্তির পর বিংশতি দণ্ড পুণ্যতর। দক্ষিণায়ন সংক্রান্তির পূর্ব্ব ত্রিংশদ্দণ্ড পুণ্যতর। বিষ্ণুপদী সংক্রান্তির পর ষোড়শ দণ্ড এবং পূর্ব্ব ষোড়শ দণ্ড পুণ্যতর হয়। এই সকল সংক্রান্তির পুণ্যতরকাল রাত্রি প্রবিষ্ট হইলেও রাত্রিকালে স্নানদানাদি করিবে। ইহার প্রমাণ গ্রহণশ্রাদ্ধ ব্যবস্থাতে পূর্ব্বে উক্ত হইয়াছে।

উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ উত্তরফল্গুনী আর রোহিণীনক্ষত্রে যদি সংক্রান্তিসঞ্চার হয়, তবে সে সংক্রান্তির নাম মন্দা, ইহার দণ্ডত্রয় মাত্র পুণ্যতম কাল। চিত্রা অনুরাধা মৃগশিরা রেবতীতে সঞ্চার হইলে মন্দাকিনী নাম হয়, তাহার চারি দণ্ড পুণ্যতম কাল। পুষ্যা অশ্বিনী হস্তাতে সংক্রমণ হইলে ধ্বাঙ্ক্ষী নাম হয়, ইহার পঞ্চদণ্ড পুণ্যতম কাল। পুর্ব্বাষাঢ়া পূর্ব্বফল্গুনী পূর্ব্বভাদ্রপদ মঘা ভরণীতে সংক্রান্তির সঞ্চার হইলে ঘোরা নাম, তাহার সপ্তদণ্ড পুণ্যতম কাল হয়। স্বাতী পুনর্ব্বসু শ্রবণা ধনিষ্ঠা শতভিষাতে সংক্রমণ হইলে মহোদরী নাম হয়, ইহার অষ্টদণ্ড পুণ্যতম কাল হয়। অশ্লেষা আর্দ্রা জ্যেষ্ঠা মূলাতে, সংক্রমণ হইলে রাক্ষসী নামে সংক্রান্তি

হয়। ইহার নবম দণ্ড পুণ্যকাল। কৃত্তিকা বিশাখাতে সংক্রান্তির সঞ্চার যদি হয়, তবে মিশ্রিতা নাম বলে, তাহাতে দ্বাদশ দণ্ড পুণ্যকাল হয়।

মন্দা মন্দাকিনী ধ্বাঙ্ক্ষী ঘোরা চৈব মহোদরী ॥
রাক্ষসী মিশ্রিতা প্রোক্তা সংক্রান্তিঃ সপ্তধা নৃপ।
মন্দা ধ্রুবেষু বিজ্ঞেয়া মৃদৌ মন্দাকিনী তথা।
ক্ষিপ্রে ধ্বাঙ্ক্ষী বিজানীয়াদুগ্রে ঘোরা প্রকীর্ত্তিতা।
চরে মহোদরী জ্ঞেয়া ক্রূরে ঋক্ষেস্তু রাক্ষসী।
মিশ্রিতা চৈব বিজ্ঞায়া মিশ্রিতৈর্ক্ষেস্তু সংক্রমে।
ইত্যেতেষু দ্বাদশেষ্বেব সংক্রান্তিষু ধ্রুবাদিনক্ষত্রযো-
গাৎ মন্দাদিরূপতয়া সপ্তধা ভিন্নাসু।
ত্রিচতুঃপঞ্চসপ্তাশ্চ নবদ্বাদশ এব চ।
ক্রমেণ ঘটিকা হেতাস্তৎপুণ্যং পারমার্থিকমিতি ॥

সন্ধ্যাকালে দিবাদণ্ডে সঞ্চার হইলে দিবাদণ্ড পুণ্য, রাত্রিদণ্ডে সঞ্চারেতে রাত্রিদণ্ড পুণ্য হয়।

অথ রাত্রিসংক্রান্তির ব্যবস্থা।

অপূর্ণ অর্দ্ধ রাত্রিতে সংক্রান্তির সঞ্চার হইলে, পূর্ব্বদিনের শেষ দ্বিতীয় প্রহর কালাধিক অর্দ্ধ রাত্রিতে সঞ্চার হইলে, পরদিনের প্রথম দ্বিতীয় প্রহর পুণ্যকাল হয়, প্রমাণং।

আদৌ পুণ্যং বিজানীয়াৎ যদা ভিন্না তিথির্ভবেৎ।
অর্দ্ধরাত্রব্যতীতে তু বিজ্ঞেয়ং চাপরেঽহনি ইতি ॥

ঐ অর্দ্ধ রাত্রে যদি ভিন্না তিথি হয়, তবে পূর্ব্বদিনের শেষ দ্বিতীয় প্রহর এবং পরদিনের প্রথম দ্বিতীয় প্রহর পুণ্য হয়, যথা; (সংপূর্ণে তৃতয়ো জ্ঞেয় ইতি) দণ্ডদ্বয়াত্মক অর্দ্ধ রাত্রিতে যদি দক্ষিণায়ন সংক্রান্তি হয়, আর সেই ক্ষণে যদি ভিন্না কিম্বা অভিন্না তিথি হয়, তথাপি পূর্ব্বদিনের শেষ দ্বিতীয় প্রহর পুণ্য জানিবে। যথা —

মিথুনাৎ কর্কিসংক্রান্তির্যদি স্যাদস্তমানিনঃ।
প্রদোষে বা নিশীথে বা কুর্য্যাদহনি পূর্ব্বত ইতি॥

যদ্যপি ঐ অর্দ্ধ রাত্রিতে উত্তরায়ণসংক্রান্তি হয়, এবং ঐ কালে ভিন্ন কি অভিন্ন তিথি হয়, তথাপি পরদিনে স্নান দানাদি করিবে। যথা,—

কার্ম্মুকন্তু পরিত্যজ্য ঝসং সংক্রমতে রবিঃ।
প্রভাতে বা নিশীথে বা স্নানং কুর্য্যাৎপরেঽহনি ইতি॥

উভয় দিনে সংক্রান্তির পুণ্যকাল হইলে কার্ত্তিকেয়ব্রতপূজা পরদিনে করিবে। অস্য ব্যবস্থাপত্রং।

সংক্রান্তেঃ পুণ্যকালস্য উভয়দিনে লাভে পরদিনে কার্ত্তিকেয়ব্রতমিতি বিদাং মতং।

ইতি সংক্রান্তি সঞ্চারের বিচার সমাপ্ত।

অথ দায়ভাগঃ।

পিতা প্রভৃতির স্বত্বনাশানন্তর সম্বন্ধহেতু পুত্রাদির স্বত্ব হয়, একারণ তাহার নাম দায়। যথা,—

পিত্রাদীণাং স্বত্বনাশে যদ্ধনং তৎসুতাদিকং।
স্বস্বত্বাদিকসম্বন্ধাৎ তদ্দায়ঃ পরিকীর্ত্তিতঃ। ইতি॥

দায়শব্দে ধন, ঐ ধন বিভাগের নাম দায়ভাগ। যথা, তদ্বিভাগো দায়ভাগঃ স্বত্বস্য ব্যঞ্জকো হি স ইতি।

বিভাগোঽর্থস্য পিত্র্যস্য পুত্রৈর্যত্র প্রকল্প্যতে।
দায়ভাগ ইতি প্রোক্তস্তদ্বিবাদপদং বুধৈঃ। ইতি॥

পিতৃসম্বন্ধীয় অর্থ পুত্রাদি কর্ত্তৃক বিভাগের নাম দায়ভাগ, এবং পিতৃসম্বন্ধি ধনের প্রাপ্তীচ্ছায় পুত্রাদির জাত বিরোধে ধীরগণ কর্ত্তৃক বিভাগ করার নাম দায়ভাগ। যথা (দীয়তে ইতি দায়ঃ) এ ধনে আপন আপন সকল ভ্রাতারই প্রত্যেকের অংশ আছে, প্রথম বিভাগ হইলে কেহ গোপন করিয়া যদি ধন কিছু রাখে তাহা পরে প্রকাশ পাইলে তাহাকে অপহরণ বলে না, অর্থাৎ যাহাতে অংশ আছে এমত ধন অসাক্ষাতে লইলে চুরি বলা যায় না। যথা (স্বস্বত্বাস্পদী-

ভূতদ্রব্যং নৈবাপহারকমিতি) আত্মস্বত্বরহিত ধনাপহরণ করিলেই চুরি করা হয়, কিন্তু এক দাস এক দাসী এক গো দেবতা প্রভৃতির বিভাগ হইতে পারে না। ইহাতে কালে কালে সকলেরই বিভাগক্রমে চলিবে। অর্থাৎ সকলেরই কালে কালে স্বত্ব জন্মে এককালীন সকলের স্বত্ব হইতে পারে না।

দাসীগবাদাবেকস্মিন্ কালিকা ব্যাপ্যবৃত্তিকং।
নাস্বত্বং ভবেত্তস্য বিভাগাৎ কালনির্ণয় ইতি ॥

অথ পিত্রাদিকৃতবিভাগঃ।

পিতা, পুত্রাদিকে স্বীয় ধন বিভাগ করিয়া দিয়া পশ্চাৎ সন্ন্যাসাশ্রম করিবে, যদি সন্ন্যাস না করে তবে স্বোপার্জ্জিত ধন পুত্রাদিকে ইচ্ছাপূর্ব্বক যৎকিঞ্চিৎ প্রদান করত স্বয়ং সমুদয় ধন লইয়া গৃহবাস করিতে পারেন এবং সেই আত্মধন নষ্ট হইলেও পুনর্ব্বার পুত্রাদির নিকট হইতে লইতে পারেন্, পুত্রাদিরা দিতে অসম্মত হইলে রাজা দেওয়াইয়া দিবেন, যথা,—

জীবন্নেব বা প্রবিভজ্য বনমাশ্রয়েৎ।
বৃদ্ধাশ্রমং বা গচ্ছেৎ অল্পেন বা প্রবিভজ্য ভূয়িষ্ট-
মাদায় বসেৎ যদ্যুপদশ্যেৎ পুনস্তেভ্যো গৃহ্লীয়াদিতি।

হারীতঃ।

স্বোপার্জ্জিত ধনে পিতার ইচ্ছাধীন সম বিষম বিভাগ হয়, কিন্তু পিতামহাদির ধনে বিষম বিভাগ হইতে পারে না। যথা ;—

পিতা চেৎ পুত্রান্ বিভজেৎ তস্য স্বেচ্ছা স্বয়মুপা-
ত্তেঽর্থে পৈতামহে তু পিতাপুত্রয়োস্তুল্যং স্বামিত্বং।

ইতি বিষ্ণুঃ।

পিতামহ জীবিত থাকিলে পাতিত্যাদি কারণ ব্যতীত পিতা পুত্রাদিকে ন্যূনাধিক ভাগ করিয়া দিতে পারেন না। যথা,—

জীবদ্বিভাগে তু পিতা নৈকং পুত্রং বিশেষয়েদিতি।

ব্যবস্থাপত্রং।

স্বোপার্জ্জিতধনং পিতা ন্যূনাধিকং বিভাগং কর্ত্তুং শক্যতে নতু পিতামহধনে ইতি বিদাং মতং।

পিতামহের স্থাবরাদি ধন অন্যকর্তৃক অপহৃত হইলে, পিতা যদি সেই বিত্ত পুনরুদ্ধার করেন, তবে সেই বিত্তবিভাগে পিতা স্বোপার্জ্জিত ধনের ন্যায় স্বীয় ইচ্ছায় অপ্লাতিরেক করিতে পারেন। যথা ;—

পৈতৃকন্তু পিতা দ্রব্যমনবাপ্তং যদাপ্নুয়াৎ।
ন তৎ পুত্রৈর্ভজেৎ সার্দ্ধমকামং স্বয়মর্জ্জিতমিতি ॥

ব্যবস্থাপত্রং।

যদা পিতামহধনমন্যৈর্হৃতং পশ্চাৎ পিত্রোদ্ধৃতং তদা পিতুরকামতো বিভাগং কর্ত্তুং ন শক্যতে ইতি বিদাং মতং।

পিতামহের অস্থাবর মণি মুক্তা স্বর্ণ রজত প্রবালাদি ধনে পিতার সর্ব্বতোভাবে কর্তৃত্ব হয়, কিন্তু স্থাবরাদি ধনের প্রভু পিতা পিতামহ কেহই নহেন।

যথা। মণিমুক্তাপ্রবালানাং সর্ব্বস্যৈব পিতা প্রভুঃ।
স্থাবরস্য তু সর্ব্বস্য ন পিতা ন পিতামহ ইতি ॥

যাজ্ঞবল্ক্যঃ।

পিতামহের স্থাবরাদি ধন অন্য কর্তৃক অপহৃত হইলে যদি বহু পৌত্রের মধ্যে এক পৌত্র উদ্ধার করে, তবে তাহার চতুর্থাংশ বিত্ত সেই ব্যক্তি স্বোপার্জ্জিতবৎ গ্রহণ করত অবশিষ্ট তৃতীয়াংশ বিত্ত সমবিভক্ত করিয়া ভ্রাতাদিগের সমান একাংশ গ্রহণ করিতে পারে। যথা ;

পূর্ব্বনষ্টাঞ্চ যো ভূমিমেকশ্চেদুদ্ধরেৎ শ্রমাৎ।
যথাভাগং ভজন্ত্যন্যে দত্ত্বাংশন্তু তুরীয়কমিতি শঙ্খঃ ॥

ব্যবস্থাপত্রং।

অন্যৈর্হৃতং ধনং ভ্রাত্রোদ্ধৃতেঞ্চৎ তদা স্বয়ং তুরীয়াংশং গৃহীত্বা ভ্রাত্রন্তরৈঃসার্দ্ধং যথাযোগ্যং সংগ্রহণং কর্ত্তব্যমিতি বিদুষাং পরামর্শঃ।

পিতাকর্তৃক ধন বিভাগানন্তর যদি পিতার অন্য পুত্র জন্মে, তবে সেই জাত-পুত্রের পিতৃধনে অধিকার হয়, কিন্তু ভ্রাতাদিগের ধনে অধিকার হয় না, এবং পূর্ব্বাংশ গৃহীত ভ্রাতাদিগেরও আর ঐ পিতৃধনে অধিকার নাই।

পিত্রা সহ বিভক্তা যে সাপত্ন্যা বা সহোদরাঃ।
জঘন্যজাশ্চ যে তেষাং পিতৃভাগহরাশ্চ তে ইতি ॥

ব্যবস্থাপত্রং।

বিভাগানন্তরং জাতস্য পুত্রস্য পিতৃধনে এবাধিকার নতু তদ্ভ্রাতৃধনে ইতি। পূর্ব্ববিভক্তপুত্রাণামপি পিতৃধনে অধিকারো নাস্তি ইতি বিদুষাং পরামর্শঃ।

যদি বিমাতা স্ত্রীধন না পাইয়া থাকে, এবং পিতাকর্ত্তৃক পুত্রদিগের অংশ বিভাগ হয়, তবে বিমাতাকে সন্তানদিগের সহিত সমানাংশ দিবে। যদি স্ত্রীধন লাভ করিয়া থাকে, তবে অর্দ্ধাংশ দিবে। যথা,—

যদি কুর্য্যাৎ সমানাংশং পত্ন্যঃ কার্য্যাঃ সমাংশিকাঃ।
ন দত্তং স্ত্রীধনং যাসাং ভর্ত্রা বা শ্বশুরেণ বা।
ন দত্তং স্ত্রীধনং যস্যৈ দত্তে ত্বর্দ্ধং প্রকীর্ত্তিতং ॥

ইতি ব্যাসঃ যাজ্ঞবল্ক্যশ্চ।

ব্যবস্থাপত্রং।

অপ্রাপ্তস্ত্রীধনায়ৈ পত্ন্যৈ পিত্রা পুত্রসমানাংশো দেয় ইতি বিদাং মতং।

পিতামহধনে পিতামহীত্যাদিরও এইরূপ ব্যবস্থা। অর্থাৎ পিতামহীসত্ত্বে পৌত্রকর্তৃক পিতামহধনের বিভাগকালে মাতৃবৎ ভাগ দিতে হইবে। যথা,—

অপুত্রাস্তু পিতুঃ পত্ন্যঃ সমানাংশাঃ প্রকীর্ত্তিতাঃ।
পিতামহশ্চ সর্ব্বাস্তা মাতৃতুল্যাঃ প্রকীর্ত্তিতা ইতি ব্যাসঃ ॥

ব্যবস্থাপত্রং।

পিতামহধনস্য পৌত্রে বিভাগকরণে পিতামহ্যৈ মাতৃবদ্ভাগো দেয় ইতি বিদাং মতং।

পিতামহের ধন পৌত্রকর্তৃক বিভাগ তৎকালে হইবে, যখন পিতার আর সন্তান হইবার সম্ভাবনা থাকিবে না। যথা ;—

পিত্রোরভাবে ভ্রাতৃণাং বিভাগঃ সংপ্রদর্শিতঃ।
মাতুর্নির্বৃত্তে রজসি জীবতোরপি শক্যতে ইতি॥

বৃহস্পতিঃ।

অথ পিতুরবর্ত্তমানে ভ্রাতৃবিভাগঃ।

মাতা পিতার বিদ্যমানাবস্থায় বিভাগ করা ধর্ম্মযুক্ত হয় না। যথা,—

ভ্রাতৃণাং জীবতোঃ পিত্রোঃ সহবাসো বিধীয়তে।
তদভাবে বিভক্তানাং ধর্ম্মস্তেষাং বিবর্দ্ধতে। ইতি ব্যাসঃ।

পতিত কিম্বা পব্রজিত অর্থাৎ সংসারাশ্রমরহিত, অথবা ধনেচ্ছারহিত পিতা বর্ত্তমান থাকিলেও পুত্রেরা বিভাগ করিয়া লইতে পারে। যথা, (বিনষ্টে বাপ্যশরণে পিতর্য্যুপরতেঽস্পৃহ ইতি।)

ব্যবস্থাপত্রং।

পতিতে পব্রজিতে ধনগতেচ্ছারহিতে বা পিতরি জীবত্যপি পুত্রৈঃ পিতৃধনং বিভজনীয়মিতি বিদাং মতং।

পিতা জীবনাবস্থাতে যে ধন দান করিব বলিয়া প্রতিশ্রুত হইয়াছিলেন, অথবা ঋণ করিয়াছিলেন। পুত্রেরা পিতার বিয়োগানন্তর সেই ধন রাখিয়া অবশিষ্ট ধন বিভাগ করিয়া লইবেন, যদি পিতার ধন না থাকে তথাপি পুত্রেরা আপনাদিগের ধনে পিতার ঋণাদির পরিশোধ করিবেন। যথা, (যচ্ছিষ্টং পিতৃদায়েভ্যো দত্ত্বর্ণং পৈতৃকং ততঃ। ভ্রাতৃভিস্তদ্বিভক্তব্যমৃণী ন স্যাদ্যথা পিতেতি)

নারদঃ।

ব্যবস্থাপত্রং।

পিতৃবিয়োগানন্তরং পিতুঃ প্রতিশ্রুতাতিরিক্তং পিতৃকৃতর্ণশোধনাবশিষ্টঞ্চ ধনং ভ্রাতৃভিঃ সমং বিভজ্য গৃহীতব্যমিতি। পিতৃধনাভাবে স্বাত্মধনেন ঋণ শোধনীয় ইতি বিদুষাং পরামর্শঃ।

মাতা বর্ত্তমানা থাকিতে যদি বিভাগ করে, তবে পুত্রেরা আপনাদিগের সমানাংশ মাতাকে দিয়া অংশ করিয়া লইবে। কিন্তু প্রাপ্তস্ত্রীধনে পূর্ব্বোক্ত অর্দ্ধাংশ পাইবেন। যথা,—(মাতা চ পিতরি প্রেতে পুত্রতুল্যাংশহারিণীতি কাত্যায়নবচনং

ব্যবস্থাপত্রং।

অদত্তস্ত্রীধনায়ৈ স্বমাত্রে পুত্রেণ আত্মতুল্যাংশো দেয়ো দত্তস্ত্রীধনায়ৈ অর্দ্ধাংশো দেয় ইতি বিদাং মতং।

অপ্রাপ্তবয়স্থ বালকের ধন, অথবা বিদেশস্থ ব্যক্তির ধন কোন বিশ্বাসী বন্ধুর নিকট গচ্ছিত করিয়া রাখিবে। যথা,—

অপ্রাপ্তব্যবহারাণাং ধনং ব্যয়বিবর্জ্জিতং।
ন্যসেয়ুর্ব্বন্ধুমিত্রেষু প্রোষিতানাং তথৈব চ॥

ইতি কাত্যায়নঃ।

ব্যবস্থাপত্রং।

অপ্রাপ্তবয়সাং বালকানাং প্রোষিতানাঞ্চাংশস্য বন্ধুমিত্রেষু ন্যাসং কর্ত্তব্যমিতি বিদাং মতং।

যে ব্যক্তি কৃতী স্বক্ষমতায় উপার্জ্জন করে, এবং পিতৃধনে স্পৃহারহিত হয়, তাহার পুত্রের দুরন্ততা নিরাসের নিমিত্ত তণ্ডুলপ্রস্থাদি দিয়া বিভাগ করিবে। অর্থাৎ কিঞ্চিৎ দিয়া অংশ নিরস্ত করিবে। যথা,—

ভ্রাতৃণাং যস্তু নেহেত ধনং শক্তঃ স্বকর্ম্মণা।
স বিভাজ্যঃ স্বকাদংশাৎ কিঞ্চিদ্দত্ত্বোপজীবনমিতি মনুঃ॥

অসংস্কৃত ভ্রাতা কি ভগিনী যদি থাকে তবে পৈতৃক ধনদ্বারা সংস্কার করিয়া ভাগ করিবে। পিতৃধনের অভাবে স্বীয় স্বীয় ধনদ্বারা তাহাদিগের সংস্কার করিবে। অনূঢা দুহিতার বিবাহোচিত বস্তু দান করিয়া ধন বিভাগ করিবে। যথা,— (অনূঢানাঞ্চ কন্যানাং স্ববিত্তানুসারেণ সংস্কারং কুর্য্যাদিতি বিষ্ণুঃ। অপরঞ্চ নারদঃ। যেষান্তু ন কৃতাঃ পিত্রা সংস্কারবিধয়ঃ ক্রমাৎ। কর্ত্তব্যা ভ্রাতৃভিস্তেষাং পৈতৃকাদেব তদ্ধনাৎ। অবিদ্যমানে পিত্রর্থে স্বাংশাদুদ্ধৃত্য বা পুনঃ। অবশ্যকার্য্যাঃ সংস্কারাঃ ভ্রাতৃভিঃ পূর্ব্বসংস্কৃতৈরিতি)।

ব্যবস্থাপত্রং।

অসংস্কৃতভ্রাতৃণাং তাদৃশভগিনীনাঞ্চ পিতৃধনেন ভ্রাত্রাদিভিঃ সংস্কারঃ কর্ত্তব্যঃ। পিতৃধনাভাবে তু স্বধনাদিনা কর্ত্তব্য ইতি বিদুষাং পরামর্শঃ।

অথ পৈতৃকধনে অনধিকারীণো ব্যবস্থা

ধর্ম্মযুক্ত পুত্রই পিতৃধনের অধিকারী হয়, অধার্ম্মিকের ধনাধিকার হয় না, আপস্তম্ব কহিয়াছেন। যথা, (সর্ব্বে হি ধর্ম্মযুক্তা ভাগিনো দ্রব্যমর্হন্তীতি) কাত্যায়ন কহিয়াছেন, যজ্ঞার্থে দ্রব্যাহরণ করিতে হয়, সুতরাং যজ্ঞহীন ব্যক্তি ধনভাগী নহে, ইত্যর্থে মূর্খ, স্ত্রী, বিধর্ম্মী, সত্বাধিকারী হয় না। "ন স্ত্রীমূর্খবিধর্ম্মিষু ইতি" সদাচারহীন পুত্রকে শঙ্খ কাত্যায়ন মৃত্রবৎ কহিয়াছেন, যথা;—"আচারহীনো পুত্রস্ত মূত্রোচ্চারঃ সমস্তঃ স ইতি" মৃত জনের শ্রাদ্ধাদি না করিয়া তাহার ধন গ্রহণ করিলে, গ্রহণকারী চতুর্ব্বর্ণবধের যে পাপ সেই পাপের প্রায়শ্চিত্ত নিয়তই করিবে, ইহা শঙ্খ কহিয়াছেন, যথা, অকৃত্বা প্রেতকার্য্যাণি প্রেতস্য ধনহারকঃ। বর্ণানাং যদ্বধে প্রোক্তং তদ্ব্রতং নিয়তং চরেদিতি" ক্লীব পতিত জাত্যন্ধ বধির ব্যক্তি অংশ পায় না, যথা, "অনংশক্লীবপতিতৌ জাত্যন্ধবধিরৌ তথা ইতি" যথাহ দেবলঃ।

> মৃতে পিতরি ন ক্লীবকুষ্ঠ্যুন্মত্তজড়ান্ধকাঃ।
> পতিতাঃ পতিতাপত্যাঃ লিঙ্গী দায়াংশভাগিনঃ।
> তেষাং পতিতবর্জ্জেভ্যো ভক্তবস্ত্রং প্রদীয়তে।
> তৎসুতা পিতৃদায়াংশং লভেরন্ দোষবর্জ্জিতা ইতি ॥

পিতার মরণানন্তর ক্লীব, কুষ্ঠী, উন্মত্ত, জড়, জন্মান্ধ, পতিত, পতিতপুত্র, সন্ন্যাসধর্ম্মগ্রহণশীল, পিতৃধন প্রাপ্ত হয় না, কেবল অন্ন বস্ত্র প্রাপ্ত হইতে পারে, কিন্তু পতিত ব্যক্তি অন্ন বস্ত্রও প্রাপ্ত হইতে পারে না; ইহাদিগের পুত্রেরা যদি দোষহীন হয় তবে ভাগ পাইবেন।

ব্যবস্থাপত্রং।

ক্লীবত্বাদিদোষবিশিষ্টেভ্যো ভ্রাতাদিভ্যো ভ্রাত্রাদিভির্ভক্তবস্ত্রাতিরিক্তাংশো ন দাতব্যঃ। পাতিত্যদোষযুক্তেভ্যো ভক্তবস্ত্রং ন দাতব্যমিতি। এতেষাং পুত্রাণাং নির্দ্দোষাণাং পিতৃদায়াংশিত্বমিতি বিদুষাং পরামর্শঃ।

অথ বিভজ্যাবিভজ্যদায়ব্যবস্থা।

অনাশ্রিত্য পিতৃদ্রব্যং স্বশক্ত্যাপ্নোতি যদ্ধনং।
দায়াদেভ্যো ন তদ্দদ্যাৎ বিদ্যায় লব্ধমেব চ॥
গোপ্রচারশ্চ রথ্যা চ বস্ত্রং যচ্চাঙ্গযোজিতং।
প্রাযোজ্যং ন বিভজ্যেত শিল্পার্থঞ্চ বৃহস্পতিঃ।
পিতৃভ্যাঞ্চৈব যদ্দত্তং তত্তস্যৈব ধনং ভবেৎ।
ত্রীণ্যেতান্যবিভজ্যানি প্রসাদো যশ্চ পৈতৃকঃ॥

ইতি দেবলঃ।

পিতৃধনের আশ্রয় ব্যতীত স্বক্ষমতাতে যে ধন উপার্জ্জন করে, সে ধনের ভাগী ভ্রাতাদিরা নহেন। আর বিদ্যালব্ধ ধন, বিদ্যা অধ্যাপনা করাইয়া যে ধন, পণ পূর্ব্বক বিচারে জিত হইয়া যে ধন, আর পরম সংশয় ছেদনে যে ধন, দ্যূতাদি ক্রীড়ায় যে ধন লাভ করে তাহার ভাগ নাই, যদি পিতৃধনের ব্যয় করিয়া বিদ্যা-শিক্ষা না করিয়া থাকে আর গোচারণ ভূমি ও পথ ও পরিধেয় বস্ত্র, শিল্পলব্ধ ধনে এবং মূর্খাদির সহিত পুস্তকাদির বিভাগ নাই ও পিতামাতাদির প্রদত্ত অলঙ্কারা-দির বিভাগ হয় না। আর পিতা মাতা প্রসন্ন হইয়া পুত্র কন্যাদিগকে যে ধন প্রদান করেন, তাহারও বিভাগ নাই।

যথা। উপন্যস্তে চ যল্লব্ধং বিদ্যয়া পণপূর্ব্বকং।
বিদ্যাধনন্তু তদ্বিদ্যাদ্বিভাগে ন নিযোজয়েৎ॥

ইতি কাত্যায়নঃ।

শিষ্যাদার্ত্বিজ্যতঃ প্রশ্নাৎ সন্দিগ্ধপ্রশ্ননির্ণয়াৎ।
স্বজ্ঞানশংসনাৎ বাদাল্লব্ধং প্রাধ্যায়নাত্তু যৎ।
বিদ্যাধনন্তু তৎ প্রাহুর্ব্বিভাগে ন নিয়োজয়েৎ॥
শিল্পেষ্বপি হি ধর্ম্মোঽয়ং মূল্যাদযচ্চাধিকং ভবেৎ।
পরং নিরস্য যল্লব্ধং বিদ্যয়া দ্যূতপূর্ব্বকং।
বিদ্যাধনন্তু তদ্বিদ্যাৎ ন বিভাজ্যং বৃহস্পতিঃ।
পণিতং যত্রোপন্যাসং নিস্তীর্য্য লভতে তন্ন বিভাজ্যমিতি॥

তুমি আমার শুভ করিতে যদি পার, তবে তোমাকে কিঞ্চিৎ দিব, এই পণে পরের শুভকরণজন্য যে লাভ হয়, তাহার ভাগ নাই, অধ্যাপনায় অধ্যাপকত্ব-পুরস্কারে যে লাভ, যজমান হইতে দক্ষিণা গ্রহণে যে লাভ, অপর পণ ব্যতীত বিদ্যাপ্রশ্নপূরণে যে লাভ, আর শাস্ত্রীয় বিচারে অন্যের চিত্তস্থ সংশয়চ্ছেদনে যে লাভ হয়, আগত বাদী প্রতিবাদীর ন্যায় করণার্থে সন্দেহ নিরস্ত করিয়া যে লাভ হয়, বিনা শাস্ত্রাদিতে নৈপুণ্য বিধায় প্রতিগ্রহ জন্য যে লাভ হয়। শাস্ত্রজ্ঞান অথবা অন্যান্য জ্ঞান বিবাদে বা বাদীকে জয় করিয়া যে লাভ, এক দ্রব্য লাভার্থে অনেকের সমাগম হয় যদি তাহার মধ্যে কোন ব্যক্তির প্রকৃষ্টরূপ অধ্যয়নের ঔৎকর্ষ প্রযুক্ত যাহা লাভ হয়, এবং শিল্প বিদ্যাদ্বারা মূল্যের অধিক যাহা লাভ হয়, ও দ্যূতাদি ক্রীড়া দ্বারা পরকে জয় করিয়া যাহা লাভ হয়, সেই সকলের নাম বিদ্যালব্ধ ধন, ইহার ভাগ নাই।

কুটুম্বং বিভৃয়াৎ ভ্রাতুর্যো বিদ্যামধিগচ্ছতঃ।
ভাগং বিদ্যাধনাৎ তস্মাৎ স লভেদশ্রুতোঽপি সন্॥

ইতি নারদঃ।

নাবিদ্যানান্তু বৈদ্যেন দেয়ং বিদ্যাধনং ক্বচিৎ।
সমবিদ্যাধিকানান্তু দেয়ং বৈদ্যেন তদ্ধনমিতি কাত্যায়নঃ।
কুলে বিনীতবিদ্যানাং ভ্রাতৃতঃ পিতৃতোঽপি বা।
শৌর্য্যপ্রাপ্তন্তু যদ্বিত্তং তদ্বিভাজ্যং বৃহস্পতিঃ॥

বিদ্যাশিক্ষার্থ গুরুকুলে গমন করিলে ভ্রাতারা যদি তাহার পরিবারের পোষণ করে, কি ভ্রাতারা কুটুম্ব কর্তৃক পোষিত হয়, তবে তাহার বিদ্যালব্ধধনের অংশ অপর ভ্রাতারা মূর্খ হইলেও পাইতে পারে। পিতা পিতামহ কি ভ্রাতা হইতে শস্ত্র কি শাস্ত্র শিক্ষা করিলে তদ্দ্বারা লব্ধধনের ভাগ অন্য ভ্রাতাদিগকে দিতে হইবে। অপর দুই ভাই সমান বা ন্যূনাতিরেক বিদ্বান হইলে পরস্পর ধনভাগ দিবে কিন্তু মূর্খ ভ্রাতাকে সে ধনের ভাগ দিবে না।

দ্ব্যংশহরোঽর্দ্ধহরো বা পুত্রবিত্তার্জ্জনাৎ পিতা।
অর্জ্জকো দ্ব্যংশমর্হতি। ইতি কাত্যায়নঃ॥

পিতৃধন দ্বারা ব্যবসা করিয়া উপার্জ্জন করিলে পিতা অর্দ্ধেক পাইবেন, অর্জ্জক অবশিষ্ট ভাগের অর্দ্ধেক লইবে, অবশিষ্ট ধন যাহা থাকিবে তাহা অন্য ভ্রাতারা বিভাগ করিয়া লইবে। ভ্রাতা যদি স্ববিত্তদ্বারা বাণিজ্য করিয়া অর্থ উপার্জ্জন করে, তবে পিতা অর্দ্ধেক পাইবেন, অর্জ্জক অর্দ্ধেক, অন্য ভ্রাতারা অংশ পাইবে না।

ব্যবস্থাপত্রং যথা ;—

পিতৃদ্রব্যোপস্পৃষ্টং বিনার্জ্জিতধনে পিতা দ্ব্যংশহরঃ।
স্বয়মপি দ্ব্যংশহরঃ ইতরেষামনংশিত্বমিতি বিদাং মতং।

ন বাস্তুবিভাগো নোদকপাত্রালঙ্কারোপভুক্তস্ত্রীবাসসা-
মপাং প্রচাররথ্যানাং বিভাগশ্চেতি প্রজাপতিরিতি॥

পিতা বিদ্যমানে যে ব্যক্তি যে স্থানে গৃহ বা উদ্যানাদি করিয়াছেন, অন্যেও স্থানান্তরে সেইরূপ যদ্যপি করেন তবে তাহার ভাগ দিতে হয় না, যে যাহা করিয়াছেন সে তাহাই ভোগ করিবেন এবং জলপাত্র অলঙ্কারাদিরও উপভুক্ত স্ত্রী কূপ বাপী তড়াগ জল প্রচারণীয় স্থান ও পথের ভাগ নাই ও দাসীরও ভাগ নাই। শয্যা বস্ত্রাদিরও ভাগ নাই, যাগস্থান দেবযন্ত্রাদির ভাগ নাই, আর প্রয়োজনীয় ভোজনাচমনযোগ্য পাত্রাদির ভাগ নাই; তবে দাস দাসীকে নিজাংশ মতে কর্ম্ম করাইবে। যথা ;—(একাং স্ত্রীং কারয়েৎ কর্ম্ম যথাংশেন দিনে দিনে ইতি) আর সাধারণের ধনে ব্যবসায় করিলে যে ব্যক্তির যত অংশ সে ব্যক্তি তদনুসারে ধনের ভাগ পাইবে। ইহার প্রমাণ যুক্তিসিদ্ধ।

অবিভক্ত স্থাবরে সমস্ত অংশীদিগের অনুমতি ব্যতিরেকে দান বিক্রয়াদি করিতে পারে না, কিন্তু হিরণ্যোদকাদি দান ও বিক্রয় করা সিদ্ধ হয়। স্থাবরের বিক্রয় নাই, হিরণ্যোদক দিয়া দান রূপ বিক্রয়াদি করিতে পারে। যথা ;—

স্বজ্ঞাতিগ্রামসমস্তদায়াদানুমতেন চ।
হিরণ্যোদকদানেন ষড়্ভির্গচ্ছতি মেদিনীতি॥

মিতাক্ষরায়াং।

স্থাবর ভিন্ন পৈতৃক বস্তু যদি কেহ হরণ হরে, সেই বস্তু জ্ঞাতিদিগের অনুমতি লইয়া যে ব্যক্তি স্বীয় ধনব্যয় ও শ্রম করিয়া পুনরুদ্ধার করে, তবে জ্ঞাতিদিগকে অংশ দিতে হইবে না, কিন্তু ভূমি বস্তুর উদ্ধার করিলে চতুর্থাংশ লইয়া অবশিষ্ট জ্ঞাতিদিগের সহিত সমানাংশ করিয়া লইবে।

প্রমাণং। ক্রমাদভ্যাগতং দ্রব্যং হৃতমভ্যুদ্ধরেত্তু যঃ।
দায়াদেভ্যো ন তদ্দদ্যাৎ বিদ্যয়া লব্ধমেব চ।
পূর্ব্বনষ্টাঞ্চ যো ভূমিং এক এবোদ্ধরেৎ শ্রমাৎ।
যথাভাগং ভজন্ত্যন্যে দত্বাংশন্তু তুরীয়কমিতি॥

পিতা যদি নষ্টবিত্তোদ্ধার করেন, তথাপি পুত্রের অনুমতি ভিন্ন দান বিক্রয়াদি করিতে পারেন না, তথাচ দান বিক্রয় সিদ্ধ হয়, কিন্তু পিতা প্রত্যবায়ী হন, যেহেতু যে জন্মিয়াছে, যে জন্মাইবে, যে গর্ভে আছে, সকলেই বিত্তের আকাঙ্ক্ষা করে।

স্থাবরং দ্বিপদঞ্চৈব যদ্যপি স্বয়মর্জ্জিতং।
অসম্ভূয় সুতান্ সর্ব্বান্ ন দানং ন চ বিক্রয়ঃ।

ইতি মিতাক্ষরায়াং।

যে জাতা যেঽপ্যজাতা বা যে চ গর্ভে ব্যবস্থিতাঃ।
বিত্তন্তেঽপি হি কাঙ্ক্ষন্তি বৃত্তিলোপো বিগর্হিতঃ॥

আপৎকালে তাহার পরিবারেব ভরণার্থে কি ধর্ম্মার্থে যদি বিক্রয়াদি করে, তবে বিক্রয়াদি সিদ্ধ হয়। ইহাতে স্বয়ং কি দাসকৃত দান বন্ধক বিক্রয়াদিও সুসিদ্ধ হয়। যথা ;—

আপৎকালে কুটুম্বার্থে ধর্ম্মার্থে চ বিশেষতঃ।
একোঽপি স্থাবরে কুর্য্যাৎ দানাধমনবিক্রয়ং॥
কুটুম্বার্থেঽধীনোঽপি ব্যবহারং সমাচরেৎ।
স্বদেশে বা বিদেশে বা তৎস্বামী ন বিচারয়েদিতি॥

অথ বিত্তবিভাগে সন্দেহনির্ণয়ঃ।

এই বস্তর বিভাগ হইয়াছে কি না এবং ন্যায্য কি অন্যায্য হইয়াছে ইত্যাদি স্থলে সন্দেহ ভঞ্জনার্থে গোত্রজদিগের সাক্ষ্য লইবে, তদভাবে সন্নিকটস্থ অন্য পুরুষের সাক্ষ্য গ্রহণ করিবে। প্রমাণং।

গোত্রভাগবিভাগার্থে সন্দেহে সমুপস্থিতে।
গোত্রজৈশ্চাপরিজ্ঞাতৈঃ কুলং সাক্ষিত্বমর্হতীতি শঙ্খঃ॥

পরস্পর ভ্রাতারা যে ভাগপত্র করে, তাহার নাম ভাগলেখ্য। যথা;—

ভ্রাতরঃ সংবিভক্তা যে স্বরুচ্যা তু পরস্পরং।
বিভাগপত্রং কুর্ব্বন্তি ভাগলেখ্যং তদুচ্যতে ইতি॥

বিভক্ত ব্যক্তির পাকধর্ম্ম আয় ব্যয় পরস্পর সাক্ষিত্ব প্রতিভূ অর্থাৎ জামিন দান গ্রহণ পৃথক্ পৃথক্ করিবে, অবিভক্তের পরস্পর নহে। যথা;—

বিভক্তানাং পৃথক্ জ্ঞেয়া পাকধর্ম্মাগমব্যয়াঃ।
সাক্ষিত্বং প্রতিভাব্যঞ্চ দানং গ্রহণমেব চ।
বিভক্তা ভ্রাতরঃ কুর্য্যুর্নাবিভক্তাঃ পরস্পরমিতি।

অথ চিরপ্রবাসিনো বংশস্য পৈতৃকবিত্তবিভাগঃ।

যে ভূমিস্বামী স্বদেশ পরিত্যাগপূর্ব্বক বিদেশে চিরপ্রবাস করিয়া গত হয়, পরে তাহার বংশ আসিয়া যদি আপনার পৈতৃক বিত্ত গ্রহণেচ্ছা করে, তবে তাহাকে বিভক্ত যাবৎ বস্তর সমানাংশ দিবে, জন্মনামস্মৃতিপর্য্যন্ত জ্ঞাতিরা অংশ পাইবে। যথা;—

গোত্রসাধারণং ত্যক্ত্বা যোহন্যদেশসমাশ্রিতঃ।
তদ্বংশস্যাগতস্যাংশঃ প্রদাতব্যো ন সংশয়ঃ।
তৃতীয়ঃ পঞ্চমশ্চৈব সপ্তমো বাপি যো ভবেৎ।
জন্মনামপরিজ্ঞানে লভেতাংশং ক্রমাগতমিতি বৃহস্পতিঃ।

ভাগার্হ ব্যক্তির ত্রৈপুরুষিক ভোগ হইলেও সিদ্ধ হয় না, ভাগার্হব্যক্তির অংশ দিতে হইবে, যথা ;

ভুক্তিস্ত্রৈপুরুষী সিদ্ধেদপরেষাং ন সংশয়ঃ।
অনিবৃত্তে সপিণ্ডত্বে সকুল্যানাং ন সিধ্যতি॥
অস্বামিনা তু যদ্ভুক্তং গৃহক্ষেত্রাপণাদিকং।
সুহৃদ্বন্ধুসকুল্যস্য ন তদ্ভোগেন হীয়তে॥

ইতি বৃহস্পতিঃ। শঙ্খলিখিতৌ চ।

এ বিষয়ে অস্বামিক বস্তু বলিয়া রাজা কি শ্রোত্রিয় কি অমাত্যবর্গে সুদীর্ঘ কাল ভোগ করিলেও প্রোষিত ব্যক্তির বংশ আগত হইলে তাহার বিষয় প্রাপ্ত হইবে, যেহেতু তাহার স্বত্ব যায় না। যথা ;—

বিভাজ্য শ্রোত্রিয়ৈর্ভুক্তং রাজ্ঞামাত্যৈস্তথৈব চ।
সুদীর্ঘেণাপি কালেন তেষাং সিধ্যতি তত্তু ন॥

ইতি ব্যবহারচিন্তামণিঃ।

এই বিষয়ের অতিরিক্ত স্থলে ক্রয়লেখ্য এবং সাক্ষিব্যতিরেকে ত্রৈপুরুষিক ভোগ প্রমাণে সিদ্ধ হয় যথা ;—

অন্যায়েনাপি যদ্ভুক্তং পিত্রা পূর্ব্বতনৈস্ত্রিভিঃ।
ন তৎ শক্যমপাকর্ত্তুং ক্রমাত্ত্রিপুরুষাগতমিতি নারদঃ॥

ত্রৈপুরুষিক ভোগের নিরূপণ এই যে, প্রপিতামহ (২০) বৎসর ভোগ করিয়া গত হইয়াছেন, তাহার পর পিতামহ (২০) বৎসর, তদনন্তর পিতা (২০) বৎসর ভোগ করিয়াছেন, ইহার নাম ত্রৈপুরুষিক ভোগ, এস্থলে লেখ্য সাক্ষীর অপেক্ষা না করিয়া ভোগ প্রমাণ, যদি ঐ ভূমির পূর্ব্বস্বামী আমি বলিয়া কেহ আপত্তি করে, সে আপত্তি হইতে পারে না যথা ,—

বর্ষাণি বিংশতির্ভুক্তা স্বামিনাব্যাহতা সতী।
ভুক্তিঃ সা পৌরুষী ভূমের্দ্বিগুণা চ দ্বিপৌরুষী।
ত্রিপৌরুষী চ ত্রিগুণা ন তত্রান্বেষ্য আগম ইতি ব্যাসঃ।

॥ ১৮ ॥

পূর্ব্বস্বামী (৬০) বৎসরের মধ্যে আসিয়া আপত্তি না করিলে, পরে এক পুরুষের ভোগেও সিদ্ধ হয়, কিন্তু সমক্ষে, বিদেশস্থ অসমক্ষের প্রতি এ ব্যবস্থা নহে। প্রমাণং যুক্তিসিদ্ধং।

অথ বিভাগকালে গুপ্তদ্রব্যে পশ্চাদ্ব্যক্তে সতি তস্য বিভাগঃ।

যে বস্তু বিভাগকালে কোন অংশী ব্যক্তি গোপন করিয়া রাখে, পরে তাহা যদি অন্যাংশীর নিকট প্রকাশ পায়, এবং সম্যক্ বস্তুর ভাগ সমাধা না হইয়া থাকে, তবে ঐ গুপ্তবস্তু আর অসম্যক্ বিভক্ত বস্তু পুনর্ব্বার সমভাগ করিয়া সমস্ত ভাগিগণে লইবে, অন্য বস্তু ভাগ হইলে ঐ গুপ্ত ধনই বিভাগ করিয়া লইতে পারে। যদি ভ্রাতা বিদ্যমান না থাকে, তবে তাহার পুত্রেরা ভাগ করিবে যথা,—

প্রচ্ছাদিতঞ্চ যৎ যেন পুনরাগত্য তৎ সমং।
ভজেরন্ ভ্রাতৃভিঃ সার্দ্ধমভাবেঽপি চ তৎসুতাঃ॥
অন্যেনাপহৃতং দ্রব্যং দুর্ব্বিভক্তঞ্চ যদ্ভবেৎ।
পশ্চাৎপ্রাপ্তং বিভজ্যেত সমভাগেন তদ্গুরুঃ॥

ইতি কাত্যায়নঃ।

অংশী ব্যক্তি অবিভক্ত ধন লুক্কায়িত করিয়া রাখিয়াছিল বলিয়া তাহাতে চুরিদোষ স্পর্শ হইতে পারে না, যেহেতু তাহারও স্বত্ব আছে, তদ্ভিন্ন জনে এরূপ রাখিলে চুরি বলা যায়। তাহার নিকট বল না করিয়া রাজা প্রীতি পূর্ব্বক বাহির করিয়া দেওয়াইবেন। যদি এক ভ্রাতার অনেক পরিবার হয়, সে যদি কিঞ্চিৎ অধিক ভোগ করিয়া থাকে, তবে সেই বস্তুর লাভ তাহার নিকট হইতে লইবে না। যথা,—

বন্ধুনাপহৃতং দ্রব্যং বলান্নৈব প্রদাপয়েৎ।
বন্ধুনামবিভক্তানাং ভোগং নৈব প্রদাপয়েদিতি॥

অথ স্ত্রীধনবিচারঃ।

প্রাপ্তং শিল্পৈস্তু যদ্বিত্তং প্রীত্যা চৈব যদন্যতঃ।
ভর্ত্তুঃ স্বাম্যং ভবেত্তত্র শেষন্তু স্ত্রীধনং স্মৃতং।
ইতি কাত্যায়নঃ।

স্ত্রীলোকে স্বীয় শিল্পনৈপুণ্যে যে কিঞ্চিৎ বিত্ত লাভ করে, এবং পিতৃ মাতৃ ভর্তৃকুল ভিন্ন অন্য হইতে যদি কিছু লাভ হয়, তাহাতে তাহার প্রভুতা নাই, সে ধনে তাহার স্বামীর অধিকার। তদ্ভিন্ন বস্তু স্ত্রীধন হয়।

পত্যৌ জীবতি যঃ কশ্চিদলঙ্কারো ধৃতো ভবেৎ।
ন তং ভজেরন্ দায়াদা ভজমানাঃ পতন্তি তে ইতি মনুর্বিষ্ণু।

পতি জীবিত থাকিতে যে কিছু অলঙ্কার ধারণ করে, সে অলঙ্কার যদি পতি না দিয়া থাকে তবে তাহাতে স্ত্রীর স্বত্ব, তাহার বিভাগ করিয়া জ্ঞাতিরা লইতে পারে না, লইলেও পতিত হয়, অর্থাৎ নরকগামী হয়। যথা,—

সৌদায়িকং ধনং প্রাপ্য স্ত্রীণাং স্বাতন্ত্র্যমিষ্যতে।
যস্মাত্তদানৃশংস্যার্থং তৈর্দ্দত্তং তৎপ্রজীবনং।
সৌদায়িকে সদা স্ত্রীণাং স্বাতন্ত্র্যং পরিকীর্ত্তিতং।
বিক্রয়ে চৈব দানে চ যথেষ্টং স্থাবরেষ্বপি।
ঊঢ়য়া কন্যয়া বাপি পত্যুঃ পিতৃগৃহেঽথবা।
ভর্ত্তুঃ সকাশাৎ পিত্রোর্ব্বা লব্ধং সৌদায়িকং স্মৃতং।
ইতি কাত্যায়নঃ।

সৌদায়িক ধনে স্ত্রীদিগের স্বাতন্ত্র্য আছে, স্থাবর হইলেও বিক্রয় এবং দান করিতে পারে। সৌদায়িক ধন অর্থাৎ বিবাহিতা কন্যা পিতৃগৃহে কি ভর্তৃগৃহে থাকিয়া পিতৃদত্ত ভর্তৃদত্ত যে কিঞ্চিৎ বস্তু পায়, তাহার নাম সৌদায়িক ধন, ইহাতে সর্ব্বথা স্ত্রীর প্রভুতা, কিন্তু ভর্তৃদত্ত স্থাবর বস্তু দান বিক্রয় করিতে পারে না, ভর্ত্তা কি পুত্রাদিকে দিতে পারে।

যথা। ভর্ত্রা প্রীতেন যদ্দত্তং স্ত্রিয়ৈ তস্মিন্ মৃতেঽপি তৎ।
সা যথাকামমশ্নীয়াৎ দদ্যাৎ বা স্থাবরাদৃতে ইতি।

স্বামী প্রীতিযুক্ত হইয়া যে কিঞ্চিৎ দেন তাহা, পতি মরিলে স্ত্রী ইচ্ছামত দানবিক্রয়াদি করিতে পারে, কেবল স্থাবর ধনের দান বিক্রয় করিতে পারে না। যথা,—

দুর্ভিক্ষে ধর্ম্মকার্য্যে চ ব্যাধৌ সম্প্রতিরোধকে।
গৃহীতং স্ত্রীধনং ভর্ত্তা নাকামো দাতুমর্হতি॥

ইতি যাজ্ঞবল্ক্যঃ।

দুর্ভিক্ষসময়ে পরিজনের আহারের নিমিত্ত, কি ধর্ম্মার্থব্যয়ের নিমিত্ত, অথবা উত্তমর্ণের ঋণশোধন নিমিত্ত, পতি যদি স্ত্রীর নিকট তাহার স্ত্রীধন ঋণ করিয়া লয়, তাহার পরিশোধ করিতে না পারিলেও প্রত্যবায়ী হয় না। অর্থাৎ এতৎ কারণ ভিন্ন স্ত্রীধন লইয়া পুনর্ব্বার না দিলে পাতকী হইতে হয়।

অথ স্ত্রীধনাধিকারিব্যবস্থা।

মাতৃ মরণানন্তর মাতার স্ত্রীধনে পুত্রের এবং অবিবাহিতা কন্যার এককালে অধিকার হয়। ইহার একের অভাবে একের অধিকার উভয়ের অভাবে পুত্রবতী কন্যার, তদভাবে সম্ভাবিত পুত্রবতী কন্যার অধিকার হয়, সকলের অভাবে পতির অধিকার। যথা,—(সামান্যং পুত্রকন্যানাং মৃতায়াং স্ত্রীধনং বিদুঃ। অপ্রজায়াং হরেদ্ভর্ত্তা মাতা ভ্রাতা পিতাপি বা ইতি দেবলঃ) পতিমতী অথবা অপ্রজাবতীর স্ত্রীধনে পতির অধিকার, পতির অভাবে মাতা, তদভাবে ভ্রাতা, তদভাবে পিতার অধিকার হয়। ইহা দেবল কহিয়াছেন।

পুত্র কন্যার অভাবে পৌত্র, পৌত্রাভাবে দৌহিত্রের অধিকার, তদভাবে প্রপৌত্র, তদভাবে বন্ধ্যা বিধবা কন্যার অধিকার, বিধবা কন্যার অভাবে পতি। যখন পতির অভাব হইবে, তখন মাতা পিতা ভ্রাতার অধিকার হইবে। ইহার প্রমাণ। (দৌহিত্রোঽপি হ্যমুত্রৈনং সন্তারয়তি পৌত্রবৎ) তদ্ভাগং পিণ্ডদাতৃত্বেন যুক্তমিতি) কিন্তু বিশেষমাত্র এই আছে, যে পিতৃ মাতৃ দত্ত স্ত্রীধনে বন্ধ্যা বিধবা কন্যার অভাবে পতি স্বত্বাধিকারী না হইয়া ভ্রাতা অধিকারী হইবে। প্রমাণং।

পিতৃভ্যাঞ্চৈব যদ্দত্তং দুহিতুঃ স্থাবরং ধনং।
অপ্রজায়ামতীতায়াং ভ্রাতৃগামি তু সর্ব্বদা॥
ইতি বৃদ্ধকাত্যায়নঃ।

মাতার পরিণয়কালে লব্ধধনে পুত্রসত্বেও ক্রমে অবাক্‌দত্তা, বাক্‌দত্তা, অনূঢ়া ঊঢ়া দুহিতার অধিকার হয়। যথা। স্ত্রীধনং দুহিতৃণাং অপ্রদত্তানাং অপ্রতিষ্ঠিতানাঞ্চেতি) কন্যার অভাবে মাতার স্ত্রীধনে পুত্রের অধিকার। প্রমাণং। (দুহিতৃণামভাবে তু ঋক্‌থং পুত্রস্য তত্ত্ববেদিতি) পুত্রাভাবে ব্রাহ্ম, দৈব, আর্ষ, প্রাজাপত্য, গান্ধর্ব্ব এই পঞ্চ বিবাহকালে প্রাপ্ত স্ত্রীধনে ভর্ত্তার অধিকার। আসুর, রাক্ষস, পৈশাচ এই বিবাহত্রয়ে লব্ধধনে মাতার, তদভাবে পিতার অধিকার হয়। যথা,—

ব্রাহ্মদৈবার্ষগান্ধর্ব্বপ্রাজাপত্যেষু যদ্ধনং।
অপ্রজায়ামতীতায়াং ভর্ত্তুরেব তদিষ্যতে।
যত্তস্যাঃ স্যাদ্ধনং দত্তং বিবাহেষ্বাসুরাদিষু।
অপ্রজায়ামতীতায়াং মাতাপিত্রোস্তদিষ্যতে ইতি॥

অবিবাহিতা স্ত্রীধনে প্রথম সহোদরের অধিকার, তদভাবে মাতার, তদভাবে পিতার অধিকার হয়। যথা,—

ঋক্‌থং মৃতায়াঃ কন্যায়াঃ গৃহ্লীয়ুঃ সোদরাঃ স্বয়ং।
তদভাবে ভবেম্মাতুস্তদভাবে ভবেৎ পিতুরিতি॥

(উপকারতারতম্যেন জ্ঞেয়ং সর্ব্বত্রেতি) উপকার তারতম্য জন্য ধন বিভাগের এইরূপ রীতি সর্ব্বত্রেই জানিবে। পূর্ব্বোক্ত ব্যবস্থানুসারে ইহার উপসংহার প্রপৌত্রপর্য্যন্ত অভাব হইলে সপত্নীপুত্র পৌত্রেরও অধিকার হয়। ভর্ত্তা কি পিতার অভাবপর্য্যন্ত হইলে দেবর, ভাসুর, দেবরসুত, ভগিনীপুত্র, ভ্রাতৃ ভাগিনেয় ভ্রাতুষ্পুত্র, দেবর ভাসুরদিগের জামাতা, শ্বশুরাদিরও অধিকার হয়। যথা,(প্রথমং দেবরস্ততো ভাসুরাদিষধিকার ইতি।)

ইতি স্ত্রীধনাধিকারব্যবস্থা।

অথা পুত্রধনাধিকারিব্যবস্থা।

প্রপৌত্রপর্য্যন্ত রহিত হইয়া ধনীর মৃত্যু হইলে তাহার স্ত্রীর অধিকার হয় কিন্তু দানবিক্রয়ের অধিকার হয় না। কেবল উপস্বত্ব ভোগ করিবে, তাহাতে অচল হইলে শরীর রক্ষার্থে এবং পতির স্বর্গার্থে কিঞ্চিদ্দান ও বিক্রয় করিতে পারে, তাহার মরণানন্তর নিকট জ্ঞাতিরা প্রাপ্ত হইতে পারিবে। যথা,—

অপুত্রা শয়নং ভর্ত্তুঃ পালয়ন্তী ব্রতে স্থিতা।
ভুঞ্জীতামরণাৎ ক্ষান্তা দায়াদা ঊর্দ্ধমাপ্নুয়ুরিতি॥
স্ত্রীণাং স্বপতিদায়স্তু উপভোগঃ ফলঃ স্মৃতঃ।
নাপহারং স্ত্রিয়ঃ কুর্য্যুঃ পতিদায়াৎ কথঞ্চন॥

তাহার অভাবে কুমারী কন্যা ও বাগ্দত্তার অধিকার হয়। তদভাবে উঢ়া পুত্রবতী ও সম্ভাবিতপুত্রার অধিকার। ইহার অভাবে পিতার, তদভাবে মাতার, তদভাবে সংসৃষ্ট সহোদরের, তদভাবে সংসৃষ্ট বৈমাত্রেয়, অসংসৃষ্ট সহোদরের তুল্যাধিকার হয়। তদভাবে অসংসৃষ্ট বৈমাত্রেয় অধিকার। তদভাবে সংসৃষ্ট সহোদর ভ্রাতৃপুত্রের, তদভাবে সংসৃষ্ট বৈমাত্রের ভ্রাতৃপুত্রের অধিকার। তাহার অভাবে অংসৃষ্ট সহোদর ভ্রাতৃপুত্রের, তদভাবে অসংসৃষ্ট বৈমাত্রেয় ভ্রাতৃপুত্রের, কিন্তু সংসৃষ্ট হইলে ভ্রাতার ন্যায় অধিকারী হয়। তদভাবে সহোদর ভ্রাতার পৌত্র তদভাবে বৈমাত্রেয় ভ্রাতার পৌত্রের ক্রমেধনাধিকার হয়। প্রমাণং।

সংসৃষ্টিনস্তু সংসৃষ্টী সোদরস্য তু সোদরঃ।
দদ্যাচ্চাপহরেদংশং জাতস্য চ মৃতস্য চ।
অন্যোদর্য্যস্তু সংসৃষ্টী নান্যদর্য্যধনং হরেৎ।
অসংসৃষ্ট্যপি চাদদ্যাৎ সংসৃষ্টো নান্যমাতৃজঃ।

এবং বিভাগানন্তর স্নেহপ্রযুক্ত পিতা পুত্র ভ্রাতা পিতৃব্য ভ্রাতৃপুত্রের পুনর্ব্বার একত্রাবস্থান হইলে তাহার নাম সংসর্গ, সেই সংসর্গতাপ্রযুক্ত সংসৃষ্ট হয়। যথা,—

বিভক্তো যঃ পুনঃ পিত্রা ভ্রাত্রা চৈকত্র সংস্থিতঃ।
পিতৃব্যেনাথবা প্রীত্যা স তু সংসৃষ্ট উচ্যতে ইতি॥

ইহাদিগের ধনে সংসৃষ্ট ধনের ভাগের ন্যায় হইবে। পূর্ব্বোক্ত ধনবিভাগের প্রথানুসারে ভ্রাতা ভ্রাতৃপুত্রাদির অভাবে সহোদরা ভগিনীর পুত্রের অধিকার, তদভাবে বৈমাত্রা ভগিনীর পুত্রের অধিকার হয়। তদভাবে পিতামহ, তদভাবে পিতামহী, তদভাবে ইহাদিগের সোদর, বৈমাত্রেয়ের ক্রমে অধিকার হয়, ইহার অভাবে পিতার সহোদর, বৈমাত্রেয় পৌত্রেব ক্রমে অধিকার হয়। তদভাবে পিতার সহোদরা, বৈমাত্রেয়া ভগিনীপুত্রের ক্রমে অধিকার হয়। অতএব বক্ষ্যমাণ প্রপিতামহ দৌহিত্রাদিরও অধিকার হয়। তদভাবে প্রপিতামহের, প্রপিতামহীর; তদভাবে পিতামহেব সোদর ও বৈমাত্রেয়ের অধিকার। তদভাবে তাহার সোদর বৈমাত্রেয় ভ্রাতার পুত্রের অধিকার। এবং প্রপিতামহের দৌহিত্রাদির ক্রমে অধিকার। এ সকলের অভাবে মাসীর অধিকার। তাহার অভাবে মাতার পিতৃব্যাদির এবং তৎপুত্র-পৌত্রাদির ক্রমে অধিকার হয়। তাহার অভাবে অধস্তন বৃদ্ধপ্রপৌত্রপর্য্যন্ত পুরুষত্রয়ের অধিকার হয়। তদভাবে বৃদ্ধপ্রপিতামহাদির ক্রমে অধিকার হয়। এ সকলেব অভাবে সমানোদকের অধিকার। তদভাবে আচার্য্যের তদভাবে শিষ্যের তদভাবে সহাধ্যায়ীর, তদভাবে সহবেদাধ্যায়িরূপ ব্রহ্মচারীর অধিকার হয় যথা ;—

পত্নী দুহিতরশ্চৈব পিতরো ভ্রাতরস্তথা।
তৎসুতা গোত্রজো বন্ধুঃ শিষ্যঃ স ব্রহ্মচারিণঃ।
এষামভাবে পূর্ব্বস্য ধনভাক্তেত্তরোত্তর ইতি॥

ইহাদিগের অভাবে একগ্রামস্থ সগোত্র সমানপ্রবর ব্যক্তির ক্রমে অধিকার। তাহার অভাবে ব্রাহ্মণ, ব্রাহ্মণব্যতিরেকে রাজগামী হয়। যথা ; (তদভাবে ব্রাহ্মণঃ ধনবর্জ্জ্যং রাজগামীতি বিষ্ণুসূত্রমিতি) ব্রাহ্মণের ধনে ব্রাহ্মণ অধিকারী, বাণপ্রস্থের ধনে বাণপ্রস্থ অধিকারী, যতির ধনে শিষ্য অধিকারী হয়।

ইতি দায়ভাগব্যবস্থা সমাপ্তা।

অথ বিবাহনির্ণয়ব্যবস্থা।

পিতৃগোত্রে এবং মাতামহগোত্রে বিবাহ করিবে না, এবং পিতৃসপিণ্ডের প্রত্যেকে সপ্তমী কন্যা, আর মাতামহসপিণ্ডের পঞ্চম পুরুষ পর্য্যন্ত পঞ্চমীকন্যা বিবাহ নিষেধ। যথা ;—

অসপিণ্ডা চ যা মাতুরসগোত্রা চ যা পিতুঃ।
সা প্রশস্তা দ্বিজাতীনাং দারকর্ম্মণি মৈথুনে ইতি ॥
পিতৃসাপিণ্ডং পূর্ব্বমুক্তং মাতামহপক্ষে সাপিণ্ডং
পঞ্চপৌরুষমিতি ॥

পিতৃসাপিণ্ড পূর্ব্বে উক্ত হইয়াছে মাতামহপক্ষে সাপিণ্ড পঞ্চমপুরুষ প-র্য্যন্ত হয়। সমান প্রবরা কন্যা বিবাহ করিবে না। তথা, (অসমানাগোত্রাং অস-মানপ্রবরাং ভার্য্যাং বিন্দেত ইতি) পিতৃবন্ধু ও মাতৃবন্ধুতে এইরূপ ব্যবস্থা আর ত্রিগোত্রান্তরিতা কন্যা বিবাহ করিতে পারে। যথা, (সন্নিকর্ষেঽপি কর্ত্তব্যা ত্রিগোত্রান্তরিতা চ যা ইতি) জ্যেষ্ঠভ্রাতার বিদ্যমানে বিনানুমতিতে যদি কনিষ্ঠ ভ্রাতা বিবাহ করে, তবে কনিষ্ঠ পরিবেত্তা, আর জ্যেষ্ঠ পরিবিত্তি হয়, আর সেই কন্যাকে পরিবেদনীয়া বলে, কন্যাদাতা পরিদায়ী হন, ইহারা সকলেই পতিত, এবং তাহাদের পৌরহিত্য যে করে তাহাকে পরিকর্ত্তা বলে সেও পতিত হয়। যথা,—

জ্যেষ্ঠেঽনির্ব্বিষ্টে কনীয়ান্নির্ব্বিশন্ পরিবেত্তা ভবতি।
পরিবিন্নো জ্যেষ্ঠঃ পরিবেদনীয়া কন্যা পরিদায়ী দাতা।
পরিকর্ত্তা যাজকঃ তে সর্ব্বে পতিতাভবন্তি ইতি ॥

যদি জ্যেষ্ঠ ভ্রাতা বিদেশস্থ হয়, কি ক্লীব হয়, বা পতিত হয়, কিম্বা অতি রোগী, জড়, মূক, অন্ধ, বধির, কুব্জ, কুষ্ঠক. বামন, অতিবৃদ্ধ, অথবা বেশ্যাভিষক্ত হয়, তবে বিনানুমতিতেও কনিষ্ঠ বিবাহ করিলে পরিবেত্তাদোষে লিপ্ত হয় না। যথা,

দেশান্তরস্থক্লীবৈকবৃষণান্ সহোদরান্।
বেশ্যাভিষক্তান্ পতিতান্ শূদ্রতুল্যাতিরোগিণঃ।
জড়মূকান্ধবধিরকুব্জকুষ্ঠকবামনান্।
অতিবৃদ্ধানভার্য্যাংশ্চ কৃষিশক্তান্ নৃপস্য চ।

ধনবৃদ্ধিপ্রশক্তাংশ্চ কামতঃ কারিণস্তথা।
কুলটোন্মত্তচৌরাংশ্চ পরিবিন্দন্ন দূষ্যতীতি ॥

এবং জ্যেষ্ঠা ভগিনী সত্বে কনিষ্ঠা ভগিনীর বিবাহ হইলেও এইরূপ পরিবেদন দোষ হয়। যদি কেহ এমন কন্যা বিবাহ করে, তবে সেই কন্যাকে ত্যাগ করিয়া প্রাজাপত্য ব্রত করিলে পবিত্র হয়। যথা,—

অনূঢ়ায়ান্তু জ্যেষ্ঠায়াং ন কনিষ্ঠাং বিবাহয়েৎ।
পরিত্যজ্য চ তাং কন্যাং প্রাজাপত্যব্রতঞ্চরেদিতি ॥
জ্যেষ্ঠায়াং বিদ্যমানায়াং কন্যায়ামুহ্যতেঽনুজা।
সা চাগ্রেদিধিষুর্জ্জ্ঞেয়া পূর্ব্বা চ দিধিষুঃ স্মৃতা ॥

ইতি দেবলঃ।

প্রায়শ্চিত্তমাহ বশিষ্ঠঃ।

তথাগ্রেদিধিষুপতিঃ কৃচ্ছ্রং দ্বাদশরাত্রঞ্চরিত্বা নির্ব্বিশেৎ।
তাঞ্চৈবোপযচ্ছেদ্দিধিষুঃ কৃচ্ছ্রাতিকৃচ্ছ্রৌ চরিত্বা তস্মৈ
দত্ত্বা পুনর্নিবিশেদিতি।

অথ কন্যায়া বিবাহকালঃ।

অষ্টবর্ষা ভবেদ্গৌরী নববর্ষা তু রোহিণী।
দশমে কন্যকা প্রোক্তা অতঊর্দ্ধং রজস্বলা ॥
তস্মাৎ সম্বৎসরে প্রাপ্তে দশমে কন্যকা বুধৈঃ।
প্রদাতব্যা প্রযত্নেন ন দোষঃ কালদোষতঃ॥

অষ্টবর্ষবয়স্কা গৌরী, নববর্ষবয়স্কা রোহিণী, দশবর্ষবয়স্কা বালিকাকে কন্যা বলে, তাহার পর ঐ কন্যা রজস্বলা হয়। অতএব কন্যার দশম বৎসর বয়স হইলে মানবেরা যত্নশীল হইয়া কন্যা দান করিবে তখন আর চৈত্র পৌষ ভিন্ন আষাঢ়াদি নিষিদ্ধ কাল দোষ হয় না। পরন্তু কন্যা দানের প্রশস্তকাল অষ্টম বর্ষ হইতে দশমবর্ষপর্য্যন্ত তাহার পর গৌণ কাল হয়। গৌণ কালে অশুদ্ধকালজন্য দোষ হয় না। কিন্তু দশমবর্ষ প্রাপ্তে যুগ্মবর্ষ বিচার নাই, কারণ দশম বর্ষের পর স্ত্রীধর্ম্ম হইবার সম্ভাবনা। সপ্তম বর্ষে ও যুগ্মবর্ষে দানপ্রমাণ এই যথা,—

সপ্তসম্বৎসরাদূর্দ্ধং বিবাহঃ সার্ব্ববর্ণিকঃ।
কন্যায়াঃ শস্যতে রাজন্নন্যথা ধর্ম্মগর্হিতঃ॥
অযুগ্মে দুর্ভগা নারী যুগ্মে চ বিধবা ভবেৎ।
তস্মাৎ গর্ভান্বিতে যুগ্মে বিবাহে সা পতিব্রতা॥

বালার সপ্তম বৎসরের পর বিবাহের প্রশস্ত কাল। তৎপরে যুগ্মাযুগ্ম উভয় বর্ষেই বিবাহের দোষশ্রুতি আছে, অতএব গর্ভান্বিত যুগ্ম বর্ষে (অর্থাৎ গর্ভস্থ ৯ মাস ধরিয়া গণনাতে যুগ্মবর্ষ হইলে বিবাহ দেওয়া বিধেয়। ইহাতে ৬ বৎসর ৩ মাসের পর ৭ বৎসর ৩ মাস পর্য্যন্ত ও ৮ বৎসর ৩ মাসের পর ৯ বৎসব ৩ মাস পর্য্যন্ত বিবাহের প্রশস্ত কাল। যথা,—

মাসত্রয়াদূর্দ্ধমযুগ্মবর্ষে যুগ্মে তু মাসত্রয়মেব যাবৎ।
বিবাহশুদ্ধিং মুনয়ো বদন্তি গর্গাদয়ো জ্যোতিষি জন্মমাসাৎ॥

অথানূঢ়ায়াঃ কন্যায়া রজোযোগে দোষশ্রুতিঃ।

পিতুর্গেহে চ যা কন্যা রজঃ পশ্যত্যসংস্কৃতা।
ভ্রূণহত্যা পিতুস্তস্যাঃ সা কন্যা বৃষলী স্মৃতা॥
যস্তু তাং বরয়েৎ কন্যাং ব্রাহ্মণো জ্ঞানদুর্ব্বলঃ।
অশ্রাদ্ধেয়মপাঙ্‌ক্তেয়ং তং বিদ্যাদ্‌বৃষলীপতিং॥

যদি পিতৃগৃহে অবিবাহিতা কন্যার ঋতুযোগ হয় তবে সেই কন্যার পিতা ভ্রূণহত্যা পাপে লিপ্ত হয়। আর ঐ কন্যার নাম বৃষলী হয়, তাহাকে যে ব্রাহ্মণ অজ্ঞানতঃ বিবাহ করে, সে বৃষলীপতি ও সে অশ্রাদ্ধেয় ও আপাংক্তেয় হয় অর্থাৎ তাহাকে শ্রাদ্ধে নিমন্ত্রণ করিতে নাই এবং তাহার সহিত আহার ব্যবহার করিতে নাই।

কামমামরণাত্তিষ্ঠেৎ গৃহে কন্যর্ত্তুমত্যপি।
নচৈবৈনাং প্রযচ্ছেত্তু গুণহীনায় কর্হিচিৎ॥

ইতি মনুঃ।

এবং অবিবাহিতা কন্যা গৃহে মরণপর্য্যন্ত থাকিবে তথাপি গুণহীন বরে কথনই প্রদান কবিবে না কিন্তু প্রশস্ত বর যে পর্য্যন্ত পাওয়া না যায় সে কাল পর্য্যন্ত অবিবাহিতা থাকিলে যদি রজোযোগ হয়, তাহাতে, দোষ নাই।

উৎকৃষ্টায়াভিরূপায় বরায় সদৃশায় চ
অপ্রাপ্তামপি তাং কন্যাং তস্মৈ দদ্যাদ্যথাবিধি ॥

যদি উৎকৃষ্ট ও অনুরূপ পাত্র পাওয়া যায় তবে কন্যার বিবাহ কাল না হইলেও তাহাকে কন্যা প্রদান করিতে পারে, তাহাতে দোষ হয় না। সামান্যতঃ ব্যবস্থা এই যে উত্তম যোগ্যপাত্র প্রাপ্ত হইবামাত্র কন্যা দান করিবে, তাহাতে যুগ্ম অযুগ্ম দেয় অদেয় কাল বিচার নাই,—

অথ বৈবাহিকমাসাদিবিচারঃ।

আষাঢ়ে ধনধান্যভোগরহিতা নষ্টপ্রজা শ্রাবণে।
বেশ্যা ভাদ্রপদে ইষে চ মরণং রোগান্বিতা কার্ত্তিকে ॥
পৌষে প্রেতবতী বিয়োগবহুলা চৈত্রে মদোন্মাদিনী।
অন্যেষ্বেব বিবাহিতা সুতবতী নারী সমৃদ্ধা ভবেৎ ॥
ইতি জ্যোতিষি।

আষাঢ় মাসে কন্যার বিবাহ হইলে ধনধান্য ভোগ রহিত হয়, শ্রাবণ মাসে বিবাহ হইলে সন্তান নষ্ট হয়, ভাদ্রে বিবাহ হইলে বেশ্যা, আশ্বিন মাসে বিবাহ হইলে কন্যার মৃত্যু হয়, কার্ত্তিক মাসে বিবাহ হইলে অতিশয় রোগ-যুক্তা হয়, পৌষ মাসে বিবাহ হইলে প্রেতবতী অর্থাৎ মৃতবৎসাদোষযুক্তা ও বিয়োগিনী হয়, চৈত্রমাসে বিবাহ হইলে মদোন্মাদিনী অর্থাৎ প্রমত্তা হয়। এই কয় মাস ভিন্ন বৈশাখ, জ্যৈষ্ঠ, অগ্রহায়ণ মাস ও ফাল্গুনমাসে কন্যার বিবাহ হইলে কন্যা পুত্রবতী ও ধনবতী হয়। জ্যেষ্ঠ পুত্রের ও জ্যেষ্ঠ কন্যার বিবাহ জ্যৈষ্ঠমাসে দিতে নাই। প্রমাণং যথা;—

জ্যৈষ্ঠে মাসি তথা মার্গে ক্ষৌরং পরিণয়ং ব্রতং।
জ্যেষ্ঠপুত্রদুহিত্রোশ্চ যত্নতঃ পরিবর্জ্জয়েৎ ॥

তদ্ভিন্ন মলমাস ও কালাশুদ্ধিতে কন্যা দান কবিবে না। কিন্তু দশমোত্তীর্ণ বয়সে মাসাদির বিচার নাই। প্রমাণং যথা,—

গ্রহশুদ্ধিমব্দশুদ্ধিং শুদ্ধিং মাসায়নর্ত্তু দিবসানাং
অর্ব্বাগ্দশবর্ষেভ্যো মুনয়ঃ কথয়ন্তি কন্যকানাং।

বিবাহে বিহিতনক্ষত্রাদিবিচারঃ।

রোহিণী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, উত্তরফল্গুনি, মূলা রেবতী, মৃগশিরা,

মঘা, হস্তা, অনুরাধা, স্বাতি এই কয় নক্ষত্রই বিবাহে প্রশস্ত। আর পারস্করের মতে ধনিষ্ঠা, শ্রবণা, চিত্রা, অশ্বিনী এই কয় নক্ষত্র যজুর্ব্বেদীদিগের বিবাহে মধ্যম হয় আর জ্যোতিষের মতে মঘা ও মূলার আদ্যপাদ ও রেবতীর চতুর্থাংশ ত্যাগ করিয়া বিবাহের নক্ষত্র স্থির করিবে।

বিবাহে শুক্র, বুধ, সোম ও বৃহস্পতি এই কয়টী বার জ্যোতিষের মতে প্রশস্ত। আর রবি, শনি ও মঙ্গলবারে বিবাহ হইলে বেশ্যা হয়। কিন্তু শনিবারে যদি রিক্তাতিথি হয় তবে সেই দিনে বিবাহ হইলে সেই দিন সর্ব্বাপেক্ষা প্রশস্ত। প্রমাণং যথা;—

শনৈশ্চরদিনে চৈব যদা রিক্তা তিথির্ভবেৎ।
তস্যাং বিবাহিতা কন্যা পতিসন্তানবর্দ্ধিনী॥

এবং অপ্রশস্ত বার লগ্ন নক্ষত্র তিথিতে ও সপ্তশলাকা দশযোগভঙ্গাদিতে বিবাহাদি নিষিদ্ধ যথা,—

কর্ণবেধে বিবাহে চ ব্রতে পুংসবনে তথা।
প্রাশনে চাথ চূড়ায়াং বিদ্ধমৃক্ষং বিবর্জ্জয়েদিতি॥

আর অমাবস্যা ও বিষ্টিভদ্রা ও রিক্তা এই তিন তিথি ভিন্ন সকল তিথিতেই বিবাহ প্রশস্ত; কারণ এই তিন তিথিতে বিবাহ হইলে পরমায়ু হীন হয়। যথা;

রিক্তাসু বিধবা নারী দর্শেঽপি স্যাদ্বিবাহিতা।

অথ বিবাহে বৃদ্ধিশ্রাদ্ধাদিবিচারঃ।

স্বপিতৃভ্যঃ পিতা দদ্যাৎ সুতসংস্কারকর্ম্মসু।
পিণ্ডানুদ্বহনাত্তেষাং তস্যাভাবেঽপি তৎক্রমাৎ॥

পুত্রের নামকরণ, চূড়াকরণ, উপনয়ন ও বিবাহ ইত্যাদি সংস্কার কার্য্যে পিতাই আপনার পিতা পিতামহ প্রভৃতিকে পিণ্ডদান করিবেন; অর্থাৎ পুত্র কন্যার বিবাহাদিতে পিতা স্বয়ং বৃদ্ধিশ্রাদ্ধ করিবেন। কন্যার কেবল বিবাহেই বৃদ্ধিশ্রাদ্ধ করিবেন, পুত্রের নামকরণ, চূড়াকরণ উপনয়নে উক্ত শ্রাদ্ধ করিবেন, অন্য সংস্কার অর্থাৎ জাতকর্ম্মে বৃদ্ধিশ্রাদ্ধ নাই। আর যদি পিতা স্বয়ং শ্রাদ্ধাদি করিতে না পারেন অর্থাৎ রোগ বশতঃ কি দেশান্তরস্থ জন্য উক্ত কর্ম্মকালে উপস্থিত হইতে না পারেন তবে অন্য ব্যক্তি তাহার প্রতিনিধি স্বরূপ হইয়া শ্রাদ্ধাদি করিবে। প্রমাণ শুদ্ধিতত্ত্বে উক্ত হইয়াছে।

ব্রতযজ্ঞবিবাহেষু শ্রাদ্ধে হোমার্চ্চনে জপে।

আরব্ধে সূতকং ন স্যাদনারব্ধে তু সূতকং। ইতি বিষ্ণুসূত্রং।

বিবাহের নিমিত্ত বৃদ্ধিশ্রাদ্ধ করিলে পর যদি কোন প্রকার অশৌচ পাত হয় (জাতাশৌচ বা মৃতাশৌচ) তবে তাহাতেও পূর্ব্বোক্ত কর্ম্ম সকল অর্থাৎ ব্রত, যজ্ঞ, বিবাহ, শ্রাদ্ধ, হোম ও দেবার্চ্চন জপ করিতে পারিবে। কিন্তু আরম্ভ না করিলে যদি অশৌচপাত হয় তবে সেই কর্ম্ম করিতে পারিবে না।

অথ বিবাহমাসোল্লেখক্রমঃ।

আব্দিকে পিতৃকৃত্যে তু মাসশ্চান্দ্রসমঃ স্মৃতঃ।
বিবাহাদৌ স্মৃতঃ সৌরো যজ্ঞাদৌ সাবনো মতঃ॥

ইতি পিতামহবচনং।

বার্ষিক পিতৃশ্রাদ্ধ অর্থাৎ একোদ্দিষ্ট শ্রাদ্ধে চান্দ্রমাস, বিবাহাদিতে অর্থাৎ বিবাহ জন্য বৃদ্ধিশ্রাদ্ধে সৌরমাস উল্লেখ করিবে আর যজ্ঞাদিতে সাবন মাস গণনা করিবে। ইহা পিতামহ ব্রহ্মার বচন।

অথ বিবাহে উপবেশনক্রমঃ।

সর্ব্বত্র প্রাঙ্মুখো দাতা গৃহীতা চ উদঙ্মুখঃ।
এষ এব বিধির্দ্দানে বিবাহে তু ব্যতিক্রমঃ॥

ইতি দানধর্ম্মোত্তরং।

সমস্ত দানকার্য্যে দাতা পূর্ব্বমুখ ও গৃহীতা উত্তরমুখ হইবে অর্থাৎ দাতা পূর্ব্বমুখে দান ও গৃহীতা উত্তরমুখে দান গ্রহণ করিবে এই বিধি। কিন্তু বিবাহে তাহার বিপর্য্যয়। (প্রত্যঙ্মুখঃ সম্প্রদাতা গৃহীতা প্রাঙ্মুখস্তথা) বিবাহের সময় দাতা পশ্চিম মুখে দান ও গৃহীতা পূর্ব্বমুখে দান গ্রহণ করিবে। আর কন্যা উত্তরাস্যা হইবে। প্রমাণং যথা;—

প্রাঙ্মুখায়াভিরূপায় বরায় শুচি সন্নিধৌ।
দদ্যাৎ প্রত্যঙ্মুখঃ কন্যাং ক্ষণে লক্ষণসংযুতাং॥

ইতি ভবদেবভট্টীয় সম্বন্ধবিবেকঃ।

এই ব্যবস্থা স্মার্ত্তমতে ও প্রাচীনমতে, দাতা উত্তরমুখে ও গৃহীতা পূর্ব্বমুখে বসিবে এই প্রাচীন সম্মত ব্যবস্থাই সর্ব্বত্র প্রচলিত। যে পর্য্যন্ত কন্যার পুত্রাদি না জন্মে সে পর্য্যন্ত জামাতার গৃহে ভোজন করিবে না। প্রমাণ (অপ্রজায়ান্তু কন্যায়াং নাশ্নীয়াত্তস্য বৈ গৃহে ইতি আদিত্যপুরাণং) পরে দৌহিত্র জন্মিলে জামাতার গৃহে ভোজন করিবে।

অথ কন্যাদানাধিকারব্যবস্থা।

পিতা দদ্যাৎ স্বয়ং কন্যাং ভ্রাতা বানুমতঃ পিতুঃ।
মাতামহো মাতুলশ্চ সকুল্যো বান্ধবস্তথা॥
মাতা ত্বভাবে সর্ব্বেষাং প্রকৃতৌ যদি বর্ত্ততে।
তস্যামপ্রকৃতিস্থায়াং কন্যাং দদ্যুঃ স্বজাতয়ঃ॥ ইতি নারদঃ।

অন্যচ্চ।

পিতা পিতামহো ভ্রাতা সকুল্যো মাতামহো মতা-
চেতি কন্যাপ্রদঃ পূর্ব্বনাশে প্রকৃতিস্থঃ পরঃ পরঃ।

প্রথমতঃ কন্যাদান পিতাই করিবে। পিতার অনুমতিতে ভ্রাতা দান করিতে পারে। আর পিতার অবর্ত্তমানে পিতামহ, তদভাবে কন্যার ভ্রাতা দান করিতে পারে। তদভাবে মাতামহ, তদভাবে মাতুল, তদভাবে কন্যার মাতা। আর মাতার অভাবে স্বজাতীয়েরা দান করিতে পারিবে।

যদি মাতা স্বয়ং কন্যাদান করে তবে বৃদ্ধিশ্রাদ্ধ করিবে না কারণ তাঁহার বৃদ্ধিশ্রাদ্ধে অধিকার নাই। প্রমাণং যথা,—

মাতুঃ কন্যা দাতৃত্বে বৃদ্ধিশ্রাদ্ধাভাবো বোধ্যঃ।

ইত্যুদ্বাহব্যবস্থা সমাপ্তা।

অথ গর্ভাধানং।

সামবেদীদিগের গর্ভাধান কর্ম্মে বৃদ্ধিশ্রাদ্ধ নাই, যথোক্ত তিথি নক্ষত্র বারে যুগ্মদিবসে পর্ব্ব ত্যাগ করিয়া করিবে যথা ;—

জ্যেষ্ঠামূলামঘাশ্লেষা রেবতী কৃত্তিকাশ্বিনী।
উত্তরাত্রিতয়ং ত্যক্ত্বা পর্ব্ববর্জ্জং ব্রজেদৃতৌ।
ষোড়শর্ত্তুনিশা স্ত্রীণাং তাসু যুগ্মাসু সংবিশেৎ॥

অথ পুংসবনং।

গর্ভাবতারে তৃতীয় মাসের দশম দিনের মধ্যে পুংসবন করিবে। যথা ;—

তৃতীয়স্য গর্ভমাসস্য দশমদিবসে পুংসবনস্য কাল ইতি।

অথ সীমন্তোন্নয়নং।

সীমন্তোন্নয়নের পূর্ব্বে যদি পুংসবন না করিয়া থাকে, সীমন্তোন্নয়নের পূর্ব্বে প্রায়শ্চিত্ত হোম করিয়া সীমন্তোন্নয়ন করিবে। যথা ;—

সংস্কারা অতিপত্যেরন্ স্বকালাচ্চেৎ কথঞ্চন।
হুত্বা তদৈব কুর্ব্বীত ইত্যাদি।

চতুর্থ বা ষষ্ঠমাসে অথবা অষ্টম মাসে সীমন্তোন্নয়ন করিবে। যদি দৈবাৎ না হয় তবে প্রসব হইলে বালককে ক্রোড়ে করিয়া সীমন্তোন্নয়ন সংস্কার করিবে। যথা ;—

যা নার্য্যকৃতসীমন্তা প্রসূতে চ কদাচন।
অঙ্কে নিধায় তং বালং পুনঃ সংস্কারমর্হতীতি।

অথ জাতকর্ম্ম।

পুত্রজনন নিমিত্ত পিতা সবস্ত্র স্নানাদি করিবে, প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে।

অথ নামকরণং।

জননের পর দশম কি একাদশ কি দ্বাদশ দিবসে নামকরণ করিবে। যথা,—

একাদশে দ্বাদশে বাহনি পিতা নাম কুর্য্যাৎ ইতি।
ততস্তু নাম কুর্ব্বীত পিতৈব দশমেঽহনি।
দেবপূর্ব্বং নরাখ্যং হি শর্ম্মবর্ম্মাদিসংযুতং।

শর্ম্মা দেবশ্চ বিপ্রস্য বর্ম্মা ত্রাতা চ ভূভুজঃ।
ভূতির্দ্দত্তশ্চ বৈশ্যস্য দাসঃ শূদ্রস্য কারয়েদিতি॥

ব্রাহ্মণেরা দেবঃ বা শর্ম্মা, ক্ষত্রিয়েরা ত্রাতা ও বর্ম্মা, বৈশ্যেরা ভূতি ও দত্ত, শূদ্রেরা দাস, এই উপাধিযুক্ত করিয়া নাম রাখিবে।

অথ অন্নপ্রাশনং।

পুরুষের ছয় কি অষ্টম মাসে স্ত্রীর পঞ্চম কি সপ্তম মাসে অন্নারম্ভ করাইবে। শুভচন্দ্রে রিক্তাভিন্ন তিথিতে এবং দ্বাদশী সপ্তমী প্রতিপৎ ষষ্ঠী একাদশী আর পঞ্চ-পর্ব্ব ব্যতিরেকে রবি সোম বুধ বৃহস্পতি শুক্রবারে, শুক্লপক্ষে প্রশস্ত নক্ষত্রে বৃদ্ধি-শ্রাদ্ধ গৌর্য্যাদি মাতৃকা পূজা বসুধারাদি, আয়ুষ্য জপ করত যথাবিহিত পৌষ্টিক-হোমাদি করিয়া বালকের মুখে অন্ন দিবে। যথা,—

অন্নস্য প্রাশনং প্রোক্তং মাসি ষষ্ঠেঽষ্টমে বুধৈঃ।
স্ত্রীণাঞ্চ পঞ্চমে মাসি সপ্তমে প্রজগৌ মনুঃ॥ ইতি।
পূর্ব্বে শান্তকসর্পমূলরহিতেষ্বৃক্ষেষ্বতিরিক্তে তিথৌ।
ষষ্ঠে মাসি শিতে জীবদিবসে গোজ্ঞর্ক্ষমীনোদয়ে॥
কেন্দ্রাষ্টন্ত্যত্রিকোণভৈঃ শুভযুতৈস্তৈরেব পাপোজ্ঝিতৈঃ॥
হিত্বেন্দুং রিপুরন্ধ্রগং শিশুজনস্যান্নাশনং শোভনং।
দ্বাদশীসপ্তমীনন্দারিক্তাসু পঞ্চপর্ব্বসু।
বলমায়ুর্যশো হন্যাৎ শিশূনামন্নভোজনং। ইতি॥

অথ চূড়াকরণং।

জন্মের তিন বৎসর পরে চূড়াকরণ সংস্কার করিবে, যথাশাস্ত্রোক্ত দিন দেখিয়া শ্রাদ্ধ হোমাদি করত কেশবপন করিবে। কিন্তু উত্তরায়ণভিন্ন দক্ষিণায়নে করিবে না, কুলাচারানুসারে কেহ প্রথম বৎসরে কেহ বা পঞ্চম বৎসরেও করিয়া থাকে। ইহাতে যাহার না হয় তাহার উপনয়নকালেও করে, প্রমাণং।

চূড়াকর্ম্ম দ্বিজাতীনাং সর্ব্বেষামেব ধর্ম্মতঃ।
প্রথমাব্দে তৃতীয়ে বা কর্ত্তব্যং শ্রুতিদর্শনাদিতি॥

জন্মর্ক্ষে জন্মবারে চ যুগ্মে মাসেঽথ বৎসরে।
ন কুর্য্যাৎ প্রথমং ক্ষৌরং বিশেষাচ্চৈত্রপৌষয়োঃ॥ ইতি।

জন্মমাস, জন্মতিথি, জন্মনক্ষত্র, দক্ষিণায়ন ও যুগ্মবৎসরে এবং চৈত্র পৌষ মাসে চূড়াকরণ করিবে না (জ্যেষ্ঠপুত্রস্য জ্যৈষ্ঠে দশাহাভ্যন্তরেঽপি চূড়ানিষেধঃ জ্যেষ্ঠপুত্রের জ্যৈষ্ঠমাসে চূড়াকরণ নিষেধ, যদি করিতে হয় তবে প্রথম দশদিন পবিত্যাগ করিবে। তদ্ভিন্ন রবি, মঙ্গল, শনি ভিন্ন বারে, এবং রিক্তা, প্রতিপদ, ষষ্ঠী, অষ্টমী ও পূর্ণিমা ভিন্ন তিথিতে করিবে। যথা,—

শ্রাবণাদিত্রয়স্বাতীচিত্রাপুষ্যাশ্বিচন্দ্রকে।
আদিত্যে রেবতীহস্তাজ্যেষ্ঠামূলেচ চৌড়কমিতি॥
কৃত্তিকাস্থং রবিং ত্যক্ত্বা জ্যৈষ্ঠে জ্যেষ্ঠস্য কারয়েৎ।
উৎসবানি চ কার্যাণি দিক্‌দিনানি বিবর্জ্জয়েদিতি॥

অথ কর্ণবেধঃ।

অযুগ্ম বৎসর, উত্তরায়ণ, চৈত্র, পৌষ, অগ্রহায়ণাতিরিক্ত মাস, শুক্লপক্ষ, সোম, বুধ, বৃহস্পতি, শুক্রবার, রিক্তা ভিন্ন তিথি, পুষ্যা, শ্রবণা, ধনিষ্ঠা রেবতী, অশ্বিনী, হস্তা, পুনর্ব্বসু, মৃগশিরা, অনুরাধা, চিত্রা, স্বাতি নক্ষত্র, চন্দ্রও তারা শুদ্ধকালে কর্ণবেধ হইতে পারে, এ সময়ে না হইলে উপনয়নের সময় হইবে।

অথ উপনয়নং।

অধ্যয়নার্থমাচার্য্যসমীপং নীয়তে যেন কর্ম্মণা তদু-
পনয়নমিতি স্মার্ত্তঃ।

যে কর্ম্ম দ্বারা অধ্যয়নের নিমিত্ত আচার্য্য সমীপে নীত হয় তাহাকে উপনয়ন বলে। যথা,—

গৃহ্যোক্তকর্ম্মণা যেন সমীপং নীয়তে গুরোঃ।
বালো বেদায় তদ্যোগং তস্যোপনয়নং বিদুঃ॥

অষ্টম বর্ষে বা গর্ভাষ্টমে ব্রাহ্মণের, একাদশ বর্ষে বা গর্ভৈকাদশে ক্ষত্রিয়ের, দ্বাদশ বর্ষে বা গর্ভদ্বাদশে বৈশ্যের উপনয়নের মুখ্যকাল। তদ্ভিন্ন ষোড়শবর্ষ ব্রাহ্মণের, দ্বাবিংশতি বৎসর ক্ষত্রিয়ের, চতুর্বিংশতি বৎসরপর্য্যন্ত বৈশ্যের গৌণকাল হয়। ইহার ঊর্দ্ধ হইলে সাবিত্রী পতিতা হন। গৌণকালে উপনয়ন সংস্কার প্রায়শ্চিত্ত না করিয়া করিবে না, কালাতীতে প্রায়শ্চিত্ত ভিন্ন বিবাহ দিবে না, যাজনও

করিবে না, যথাশাস্ত্রোক্ত তিথি নক্ষত্রাদি প্রশস্তকালে ও শুদ্ধ সময়ে করিবে নিষিদ্ধকালে করিবে না, বিশেষতঃ চন্দ্র তারা রবিশুদ্ধ দেখিয়া উপনয়নের দিন করিবে।. যথা,—

গর্ভাষ্টমেষু ব্রাহ্মণমুপনয়েৎ গর্ভৈকাদশেষু ক্ষত্রিয়ং
গর্ভদ্বাদশেষু বৈশ্যং।
আষোড়শাদ্ব্রাহ্মণস্য নাতীতকালো ভবতি।
আদ্বাবিংশাৎ ক্ষত্রিয়স্য আচতুর্ব্বিংশাদ্বৈশ্যস্য অত
ঊর্দ্ধং পতিতসাবিত্রিকো ভবতি।
নৈনমুপনয়েয়ুর্ন যাজয়েয়ুর্ন বিবাহয়েযুরিতি ॥

আর যথাশাস্ত্রোক্তকালে উপনয়ন না হইলে ব্রাত্য হয়, তাহার প্রায়শ্চিত্ত চান্দ্রায়ণ ব্রত করিয়া সংস্কার করিবে। প্রমাণ প্রায়শ্চিত্তব্যবস্থায় উক্ত হইয়াছে; প্রায়শ্চিত্ত না করাইয়া যদি উপনয়ন দেয় তবে তাহার আচার্য্যের অন্নভোজন যে করে, তাহাকে (৬০) পণ বরাটক দানরূপ প্রায়শ্চিত্ত করিতে হইবে। স্বয়ং আচার্য্যকে (৯) কাহন বরাটক উৎসর্গ করিতে হইবে। যথা,—

ব্রাত্যাচার্য্যস্য ভুক্ত্বান্নং কৃচ্ছ্রপাদেন শুদ্ধ্যতি।
যশ্চোপনয়তে ব্রাত্যান্ ত্রিভিঃ কৃচ্ছ্রৈঃ স শুদ্ধ্যতীতি।
পিতৃমাতৃরহিতস্য নিঃস্বস্য দেশোপপ্লবাদিনা পতি-
তসাবিত্রীকস্য বিষয়ে তু ॥ মনুবিষ্ণূ।
যেষাং দ্বিজানাং সাবিত্রী নানুতিষ্ঠেৎ যথাবিধি।
তাংশ্চারয়িত্বা ত্রীন্ কৃচ্ছ্রান্ যথাবিধ্যুপনায়য়েৎ।

যে দ্বিজের পিতা মাতা নাই, কি ধন নাই, কি রাজবিপ্লবদ্বারা নিয়মিত সময়ে উপনয়ন হয় নাই, তাহাদের পক্ষে মনু ও বিষ্ণু তিন প্রাজাপত্য প্রায়শ্চিত্ত করাইয়া উপনয়ন দিবার ব্যবস্থা দিয়াছেন।

উপনয়নের প্রশস্ত মাস এই যে মাঘমাসে উপনয়ন হইলে ধনাঢ্য ও শীলাঢ্য হয়, ফাল্গুনে দৃঢ়ব্রত, চৈত্রে মেধাবী, বৈশাখে পণ্ডিত, জ্যৈষ্ঠে অতি নীতিজ্ঞ, আষাঢ়ে যজ্ঞ ভজনা করে, এতদ্ভিন্ন মাসে উপনয়ন সিদ্ধ হয় না। যদি পুনর্ব্বসুনক্ষত্রে উপনয়ন হয়, তবে পুনর্ব্বার তাহার সংস্কার করিবে, বৈশ্যের উপনয়ন দক্ষিণায়নেও হইতে পারে, প্রায়শ্চিত্তাত্মক উপনয়নের সর্ব্বদাই কাল, এ নিমিত্ত প্রশস্তাপ্রশস্ত বিচার নাই।

যথা। মাঘে দ্রবিণশীলাঢ্যঃ ফাল্গুনে চ দৃঢ়ব্রতঃ।
চৈত্রে ভবতি মেধাবী বৈশাখে কোবিদো ভবেৎ।
জ্যৈষ্ঠে গহননীতিজ্ঞঃ আষাঢ়ে ক্রতুভাজনঃ।
শেষেষ্বন্যেষু রাত্রিঃ স্যান্নিষিদ্ধং নিশিবৎব্রতং।
পুনর্ব্বসৌ কৃতো বিপ্রঃ পুনঃ সংস্কারমর্হতীতি।
বিপ্রস্য ক্ষত্রিয়স্যাপি মৌঞ্জী স্যাদুত্তরায়ণে।
দক্ষিণে চ বিশাং কার্য্যং নানধ্যায়ে ন সংক্রমে।
অনধ্যায়েঽপি কুর্ব্বীত যস্য নৈমিত্তিকং ভবেৎ॥

অথোপনয়নস্য বিহিতনক্ষত্রাদিবিচারঃ।

স্বাতীশক্রধনাশ্বিমিত্রকরভে পৌষ্ণজ্যচিত্রাহরিস্বিন্দৌ তোয়পতৌ ভগে দিতিসুতে ভাদ্রদ্বয়ে সাগরে। কেন্দ্রস্থে ভৃগুজেঽঙ্গিরে শশিসুতে চন্দ্রে চ তারে শুভে কর্ত্তব্যং ব্রতকর্ম্ম মঙ্গলতিথৌ বারাঃ সিতার্কেজ্যকাঃ॥

অন্যচ্চ।

জীবার্কেন্দ্বড়ুশুদ্ধৌ হরিশয়নবহির্ভাস্করে চোত্তরস্থে। স্বাধ্যায়ে বেদবর্ণাধিপ ইহ শুভদে ক্ষৌরিভেনাদিতৌ চ॥ শুক্রার্কেজ্যর্ক্ষলগ্নে রবিমদনতিথিং প্রোহ্য ষষ্ঠাষ্টমেন্দুং। নোজীবাস্তাতিচারেঽর্কসিতগুরুদিনে কালশুদ্ধৌ ব্রতং স্যাৎ॥

স্বাতী, জ্যেষ্ঠা, ধনিষ্ঠা, অশ্বিনী, অনুরাধা, রেবতী, পুষ্যা, চিত্রা, শ্রবণা, মৃগশিরা, শতভিষা, পূর্ব্বফল্গুনী, উত্তরফল্গুনী, উত্তরভাদ্রপদ, পূর্ব্বভাদ্রপদ, পূর্ব্বাষাঢা নক্ষত্র শুক্র, বৃহস্পতি, বুধ লগ্নের চতুর্থ, সপ্তম ও দশম স্থানে হইলে এবং সোম, বুধ, বৃহস্পতিবারে চন্দ্র তারা শুদ্ধ হইলে উপনয়নের প্রশস্তকাল, এবং পূর্ব্বোক্ত সকল নক্ষত্রে আর রবি মদন তিথিতে অর্থাৎ সপ্তমী ও ত্রয়োদশী তিথিতে অনধ্যায় ভিন্ন তিথিতে উপনয়ন দিবে।

সামবেদীর উপনয়ন মঙ্গলবারেও হইতে পারে, যেহেতু শাখাধিপের লিপি আছে। যথা,—

সামগানাং কুজবারেঽপ্যুপনয়নমিতি।

দেশোপকারার্থ এই সংগৃহীত ব্যবস্থাসর্ব্বস্ব নামে পুস্তক সম্পূর্ণ হইল, অতএব পণ্ডিতসমাজে প্রার্থনা এই যে, অকোবিদ ব্যক্তির সংগ্রহের প্রতি দোষানুসন্ধান না করিয়া শূর্পবৎ দোষবর্জ্জন করিবেন ইতি।

শ্রীনন্দকুমার শর্ম্মা।

সমাপ্তশ্চায়ং গ্রন্থঃ।

বিজ্ঞাপন।

সর্ব্বসাধারণ জনগণকে জ্ঞাত করা যাইতেছে যে, বহু দিবস হইল শ্রীযুক্ত নন্দকুমার কবিরত্ন ভট্টাচার্য্য মহাশয় কর্ত্তৃক সঙ্কলিত "ব্যবস্থাসর্ব্বস্ব" নামক পুস্তক তিনি স্বয়ং মুদ্রিত এবং প্রকাশিত করত উক্ত পুস্তকের স্বত্বাধিকারী ছিলেন, পরন্তু ১২৭৫ সালে বৈশাখ মাহার ১০ তারিখে উক্ত কবিরত্ন ভট্টাচার্য্য মহাশয় স্বাক্ষরিত লিখনানুসারে উক্ত পুস্তকের স্বত্ব পরিত্যাগ পূর্ব্বক আমাকে বিক্রয় করেন, এক্ষণে আমি অবাধে এই পুস্তক মুদ্রিত এবং প্রকাশিত করিলাম জ্ঞাপনমিতি।

কলিকাতা।

চিৎপুর রোড্ নং ৩১৯ বটতলা

সন ১২৭৫ সাল ১০ ভাদ্র।

শ্রীনৃত্যলালশীল